धर्या ७ ख

ন্মবিশালমিদং বিশ্বং পৰিত্রং ব্রহ্মান্দিরং।
চেতঃ স্থানির্মানন্তীর্থ সতাং শাস্ত্রমনশ্বং।
বিশ্বাসোধর্মমূলং ছি প্রীতিঃ প্রম্যাধনং।
স্থার্থনাশস্ত্র বৈরাগাং ব্রাক্ষেরেবং প্রকীর্ত্যাতে।

১১ ভাগ। ২০ সংখ্যা।

১৬ই মাঘ ও ১লা ফাল্ল-রিব্রেগর, 🧓 ৯৮ শক।

বাৰ্ষকি অপ্ৰিম মূল্য ২॥০ মফৰল জ ৩০

প্রার্থনা।

হে ভক্তমণ্ডলীর রাজা, আনন্দধামবাদী ঈশ্বর! তুমি যেখানে অমরাক্রা মূক্ত পুরুষ-দিগকে লইয়া চিরদিন উৎসব করিতেছ, যেখানে দিন নাই রাত্রি নাই, যোগানন্দের বিশ্রাম নাই, তাহার অদুরে আমাকে একটু স্থান দান কর। আমি অস্পাৃশ্য কলঞ্চী, সাধুসহবাদের অনুপয়ক্ত তাহা জানি; জানিয়াও এই প্রার্থনা করিতেছি. আমাকে এমন স্থানে রাখ যেখান হইতে আমি তোমার ঐ প্রেমধামের শোভা নিরীক্ষণ করিতে পারি, এবং দাধুদঙ্গের পবিত্র শীতল বায়ু সেবন করিয়া বিগতক্লম হইতে সমর্থ হই। আমি দেখিব তোমার চিরদহবাদী ভক্ত সন্তানগণ কিরূপে তোমার সঙ্গে বিহার করেন, তোমার ক্ষণকাল বিরহে তাঁহাদের প্রাণ কেমন আকুল হয়, তোমাকে লইয়া তাঁহারা কেমন আমোদ করেন তাহা দেখিয়া শিখিব। করিয়া তোমার জন্য ক্রন্দন করিতে হয় তাহাও সেই প্রেমবিগলিত চিত্ত মহাত্মাদিগের নিকট শিক্ষা করিব। আহা! কি রমণীয়, সে ভাব চিন্তা করি-লেও হৃদয় পুলকিত হয়। আমরা পৃথিবীতে পাপ জঞ্জাল মোহ কোলাহলের মধ্যে কখন কোন ভভযোগে যে কিঞ্ছিৎ পবিত্র আনন্দ সম্ভোগ

করি সেই আনন্দের সাগরে তাঁহারা দিবা নিশি নিমগ্ন রহিয়াছেন। হে দেব! তুমিই তাঁহাদের চিরআবাস স্থান হইয়া রহিয়াছ। আমি মৃন্দ ভাগ্য পাপমতি,নিজদোষে তোমার সহবাসস্থার উচ্চ অধিকার হারাইয়। শোক করিতেছি। ত-থাপি হে দীনবংকা ! যদি অনুগ্রহ করিয়। আমার আশার বস্তু আমার চক্ষের সম্মুখে ভাল করিয়। ধর তাহা দেখিয়। আমি প্রলুক হইতে পারি। তোমার গৃহে মহা সমারোহের সহিত প্রতিদিন মহোৎদৰ হইতেছে, কত সাধু কত প্ৰেমিক ভক্তরন্দ সেধানে প্রাণ পূর্ণ করিয়া স্বর্গীয় অমৃত ভোজন করিতেছেন, আমার ন্যায় ছুঃখী তাহা দূর হইতে দর্শন করুক। তাঁহাদের আহলাদ সন্দ-র্শন করিয়া এবং প্রেমানন্দের গভীর ধ্বনি শুনিয়। আমার চিত্ত ব্যাক্ল হউক। আমাকে অনুমতি দাও আমি সতৃষ্ণ নয়নে ঐ মনোহর দর্শন এবং শ্রবণস্থথ অনুভব করি। দেখিলে শুনিলেও আমি কৃতার্থ হইব। দরিদ্র কাঙ্গাল আমি, তোমার প্রেমের চিরভিথারী, কুতাঞ্জলি পুটে প্রার্থনা করিতেছি, যে উৎসব কথন ভঙ্গ হয় না, যেখানে অজস্ৰ ধারে প্রেমস্রোতঃ বহিতে থাকে, যাহা পুরাতন হয় না, এবং ফুরায় না দেই চির মহোৎসবের মন্দিরের এক পার্মে আমাকে দয়। করিয়া এক বিন্দু স্থান দাও।

সপ্ত জারিংশ সাম্বংসরিক নহে খুৎসব।

ঈশ্বর যাঁহার চক্ষে চির্নুতন দেবতা, অনন্ত সৌন্দর্যা এবং অতলম্পর্ণ গভীর প্রে:মর প্রস্রবণ তাহারই নিকট ব্র:ক্ষাৎসব চিরকাল নৃতন এবং সরস। শ্রবণ, দর্শন, সম্মোগ ও বিতরণ করিবার দামগ্রী তিনি প্রত্র পরিমাণে প্রাপ্ত হয়েন। ধন্য তিনি, স্থা সেই মনুষ্য যিনি প্রতি বর্ষে বর্ষে এইরপে উৎস্বানন্দ উপভোগ করিয়। জীবনের প্রত্যেক মুস্থূর্তকে মধুময় করিতে পারিয়াছেন। অবস্থার দাস মলিন মানবের ক্ষণিক আনন্দ সম্ভোগ কেবল ছুঃখ বিষাদকে ঘটীতুত করে, নিমেষের জনা উজ্জ্লালোক দর্শন পরিশেষে প্র গাঢ় মোহান্ধকারে পরিণত হয়। তথাপি অস্ম-দাদির নাায় বন্ধ জীবগণের পক্ষে বর্ষে বর্ষ এই রূপ এক একটা উৎসব যে অশেষ মঞ্চলের নিদান তাহাতে আর কিছুমাত্র সংশয় নাই। কুপাময় প্রম দ্যাশীল ঈশ্বরের প্রসাদে এবার-কার সাদ্ধংসরিক মহোংসব অতি প্রন্দররূপে নিকাহিত হইয়। গিয়াছে। বিদেশ হইতে সমাগত ব্রুগণের স্থকর সহবাদে, সাধারণ বোকামওলীর উৎসাহপূর্ণ বিনীত মুখনী সন্দর্শনে আমর: অতুলানন্দ লাভ করিয়াছি। সেই দর্বা-স্তথদাতা, চির শুভাকাঞ্জী ঈশ্বরের ঐপাদপদ্মে বারষার অভিবাদন করিয়া এবং ব্রাহ্মভাতগণকে গ্রীতি ও বিনয় সহকারে নমস্কার করিয়। আমর। বিগত উৎসবের বিস্তারিত বিবরণ বর্ণনে প্রবৃত্ত হইলাম। উৎসব উপলক্ষে তেজপুর, মৈমন-সিংহ, ঢাকা, জঙ্গলবাড়ী, গৌরনগর, পাবনা, আহমদাবাদ, লক্ষ্ণৌ, এলাহাবাদ, জলন্দর, মু-ঙ্গের, চট্টগ্রাম প্রভৃতি স্থান হইতে ব্রাহ্মগণ আসিয়াছিলেন।

৭ই মাঘ শুক্রবার—নবরাগরঞ্জিত শুল্র স্থানর ব্রহ্মমন্দির আলোকমালা ও শ্রোতৃমণ্ডলীতে পরিশোভিত হইলে রজনী অন্টম ঘটিকার সময় শ্রীযুক্ত প্রতাপচন্ত মজুমদার মহাশয় ইংরাজি উপাসনা, প্রার্থনা ও উপদেশ দ্বারা উৎস্বের দ্বার উন্মুক্ত করিলেন। প্রথমে একটী প্রার্থনা হইল পরে কতিপয় ইয়ুরোপীয় ভদ্র মহিলা সঙ্গীত করিলেন। এই স্থমিষ্ট প্রার্থনা, সঙ্গীত এবং একটী পঠিত আখ্যায়িকা শ্রবণে আমাদের চিত্ত আ দ্রীভূত হইয়াছিল ;৺পরে সংক্ষেপে উপাসনা করিয়া বক্তা একটা উপদেশ দান করিলেন। ঈশ্রের সহিত সন্মিলিত হওয়াই সকল ধর্মের উদ্দেশ্য এবং সেই সন্মিলন বা যোগ হইতেই প্রমান দ সমুংপন্ন হয়। প্রমাত্মার সহিত জীবা-ত্মার এই যোগ সম্পাদনের জন্য সমস্ত ধর্মসম্প্র-দায় ভিন্ন ভিন্ন প্রণালীর মধ্য দিয়া আদিয়াছে ; যখন যেখানে যে সকল ধর্মভাব প্রক্ষুটিত হইয়াছে তাহ। গ্রহণ করা ব্রাহ্মধর্মের উদ্দেশ্য। ২গই বক্তার দার মর্ম। প্রথমতঃ তিনি দেখ[ং]যা দেন ভারতবর্ষের উন্নত জ্ঞানী ধর্ম-সাধকদিগের মধ্যে গভীর যোগ ধ্যান ও চিন্তার বিশেষ প্রাতৃভাব ছিল এবং সামান্য লোকের। ভক্তিকে আশ্রয় করিয়া ধর্মাতৃষ্ণা নিবারণ করি-য়াছে। মহম্মদ মুসলমানদিগকে এক ঈশ্বরের বশীভূততা শিক্ষা দিয়া জীবব্রকোর মধ্যে যোগ मम्लामन कतियां ছि.लन। शृष्टीय धर्मात गरधा আর একটা বিশেষ ভাবের অভ্যুদয় হইয়াছিল। ঈশ্বরের আদেশের নিকট মনুদাের আত্মসমর্পণ অর্থাৎ " তোমার ইচ্ছা পূর্ণ হউক " ঈশার এই সার উপদেশ। তদনন্তর তিনি বলিলেন, ভিন্ন ভিন্ন ধর্ম্মসম্প্রদায়ের উপার্জ্জিত বিশেষ বিশেষ ধর্মভাব ত্রাহ্মসমাজের প্রদত্ত শিক্ষার সহিত মিলিত করিয়া ত্রান্সেরা ত্রশ্বোগানন্দ সম্ভোগ করুন 🇸

বিদেশী ভাষায় উপাসনাদি হইলেও তজ্জন্য তৃথি লাভের ব্যাঘাত হয় নাই। সাহেব বিবিরা হারমনিয়ামের সহিত চারিটা অতি মনোহর সঙ্গীত গান করিয়াছিলেন। উপাসকগণ আদ্যুণ তি নিস্তরভাবে শুনিয়াছিলেন। ইংরাজ শ্রোতার মধ্যে মেং ড্যাল্ এবং ফাদার লাফোঁও আর কয়েকটা উপস্থিত ছিলেন। অন্যান্য বার অপেক্ষা এবারকার ইংরাজি উপাসনা অতীব প্রীতিকর এবং শ্রমিক ইইয়াছিল বলিতে

হইবে। প্রতাপ বাবু যে স্থন্দর আখ্যায়িকাটী পাঠ করেন তাহা এই স্থলে প্রকাশ করা গেল। ইহা "মওলানারোম্" নামক পারদ্য গ্রন্থ ইতে প্রথমতঃ শ্রীযুক্ত গিরিণ্ডন্দ্র সেন মহাশ্য় বাঙ্গালায় অমুবাদ করেন পরে তাহা পুনরায় স্ত্রাবিদ্যালয়ের প্রথম শ্রেণির কোন ছাত্রী দ্বারা ইংরাজিতে অমুবাদিত এবং প্রতাপ বাবু দ্বারা সংশোধিত হইয়া থিইপ্তিক্ এমুয়েলে বাহির হইন্যাছে।

এক দিন মুশা দেখিলেন যে এক রাখাল রাস্তায় বসিয়া বলিতেচে, ছে প্রমেশ্বর! হে প্রভো! তুমি কোণায়? আমি তোমার দাস ছইব। তোমার কাপড় শিলাই করিব, তোমার কেশ আঁচড়িয়া দিব। ছে আমার ঈশ্বর! আমার প্রাণ তোম:কে উৎসর্গ করিলাম। আমার সমূদায় সন্তান সন্ততি গৃহ সম্পত্তি ভোমার ছইল। তুমি.কোথায়? এস, অংমি ভোমার কেশ আঁচড়িয়া দি,কাপড় শিলাইকরি। বঙ্গে . কীট মংগার উরুন বাছিয়া ফেলি। হে গৌরবাধিত এেভা ! আমি তোমার জনা হুগ্ধ আন্তরন করিব, আখ্রীরের নাায় তোমার শুক্রদা কবিব,ভোমার হস্ত চুম্বন করিব,ও পা টিপিরা দিব। সর্বাদা তোমার গৃষ্টের ভত্তাবধান করিব। সকালে ও বিকালে দধি, হুগ্ধ, ঘৃত, কটি পনির যোগাইব। আমার জাবা সামগ্রী আনিয়ন করা, ভোমার ভোগ করা ছটবে। আমার ছাগপাল ভোমাকে উংসর্গ করিলাম। ছাগ-পাল সম্বন্ধে আমার হি হি ও হয় হয় শব্দ তোমার উদ্দেশে ছইবে। রাখাল এই প্রকার অনেক কথা বলিতেছিল। তখন মুশা জিজ্ঞাসা করিলেন, ওছে ! কাছার সজে ভোমার কথ। ছইতেছে ? রাথাল বলিল, যিনি আমাকে ও এই পৃথিৰী এবং স্বৰ্গলোক স্থাটি করিয়াছেন ভাঁছার সঙ্গে। ইছা অবণ করিয়া মুশ। বলিলেন, ছা ! তুই পাগল ছইয়াছিস্, কাফের ছইয়াছিদ, এ কি প্রলাপ, অনর্থক উক্তি! তুই তুলা দারা মুখ বন্ধ করিয়া রাখ্। তে:র এই অসাধু কথায় জ্বাং কলঙ্কিত হইবে, ধর্মের স্থানর পরিস্ফুদ ছিন্ন ছইবে। বস্ত্র পরিধান ভোকেই সাজে, এ সকল ঈশ্বরের সম্বন্ধে কি কখনও উপযুক্ত ? তুট এই সকল কথা বন্ধ না করিলে এক অগ্নি প্রজ্বলিত হইয়া লোককে দগ্ধ করিবে। তুই কাছার সঙ্গে অযথা উক্তি করিতেছিদ্ ? ঈশ্বর সাকার 'ছইলেন? তিনিকি হফট পদার্থ যে হুগ্ধ পান করিবেন? তাঁহার কি শরীর আছে যে বস্ত্র পরিধান করিবেন? এ সকল কথা আমাদের জন্য খাটে, আমি তোমার ভূমি আমার, তাঁহার সম্বন্ধে এই কথাই যথেষ্ট ! অয়ং ঈশ্বের শম্বন্ধে এরপ অযুক্ত কথা বলিলে হৃদয় তিমিরাচ্ছন্ন ও নিজীব হয়। যদি তুই পুরুষকে জ্রী বলিয়া সম্বোধন করিদ্, জ্রী পুরুষ ধাক মনুষ্য জাতি ছইলেও তোকে মারিবার উপক্রম করা

আশ্চর্ষা নছে। স্ত্রী সম্বন্ধেই স্ত্রী কথাটী খাটে, পুক্রকে ভাষা বলিলে প্রহার পাইতে হয়। আমাদের উপকারের জন্ম হস্ত পদের স্থাটি হয়, পবিক্রীসম্বরের সম্বন্ধে বিকার। তিনি সকলের অফা, স্থাই বুস্তুই সাকার বটে।

ইহা শুনিয়ারাখাল বলিল, হে মুশা! তুমি আমার মুখ বন্ধ করিলে, ছঃখানলে প্রাণকে দগ্ধ করিলে, এই বলিয়াই সে বক্ষে আঘাত করিয়া দীর্ঘ নিঃশ্বাস সহক'রে অবনত মন্তকে প্রান্তিমূপে চলিয়া গেল। তখন পেগন্বর মূশার প্রতি ঈশবের এই প্রত্যাদেশ হইল,—মুশা! তুমি আমার ভূতাকে কেন দূর করিলে ? তুমি সন্মিলন সাধনের জনা আসিয়াছ. वित्यार्श मन्त्रामन कना नय, यक मृत्र माधा वित्रकृतमतं वत्य পদার্পণ করিও না । আমি বিশেষ বিশেষ ব্যক্তিকে বিশেষ বিশেষ প্রশ্নতি দান করিয়াছি। এক জ্ঞানের প্রশ্নতি তংহার সম্বন্ধে উপযুক্ত ভোমার সম্বন্ধে তাহা অনুপ্যুক্ত। তাহার সম্বন্ধে উহা মধু, ভেঁচামার সম্বন্ধে উহা বিষ। ভাহার সম্বন্ধে জ্যোতিঃ তোমার মন্বন্ধে অগ্নি। তাহার সন্বন্ধে স্থাকামল পুষ্পা, ে ্রি সম্বন্ধে কণ্টক 🔻 তাছার সম্বন্ধে কল্যাণ, তোমার সন্ধন্ধে অকলগণ। আমি সর্ব্ব প্রকার প্রার্থিব পবিত্রতা ও অপবিত্রত। চতুরতা ইতাাদি হইতে মুক্ত। আমি নিজের উপকারের জন্য কাছাকেও সৃষ্টি করি নাই, বরং আমি সকলের উপকার করি। আমি কাছারও স্তুতিচে শুদ্ধ হই না, বরং স্তৃতিকারী ভাষাতে পবিত্র ও উজ্জ্ব হয়। আমি বাহ্য বেশ দর্শন করি না, ও বাক্য আবণ করি না, অন্তর ও ভাৰ দেখি। বাক্য বিনয় ও কোমলত শ্না ছইলেও সদয় ' প্রেমে বিগলিত হুইলেই এছার প্রতি দৃষ্টি করি, যেছেতু হাদরই সার বস্তু, কথা হাদরের প্রকাশ মাত্র। কথার প্রাণ হানর, হাদর মুখ্য বস্তু। প্রেমের অগ্নি অন্তরে প্রজ্বলিভ কর, চন্তা ও ভাষাকে সম্পূর্ণরূপে দগ্ধ কর। হে মুশা! ভাষানীতিজ্ঞ লোক এক প্রকার, প্রেমিক অনা প্রকার। প্রেমিকের প্রত্যেক নিঃশ্বাস জ্বলন্ত। যদি ভাহার কথায় দোষ হয় মনদ বলিও না। ভাহার এই একটী দোষ শত গুণ অপেকা শ্রেষ্ঠ। ঈশ্বরের উদ্দেশে যে শোণিতাক্ত ছইরাডে, ভাহার শোণিত ধেতি করিও না। পানীয় অংশকা ধকাংথ ছত ব্যক্তির শোণিত শেষা। তুমি প্রেমোকাতদিগের নিকট শিফীচার চাহিও না। যাহারামত হইয়াবস্ত্র চিচন করিয়াছে, তাহাদের বস্ত্র শিলাই করিও না। প্রেমের ধর্ম অন্য সকল ধর্ম অপেক্ষা স্বতন্ত্র। প্রেমিকের ধর্ম ঈশ্বর মাত্র। মুশা এই রূপ প্রত্যাদিষ্ট হইয়া অভান্ত অনুভপ্ত হন: রাখাল অনেক দূব চলিয়া গিয়াছিল, তিনি উর্খানে দেড়িয়া গিয়া ভাহার চরণ ধারণপুর্বক ক্ষমা করেন। 🏑

৮ই শনিবার অপরাত্নে ত্রহ্মমন্দিরে একটী সাধারণ সভা হয়। প্রথমে প্রচার বিবরণ, গত বর্ষের আয় ব্যয়ের হিনাব পঠিত হইয়া গুই একটী প্রস্তাব ধার্য্য হইল। সমুদায় দেশের জ্ঞানী, সমাজসংস্কারক,ধর্মসংস্কারক, দেশহিতৈষী ব্যক্তি-্ৰগকে ধন্যবাদ দেওয়া হইল। কয়েক জন ত্রাক্ষার স্বাক্ষরিত এক থানি পত্র আচার্য্য মহাশয়ের হস্তে সমর্পিত হয়। তাহার মধ্যে তিনটী প্রস্তাব ছিল। (২) মন্দিরের ঋণ পরিশোধ, ট্রাষ্টি নিযুক্ত, (২) ত্রাহ্ম সংখ্যার তালিকা সংগ্রহ করা। (৩) প্রতিনিধি সভা। ঋণ পরিশোধের জন্য আর চারি মাস কাল অপেকা করিবার কথা স্থির হইল, স্থতরাং তৎসঙ্গে ট্রাষ্ট্রির প্রস্তাব আপাততঃ রহিত রহিল। শেষ প্রস্তাব লইয়া ক্ষণকাল অনর্থক বিতণ্ডা হই-য়াছিল। প্রস্তাবটী কার্য্যে পরিণত হইবার জন্য সর্ব্বসম্মতিতে প্রস্তাবকর্তাদিগের উপ রেই ভার দেওয়া হইল। কিরূপ প্রণালীতে ইহা সম্পন্ন হইবে তাহা তাঁহাদের বিচারাধীনে

ি ৯ই রবিবার প্রাতে ব্রহ্মমন্দিরে শ্রীবুক্ত বিজয়কৃষ্ণ গোস্বামী মহাশয় উপাসনা করেন। তাঁহার বিনয় ও ভক্তিভাবপূর্ণ উপদেশ, উপাসনা এবং পঠিত শ্লোকে হৃদয় বিগলিত হইয়াছিল। উপাসকের সংখ্যা নিতান্ত কম হয় নাই, উৎ-সবের ন্যায় মন্দির পরিপূর্ণ হইয়াছিল। তাঁহার উপদেশটী এই;—

🏂 সংসারে জন্মগ্রহণ করিয়া কি করিলাম ? এন্ড কাল অভিবাহিত হইল; কিন্তু জীবনে কি সম্বল সঞ্চিত ২ইল ? পুর্বে যে দকল ইন্দ্রির দারা উৎপীড়িত হইডাম, এখনও দে সকল ইন্দ্রিয় শরীর মনকে কলক্ষিত করিতেছে। আরত বিলম্ব ন:ই। মৃত্যুও অপেক্ষা করিবে না। বরসভ শেষ হটর। আদিল। কি কার্য্য করিল।ম সংসারে? ত্রাহ্মসমাজে আসিয়া অদিতীয় তিভুবনপতি পরতক্ষের উপাসনা শ্রবণ করিলাম, সেই বিশুদ্ধ উপাদনাপ্রণালী গ্রহণ করিলাম, মনে করিয়াছিলাম ইহা দ্বারা বিশুদ্ধ হইব; কিন্তু এখন পর্য্যস্ত বিশুদ্ধ হইতে পারি নাই, এখনও যে সংসারের সুধাসক্তি মনকে আক্রমণ করে। এখনও যে ভক্তিভাবে তাঁহার নাম গান করিব এবং তাঁহার নাম গান করিতে করিতে মন প্রেমে বিগলিত হইবে, সে ভাব হয় নাই। কেন সেই ভাব উদর হর না ? কেন হয় না ? খোরদর্শন দেই অহল্পার রিপু প্রাণমধ্যে অবস্থান করিয়া সকল আশা ভরসাকে দূর করিয়া पिटिं । ज्ञानिराद मूट्य खेरन कतिशाहि, काँशाराद कीवरन

পাঠ করিয়াছি,জীবনকে তৃণেরমত করিতে না পারিলে উাহার নামে মতি হর না, তাঁহার অহ্গ্রহের পাত্র হওয়া যায়না; কিন্তু আমি অনেক চেষ্টা করিয়াও দেইরপ হইতে পারিতে-ছিনা। কতবার মনে করি তাঁহার পদতলে পড়িয়া থাকিব, মনে করি মমুষ্য যদি আমাকে কটু বলে আমি তাঁহার পদ চুম্বন করিব; কিন্তু কার্যোর সময় সে প্রতিজ্ঞাপাকে না। অহস্কারী মন কিছুকেই বশীভূত হয় না। এইরপে জীবন চলিয়া গেল। এই প্রার্থনা মনে,প্রেমময়ের নাম কীর্ত্তন করিব, সেই মধুর হরিনামে প্রাণ কৃতার্থ হইবে, সেই নামে কত মহাপাণী পরিত্রাণ পাইরাছে; দিক্ত এই অধ্ম জীবনে সেই নামেব মহিমা প্রকিষ্ঠিত হইল না। নামের মধ্যে যদি সেই প্ৰচুর স্পেক্ষ্য দেখিতে না পাই, ছবে কি রূপে তাঁহার পদাশ্রর পর্বে ? অহক্বারী উদ্ধৃত ব্যক্তি কিরপে ভাঁহাকে পাইবে ? আমার পক্ষে দেই নামই দার। ডজন সাধন ভাল জানি না। ভক্তিভাবে তাঁহার নাম-করিব, তাঁহার নাম গ্রহণ করিতে করিতে প্রেমে বিগলিত হইব, এই আমার আশা, ইহাতেই আমার গতি। যাঁহার। স.খন ভজন এবং যোগ ভপসা। করিয়া প্রভুর প্রেমে মগ্ন হন তাঁহারা ধন্য! কিন্তু আমার ন্যায় নরাধ্ম ঘাহার একবার ভক্তিভাবে নাম গ্রহণ করিতেও সময় হয় না তাহার কি গঠি হইবে? আরত বিলম্ব ন।ই। যাহ।তে সেই নামটী সার করিতে পারি, সেই নামরসে বিগশিত হইতে পারি,এই প্রার্থনা। এখন ঈশ্বর এই আশীর্কান কক্ষন যেন বাস্তবিক মাটির ন্যায়, ধূলির ন্যায় হইয়া ঠাঁছাব ভক্তদিগের চরণতলে বসিতে পারি। শুক্ষ ধর্মের মত, কর্মানুষ্ঠান, সংসারের সভ্যতা প্রাণকে তৃষ্ট করিতে পারে না,তাহার মধ্যে শান্তি নাই,নির্জ্জনে বণিয়া কেবল প্রভুর নাম করিব। যাঁহারা সভ্যতাবিস্তার করিতে চান করুন; কিন্তু দরামর আমাদিগকে বুঝাট্য়া দিয়াছেন, তাঁহার নামে রতি ভিন্ন প্রেম হয় না। আর অধিক এই বিষয়ে কি বলিব ? অদ্য অপরাহে যে নাম কীর্ত্তন হইনে, তাহাতে যেন ভত্তি-ভাবে যোগ দিতে পারি। তাহা হইলে দেই নামে প্রাণ মন শুহ্দ এবং ফুণীতল হইবে। সকল পাপ তাপ এবং তৃঃধ যন্ত্রণা চলিরা গাইবে। ভত্তিভাবে দ্য়াময়ের নাম-রসে মর্গ হইরা থাকিব এখন ইহাই যেন জীবনের দার হর। আর যেন জীবনকে অবহেলা নাকরি। প্রতিদিন ভক্তি-ভাবে যেন ন∶ম গান করিতে পারি। সেই চিরশাভির অবস্থায় যেন স্কুখে বাদ করিতে পারি।

অপরাত্ন তিন ঘর্টিকার সমর্য আচার্য্য মহাশয়ের ভবনে নগর সংকীর্ত্তনের জন্য সকলে
সমবেত হন। অন্তঃপুর প্রাঙ্গন চন্দ্রাতপে আচ্ছাদিতএবং বহু সংখ্যক পুষ্পমালায় পরিশোভিত
হইয়া মনোহর দৃশ্য ধারণ করিয়াছিল। দর্শক

নরনারী বালক বালিকা এবং ব্রাহ্মগণে সভার চারিদিক্ পরিপূর্ণ হইলে প্রথমে ছই তিনটী সংকীর্ত্তন হয়। এই উপলক্ষে বর্ষে বর্ষে হিন্দু-পরিবারের অনেকগুলি সন্ত্রান্ত মহিলা বিশেষ উৎসাহের সহিত উপস্থিত হইয়া থাকেন। ক্ষুদ্ৰ ক্ষুদ্ৰ বালক বালিকাগণ ধেতি ও নৃতন পরিচ্ছদ পরিধান করিয়। ইতস্ততঃ বিচরণ, করত আপনাদের মনের আনন্দ প্রকাশ করে। কেহ शास्त्र, तकह काँदम, तकहवा दिनोड़ारिन कितिया কোলাহল করে। ফলতঃ দৃশ্যটী সর্বতোভাবে উৎসবের ন্যায় হয়। কয়েকটী সংকীর্ত্তনের গান হইলে আচার্য মহাশয় একটা প্রার্থনা করিলেন, তদনন্তর পতাকা হস্তে সকলে নগরের রাজপথে বহির্গত হন। এবার নগরসংকীর্তনের জন্য তুইটা দঙ্গীত রচিত হইয়াছিল। ৫.4-মটা প্রার্থনার ভাবের, ইহা বাটীতে গাঁত হয়। দ্বিতীয়টী পথে গাইতে গাইতে ব্ৰহ্ম-মন্দিরের দিকে সকলে গিয়াছিলেন। ব্যতীত মুদিয়ালী ও বেণিয়াপুকুরের গায়কগণ একটী স্বতন্ত্র দল বাঁধিয়া উৎসাহের সহিত সংকীর্ত্তন করিয়াছিলেন। লোক সংখ্যা অধিক ন। হউক অল্প বোধ হয় নাই। বাহিরে বহির্গত হইবার সময় গাত্তে গাত্তে যেরূপ সংঘর্ষণ হইয়া থাকে তাহা পূর্ব্বেৎ হইয়াছিল। নৃতন তুইী দঙ্কীর্ত্তন আমরা এই স্থলে প্রকাশ করি-লাম।

ওবে দ্য়াময় হরি, জুঃখহারী, দীনবন্ধু, প্রেম্পিক্কু, প্রতিত-পাবন। কাঙ্গালপানে, প্রেম্নয়নে, চাও হে একবার; এক বিন্দু ভক্তিস্থধা, কর হে বিতরণ।

আমি আপন করম দোষে, বন্দী হয়ে মারাপাশে, পাইলাম কন্ট যাতনা; (তোমায় না ভজিয়ে হে) এখন
কান্ত্রে করি মিনতি, দাও আমারে হুমতি, যেন ও চরণে
পড়ে থাকি; (আশায় বুক বেঁবে হে) তাজিয়ে সংসারবাসনা, হয়ে বৈরাগী, করি সদা তোমার গুণ কীর্ত্তন।

পিপাদিত মম জদয়। কর হে ক্থা বরষণ। নাপ
নবজলধর তুমি, তৃষিত চাতক আমি, বিষয়বারি পানে,
বাঁচিব কেমনে, ওহে জদরের স্বামী। তুমি প্রেমশশধর,
আমি তৃষিত চকোর, তব সহবাদে, পরম উল্লাদে, করিব
স্থাধে বিহার। অপ্রপ্রসমাধুরী, ভকতিতহারী, পান
করিব, প্রাণ জুড়াব, হেরিব তুনয়ন ভরি। মিলে ভক্তগণ

সঙ্গে, মজে সংপ্রসঙ্গে, গাইব নাচিব, হাশিব কঁ।দিব, ভক্তি-রসরজে। (সে দিন কবে বা হবে, আমার আমার)

হার! কবে বাব প্রেমধানে, মাতিব প্রেমে হে সংধু-সঙ্গে মিলে হে) ভরদা তোমার ক্রবা, প্রাণের সম্বল, আমিত নাথ জানিনে ভজন সাধন। (১)

দরামর নাম বলরে একবার। ও ভাই নগরবাসী ও জীব বল বলরে;—বদন ভরে বল বলরে; আজি মনের আনন্দেরে; সবে মিলে ভক্তিভাবেরে।

মুখে দিবানিশি দয়াল বল, এ নাম বল্ডে বল্ডে প্রাণ গোলেও ভাল, থাক্লেও ভাল। (বলরে)।

ও ভাই মনে ভেবে দেখ সব মারার বিকার, ধন মান পরিজন কেহ নহে কার। (সঙ্গে যাবে না যাবে না) (তবে কেনই বা ভোলরে, এ সব জেনে শুনে) ভক্তিযোগে কর দরামর নাম সাধন, নামে মুক্তি, নামে হইবে ভব পার।

দ্রাল নাম সঙ্গীর্ত্তনে, মাত আজ বন্ধুগণে, নামামৃত
রেমু কর পান। (প্রাণ ভরিরে হে) দয়াময় নাম স্থা
শিক্ষ্, পান করিলে এক বিন্দু, হবে সব হুঃখ অবসান,

অসার সংসার মাঝে, নামবিনা আর কি ধন আছে,

নাম জপ, নাম কর ধ্যান। (শরনে স্থপনে হে) ভকত
মগুলী মাঝে, দেখে সেই হৃদয়রাজে, আন্দেত্ত কর

স্থা পান। নামধ্যান, নামজান, নামামৃতরস পান, নামমালা
কর কণ্ঠহার।

চল যাই আনন্দধানে, নামরসে মত হরে হে। (সাধু, সঙ্গে মিলে হে)। প্রেমমরের চরণতলে লইরে আগ্রের, সাধুসঙ্গে স্থে করিব বিহার।

১০ই মাঘ সোমবার প্রাতে আচার্ন্য মহাশয়ের ভবনে বিশেষ উৎসাহের সহিত উপাসনাদি হয়, পরে তিনি সহস্রাধিক শোভ্মওলী
পরিপূর্ণ টাউনহলে নিম্ন লিখিত ভাবে বক্তৃত।
প্রদান করেন।

সহযাত্রীগণ! অনন্ত জীবনের বিষম তুর্গন পথে চলিভে চলিতে সেই অসাধারণ গুণবান্ মহোন্নত আগ্রাকে
কি ভোমরা দেখিয়াছিলে যিনি পর্জাতোপরি সমবেত সীর
শিষ্যমণ্ডলীর মধ্যে বৈরাধ্যের উচ্চ মন্তা প্রচার, করিয়াছিলেন ? সেই সোমায়র্তি দর্শন করিয়া এবং মেই সকল
জীবস্ত উৎসাহের বাক্যাবলী অবণ করিয়া ভোমরা কি বিমুগ্ধ
হইয়াছিলে ? এবং ভাহাতে কি ক্ষণকালের জন্য ভোমাদের
স্বার্থ এবং মনোযোগ সম্বন্ধ হইয়াছিল ? "কি আহার
করিবে এবং কি পান করিবে বলিয়া জীধনের জন্য ভাবিত
হইও না, এবং কি পরিধান করিবে বলিয়া শারীরের জন্যও
ভাবিও না"। বিশ্বয় ও গাডীর্যোর সহিত কি এই সমস্ত
ভদয়ভেদী বাক্য শুনিয়াছ ? আর এক স্থানে সেই আচার্য্য
বলিয়াছেন, "বিনি তুমি পূর্ণ হইতে চাও তবে ভোমার

যাহা কিছু আছে দর্বস্ব বিক্রের কর, তাহার পর আদিরা আমার পশ্চাকাামী হও । আঠার শত বংসর পর্য্যন্ত লোকে এই সকল অধিময় কথা ভাবিয়া আদিতেছে তথাপি ইহা পুর্বের ন্যায় নূতন অহিয়াছে। পরিত্রাণার্থী, বিশ্বাদী-দিলের জ্দয়ে ইহা স্থানও পাইয়াছে। কিন্তু ধর্মাহীন পৃথিবী ইহাতে এখনও সন্দেহ করে, সুতরাং এ রিষয় অদ্যাপি মীমাংসা হইল না। পৃথিবী জিজ্ঞাসা করে, কেন এই অসঙ্গত সভ্যতাধিক্ষক অমঙ্গলকর মত প্রচার কর ? অদুশ্য চৈতনাময় পদার্থের জনা কেন মনুষ্য সর্বাস্থ পরিত্যাগ করিবে এই হুরের সামঞ্জন্য করিতে কেন চেফ্টা কর না ? সত্য সত্যই এই পৃথিধীর ধর্ম মিশ্রেগর্ম। ইহার ধর্মানাস্ত্রে হৃদয় এবং আত্মা নাই, কিন্তু ইহার আদ্যো-পান্ত কেবল সুবিধা বিধানের কৌশলে পূর্ন। কার্য্যতঃ আমরা বৈরাগ্যের নাম গন্ধ সহিতে পারি না। যাহাতে সংসারের সঙ্গে ধর্মকে সাংসারিক ভাবে একত্রিত করিছে পারি তাহাই আমরা অবেধণ কয়ি। যদি কেছ নীতিপরায়ণ হইলেন তিনি মনে করিলেন, আমি আমাকে, সমাজকে এবং ঐশ্বরকে সম্ভবমত হস্তগত করিলাম। অতি চুর্ব্বল এবং জীবন হীনভাবে আমাদিগকে আমরা পাপী বলিয়া দ্বীকার করি। কিন্তু তাহা উপন্যাদের কথা। আমাদিলের পাপ তত জ্বন্য নয়, এইরূপ মনে মনে বিশ্বাস থাকে,সুতরাং প্রায়ন্চিত বিধিও टब्मिन मरज। উভয়ই উপরে উপরে ভাদে। मकल দেশের সমস্ত ধর্মাসম্প্রদায়ের মধ্যে পাপ ও প্রায়শ্চিত্ত সম্বন্ধে এই রূপ অগভীর ভাব সৃহীত হয়। পাপের স্থার্থ প্রাকৃতি নির্দারণ করিবার জন্য আমাদিগকে অন্য স্বতন্ত্র ভূমিতে দণ্ডায়মান হইতে হইবে। বস্তুত: কি পাপ অতি জঘন্য চিরশত্র নয় ? ইহা এক ভয়ানক অভিসম্পাৎ! এবং অতিশয় ছণিত পুতিগন্ধময় পীড়া। ইহার মূল মানবালার গভীরতম স্থানে সম্বদ্ধ। আমরা কেবল জীবনের উপর ভাগটী পরিকার রাখিতে যত্ন করি, কিন্তু অভ্যন্তর ভাগ যেমন তেমনি থাকে। কেহ বলেন পাপ একটা কালির দাগ মাত্র, দহজে ধৌতকরা যায়। কেহ বা রাজনৈতিক ভাবে ইহাকে দেখেন এবং অর্থ দারা ফ্তিপ্রণ করিয়া **ल**हेट्ड वटलन । देश अक श्रकात डेंदरकाठ मारनत व्यवस्था। অপর কেহ বলেন, প্রত্যেক পাপকার্ফ্যে ঈশ্বর অর্থী এবং অপরাধী প্রত্যর্থী হন। পৃথিবীর রাজ। শাদনকর্ত্তাগণ ঘেমন প্রত্যেক অপরাধ গণনা করিয়া দোধীকে দও বিধান করেন তেমনি প্রত্যেক পাপের জন্য ঈশ্বর উপযুক্ত দঙ দিয়া **থাকেন।** রাজবিধিস**ঙ্গ**ত দণ্ড গ্রহণ করিলেই পাপ চলিয়া গেল, এইরপ তাঁহারা মনে করেন। উপরোক্ত প্রত্যেক মতের মধ্যে কিছু কিছু সত্য আছে তাহা অস্বীকার করাযায় না। কিন্তু এই সকল মতে পাপকে যেন একটা আকস্মিক্ ঘটনার ন্যায় গণনা করা হইয়া থাকে। যেন ইহার সঙ্গে মানৰস্বভাবের কোন নহন্ধ নাই, মোহ বশতঃ

লোকে পাপ করে, এবং কোন প্রকার প্রায়শ্চিত করিলে তাহা যায়, আর কিছু থাকে না । এইটা প্রচলিত মত। কিন্তু পাপ বাস্তবিক সেরপ নর, ইহার মূল আছে। সেই মূল মানব প্রকৃতির ভিতরে দেখিতে পাইবে। মৃত্যুক্ত বিধির সঙ্গে ঈশ্বরের বিধি তুলনাকরিও নাা পাপ এবং ৰিচারালয়ে দণ্ডনীয় অপরাধ এই হুয়ের মধ্যে মুলগত গভীর প্রভেদ আছে। কোন বাক্তি ছক্ষম করিলে রাজ্যারে দে বিধি অনুসারে দওনীয় হয় ইহাতে অবশ্য পাপকার্য্যের জন্য তাহার শাস্তি হওয়াতে মনুষ্যের ন্যায়পরতা চরিতার্থ হইল। কিন্তু ঈর্ষর কার্য্য দেখেন না, ভিনি হুদিছিত পাপ-মূল ধরিয়া বিচার করেন। নরহজ্যা চুরি ইত্যাদি পাপের কথা ঈশ্বরের বিধিপুস্তকে লিখিত মাই; পাপপ্রার্থিত, অসৎ কর্মের উৎপাদক মূলকে তিনি দঙ্নীয় মনে করেন। আমরা এখানে পাপের সেরপ অেণী বিভাগ করি ঈশ্বরের বিধানে ভাহা জনা প্রকার। মনুষ্যের পশু-প্রকৃতির মধ্যে পাপের উৎপত্তি স্থান, এই স্থান হ*ই*তে দাল জ্জমুক্ত হয়। প্রেভির মধ্যে পাপস্পৃহা আছে কি •. ঈশ্বর ভাহাই দেবেন। যত দিন পাপ্রাসনা, মৰু কামনা আছে ভত দিন পাপকাৰ্য্য হইতে বিরুত থাকিলেও ঈশ্বরের বিচারে আমর।নিরপরাধী নহি। ফলতঃ পাপ একটী রোগ বিশেষ ইহা সামান্য অপরাধ মত্তে নহে; স্তরাং এই ভাবেই ইহাকে দেখিতে হঠবে। এই রোগের মূল আমাদিগোর স্বভাবের অভ্যস্তবে থাকে। শকল সম্প যদিও কার্গ্যে প্রকাশ পায় না, কিন্তু গুপুভাবে অবস্থিতি করে। **কিন্ত ই**হা বলিয়া আমরা কি মনুষ্যকে জন্মপাপী বলিব ং চারিদিকে পাপের প্রাত্র্ভাব দেখিয়া কি মনুষ্যত্তকে বিক্লুত বলিয়া বিশ্বাস করিব ? কখন না, আমরা ইহার প্রভিবাদ করি। মনুষ্য যদি জন্মপাণী হইৰে তবে ঈশা কেন কুদে শিশু শ্ভানদিগকে প্রশংশা করিলেন বাশকদিগকে দেখিয়া কেন ভবে ভিনি বলিলেন, " ঐ ক্ষুদ্র বালকদিগকে আমার নিকট আসিতে দাও, কেন না স্বর্গরাজ্য এই একার।" শিশু দস্তানের। পবিত্র, তাহাদের ভিতরে স্বর্গ বিরাক্ষ করে। প্রিণ্ড বয়ক্ষেরা সেরপ্ন নহে, কারণ্ডাহারা প্রবঞ্ক এবং প্রভারক হয়। অভএব বলিও নামে মনুষ্য পাণ্ময় প্রকৃতি লইয়া জিমায়াছে। পাপ অসাভাবিক। তবে ইহা কোথা হ**ইতে আদিল ? মনু**ষ্যের প**শুপ্র**কৃতির মধ্যে ইহার বীজ। মহুষা চোর বা নরহত্যা হইরা জন্মে নাই, কিন্তু সে পশু হইয়া জনিয়াছে। একটা বস্তুর ন্যায় দে উৎপন্ন হয় ব্যক্তির নাায় নহে। পদার্থ হইতে পশু, পশু হইতে মহ্যাত্ত্বর উৎপত্তি। প্রথম জন্ম সম্পূর্ণ জড়ীয় অর্থাং জ্রণ। জড় ভিন্ন প্রথমে সে আর কিছুই নহে, ভরে পাপের স্থান কোথার রহিল ? তথন ইচ্ছা নাই, যাকিত্ব নাই, কেবল সংস্কার আর বুদ্ধি আছে। সেধানে ইচছা নাই দেখানে পাপ অসম্ভব। সাধীন ইচ্ছা পাপের মূল। প্রথম

হইতে ষথন বালক পরিবর্দ্ধিত হইল তথন তাহাতে কেবল পশুভাবেরই প্রাধান্য, কিন্তু মে পর্য্যস্ত ইচ্ছা,ভাল মন্দ বিচার-শক্তিনাজন্মেত্ত দিন ঈশ্বর ও মনুষ্যের নিকট তাহার দায়িত্ব বোধ হয় না, স্থতরাং তখন পাপ হইতে পারে না। পশুপ্রকৃতির মধ্যে কোন পাপ নাই, কিন্তু ইহা হইতে পাপ উৎপন্ন হয়। সুতরাং প্রকৃতপক্ষে বালকেতে পাপ নাই, কেবল পাপ করিবার শক্তি সকলের মধ্যে আছে। ইহার পর পাপ জন্মিবে, এখনও জন্মে নাই। অভএব মনুষাকে জ্জন্মপাপীবলিও না, এই বল যে তাহাদের ভিতর এমন কিছু আছে যাহা পাপেরদিকে ভাহাকে পরিচালিত করে। রক্ত মাংসময় দেহেতে পাপের মূল রহিরাছে। মানুষ জন্ম-পাপী যে কেহ কেছ বলেন তাহার গৃঢ় অর্থ এই স্থানে পাওয়া গেল। কিন্তু পাপ করিবার যে শক্তি আছে তাহা ক্র**ে বৃদ্ধি** হইয়া ভয়ানক হয়। **পরীক্ষা প্র**লোভন আদি**লে** ·মঁরুষ্য ইচ্ছাপূর্বকি পাপ করে। কিন্তু এই পাপের মূল বিনাণের জান্য কেহ মতুশীল নহে, সকলেই পাপক্রিয়াণ জন্য প্রায়ন্চিত্র করিয়া বেড়াইতেছে। হে ভ্রাস্ত জীব সকা।! কেন তবে কেবল কার্যের জন্য অনুতপ্ত হও, যথা, পাপ যাহা তাহার জন্য কেন অনুভাপ কর নাণু অনেকে বর্ত্তমান বা ভবিষ্যাৎ পালের জন্য ভাবিত না হইয়া গত পাপের জন্য চিন্তিত হন। কিন্তু ইং।নিতান্ত ভ্রম। গভ পাপের অর্থ যাহা নাই, আর ফিরিয়াও আদিবে না। বস্তুতঃ গত পাপ এ কথা হইতেই পারে না। ইহা কেবল বর্ত্তমান পাপকেই প্রকাশ করে। পাপ যদি গতই হয় তবে আর ভাবনা কি ? এক জন নরঘাতকের নিকট ভাহার নরহত্যা কার্যাটী গছ হইয়াছে বলা যাইতে পারে, কিন্তু ভাহার কারণ কি সেই সঙ্গে গত হইয়াছে? হিংশাছেষ জ্রোধ কাম লোভ ষত দিন আছে ভত দিন নরহত্যা পুনরায় হইবার সম্ভাবনা আছে। কোন বিশেষ পাপ কার্যের জন্য প্রায়শ্চিত্ত করিয়। নিশ্চিন্ত থাকিলে হইবে না, সমত্ত পাপের মূল উৎপাটন করিতে হটবে। যত দিন তাহা না যায় তত দিন ঈশ্বরের ক্রকণার প্রার্থী হইয়া থাক। পরিত্রাণের জলস্ত অগ্নি হৃদয়ে প্রবেশ না করিলে পাপশত্রু ধ্বংশ হইবে না। পাপ যেমন দৈহিক দোষের মধ্যে অবস্থিত পুণ্যকে তেমনি প্রলোভন পরাভব করিবার শক্তি বলা যাইতে পারে। পরিত্রাণের অর্থ পাসকার্য্য পরিত্যাগ নহে, পাপ ইচ্ছা এককালে অসম্ভব হইয়া যাওয়া যথার্থ পরিত্রাণ। মূল এবং শাখা উভয়কেই ক্রন করিতে হইবে। বিষয়টী অত্যন্ত কঠিন। প্রথমতঃ শরীরকে অধীন করিয়া তাহার পশুজীবনের স্থানে উচ্চ আধ্যাত্মিক জীবন রোপিত কর। ইন্দ্রিয়দিগকে জয় কর। হৃদ-রকে পৃথিবীর উর্দ্রদেশে লইয়া যাও। চৈতন্যময় জ্লৎ স্বর্ণ-ধাম, সেইথানে আত্মাকে ঈশ্বরের দঙ্গে বাদ করিতে দাও। যেমন জড়ব্ৰহ্মাণ্ড আছে তেমনি একটী আধ্যাত্মিক ব্ৰহ্মাণ্ড আ ছে। হৃদ্যের মধ্যে দেই জগৎ নির্মাণ করিতে হইবে।

যোগী ব্যক্তি পৃথিবীতে থাকিলাও দেই খানে বাস করেন। তিনি নিজের অন্তরের মধ্যে সংক্রীজাবেষণ করেন। দৈই খানে তিনি তিনি গভীর যোগে মগ্ন হইলা থাকেন। দেই খানে তিনি তাঁহার প্রার্থনীয় সকল বস্তু প্রাপ্ত হয়েন। দেখানে তাঁহার ধনাগার, পুতকালর, আহার পানীয় সমুদার আছে এবং দেখানে তিনি প্রলোকগত প্রমূক্তায়া ক্ষদিনিগর সহবাসে মথের স্থও পাইলা গাকেন। সময়ে সময়ে এইরপ অবতা প্রাপ্ত হওরার কথা আমি বলিতেছি না, একবারে দেখানে অধিবাস করা, ইহাই স্ববিষ, এবং ইহাই প্রিত্রাণ।

রোণের কথা বলা হইল এখন তাহার ঔষধ বলা ঘাই-ভেছে। কোথায় সেই ঔষধ পাওয়া যাইবে বাহাতে পাপরোগ বিনপ্ত হয় ? ঔষধ এই উচ্চ আধ্যাত্মিক জীবনে অবস্থিতি করি-ভেছে। প্রভ্যেককে সেই জীবনের উৎকর্য সাধন করিছে হ**ইবে।** এ জন্য চিন্তাশীল ধ্যানশীল হওয়া আবশ্যক**া ধ্যান** যোগভিন্ন সাধক বাঁচিতে পারেন না। তিনি ধ্যান ছারা ঈশ্ব-রেতে পরিবৃত হইয়া তাঁহাকে দেখিবেন ও স্পর্ম করিবেন। এই জন্য তিনি অনেক্ষণ প্রয়ান্ত গোগে বসিয়া থাকেন। ক্রমে এই স্থানে থাকাই ভাঁহার স্থাভাবিক হইয়া যায়। তাহার পর বৈরাগ্য। ইহাও নিতান্ত প্রয়োজনীয়। আমি শরীরকে ক'ষ্ট দিয়া বৈরাগ্য সাধন করিতে বলি না। ইহাতে জীব মুক্ত হইতে পারে না। ভম্ম এবং কস্থাতেও নব জীবন হয় না। যাহাতে ঈশ্বরপ্রেমে চিত্ত প্রসন্ন থাকে ভাহ।ই মথার্থ বৈরাগ্য। আছার শুধা ভৃষণার কথা ভোমরা ' ভনিরাছ, বস্তুতঃ তাহা সতা। মনুসা প্রার্থনা উপাস্না ভোজন করে, ধ্যানযোগের মিষ্টভা পান করে, এবং সর্থের স্থুগন্ধ সভোগ করে, ইহাই বৈরাণ্য। উপবাস শারীরিক রচ্ছু সাধনে নর, কিন্তু আধ্যাত্মিক রোটিকা ভক্ষণে বৈরাগ্য জ্বন্ম। বৈরাগী যদি আহার পান আমোদ বিলাম ধন মান স্থায়ে উদাদীন থাকেন তাহার অর্থ এই যে তিনি ঈশ্বরেতে প্রমানন্দ সম্ভোগ করেন। অসার ভোগ স্থথে বিষয়ী ব্যক্তি মোহিত থাকিতে পারে, কিন্তু সাধক ভাহা ঘুনাপূর্ব্বক পরিহার করেন। কিন্তু ধ্যান ও বৈরাগ্য এই ত্ইটী মুক্তির পক্ষে নিভান্ত প্রয়োজনীয় হইলেও আধুনিক সভাসমাজ তাহা অগ্রাহা করিয়া থাকে। সাধক এই তুইটী উচ্চতর ব্রছ সাধন করিয়া বালকের ন্যায় সরল সভাব প্রাপ্ত হন। তাঁহার শরীর বৃদ্ধ হয় আছাবালকত্ব লাভ করে। বালক যেমন পিতা মাতাকে সর্কান্ত জানে তিনি তাঁহার ঈশ্বরকে তেমনি সর্ববিদ্ধ জানিয়া নিশ্চিম্ভ থা-কেন। ঈশ্বর ভিন্ন আর তিনি কিছু জানেন না। রক্ষাও গদি ধ্বংশ হয় তথাপি পিতার কোলে তিনি নির্ভয়ে বাস করেন। এই জন্য কথিত হইয়াছে, যাহা জ্ঞানী বুদ্ধিমানদিলের নিকট অপ্রকাশিত ছিল তাহা বালকের নিকট প্রকাশিত। হইয়াছে। অধ্যায়জগদাসী দিজায়া মহুষ্য যেমন শিশু ভেমনি তিনি পাগল, এবং মাতাল। **ঈশারের প্রেমম**দিরা পানে তিনি

সর্কাদা প্রমত্তের ন্যায় ব্যাকুল। ঠিক সময়ে তাহা পান করিতে না পাইলে তিনি অস্থির হন, কিছুতেই সে ব্যাকুলতা নিবারণ করিতে পারেন না। মাদকদেবী ঘেমন মৌতা-তের সময় চঞ্চল এবং অভির হর তাঁহার অবস্থাও সেইরপ। টুপাদনা প্রার্থনা খান সঞ্চীর্ত্তনে যে পর্যান্ত না তাঁহার ম্বতা জন্মে ততক্ষণ প্রয়স্ত তিনি তাহা প্রিত্যাগ করিবেন না। গাঢ়তা এবং দীর্ঘকা উভয়ই পূর্ণাত্রা তাঁহার প্রয়ো-জন। কিন্তু ডিনি প্রেম্মত পাগল হইলেও প্রভুর ক।র্যো कथन डेमामीन नटश्न, कर्खवाकर्षा मन्त्रामन कट्रन। পরোপকারে ভাঁহার জীবন মর্ম্বদা ব্যস্ত থাকে। কার্য্যের সময়েও তিনি অগ্নিক্ষু লিম্ববৎ কার্য্য করেন। কিন্তু প্রেমমদ পান না করিলে দিনি কাজ করিতে পারেন না। প্রত্যেক প্রার্থন। তাঁহার নিকট স্থুরার পূর্ণপাত্ত। পান করেন আর কার্য্য করেন। এই জন্য ধার্মিক মহাপুরুষেরা যুগে যুগে ম্ভিলে নামে অভিথিত হুইয়া আসিয়াছেন। পিটার বিশি-য়াছিলেন, এ সকল লোক মাতাল নহে, কেন না এত मकालে কেহ মদ্পান করে না। পশ্বলিয়াছিলেন হে মহ২ কেষ্টাম্ ! আমি পালল নহি, কিন্তু যুক্তি নম্বত সত্য কথা আমি বলিভেছি৷

এইরপে বলিয়া বজা উংশাহপূর্ব বাক্যে বলিলেন, উন্মত্তর এবং পাগলামি অন্তরে না জানিলে দেশ সংস্কারের কার্য্য হুইতে পারে না। অতি সাবসানী ব্যক্তি দ্বারা কি কোন জাতির উন্নতি হুইতে পারে ? মত্তা চাই। শুক স্বর্ম্মজান, নীরস কঠোর কত্তব্য আমার স্বশ্বশালের ব্যবস্থা নহে। জ্ঞান প্রেম ভাজি কার্য্য সমস্তকে রাদায়ানক প্রক্রিয়া দ্বারা মিপ্রিত করিয়া পান করিছে হুইবে। স্বর্ম্মাপ্রনের সমস্ত অন্ধ সরস ভাবে ব্রিত হুইবে। প্রক্রিপে স্বর্মাপ্রান রুসপূর্ম আমরা চাই। প্রেমে মত্ত না হুইলে কেহ কিছু করিছে পারিবেন না। ইংল্ড কি বলিবে, রোম্ কি বলিবে, সভ্য জ্বাং কি বলিবে ইহা ভাবিয়া কি কেহ স্ব্রার্ম্বরের কার্য্য পরিস্থাগ করিবে ? কোন দিকে দৃষ্টি না করিয়া উন্নতের ম্যার প্রভুর কার্য্য করিয়া যাত্ত।

১ ই মাঘ — দূর্য্যাদয়ের পূর্বের সংগীত আরম্ভ ইইবামাত্র উৎসবের স্থকর বায়ু মন্দিরের এক প্রান্ত ইইতে অপর প্রান্ত বহিতে লাগিল। উপাসকমঙলীর মন প্রাণ
উথলিয়া উটিল উৎসবের প্রাতঃকাল চির
দিনই অতি রমণীয়, এবার বিশেষ মধুর ও গম্ভীর
ভাব ধারণ করিয়াছিল। সে দিন আকাশমওস
মেঘমালায় আস্ফা বালাতে বাহা দৃশ্যও কিছু
বোরাল ইইয়াছিল, কিন্তু অন্তরের ভাবকে তাহা
অপেকাও যোরাল বলা যাইতে পারে। উপা-

সনার সমস্ত ছবি আমরা দিতে পারিলাম না, যত দুর লিপিবন্ধ হইয়াছিল তাহাই প্র-কাশ করা যাইতেছে। আমরা উপাদনা ও সংকীর্ত্তনের মধুরতার সহিত জীবন্ত ভাবে উহা শুনিয়াছি, স্নতরাং আমরা যেরূপ আনন্দ শান্তি অনুভব করিয়াছিলাম পাঠকগণ দেরূপ পারিবেন না। চিন্তা ও কল্পনার সাহায্যে সে সকল বুঝিয়া লইবেন। উপাসকমণ্ডলীতে মন্দি-রের সমস্ত স্থাম পরিপূর্ণ হইয়াছিল। দ্রীলোকের সংখ্যা প্রায় গুই শত হইবে। অনেক হিন্দুপরি-বারের সন্ত্রান্ত মহিলাগণ উৎসবে আগমন করেন ইহা একটী অতিশয় শুভ চিহ্ন। মন্দিরের জাতীয় ও দেশীয় ভাব হিন্দুর্দ্ত্রীগণের পক্ষে বিশেষ মাকর্যণের বিষয় হইয়াছে। প্রাতঃকালের বিব-এ২ স্থলে প্রকাশিত হইল।

উদ্বোধন : — গন্তীর সুমধূর ধ্বনি শুনা গোল, ' আজ কে কত খাইতে পার খাও।" উৎসবের কর্ত্তা **ঈশ্বরের এই** বাণী মৃতকে পুনৰ্জীবিত করিল। আজ কেমন **ঘর সাজা**-ইয়া বসিয়া আছেন সেই দীনশরণ যাঁহার নিমস্ত্রণে দিক্ বিদিক্ হইতে সকলে এখানে আসিলেন। পুণ্যময়ী জননী সকলকেই আপনার সেই স্থকোমল ক্রোড়ে ছ ন দিলেন যাহা পাপী ভাপার জন্য সকল। বিস্তৃত। "আমার কোন্সভানের কি অভাব আছে ?" এই বলিয়া জননী 'গাজ সকলের সম্বাদ লইতেছেন। সন্তানগণ স্তব স্তুতি জানে না, প্রার্থনা করিতে অক্ষম, কিন্তু জননীর অনেক জ্ঞান, তিনি সকল বুঝিলেন। ঈশ্বর এই বুঝিলেন, উঁছোর সন্তানেরা অত্যন্ত কাতর হইয়া, তৃষ্ণায় পাণালপ্রায় হইয়া এই মন্দিরে আসিল। আজিকার উৎসবে সন্তানেরা শরীর ভাসাইয়া দিল। উত্থাদের ন্যায় চকু কেন ? কুধিত তৃষিত হইলে এই হুৰ্দশা হয়। সেই জননী ভিন্ন এই ক্ষুধায় ভৃষ্ণায় কাতর সন্তানদিগকৈ আর কেই সহারুভূতি করিতে পারে না। তি'ন সন্তানদিগের হুঃখ জানেন, সেই হুঃখ দর্শনে ভাঁছার প্রেমসাগার উথলিয়া উঠিল। পাপীর অব-সরতা এবং ব্যস্ততা দেখিয়া এক্ষরণ প্রেমসাগর উচ্ছ সিত ছইল। ক্ষণকাল পরে সন্তানদিগের নিকট জননী আপনি অন্ন পরিবেশন করিবেন। " ক্ষুধা ভ্ষণ শান্তি কর, ক্ষুধা তৃষ্ণ। শান্তি কর।" এই বলিয়া ঈশ্বর নিজে উৎসাহী হুইয়া ভাঁহার সন্তানদিগকে আশাবাক্য বলিতেছেন। **যভক্ষ**ণ আমাদের ক্ষুধা তৃষ্ণা শাস্তি না হয় ততক্ষণ সেই পাপীর जनक जननी आभानिशदक झा फ़र्देन ना। अन नार कि इर्जिटकत कथा १ अन नारे कि शामारेनत मर्पा कमन व्यासन

অভাব ? যেমন হুর্ভিক্ষ তেমনি আক্ত প্রচুর অরের আয়ো-জন। আজ্ যেমন কোরে পার, যত পার, খাও আর খাও-য়াও, মাত আর মাতাও। জননীর অমৃত ভাণ্ডারের অ্বারিত ম্বার দেখিয়া কার প্রাণে না উৎসাহ হইতেছে ? আজ প্রাণ ভরিয়া জ্বাপনার জন্য এবং বন্ধুদিগের জন্য অর্থের অন্ন সংগ্রহ কর। ঈশ্বর সকলের সহায় হউন, এমনি করিয়া ভাঁহার চরণ ধরিবে যে তাহাতে সমস্ত অবিশ্বাস,অহঙ্কার, গাপ তাপ সমু-দয় দূর ছইবে। এসত সকলে প্রাণের ভক্তি উৎসাহের সহিত খুব কাতর প্রাণে পিতাকে ড!কি। এই যে বক্ষন্থল যাতা পাপে তাপে শুক্ক হইয়াছে এখানে তাঁহার সেই কোমল পাদ-পদ্ম গ্রাখিব। এই যে শুক্ক নয়ন, একবার ইছার উপর ভাঁছার 🗃পাদপদ্ম রাখিব। এই মলিন কলন্ধিত মন্তক, একবার ইছার উপরে তাঁহার জ্রীপাদপদ্ম রাখিব। এবং এই যে নানা প্রকার শোক হুঃখে তাপিত হৃদয়, একবার এই হৃদয়ের মধ্যে তাঁহার র্জ প্রীপাদপদ্ম রাখিব। তাহাতেও যদি মনের পূর্ণ তৃপ্তি না হয়, তবে এ জীপাদপদ্ম প্রাণের ভিতর লইয়া গিয়া চাবি-দিয়া রাখিব। এদ সকলে মিলিত হইয়া আনন্দের সহিত এই উৎসবে যোগ দিয়া অপৰিত্ৰ জীবনকে পবিত্ৰ ক**ি।**

উপদেশঃ—কিয়দিন হইল উত্তর পশ্চিমাঞ্চলে কোন
উদ্যানে বসিয়া এক দিন ভাবিতেছিলাম। উদ্যানটী
অতি স্থলর, নানাবিধ পুষ্প এবং রক্ষ পায়বে স্থানা
ভিত। সায়ংকালে বসিয়াছিলাম, দেখিতে দেখিতে
সক্ষার অন্ধকার আসিয়া চারিদিক্ আচ্ছন্ন করিতে লা
ুগল, অথচও রাত্রি হয় নাই। সময় গন্তীর, ক্ষণকাল
মধ্যে একটা পক্ষী দৃষ্টিগোচর হইল। সে উড়িয়া আসিয়া একটা রক্ষশাখায় বসিল, ক্ষণকাল পর পক্ষী
আবার উড়িয়া গোল। মনে একটা প্রশ্ন হইল, পক্ষী
উড়িল কেন? আমার মনে হইল ইহা প্রিয় স্থার প্রেরিত

কোন বিশেষ সম্বাদ দিবার জনা রক্ষে বসে এবং কার্যা শেষ ছইলে আবার উড়িয়া যায়। প্রকৃষুক্ত হইয়াছে এই জন্য, যে তীরের ন্যায় চ্চত বেগে প্রাম হইতে গ্রোমান্তরে চলিয়া যায়। একটা মধুর গান করিতে করিতে চলিয়া যায়। যাঁহার পক্ষী তাঁহার কাছে চলিয়া গেল, আমার পক্ষী নছে, আমার কাছে রছিল না। পক্ষী তোমার নিকটে আসিয়া যথন ৰসে তথন বুঝিবে ইছা সখার কোন প্রেমতত্ত্ব লইয়া আসিয়াছে, সেই পক্ষী দর্শনে তোমার প্রাণ পুলকিত হইবে। কিন্তু পক্ষী চিরকাল ভোমার নিকটে থাকিবে না, অন্য দেশে চলিয়া যাইবে। অনা সাধকের নিকট বসিবে। যত পক্ষী উভিতেছে, বসি-তেছে, ইহারা আমাদের স্থিকর্তার প্রেরিভ প্রচারক, ইহারা প্রক্লত বৈরাগী, ইহারা কল্যকার জন্য চিন্তা করে না, ইছারা দারিত্র্যপ্রিয়। ইচ্ছা হয় পক্ষীকে ধরি, না ধরিব না। পক্ষী, ভূমি চলিয়া যাও, ভোমাকে ধরিব না। মনে করি-লাম উদ্যানে আসা, অবস্থান করা এক পক্ষী দর্শনে সার্থক

करेन, अक शक्की श्राहरकत्र र का खारत श्राव क्राहर् ছইল। বাস্তবিক মনে হইল 🕳ক পক্ষীর মধে 🛭 বিজ্ঞান अनश (श्राप्त प्रांश इहेश्राहा श्राहतकत कार्त्त हाहे, অনেক ভ্রমণ করিতে হইবে, তুলপ্রীণ জ্রুতগামী হওয়া যায় না, এই জন্য আকাশে আয়েহেণ করিয়া পক্ষীআচার্য্য উপদেশ দেয়। আকাশে উড়িতে উড়িতে কত গান করে, কত লোককে মাতায়। সহত্র উপদেকী যাহা না করিবে এক পক্ষী তাহা করিবে। পক্ষী, কে তুমি ? এমন করিবা কত আমকে, কত দেশকৈ মাতাইতেছ ? সমস্ত পৃথিবীর লোক ভোমাকে প্রশংসা করে। তুমি ক্ষুদ্র জীব, ভোমার শায়ে এমন স্থলর রং কে দিল ৷ তোমার কঠে মধুর স্থর কে দিল ? সেই গুপ্ত বন্ধু বুঝি ? তিনি বুঝি অন্তরালে বসিয়া তোমাকে বলিয়াছেন ? "দেখ আমার অমুক সস্তান অবি-খাসী পাষও, মাতুষ তাছার মন ভুলাইতে পাবিল মা, কিছু-তেই তার কঠোর প্রাণ গলিবেছে না, পক্ষী, ভূমি ভোমার প্রেমের ফাঁদ তার কাছে পাত দেখি, তুমি তার কাছে তোমার স্থাকোমল বঠকে গান করিতে বল দেখি, দেখি তেমার দারা ভাছার মন গলাইতে পারি কি না ?" গুপ্ত স্থার এই কথার "যে আজ্জা" ব লরা বুঝি সেই স্থামাচার পত্র মুখে লইয়া পক্ষী তুমি এখানে আসিলে ? পক্ষীকে দে-থিয়া কোন্ পাষ্ণ বলিবে, পক্ষী প্রভুর নিকট ছইতে আদে নাই ? পাখী গুৰুপ্ৰেরিত নহে কেমন করিয়া এই মিখ্যা কথা বলিব ? প্রেমময় গুরু বির্দে বসিয়া সাধকদিগকে ভাঁছার প্রেমের নিগ্র সমাচার দিবার জন্য পাখীকে সাজাইয়া প্রেরণ করেন। সৃষ্টি অবধি যত পাম্বী উড়িয়াছে, প্রত্যেক পাশী বৈরাগ্যতত্ত্ব এবং প্রেমতত্ত্বের প্রচারক। যখনই कान भाषी (मिथ्र जाशांक जिल्हामा कहिर्त, भाषी, আজ আমার জন্য ভোমার কাছে কি কিছু আছে ? আজ কি প্রাণস্থার কোন পত্র আনিয়াছ ? ভাঁছার কি স্থস্মাচার আছে বল দেখি ? এই গাজিপুরের পাষ্টী ঢের শাস্ত্র শিখাইয়াছিল। ওছে ভাই, আর কেছ এমন কথা শেখায় নাই, এমন উপদেষ্টা, এমন প্রচারক দেখি নাই, পলকের ম্যে এত বলিয়া গোল কি প্রকারে ? সে অধিকক্ষণ রহিল না, দেরি করিল না, আরও কত স্থানে আমার মত কত তৃষিত আত্মা বসিয়াছিলেন ভাঁহাদিগকে প্রাণসখার সন্থাদ দিবার জন্য উড়িয়া চলিল। ছাজার কাদিয়া বলি, আর কি আছে বল, পক্ষী আমার কথা শুনিল না। প্রচারকের ৰাস্ততা বটে। উড়িয়া চলিয়া মাইতে মাইতে ধা:থী কার ঘরে কি সম্বাদ দিয়াছে আমি জামি না। কত স্থাদ দিয়াছে मिर शाथी जात्न, जात शाथीत शिला खात्नन। जाहे, ভগ্নী, দেখ ভোমাদের পিতা প্রতিদিন বিরলে বসিয়া তোমাদের কঠোর প্রাণ গলাইবার জন্য এইত্যা কত পাখী, সাজাইয়া ভোমাদের নিকট পার্চাইতেছেন। এইরূপে একটা शको, अक्री कूल, अथवा ध्वक्षी समदिन यमि आभारमञ्

দলক আকর্ষণ করে তবে কি আর আমাদের মনে পাপ इः था किए भारत ? किर भाषान हक्कू कड भाषी (मधिन, কত ফুল দেখিল, কত নদী সমুদ্র দেখিল, কিছুতেই বিগ-লিত হইল না। চক্ষের নিকট কত পাখী উড়িয়া যায়, কত কুল কুটে, কত চজ্র উদর হয়; কিন্তু ইছারা যঁ/ছার প্রেমতত্ত্ব প্রকাশ করে পাপচক্ষু তাঁছাকে দেখিতে পায় মা, তাঁহোর প্রেরিড স্থানাচার বুঝিডে পারে না। সেই নির্জনদেবতা নির্জনেই রহিলেন। অবিশ্বাসীর চক্ষু অন্ধ, প্রকৃতির অন্তর্গলে যে ঈশ্বর বাস করিতেছেন, সে তাঁ-ছাকে দেখিতে পায় না। প্রেমনয়ের আদেশ ভিন্ন কি পাখী গান করিতে পারে ? না চন্দ্র উদয় হইতে পারে ? ভিনি চক্সকে ডাকিয়া বলেন; "দেখ চক্স, পৃথিবীতে এমন অনেক লোক আছে যাহারা ব্রাহ্মনাম ধরিয়াছে. কিন্তু তাছাদের প্রাণ প্রেমরসশ্ব্য, অভান্ত কঠোর, একবাব তুমি আকাশে উঠে তোমার সহাস্য মুখ দেখাইরা পাষ্ড দলন কর দেখি। "বাস্তবিক প্রকৃতি কি ? এক থানি স্থন্ম বস্ত্র, তার উদিকে জীবনসধা বসিয়া আছেন। প্রাণ-স্থা পাঞ্জাবের উদ্যানে দেখাইয়াছিলেন যে প্রেমিকের চিত্ত আকর্ষণ করিবার জন্য নিজে ঐ উদ্যানের ফুলগুলি হাতে করিয়া ৰসিয়া সাছেন। আর জল এবং জীবের প্রাণ রক্ষার জন্য অন্যান্য যে সকল বস্তু নিভান্ত আবশ্যক সে সমুদর স্ক্রন করিলেইত হইত, ফুলের প্রয়োজন কি? এই প্রশ্ন করিবামাত্র ঈশ্বরের রাজ্য হইতে এই উত্তর আসিল, তবে ভক্ত মজিবে কিলে? ছঃখের কথা আর কি বলিব, যে প্রকৃতি প্রেমিকের চিত্ত হরণ করিবার জন্য স্থঞিত ছইরাছে দেই প্রকৃতি অবিখাদী জগতের নিকট পিতার মুখকে ঢাকিরা রাখিরাছে। জগতের পিতা কখন পাখীর ভিতর দিরা, কখন চক্তের মধ্যে দিয়া, অথবা কখন ফুলের ভিতর দিয়া আপনার প্রেম, আপনার শোভা বিস্তার করেন। প্রেমিক ভক্তেরা তশ্মধ্যে তাঁহাকে দেখিয়া মোহিত হন। তিনি প্রকৃতির ওদিকে রহিয়াছেন। হাতের জিনিষ হাতে ধরিয়া সকলকে দেখাইতেছেন; কিন্ত নির্ব্বোধ মনুষা হাত দেখে না, যে হাত দেখে তাহার মততার বিরাম হয় না। পাখীর গান শুনিরা, সেই পাখী যে প্রেমপিঞ্রে বদিনা গান করিতেছে দেই প্রেমপিঞ্জর বার হত্তে তাঁছাকে দেখিতে হইবে। কেবল প্রকৃতি দেখিলে কি ছইবে ? প্রাকৃতির পিছনে কে দেখ। ঐ বুঝি তুমি ? এই জগং স্ফির সম্বন্ধে প্রভুর উদ্দেশ্য কি ছিল ? তিনি এই সমুদর স্ফি করিয়া আপনি লুকাইয়া রহিলেন কেন ? ভাঁহার এই গাৃঢ় অভিপ্রায়, যে ভাঁহার স্থিটির মধ্যে আমরা ভাঁহার প্রেমতত্ত্ব পাঠ করিব, এবং ঘখন তিনি দেখিবেন যে আমা-দের পাঠ শেষ হইয়াছে, তখন তিনি ঐ প্রকৃতিরূপ স্ক্র আধাবরণ উচাইরা লইবেন এবং বলিবেন; "ভক্ত সন্তান, উপযুক্ত হইরাছ, প্রেম শিধিরাছ, এখন আমার কাছে

এস।" যথন ভক্ত ঈশ্বরের মুখে এই কথা শুনেন ডিনি একেবারে বলগৃর্বক ঈশ্বরের ছাত ধরিয়া কেলেন। তথন প্রেমিক বাছিরের সমস্ত ব্যাপার আপমার মনের ভিতর লইরা যান। তখন তিনি আপনার মনের ভিত্রে প্রক্র-তির গৃঢ় অর্থ বুঝিতে পারেন। তথন তিনি বাহি-রের বস্তুর মধ্যে আপনার প্রাণের পিতার হস্ত ধরিয়া ফেলেন। ইহাভিন্ন কি কেবল একটা পাখী কিম্বা একটা ফুল দেথাইয়া কেছ কাছার মন ভুলাইতে পারে ? সেই ছেলেটী একটী গৃঢ় কথা পাড়ার ছেলেদের ৰলিয়াছিল। বলিয়াছিল যে মা বড় লুকাইয়া থাকিতেন, কিন্তু আক্র আর লুকাইয়া থাকিতে পারিদেন না। সেই একটী ফুলের ভিতরে আজ তাঁহাকে দেবিয়া ফেলিয়াছি, তাঁহার মধুর হস্ত আজ ধরিয়া ফেলিয়াছি। যাই ভাঁছাকে দেখিলাম অমনি জননীর শ্রীপাদপদ্মে মাপাটা ফেলিয়া দিলাম। ঈ্শুরের পাদপদ্ম, এই কথাটী কোন্ ভক্ত বলিয়াছেন ? তাঁহাকে পাইলে মন্তকে লইয়া নাচিতাম। পাদপদ্মই ৰটে। সাল ফুল অপেক্ষা ভোষ্ঠ ঈশ্বরের শতদল জ্ঞীতরণপদ্ম। মুখটাে এ চরণপদ্মের উপর রাথিয়া ক্রমাণত উছা চুম্বন করিব, আর চীৎকার করিয়া বলিব, পাড়ার ছেলে-গুলি আয়, দেখ এনে জননীর জ্ঞীপাদপত্ম কেমন স্থার কেমন মধুর। মাকে ছাড়া অপেকা শিশুর আর হুঃধ নাই। কিন্তু ঈশ্বরের তুরন্ত সন্তান কত ৰার মায়ের চরণপদ্ম বুকে ধরিয়া বলিল কি না দূর হও, ছাই চরণ, আমার পৃথিবীর সুখ সম্পদ ভাল, চ্রস্ত পাষ্ঠ সন্তান এই কথা বলিয়া স্বর্গের ফুলটা পক্ষে ফেলিয়া দিল। ভাই তাহার শোক মনস্তাপ ঘুচিল না। তবে ভাই, যদি শোক ছুঃখ দূর করিতে চাও, যদি সুখী হইতে চাও,যদি প্রেমনদাতে প্রতিদিন স্থান করিতে চাও, একবার ড্বিয়া যাও না কেন ? প্রেমের আবর্তে তলাইয়া যাও না কেন ? প্রাঞ্জীর, মত বৈরাগী হইয়া প্রেমেতে উড় না কেন? মত্ত না হইলে সুখ নাই ইহা কি জান না ? প্রকৃতির ঐ দিকে গিরা সাক্ষাৎ ঈশ্বরকে না দেখিলে প্রক্বত সুখ শাস্তি নাই। দেখ বিজ্ঞানের হৃদ্দশা, বিজ্ঞান কত চেন্টা করিল, কত উপায় অবলম্বন করিল, কত দূরবীক্ষণ, অগু-ৰীক্ষণ স্বজন করিল; কিন্তু কোন মতেই সাক্ষাৎ ঈশ্বরের দৰ্শন পাইল না। আবে ভতচুড়ামণি যাঁহারা ভাঁহারা অনারাসে প্রকৃতির ঐ দিকে গিয়া তাঁহাদের প্রাণসংগকে প্রত্যক্ষরপে দেখিয়া ফেলিলেন। যেখানে বিজ্ঞানের চক্ষু কেবল একটী ফুল দেখিল সেখানে ভক্তের চক্ষু সেই ফুল ফুটান্ যিনি ভাঁছাকে দেখিল। প্রভু এত নিকটে, তবু আমরা তাঁহার কাছে যাইতে পারি না কেন? বিজ্ঞান মনুষ্যকে কৰিছের তত্ত্ব শিখাইয়া দেয়; কিন্তু ভক্তি ভিতরের নিগৃত কথা বলে। প্রিরতমের রাজসভার গৃঢ় তত্ত্ব দকল প্রক্লতির ঐ পাখে উপস্থিত হইলে জানা

বার। প্রিয়তম স্থা স্বরং ঐ পাখে বিসিয়া আছেন। তাঁহার হাতের জাগৎ তাঁহাকে ঢাকিয়া রাখিয়াছে, কি তুঃখের কথা। এক বার ভাই, ভগিনী, এই প্রকৃতির ভিতর দিয়া ঐ পাথের গৈয়া মাতার কাছে গিয়া বসো। এখানে গিয়া মার জ্ঞীপাদপদ্মতলে বসিলে, কোথায় বা থাকিবে সংসারের আংসল্তি, কোখায় বা থাকিবে ধন সম্পত্তির চাকচকা। ওখানকার ব্যাপার হৃদয়কে আদ্র করে। মার কাছে বসিতে পারা কি সংমান্য সৌভাগ্যের বিষয় ? প্রকৃতির শোভার ভিতর দিয়া আন্তে আত্তে মার ঐচরণতলে গিয়াবস। প্রকৃতিকে বল,হেঁগো প্রকৃতি, তোমার মা এবং আমার মা যিনি তাঁছাকে কি তুমি দেখা-ইয়া দিতে পার? প্রকৃতি বলিবে আমিযে সেইজনাই ছইয়াছি। অপ্পবিশ্বাসীর বিশ্বাস রূদ্ধি করিবার জনাইত আমাসে মা আমাকে পাঠাইয়াছেন। অতএন হে ভাই ত্রিনী, তোমরা যত বার জ্বাৎকে দেখিৰে তত বারই ভাহার সঙ্গে,সঙ্গে জগদ্ধাত্রীকে দর্শন করিবে। যভবার পাখীর মধুর গান শুনিবে তত্তবার বলিবে, ওছে পার্ছা ও তুমি গান করিতেছ না, তোমার ভিতরে বসিয়া আমার থপ্ত বন্ধ গান কঃতেছেন। যত বার প্রক্রটিত স্থনর रभानान (पविदन, ७७वाद निल्दन भानान, अरे मोन्पर्य ভোমার নহে, এমন রং ভোমার নহে। ছফ্ট গোলাপ, আমি বুঝিতেছি, তুমি ঠকাংতেছ, তুমি অর্গের রং চুরি করিয়া লইয়া এত জাঁক করিতেছ। তুমি চোর, তুমি ভক্তের মন চুরি কর। ভাই ভগ্নীগণ, নিশ্চয় জেন, शायी वल, कूल वल, शूर्वभाव हत्य वल, मव इन्नर्वन ধরিয়া বাছে। প্রেমের ডাকাতি হবে এ সংসারে। ইশ্বর এই জন্য স্থানে স্থানে এ সকল প্রথল লোককে বসাইরা রাথিয়াছেন। ওছে ভক্ত, কেন পলাও, প্রকৃতি তোমার প্রাণ চুরি করিয়া লইবে ভয় কি? ওছে ভাই, তুমি যে নদীর পানে তাকাইয়া শুষ্ক প্রাণে ফিরিয়া যাইতেছ, না ভাই, যেও না, ও নদীর তটে রুক্ষাপরি স্থানর বুল্বুলি বদিয়া আছে, প্রেমের বাণে, অনুরাগের বাণে ঐ পাখী তে:মাকে মারিবে। এই প্রকৃতি জাল, এই প্রেমতত্ত্ব কেবল প্রেমিককে ধরিবার ফাঁদ। জ্ঞানত প্রচারিত ছইতই। এমন সুন্দর বস্তু সকল রাখিবার কি উদ্দেশ্য ছিল ? প্রেম-দণ্ড দ্বারা মারিতে মারিতে আপনার বিপথগাণী সন্তান-দিগকে কেশ ধরিয়া আপনার ঘরে লইয়া যাইবেন এই জনাই এ সকল সৌন্দর্য্যের হৃষ্টি। সৃষ্টির উদ্দেশ্য তবে 🕽 সিদ্ধ হউক! প্রকৃতি প্রাণস্থার প্রচারক হউক! আর কিছু দিন প্রেমের পথে চল, দেখিবে ফুলের জোর অধিক না বিদ্যার জ্যোর অধিক। দেখিবে অবশেষে প্রকৃতি তোমার প্রাণ হরণ করিয়া কোথায় লইয়া যায়। একটা পাখী অথবা একটী ফুলের হাতে যদি না মর তবে ঈশ্বর মিধ্যা, ব।ক্ষার্ম মিখ্যা। এমন স্থলার হৃষ্টি দেখাইয়া ঈশ্বর

তোমাদের প্রাণ হরণ করিয়া লইবেন এই তাঁহার মন্প্রে ইচ্ছা। প্রকৃতির মধ্যে প্রেমের শোল্প পড়, প্রেক্সা মত্ত হও, তার পর ঈশ্বরের রাজ্যে লোকারণ্য হইবে, স্কলের মুখে প্রেমতত্ব শুনিবে আর কৃতার্থ ইইবে।

প্রাতঃকালের এই উপদেশটা এমনি স্থন্দর ও মধুর বোধ হইতেছিল, যে শেষ হইলে আমর। ছুঃখ অনুভব করিতে লাগিলাম, আরও কিছু কাল শুনিবার জন্য প্রাণ যেন লালায়িত হইতে লাগিল। আমরা অত্যন্ত ছুংখিত হইলাম যে প্রার্থনা ছুইটা লিখিতে পারি নাই। যাহা কিছু প্রকাশিত হইল আংশিক ভাবে, সম্পূর্ণ ছবি খানি এখনও অনেকের হৃদয়পটে জাগিতেছে। 🛩 পুনরায় তুইটার সময় মধ্যাহ্ল উপাদন। হয়। ্শ্রীযুক্ত গৌরগোবিন্দ রায় মহাশয় উহা সম্পা-দন করেন। উপাসনা শেষ হইলে এীযুক্ত অঘোরনাথ গুপ্ত মহাশয় গীতা ভাগবং প্রভৃতি গ্রন্থ হইতে কতিপয় শ্লোক পাঠ করেন। তদনন্তর শ্রীযুক্ত গিরিশ্চন্দ্র সেন মহাশয় হাফেজের বাঙ্গালা অনুবাদ পাঠ করিয়াছিলেন। হাফেজের প্রেমরসপূর্ণ সার কথা সকল পাগাণ হৃদয়কেও বিদ্ধ করে। এ বিষয়ে আমরা অধিক কিছু বলিব না, পুস্তকাকারে সে সকল মুদ্রিত হইয়াছে, প্রত্যেক প্রেমপিপাস্থ ইহা পাঠ করা উচিত্য পাঠ দাঙ্গ হইলে ডুই একটা দঙ্গীত হয়, তার পর এইরূপে ধ্যান আরম্ভ হয়।

ধানের উদ্বোধনঃ—ধানার্থী ব্রাহ্মণণ! এখন আর বাছিরের আরোজন করিতে হইবে না। এই সমলের যাবতীর আয়োজন আন্তরিক। কি কি করিতে হইবে
বলি। যতগুলি আলোক আছে সমুদ্র নির্দ্ধাণ্ করিতে
হইবে। সমস্ত অন্ধকার করিয়া লইতে হইবে। ভিতরের বৃদ্ধির আলোকটীও নির্ব্ধাণ্ করিতে হইবে। বখন ভিতর বাহির অন্ধকার হইল, সেই ধ্যার অন্ধকার সমুদ্রে মগ্ন হইবার সময় আর কোন পদার্থ দেখিতে পাইবে না। তখন
অন্তরে বাহিরে চারিদিকে কেবল অমিক্রিত, পূর্ণ ঘোরান্ধকার দেখিবে। ধ্যানার্থী মন সেই অন্ধকার আলিম্বন
করিবে, ধ্যানহীন ব্যক্তি সেই অন্ধকারকে ভর করিবে।
সে সময় কি পৃথিবী, কি শরীর বিছুই মনে থাকে না।
আর কিছু যখন বহিল না, সেই অন্ধকার নধ্যে এই আমি,
আর সমক্ষে, পশ্চাতে, উর্দ্ধে, নিম্ন এক্টা প্রকাশ্ত সত্ত,
।

এনটা ক্ষুদ্র আমি, একটা প্রকাণ্ড তিনি। সেই এক জন ভুমা, : হান্ প্রকাণ্ড ডিনি আমাকে পরিবেষ্টন করিয়া আছেন। দেই যে তিনি তাঁছাকে আত্তে আতে "তুমি" করিতে হইবে। এই অংমি, এই তিনি,এইটা প্রথম সোপান; এই আমি, এই তুমি এই পরের সোপান। এই যে আমি-শ্রিত আমার আত্মা, আর এই যে অমিশ্রিত পরমাত্মা, ধাানের সময় দেখিতে হইবে এই ছুই জন ভিন্ন পার কেছ নাই। যত উজ্জ্বল বিশ্বাসনয়নে দেখিবে তত্তই বুঝিতে পারিবে, যেমন ওতপ্রোভভাবে বস্ত্র বুনা হয়, তেমনি উপর ছইতে নিম্নে এবং নিম্ন ছইতে উপরে ত্রন্ধা ওতপ্রোত ভাবে বাস করিতেছেন। ধ্যানার্থী সাধ্কের সম্পর্কে প্রথমাবন্থার তিনি, তার পর তুমি। শেষাবস্থায় ঈশ্বরকে সাধক এই কথা বলেনঃ—"তুমি আমার ভিতরে, আমি তোমার ভিতরে। তুমি আমা ছাড়া নহ, আমি তোমা ছাড়া নহি, তুমি আমার বাহিরে, আমি ভোমার বাহিরে তাহা নছে; কিন্তু তুমি আমার ভিতরে, আমি তোমার ভিতরে।" ধান ক্রমে ধন হইতে ঘনতর এবং গভীর হইতে গভীরতর হইলে বাহিরের ছুইজন ভিতরের ছুইজন হয়। এই তুমি আমার বুকের ভিতর, আমার ক্ষুদ্র আত্মার মধ্যে তুমি রহৎ আত্মা, তুমি আমার অনতিক্রমণীয়, সেই অবস্থায় সাধক এই কথা বলেন। তার পর দেখিতে দেখিতে এই অনতিক্রমণীয় সত্তা নানাপ্রকার দে বিধে অমুরঞ্জিত হয়। সেই যাহা পূর্বে ঘোর অন্ধকার ছিল তাহা একটা রুহৎ সত্তায় পরিণত হইল। সেই সত্তা খন আনন্দের সমুদ্র হইল। আমার বুকের ভিতর কি? আনন্দ্ররপ। আমার প্রাণের ভিতর কি? প্রেমস্বরপ। আমার অন্থির মধ্যে কি? প্ণাক্ষরপ। ত্রন্ধ তুমি কোথায়? ভূমি আমার ভিতরে ক্রীড়া করিতেছ, আমার আত্মা তোমার ভিতরে ক্রীড়া করিতেছে। এই भारतित छैरक्छे व्यवस्था। এই व्यवस्था माधक मिह सूधा পান করিতে করিতে একেবারে মগ্ন ছইয়া যান। অতএব ভাতৃগণ, ভয়ীগণ, बয়ুগণ, দর্শক্র্যণ, ধ্যানের সুধা ভোগ क्ता अम भीख शृथिवी इट्रेट विमात्र लहेशा (पार्शक्षकार মধ্যে সেই অন্তরাত্মাকে দর্শন করি এবং ধ্যান করি। ক্রপাসিকু ঈশ্বর একটীবার আমাদিগকে দর্শন দিয়া আমা-দিগের প্রতি জনের মন শুদ্ধ কৰুন।

অর্দ্ধ ঘণ্টা কাল ধ্যান হইলে ঐযুক্ত উমেশচন্দ্র দত্ত, ঐযুক্ত ঠাকুরদাস সেন, ঐযুক্ত অয়তলাল বস্থ মহোদয়গণ এক একটা প্রার্থনা করেন। ধ্যানের পর ইহাদিগের প্রার্থনায় অনেকেরই হৃদয় মন দ্রবীভূত হইয়াছিল। তদনন্তর উং-সাহের সহিত নামসঙ্কীর্ত্তন হইয়া সায়ংকালীন উপাসনা আরম্ভ হয়। উপাসনান্তে এই উপ-দেশটী প্রদাহ হইয়াছিল।

প্রাতঃকাল হটতে সন্ধা পর্যান্ত দরাবান্ ঈশারের প্রেম সম্ভোগ করিতেছি। এই প্রেমরদ পান করিতে করিছে ভবিষাতে পৃথিবীর কি অবস্থা হইবে কে বলিতে পারে ? এই প্রেমবলে পৃথিবীর অবলা কত দূর উন্নত ছইবে কে বলিতে পারে ? ভবিষতে পৃথিবী কি হইবে ভাহা আমাদের কল্পনা এবং আশার অভীত। পাণী বলে হে প্রেমসিদ্ধু, আমাকে এক বিন্দু প্রেম দান কর, তাহা হটলে আমি কুতার্থ হইব। বাওবিক পাণী আর কে।নৃ সাহদে বলিবে আমাকে ক্রমাণত সুধা পান করাও। এক বিন্দু কূপা দান কর তাহার পক্ষে এই প্রার্থনা স্থাভাবিক। কিন্তু নির্হ্বোধ মনুষ্য জানেনা ঈর্বরের হস্ত কত বড়, কেমন উদার। ঈশ্ব-রের স্বভাব রূপণ নহে। তিনি এক বিন্দু দিতে পারেন না, আমরা আমাদের সঙ্গীত এবং প্রার্থনাবিতে এক বিন্দু এই শব্যবহার করি, কিন্তুদেই দয়াব।ন্*ঈশ্বরের*ূপ**কে** এক বিন্দু বিতরণ করা অসম্ভব। তিনি মতবার ভাঁহার অনন্ত প্রেমের ভাণার হইতে প্রেম বাহির করেন ডাগা প্রচুর ১ রিমাণে আদিবে। ঈশ্বর মহুষ্য নহেন, অন্ত হতে জেম তুলি ে হই**লে অনন্ত পরিমাণে আদিবে। এক বিন্দু** দেওয়া তাঁহার পক্ষে অসাধ্য ব্যাপার। আটাহার এক বিন্দু আমাদের সিন্ধু অপেক্ষাও অধিক। অনন্তের কাছে অনন্ত শক্তির এক বিশু সামানা নহে। মখনই তিনি পাণীকে ভাঁহার <u>८क्षम मान करतन, ज्थनहै ज्यप्रांशि प्रतिभाग मान करतन,</u> ইহার কম তিনি দিছে পারেন না। যদি করণা দিতে হইল একেবারে ঢালিয়া দিবেন, পাপীর মন্তক্তে সম্পূর্তিপে শীতল করিবেন। তাঁহার করুণা এত অধিক পরিমাণে আনে যে আমরা ধরিসা রাখিতে পারি নান দলার প্রবাহ ক্রমাগত আদিতেছে, আমাদের কুত্র হদরপাত্র হইতে উথ- • লিত হইরা চারিদিকে বিস্তৃত হইয়া পড়িতেছে। কেহু যদি বলেন, হে প্রেমিদিয়া ঈরর, উংদবে আজ আমাকে িন্দু মাত্র রূপা বিও, ঈশ্বরের পক্ষে ইহা অসম্ভব কার্য্য। হথন তিনি তাঁহার প্রেম প্রকাশ করিবেন, তাঁহার প্রেমের রীতি ভাস করিয়া দেখাইবেন। প্রাথীরা যদিবলে ভূমি রূপণ হও, প্রত্যেক লোককে এক এক বিন্দু দাও, পাপীর অনু-রোধেও তিনি এরপ করিবেন না। পাণী যদি বারম্বার অনুরোধ করে, আমার জাদয় ক্ষুদ্র আমাকে কেবল এক विम् ए ५७, जाश जिनि अनित्वन न। कृत्र हिल्लन ना, কিন্দ**েপ রুপ্ণ হইবেন ? বারম্বার দ**য়ার উপর দয়া পার্পার জ্লরকে ভাষাইয়া দিজেছে। দমুদ্রের উপর সমৃদ, মহা জলপ্লাবন হইল। সখন ঈশতের প্রেমের ব্যাপার দেখিতে দেখিতে এই প্রগাঢ় বিশাস হইল যে তিনি জল্ল পরিমাণে पान कतिरवन ना, उथन आह कथनन्छ " विम् कुला पाछ " **এ**ই প্রার্থনা করিব না। যথন প্রেমের বান ডাকিবে তথনা প্রচুর পরিমাণে, অপর্যাপ্ত পরিমাণে প্রেমের প্রবাহ মৃত্তকের উপ্র দিয়াচলিয়া ঘাইবে। যত প্রিমাণে বাথিতে পারি

अम खामना दावि। ज्यादा अंड भाभ रत, य अन्न ममत्र আদিতে পারে যখন ঈশ্বরের প্রেম ধারণ করিতে পারিব ন।। যথন হয়ত দেখিব চারিদিকে বিখাদীরা বিশাদের জরধ্বনিতে পৃথিবীকে কাঁপাইতেছে; কিন্তু আমার নিজীব হুদর মন তখন ঈশ্বরের প্রেম গ্রহণ করিতে অক্ষম। ৰাস্তবিক চিএকলে আমাদের বিশ্বাদ সতেজঃ, এবং জ্বর সরস খাকে না, অতএব দে সকল বিপদ হইতে রক্ষা পাইবার জন্য এখন প্রচুর পরিমাণে প্রেম সঞ্জ কর। এমন অনেক পশু এবং অনেক কীট আছে ঘাহারা শীতকাল আমিবে ৰপিয়া অন্যান্য অমুকূল ঋতুতে আবশ্যক সামগ্ৰী সকল সংগ্রহ করিয়া রাবে। এই শুভ সমূরে প্রেমবারি সক্ষ করিয়া রাধ। এখন অবন্ত হইয়া প্রেম গ্রহণ কর, বিনীত বিশাণী হইয়া থাক, অবহেলা করিলে অনেক দণ্ড পাইতে হইকে। উৎদৰে যে দকণ বস্তু আমরা লাভ করি, দে দুশুলারের জন্য আমধা দারী। এক এক উৎদবে কভ প্রেম ৰধিত হইল, আমহা তাহার উপযুক্ত কি করিলাম ? স্বর্নে প্রেম জ্নত্যে ধারণ করিয়া রাখিলে এত দিনে জ্নের বৃত প্রশস্ত হইত। হৃদয় উদ্যানে অনেক ফুল ফুটিত. নানা **৫দ**েশর, নানা যুগের ভক্ত প্রেমিক যোগী আমাদের জ্**দ**র 🌣 উন্যানে আদিয়া আপনাদের স্থান নিরপণ করিতেন। মনুষ্যের . হুদ্রের মুণ্যে অনেক গুলি ঘর আছে। কোন সাধু বলিয়। িবিহাছেন, আমার পিতার ধরে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র ধর আছে। বাস্তবিক যেমন স্থানীয় পিতার ঘরে অনেক গুলি ক্ষুদ্র ক্ষুদ্র কুরীর আছে দেইরূপ দাধুব জ্নরের মধ্যেও এক একজন ডকের জন্য এক একটা বাসস্থান নির্ম্মিত রহিরাছে। সাধু সেবানে এক ঘরে যোগীকে স্থান দেন, এক ঘরে ভক্ত চুড়ঃমণিকে অভঃপঁনা কবেন, এক ঘরে মহাজনকে স্মাদর করেন, এক ঘরে অত্যন্ত জ্ঞানী স্থপতিতকে স্থান দেন, এক খরে যিনি নর নারীর ছংখ মোচন করিবার জন্য জীবন দান করিরাছেন তাঁহাকে স্থান দেন। ভক্তের ধর এক প্রকার, যোগীয় ধর এক প্রকার। ভক্তিরস পানে প্রমন্ত গভীরাত্ম ভক্তের এক প্রকার ভাব, আর গভীর ধ্যানে নিমগ্ন ষোগী ঋষি মুনির এক প্রকার ভাব। এক জনের মুখলীতে আংগাঢ় মাধুর্যা, আর এক জনের মূবে খনীভূত গান্তীর্যা। ষিনি ইচ্ছার দৃষ্টাস্ত দেখাইতেছেন, যিনি প্রাতঃকাল হইতে শক্ষ্যা পর্যান্ত নানা প্রকার পরিশ্রম এবং আয়াদ দহকারে কত প্রকার দাধু অমুষ্ঠান, করিভেছেন, তাঁহাকেও দাধু আপিনার অহদেয়ের ধরে স্থান দেন। সাধু সকল প্রকার জ্ঞানীকেই সমাদর করেন। মুসলমানের শান্ত গ্রহণ করিব না, খৃষ্টানের শাস্ত্র গ্রহণ করিব না, এ সকল नौिक किनि व्यथाश करंद्रन । बाखदिक यथार्थ उड़ानीत हार्ति-দিকে সমুদর দেশের এবং সমুদর কালের শাস্ত্র সকল বহি-রাছে। বেদ বেদাভ, পুরাণ উপনিষৎ বাইবল কোরান রাশি রাশি সংস্কৃত ও উচ্চ ইংরাজি ভাষার ধর্মগ্রন্থ হইজে

তিনি জ্ঞান লাভ করিভেছেন। সেই দ্বিন্ব স্পশ্তিভকে पिथिटन त्याथ रह, हेराँ ह नाम मीमारना। छाराद जिरुदं প্রাচীন আধুনিক পূর্ব্ব পশ্চিম সমুদর কালের এবং সমুদর দেশের ধর্মশান্তের সামঞ্জস্য। প্রস্তুত ত্রান্ম যিনি তিনি সকল প্রকার অভিমান পরিক্যাগ করিয়া আপনার মনের মধ্যে मकल প্রকার যোগী প্রবং ভক্ত সাধকদিগকে স্থান দান করেন। বিস্তু জ্দর প্রেমিক না হটলে কেহই সকলকে चान पिटल পाद्रन ना। প্রেম ভিন্ন হৃদরের মধ্যে শাধু-দিলের বাসস্থানের পতান ভূমি হইতে পারে না। **প্রেনে** অভিধিক্ত হইলে মুকলকে অভার্থনা করিতে পারা যায়। প্রেমের সহিত যোগী ভক্ত মুনি ঋষি জ্ঞানী স্থপতিত হিভামু-ষ্ঠায়ী মহাজন সকলকেই আলিঙ্গন করিতে হইবে। ঈশ্বরের সহস্র দিক্ আছে, তাঁহার এক দিকে জ্ঞান এক দিকে প্রেম, এক নিকে পবিত্রহা, এক দিকে শঃস্তি, ইত্যাদি নানা প্রকার ভাব রহিয়াছে। সাধকদিনের প্রকৃতি অনুসারে তাঁহা-দিনের অন্তরে ঈশ্বরের এই এক একটী বিশেষ ভাব প্রতি ভাত হয়। প্রেমযোগে দকল প্রকার যোগ দংস্থাপিত হয়। এক প্রেমযোগে ঈশ্বর তাঁহার আপনার দিকে যোগীভক্ত জ্ঞানী দেবক দকলকে আকর্ষণ করিতেছেন। তিনি যেমন তাঁহার সকল প্রকার সাধকদিগকে তাঁহার দিকে টানিভেছেন সেইরপ তাঁহার সাধু সন্তানও নিজের হৃদরের মধ্যে যত্ন-পূর্ব্বক সকলের জন্য কুটীর নির্ম্মাণ করিয়া দেন। সাধু আপনার হৃদরের মধ্যে অতিথি দেবা আরন্ত করেন। কেবল ইংকালের জন্য নয়, অনস্ত কালের জন্য প্রেমরাজ্যে সকলেই স্থান পাইবেন। এক এক জন শাধক এই রাজ্যের এক একটী বিভাগ দেখাইয়া চলিয়া গিয়াছেন। ব্রহ্মস্করপের অনেক অংশ; ইহার এক অংশ অমুক ভূখতে, এক অংশ আর এক ভূমি থতে, আর এক অংশ আর এক[্] ভূ**খতে।** ত্রান্ধ সকল ন্থান হইতে ইহা সঞ্য করিয়া লন। তিনি চারিদিক্ হইতে সহস্র খণ্ড একত্র করিয়া একটা সুন্দর প্রকৃত আদরের বস্তু নি-র্মাণ করেন। বিভিন্ন কুটীরে বিভিন্ন প্রকার সাধক। ইহলোক এবং পরলোকে, কি যোগী কি ভক্ত,যত প্রকার সাধক আছেন সকলকে জ্গরের মধ্যে স্থান দিতে হইবে। এই প্রকারে সাধন কর, তাহা হইলে অত্যস্ত স্থ্যে কাল যাপন করিতে পারিবে। তুমি যদি আজ ডক্ত-ভামণি চৈতন্যের দক্ষে দেখা করিতে চাও তাঁহার ভক্তিভাব তোমাকে সেখ দিবে। ত্মিষদি ত্রীক্ দেশীয় কোন শাস্ত্র পাঠ করিছে চাও, তোমার হুদরের মধ্যে যে শান্ত্রী আছেন তাঁহাকে জিজ্ঞাসা কর, সেধানে সকল শাল্কের সারাংশ জানিতে পারিবে। তোমার হৃদরের মধ্যে যে গুরু আছেন তাঁহার অনুগত হইলে দকল দেশের এবং দকল মুনের যোগ, ভক্তি, এবং সাধুদৃষ্টান্ত তোমার হইবে। সৃষ্টির আরম্ভ হইতে এই পর্যান্ত যোগা, ভব্তি এবং দেব। সম্পর্কে যত দৃষ্টান্ত ত্ইরাছে, পৈতৃত সম্পত্তির ব্যার ভোমরা সমুদারের অধিকারী

হইবে। দিখিলরী পতিত আর কে আছেণ দিখনের
নিষ্ণ পরে, ইহলোক এবং পরলোকে যত প্রেমিক, যত
ভক্ত, যত যোগী, যত শালী আছেন, তাঁহারা সকলেই
প্রেমিকের ক্লবে আদিরঃ বাদ করিতে লাগিলেন। আমরা
বেন এইরূপ হই। বংসর বংসর ষেমন প্রেল্থ সঞ্চর করিব
ভেমনি দিশ্বর এবং জগৎকে ফেন দেশাইতে পারি আমাদের
শত্রু আর এক জনও রহিল না। দিশ্বর আশীর্ষাদ করুন
বেন এইরূপে প্রেমরাল্য বিস্তৃত হর। সকল দেশীর
ঘোগী তক্তের প্রতি যধন প্রত্যেক ব্রাহ্মের ভক্তি হইবে তখন
ব্রাহ্মমাজের শুভ লক্ষণ হইবে। তখন ব্রাহ্মমাজের
লক্ষ্য সিদ্ধ হইবে। তখন সকল প্রাণ এক প্রাণ হইবে। তখন
আর বিরোধ, বিবাদ থাকিবে না। তখন সকল শাল্রের
মীমাংসা হইবে, সকল সম্প্রদারের মধ্যে শান্তি সংস্থাপিত
হইবে। এই যে উচ্চ প্রেম যাহা সকল জ্ঞাতিকে গ্রহণ করে,
এস আমরা এই প্রেম গ্রহণ করি।

১২ই মাঘ ব্ধবার। ভারতআগ্রমে ব্রাক্রিকাসমাজ অতি সমারোহের সহিত সম্পন্ন
হইয়াছিল। এ বৎসর বিশেষরূপে উপাসনা
ঘর ও সমস্ত বাড়িটী পুষ্প পত্র এবং আলোকমালায় সজ্জিত করা হয়। নানাস্থানের ব্রাক্রিকাগণ উপস্থিত হইয়া উপাসনাদি করেন। বহু
সংখ্যক বালক বালিকা এবং শতাধিক ব্রাক্রিকা
ও হিন্দুমহিলাতে আগ্রম পরিপূর্ণ হইয়াছিল।
ইহার বিস্তারিত বিবরণ একটা শিক্ষিতা ব্রাক্রিকা
লিখিয়া দিয়াছেন তাহা এই;—

১২ই মাঘ বুধবার ত্রান্মিকারা এই আনন্দোৎ-সব উপলক্ষে আশ্রমে সমাগত হন। আশ্রমের প্রশস্ত উপাসনা গৃহ পুষ্পমালা ও ঝাড় প্রভৃতি দারা হুশোভিত করা হয়। ভক্তিভাজন শ্রীযুক্ত প্রতাপ চক্র মজুমদার মহাশয় প্রাতঃকালের উপাসনা কার্য্য সম্পন্ন করেন। প্রাতঃকালেও স্থানান্তর হইতে কতকগুলি ব্রাক্ষিকা ভূগিনী স্থাগত হইয়াছিলেন। জাক্ষিকাদের বিশেষ উৎসবের দিনে তাঁহাদের স্লেহমন্ত্রী জননী সকলের অভাব ও তুঃখ শ্রেবণ ও তাহা দূর করি-বেন এই জন্য তিনি আৰু উপাদনা গৃহে উপ-স্থিত হুইয়াছেন। মাতার নিকট কন্যাগণ আজ সরল ও কাতর অন্তরে যাহা প্রার্থনা করি-বেন তিনি তাহাই প্রদান করিবার প্রস্তুত রহিয়াছেন, যেন জননীর নিকট আজ

সরলভাবে সকলে তৃঃথ ও অভাব জানাইয়া প্রার্থনা করিতে পারি, এই ভাবে তিনি প্রার্থনা করেন। অপরাত্র ৪।৫ টার সময় নানাস্থান হইতে ভগিনীগণ আসিতে লাগিলেন। পাঁচটার সময় "বামাহিতৈষিণী" সভার অধিবেশন হয়। সভার সম্পাদিকা শ্রীমতী রাধারাণী লাাহিড়ী পূর্ব্ব পূর্ব্ব সভায় পঠিত তিনটা প্রবিদ্যার সারাংশ পাঠ করিলেন। পরে তিনি নিজ্ঞালিখিত "স্ত্রীলোকের কার্য্য ও শিক্ষা" এই বিষয়ে একটা প্রবন্ধ পাঠ করেন, তিষ্বিয়ে অঙ্কা আলোচনা হইয়া সভা ভঙ্গ হয়।

সন্ধ্যার প্রারম্ভে আশ্রমবাটী একটা স্কর ভাব ধারণ করিল। পুপ্সমালা দ্বারা স্থ্যজ্জিত াহ আলোক সংযোগে অধিকতর শোভা পাইতে मकरलत मूथमछल প্রফুল হইল। ভগিনাগণ ক্রমে ক্রমে উপাসনা ঘরে প্রবেশ করিয়া আসন গ্রহণ করিলেন। সমবেত মহিলা-গণের মধ্যে অধিকাংশ ব্রাহ্মিকা এবং অনেক গুলি সম্রান্ত হিন্দু রমণীও উপস্থিত ছিলেন। চতুর্দিকে কন্যাগণ, মধ্যে সেই স্লেহ্ময়ী মাতা কন্যাগণের পূজা গ্রহণ করিবার জন্য গম্ভীর ভাবে বিরাজ করিতেছেন, ইহা অমুভব করিয়া হৃদয়ে কত আনন্দ হইল তাহা বলা যায় না। ভক্তিভাঙ্গন আচাৰ্য্য মহাশয় বেদীতে আসন গ্রহণ করিলেন। নারীর সর্বোচ্চ ও সর্বভ্রেষ্ঠ পতিপরায়ণতার আদর্শ বিষয়ে উপদেশ দেওয়া হয়। তিনি বলিলেন যে নারী স্বভাষতঃ পতি-প্রাণা, সতী নারী তাঁহার প্রাণ মন সমস্তই পতিকে সমর্পণ করেন। তাঁহার হাদয়ের সমস্ত প্রেম একমাত্র স্বামীতেই সমর্পিত। ভাঁছার ইচ্ছা কাৰ্য্য কিম্বা ক্লচি কিছুই পতিকে অতিক্ৰম करत ना। नाती! यपि पृत्रि अहे পृथिवीत প-তিকে এইরূপে প্রাণ মন দান করিতে পার তরে যিনি পরমপতি জগতপতি তাঁহাকে জীবন সমর্পণ করা তোমার পক্ষে কন্ত সহজ : স্থতরাং ধর্মের সাধনও তোমার পক্ষে সহজ। এক সোপান উর্দ্ধে উচিলেই এই সর্ব্বোচ্চ সতী-ছের আদর্শ হইতে পার। যেমন এই সংসারের

বানীকৈ থাণ সমর্পণ করিতে কৃষ্ঠিত নহ, তেমনি অকৃষ্ঠিত হৃদয়ে পতির পতি যিনি তাঁ-হাকে কেন জীবন সমর্পণ কর না? তিনি যে সংসারের স্বামী অপেকা কতগুণে অধিক মঙ্গলা-কাজনী? তাঁহাকে সর্বস্থ দিয়া যে একবারে নিশ্চিম্ভ হওয়া যায়? অতএব হে নারী! তাঁ-হাকে অম্ভরের প্রেম দান করিয়া, প্রাণ সমর্পণ করিয়া কৃতার্থ হও।

১৩ই মাঘ। সাধনকাননে স্বান্ধ্যে উপা-সনা। প্রায় এক শত ব্রাহ্ম তথায় সমবেত হইয়া সমস্ত দিন আনন্দ সম্ভোগ করিয়াছিলেন। পুষ্প কুন্তা বৃক্ষপল্লবে উদ্যানটী অতীব স্থন্দর ভাব ধারণ করিয়াছিল। চারিদিক হরিদ্বর্ণ তরু-শাখায় আচ্ছন্ন, কিন্তু নিম্নন্থ ভূমি সর্ববত্রই শ্বপরিষ্কৃত, যথা ইচ্ছা তথায় সকলে ভ্রমান করিতে এবং উপবেশন করিতে পারিলেন। নানা বর্ণের রুহৎ গোলাপ পুজ্প বিক্সিত হইয়া অপরূপ সৌন্দর্য্য বিস্তার করিয়াছিল। মন্দ মন্দ শীতল বায়ু সে-বিত কণ্টকী বৃক্ষকুঞ্জ মধ্যে উপাসনা হয়। স্থানের প্রাকৃতিক মনোহর সোভা সন্দর্শনে এবং ম্বন্দর বিহঙ্গকুলের মধুর কণ্ঠ বিনিঃস্থত সঙ্গীত শ্রবণে প্রীত হইয়া সকলে সেই বনদেবতা হৃদয়-সথা ঈশ্বরের পূজায় নিযুক্ত হইলেন। উপাসনান্তে আচার্য্য মহাশর, সংক্ষেপে একটা কবিত্ব রসপূর্ণ ৰক্তা করেন। তদনস্তর রক্ষতলে ভোজনাদি সমাপন করিয়া সদালাপ হয়,পরে পুক্ষরিণীর তটে সকলে একত্রিত হইলে এীযুক্ত অযোরনাথ গুপ্ত এবং শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ গোসামী যোগ ও ভক্তি-সাধন বিষয়ে ছুইটা প্রবন্ধ পাঠ করেন। প্রবন্ধ ছুইটীর কিয়দংশ এখানে প্রকাশ করা গেল।

বোগদাধন:—ছই পদার্থ দায়িলিত হইলে যোগ হয়।
বেষন বাহ্য জগতে পরমাণুর একত্র সমাবেশ না হইলে বস্ত দিস্মিত হর না, তত্রপ পরমান্ত্রার সহিত জীবান্তার মিলন না
ইইলে যোগ কথনই হইতে পারে না। তবে যোগের পাজ্য উতরের সন্মিলন হওয়া আবশ্যক। কিন্তু যোগ করিবার আনার প্রয়োজন কি ? তিনিত প্রতি জ্যারে ও প্রতি আন্তাতেই
স্বাস্থিতি করিতেক্রেন। ক্রাপ্তি স্বাস্থ্য জাঁহা হইতে

পুরে নর 🕈 ভবে আর চেঠা ও নাধন করিয়া পরমান্তার সহিত মিলন করিতে হইবে কেন ? কারণ, ীমূরতা থাকিলেই স্নানা-উপারে যোগ সাধন করিতে হর, কিন্তু তাঁহার নিকট হইতেড আত্মা দূরে ৰহে ? তিনি যে আত্মার অন্তরাত্মা হইয়া বাস করিতেছেন। **প্রকৃত** ষোগী অতি ভম্ভীর স্বরে ইহার **প্রতিবাস** করেন। তিনি বলেন দেই ভূমা প্রমান্তার সহিত মুখ্যা-স্থার বিবিধভাবে পার্থক্য আছে। এক প্রকৃতিগত প্রভের আর এক ইচ্ছাগত প্রভেদ, এই দুই প্রকার প্রভেদ 🕶: **पृत्रका मृक्षे दरेहा थाकि। किनि পূर्व स्वाजा अपूर्व, किनि** অনস্ত ও আত্মা পরিমিত, তিনি সম্পূর্ণ ভদ্ধ আত্মা কলক্ষিত তাঁহাতে অজ্ঞান ও অসত্য বিশ্ মাত্র নাই; কিন্তু আস্থাতে ভাহাও দেখিতে পাওয়া যায়। তবে প্রকৃতিগৃত প্রভেদ প্রভাক পরিদৃশামান হইল। দ্বিভীয়ত: আত্মার সেরপ অবস্থা তাহাতে নিশ্চয়ক্লপে বলা ঘাইতে পাংর, যে সে সম্পূৰ রপে তাঁহার ইচ্ছার অধীন নহে। অভেএৰ ধৰন ভ্রানে দ্রতা, ভাবে দ্রতাও ইচ্ছার দূরতা গিরা নৈকট্য লাভ হর তথন যোগের আরম্ভ হর।

আত্ম ঐ রূপে তাঁহার সহিত সম্মিলিত হইরা নিরম্ভর তাঁহার সহবাদে অবস্থিতি করে পরিশেষে " তাঁহাতে আমি আমাতে তিনি" এই রূপ ওতপ্রোত সোগ হর। কিন্তু ইহাও শেষ নহে। আবার কার্যো ভাবে ও জ্ঞানে ঐরপ ওতপ্রোত যোগ হইলেই যোগের পূর্ণাবস্তা লাভ হইরা থাকে। যোগের প্রথম সাধন নিগুর্ণ স্বার উপলব্ধি।

দ্বিপ্রহরা রক্তনী,অমাবশ্যার অন্ধকারে সমুদার আকাশ আচ্ছন্ন, প্ৰকৃতি নিত্তন, চাহিদিক্ গম্ভীর; এমন অন্ধকার যে আপনার দেহ পর্যান্ত অন্ধকারে মিশাইরা যার। এমন সমর একা শিক্ষনে বশিরা ভাবিলে কি টের পাওরা যার 🕈 তখন শরীর ডোল হইরা আসে, গা চম্ চম্ করে, ভরে সর্ম্ব শরীর স্তম্ভিত হের, যেন ৰোধ হয় কে আমার কাছে; অখন ভাহার আকার নাই, কোন ৩৭ও জানিতে পারি না। কিন্তু এক জন আমার নিকটে ইহা নিশ্চর। তিনি কে? তাঁহার নাম कि ? छांशांत्र व्यावाम काबांत ? हेनिहे त्महे कीवल शुक्रव ধিনি এই অন্কার অবিশাদের আবরণে লুকারিড, তিনিই বোগীর নিকট সম্দার আবরণ ভেদ করিয়া প্রকাশিত হইরা পড়েন। স্বতথৰ যোগ সাধনের পুর্বেই ভাঁছার নিওঁ। সভা উপলব্ধি করা চাই। অর্থাৎ তাঁহার জ্ঞান ও করুণা প্রভৃতি ৩৭ মরণ করিয়া সতা উপলব্ধি করিতে গেলে বিশ্বাস वाष्टि रत्र ना,शर्मकीयत्वत्र मूल क्षुए हहेरक शास्त्र ना । कात्रव অবশ্বন সাপেশ বে বিখাস তাহা দৃঢ় ৪ গভীর নহে। नित्रवन्तर ভाবে উপनक्ति कतारे मादवास् विश्वाम, अ विश्वाम व्याद हेटन ना।

" ভূমি আছ" এই বীজময় যনে মনে উচ্চারণ করিয়া ঐ নিত্রণ সভা সাধন করিছে হইবে।

্বিতীয়তঃ ব্যৱদে অনত, ধারণে সমীর্ণনা চাই 💃 অর্থাৎ

শাধনের সমর অরণ রাখিতে হইবে যে তিনি অনন্ত সর্বাগত, কিছু তাঁহাকে ধারণ করিতে হইবে অর ছানের মধ্যে।

বোণের গতি ভূতরের দিকে। সমুদার ইন্দ্রির সংযত করিরা ক্রমাগত ভিতরের দিকে যাইতে হইবে। চক্ষ্
দিনীলিভ করিরা কেবল অস্তরের জগৎ নিরীক্ষণ করিতে হইবে। হস্ত পদ চক্ষ্ কর্প প্রভৃতি সমুদার ইন্দ্রিরদিগকে নিরীকার অস্তর্জগতে লইরা প্রবেশ করা চাই। যোগীকে কেবল সেধানকার সৌন্দর্য্য লাবন্য বল, ভেল, ভ্যোতি দেবিতে হইবে। সেধানকার চন্দ্র স্থ্য উদ্যান পূষ্প নদী পাহাড় সমুদ্র অবলোকন করিতে হইবে।

যোগের গতি দ্বিবিধ। ভিতরে যাওরা ও বাহিরে আসা।
কিন্তু যোগী কি চক্ষু নিমালিত করিরা ভিতরে থাকিবেন ? না,
থাকা তাঁহার পক্ষে তুর্বলভা। দিনি ঈশ্বরের মধ্যে প্রবেশ
করিবেন বটে; কিন্তু সেখানে থাকিবেন না, পুনরার আবার
সংসারে ফিরিরা আসিবেন। প্রথমে নিরাকারে নিরাকার
পরে সাকারে নিরাকার দর্শন হর। তথার কেবল দিনি
ভিতরে নিরাকার জীপুতাদি দর্শন করেন। এইরূপে তিনি
ভিতরে যান আর বাহিবে আসেন, বাহিরে আসেন
আবার ভিতরে যান, এইরূপে বারবার যাতারাতে যোগচক্র

কিন্তু ষোণের এই প্রথম গতি অবরুদ্ধ হয়। সম্বেদ্ধ স্থার, মধ্যে সংসার, পরে আয়া। স্থতরাং তবে ব্রহ্ম গ্রহণ হইল। কারণ মধ্যন্থলে সংসার ব্যবধান। ব্রহ্মঢাকা পড়িলেন। তবে কি যোগের জন্য সংসার পরিত্যাগ করিতে হইবে ংপরিত্যাগ করা অন্যায়। যিনি পরিত্যাগ করেন তিনি প্রকৃত যোগী নহেন। কিন্তু ঐ সংসারকে স্বচ্ছ করিয়া লইতে হইবে। ইহার সাধন কি ? সংসারকে স্বর্ধারের ভিতর লইয়া গিয়া সচ্ছ করিয়া আনিতে হইবে। সমুদার পদা-র্ধের আধ্যান্থিক ভাব গ্রহণ করিবার জন্য সাধন করা চাই।

যোগের প্রথম সাধন ভিতরে যাওরা। কোন একটা পাত্র হইতে বন্ধ নিক্ষেপ করিরা দিলে তাহা শুনা হর, পরে যদি আর একটা পদার্থ আনিরাতাহাতে রাখা যার ভবে দেটা পূর্ণ হয়। প্রথমতঃ যাহা কিছু দেখিতেছি ভাহা অসৎ বলিরা পরিত্যাগ করিতে হইবে। পদার্থ নিস্করের দত্তা নিজের নহে ঈশ্বরের নিকট হইতে ধার করা। অর্থাৎ সম্পার পদার্থ হইতে ঈশ্বরকে প্রত্যাহার করিয়া লইলেই এ সম্পার অসার অসৎ হইরা পড়িল; স্ত্রাং যোগীর নিকট এ বিশ্ব মৃত। তাঁহার কেবল ভিতরেই সার্থমনি, দার চিন্তা, সার বন্ধর প্রতি, অনুধানম এক মাত্র সাধন হয়। এইরপে বহু বংসর সাধন করিতে করিতে সংসার চিন্তা হইতে নির্ত্তি, জড় বন্ধর প্রতি আস্কি হইতে নির্ত্তি শাভ করিয়া কেবল সাহা নিরাকার অত্যান্তির দেই বন্ধকে দর্শন প্রবাণ ওম্পর্শ করাই তাঁহার একমাত্র কার্য্য হয়। কিন্তু

ছান থেকে আসিরাছিলেন আবার সেই স্থানে নিরা উপনীত হন। ভূগোলবেন্তারা বলেন পৃথিবীর কোন প্রক ছান
হইতে নৌকা ছাড়িলে আবার ঘ্রিতে ছুরিতে সেই নৌকা
সেই ছানেই উপস্থিত হয়। তজপ যোগিবর বলেন, যে
যোগরূপ জগং এইরূপ, প্রথম তিনি অসং বলিয়া জগং
ছাড়েন এবং ভিতরে সং পদার্থ দর্শন করিয়া আবার সেই
অসং পদার্থের মধ্যে, সং বক্তর আবির্ভাব প্রকাশিত
দেখেন। অর্থাৎ এখন তিনি নিরাকার ব্রহ্মকে সাকার
ভূমিতে প্রতিষ্ঠা করেন। তবে ভিতরে ঘাইতে ও বাহিরে
আদিতে কি সাধন করিতে হইবে ?

- ১। জনৎকে অসার বলিয়া ত্যান করা।
- ২। অস্তরে নিরাকার পরম পদার্থকে অমুভব করা।
- ু দেই অসার জগতে পুনর্কার সার পরম বস্তুকে দর্শন করা।

সংসারে থাকির। যোগী হইতে হইলে এক বার সংসার
পরিভ্যাগ করা চাই। যোগের প্রথম গতি যে বাহির
হইতে ভিতরে যাওরা এইটার নাম বৈরাগ্য। হিতীর
াবস্থার যোগী যে নিরাকার ঈশরকে দর্শন প্রবণ ও সভোগ
করেন ইহা নিরাকার সাধন। এই বৈরাগ্যকে মনোগমন
বা বনগমন বলা যার।

ষে দিন জী পুত্র, ধৰ সম্পদ, ধর বাড়ী ছাড়িরা সংসা-রের অভীত স্থানে গমন করা যার, সেই দিন হইতে সন্ন্যা-সাজ্ঞম আরম্ভ হয়।

বৈরাগ্য চুই প্রকার।জ্ঞানগত ও ভাবগত, এক মন ও এक इत्रप्त, अक यूचि ४ अक छात। छ्लानरेवत्रांशी रक ? যিনি বৃদ্ধি ঘারা বিচার করিয়া কটি পাথরে পরীক্ষা করিয়া বুঝিরাছেন এ সংসার অসার, এ সোণা নহে এ গিল্টি করা। আর বাঁহার অসার ৰলে এসব ভাল লাগে না তিনি ভাব বৈরাগী। কিন্তু যোগের পক্ষে বৈরাগ্য একান্ত প্ররোজনীয়। কারণ বৈরাগ্য অবলম্বন না করিয়া ভিত্তরে গেলে সংসারে প্রত্যাগমন অনিবার্য। যেমন এক খণ্ড সোল। অতলক্ষার্শ গভীর জলের মধ্যে লইরা যাও আবার সে ভাসিরা উঠিবে। তজপ অসংয়ত লঘু মনকে ডিভরে লইয়া গেলৈ সে আৰার সংশারে ভাগিরা উঠে। , ভিতরের রাজ্য ত্রশাসিত না হইলে, विद्यारी क्षजामिगदक वनीकृष कदिएक ना शादितन, व्यावाद ভাহারা আক্রমণ করিবেই করিবে। স্থুল্দশী জ্ঞান কেবল বাহিরে ফেরে; কিন্তু খোগের পক্ষে বস্তুভেদী জ্ঞান চাই। मिट छात्न **এই ममुनात्र एक्द्री वाक्री, वा**क्, मात्रा बनित्रा প্রতীত হয়।

ধন ম'ন আহার পরিচেছদ কোন কোন বিবরে ভাসকি আছে তহা পরীকা করিয়া দেখিয়া ছাড়িতে ইইবে।

প্রথমাবভার তৃংখ গুরু সুখ শুরু, তৃংখ স্বর্গ নিরক। যাহাতে সুখ হর তাহাতে ভিকরন মিল্রিত করা নাই। দুষ্ট বাহ্য বৈরাগ্য অপেকা আভারিক আদৃষ্ট বৈরাগ্য শ্রেষ্ঠ। বৈরাগ্য সাধনের জনা ইচ্ছাপূর্বক এমন কট গ্রহণ করা উচিত মহে যাহাতে রোগ জন্মে।

বৈরাগ্য না হইলে সংক্র সিদ্ধ হয় না, কিন্তু সংসারে প্রকৃত বৈরাগ্য নিনিয়া লওয়া স্ক্রিন। মিথ্যা ক্রিত বৈরাগ্যই প্রচুর দেখা যায়। ইহা অস্তরের ধন। আন্তরিক বৈরাগ্য প্রতি জনের জনরে সভত্র প্রকারে অবস্থান করে। এক দেশে, এক সমরে এক জনের পক্ষে হাহা বৈরাগ্য অন্য দেশে অপর সমরে আর জনের পক্ষে ভাহা বৈরাগ্য মহে। তবে বাহ্য লক্ষণ হারা ইহা জানা স্ক্রিন। পৃথিবীর অসার স্বথের প্রতি বিরক্ত ভাবই বৈরাগ্য। প্রথমে অসার স্থের প্রতি উদাসীন ভাব, পরে বিরাগ। বৈরাগ্যের হেতু কি ? এক অসার বলিয়া সংসারকে ভাল না বাসা, আর এক সংসার ইন্দ্রিয় রত্তির উত্তেজক ও পাপের কারণ এই জন্য তাহাকে হুণা করা। তৃতীয়তঃ যদি ইন্দ্রিয়াসক্ত না হওয়া যায় তবে ছেদ্বারা জগতের জন্য প্রায়শিত্র করিয়া তাহার মঙ্গল করা স্বায় । শেশোক্ত বৈরাগ্য ভক্তি বিভাগের।

শুথ ভোগ নিষেধ কথন গ্যথন হাহা গর্ম্মের প্রতি বন্ধক.

শাংসন, ইন্দ্রির সংঘম আত্মনিগ্রহট বৈরাগ্য। ইহা সকলের পাক্ষে সমান নহে আপেন্ধিক। শিথিলতা অভিরতা স্থাসক্তি সোণীর পাক্ষে ভারানক পাপ। ইহা সাধন সাপেক্ষা। ব্যাসের জন্য চারিটা বিষয়ে ভিরতা চাই। স্থান, আমন শার ও মন। প্রতিদিন এক হানে বসিয়া যোগাভাসেকরা উচিত। আজ এক স্থানে কাল অপর স্থানে এরপ করা বিধের নহে। এইরপ আমন বিষয়েও চৃষ্টি রাখা উতিত, যোগাভাগের মুমুর শরীবেকও স্থির রাখা চাই কারণ শ্রীরের অভিরত্য জনিত মনের চাঞ্চল্য হয়। মনকে মুখুত করা স্ক্রিপেঞ্চা কঠিন, নির্দ্রাত দাপের ন্যার ইহাকে এক বিধ্যের নিশ্চল রাখিতে হইবে।

পথ কথন গম্য হান হইতে পারে না। বৈরাগ্য পথ
না মন্য হান ? বৈরাগী হওয়া উচিত না থাকা উচিত ? ইহা
উপার না লক্ষ্য ? ইহা অবলম্বন মাত্র, স্মৃতরাং একবার সন্মানী
১ইতে হইবে ; কিন্তু থাকিতে হইবে না। এই সন্মাদের নাম
তপ্যা। কারণ ইহার ঘারা লক্ষ্য দিল্ল হইলেই তাহা আর
রাখিবার প্রয়োজন নাই। যেমন ক্ষ্যা নিবারণ করিয়া
লানীরকে পরিপুত্ত রাখিবার জন্য লোকে আহার করে ; কিন্তু
ময়ত দিন কেহ থার না। তপ্যার নির্মাদিও সেই
রপ্র, অভীষ্টদিল্ল হইলেই আর ভাহার প্রয়োজন হয় না।
গেমন গৃহনির্দ্মাণ সময়ে ভারা বাধিতে হয়, কিন্তু নির্মাণ
কার্য্য শেষ হইলে আর তাহা রাখিবার আবশ্যক হয়
না। তদ্রপ চিত্ত সংঘত ও আলাবশীভূত হইলে আর
বৈরাল্যের আবশ্যক হয় না। এই বৈরাগ্য ত্ই প্রকার,
নিত্য বৈরাগ্য ও শাম্যকি বৈরাগ্য। তপ্য্যার নেতা স্বয়ং
ক্রেশ্বর। তবে ক্মানী বৈরাগী জীবন কি ? নিদ্রা পরিত্যাগও

নহে নিজাধিক্যও নহে। আহার পরিত্যাগও নহে, আহারাধিক্যও নহে; সুধ ত্যাগও নহে, সুধাসা ক্রও নহে। বৈরাগীর মুধ
সহাস্যও নহে ওজও নহে। তাহার মুধ দেখিয়া ঐ ব্যক্তি বড়
সুধী বলিয়া কাহার হিংসাও হয় না, আবার বড় ছৄঃধী বলিয়া
তাহার প্রতি কাহার দয়াও হয়না। ধর্মাক্ষনিত একপ্রকার গভীর প্রশান্ত ভাব। দীনতা বৈরাগীর প্রধান লক্ষণ। গরিব ভাব
নমুভাব অল্লেতে সল্ভোষ। ত্যাগেতে ফল নাই, আদেশারু
সারে ত্যাগ করিলেই ফল হয়।

(ক্ৰমণঃ)

ভক্তিসাধন:—পুরাণে লিখিত আছে, এক দিবস, মহর্ষি বেদবাস দীনভাবে ছংখিত চিত্তে স্বীর আশুমে উপবিষ্ট আছেন, এমন সময় দেবর্ষি নারদ সেই স্থানে আগমন করি-লেন। বেদবাস নারদকে স্বাগত জিজ্ঞাসা করিয়া কছিলেন, দেবর্ষে! আমার চিত্ত কিছুতেই স্প্রসন্ন হইতেছে না, আমার চিত্তকে সর্বদাই অস্তত্ত্ব বোধ করিতেছি। আমি ফেতশীল, মেগাবী, ত্রতগানী, বাজ্ঞিক এবং ওপস্বী, তবে আমার চিত্ত অস্তত্ত্ব হইল কেন ? বেদবাসের নাক্য প্রবণ করিয়া নারদ কহিলেন, মহর্ষে! আপনি বেদ চতুক্টাকে বিভক্ত করিয়াছেন, অফাদশ পুরণ ওচনা করিয়াছেন, আপনার রচিত মহাভারতে মহুগোর জ্ঞাতব্য সমস্ত নীতি ধর্ম্ম সন্ধিবেশিত হইরাছে, কিন্তু যাহাতে চিত্ত প্রসন্ন হর, মনুষা শোক মোহ হইতে মুক্ত হইয়া প্রেমানন্দ উপভোগা করে, আপনি তির্ঘর আলোচনায় প্রস্তুত্ব হন নাই।

" প্রবণং কীর্ত্তনং বিষ্ণেঃ স্মরণং প্রাদদেরনং। অর্চ্চনং বন্দনং দাসাং সংখ্যায় নিধেদনং ''।।

এই নব বিধ উপার দ্বারা ভগবান্ হরির দেবা করিতে করিতে জীবগণের হৃদগক্ষেত্রে ভগবন্ধ কি রক্ষের অঙ্কুরোদগম হয়। নবাদগ্রুক সাধন রূপ বারি দ্বারা ভক্তরক্ষ যতই অভিবিক্ত হয়, সেই পরিমাণে উহা শাখা প্রশাধার পরি-বর্ত্তির হইয়া ভগবন্ধন রূপ অমুদ্য ফল প্রদান দ্বারা সাধ-কের হৃদরকে স্প্রসন করে। অভএব আশনি ভগবান্ হরির গুণকীর্ত্তনে প্রস্তুত্ত হউন। আপনার চিত্তবাধি দূরীভূত হইবে। মহর্ষি বেদবাস দেবর্ষি নার্দের উপদেশাসুরূপ কার্যা করিয়া চিতের প্রসন্ধতা লাভ করিলেন। এই উপাধানের মধ্যে ফুইটা ভাব গুঢ়ভাবে অবস্থিতি করিতেছে। প্রথমতঃ ভক্তিবিনা মনুষ্য শান্তি লাভে সক্ষম হর না। দ্বিতীরতঃ গুরুপদেশ ও সাধন ভিন্ন সাধারণ নরনারীর অন্তরে ভক্তির উদর হয় না।

(বেদবাস যেরপ ভক্তিধীন অবস্থার শান্তির্থ সন্তে গে সক্ষম হন নাই, বর্তমান সময়ে প্রাক্ষদিগেরও সেইরপ অবস্থা উপস্থিত হইরাছে। প্রাক্ষদিগের মধ্যে অনেকে নানা প্রকার ধর্মগ্রেস্থ পাঠ করিয়াছেন, তর্কশাস্ত্রে মুপণ্ডিত হইরাছেন, পৌত্তলিকভার সংশ্রব পরিভাগে করিয়াছেন, সময়ে সময়ে উপাসনাও করিয়া থাকেন, তথাপি তাঁহাদিনের চিত্ত প্রসন্ন নছে। যদি কেছ জিজাসা করে, হে বান! তুমি বালাবর্ম গ্রহণ করিয়া শান্তি লাভ করিয়াছ কি না! বালা যদি সভ্য কথা বলেন, ভাহা ছইলে তিনি বলিবেন, না। বালাগণ উপাসনা কালে যে সামন্ত্রিক জম্প মাত্র আনন্দ লাভ করিয়া থাকেন তাহাকে শান্তি বলিয়া গণ্য করা যায় না। যাহা দারা সমস্ত জীবন, পাপ তাপ লোক মোহ, প্রভৃতি অধর্ম ছইতে মুক্ত থাকিয়া প্রথে অবস্থিতি করিতে পারে তাহাকেই শান্তি বলিয়া গণ্য করা যায়। ভতিদেবীর অনুগ্রাহ বাতীত অন্য কোন উপায়ে প্রক্রত শান্তি উপলব্ধ হয় না।

কতকগুলি ব্রাহ্ম মনে করেন, জ্ঞানী পণ্ডিত্রগণ জব্জিকে
প্রশংসা করেন না। নীচবংশীয় এবং মূর্থেরাই ভব্তিকে
সমাদর করিয়া থাকে। আধুনিক বৈষ্ণবিদিগকে দৃষ্টান্তস্থলে
গ্রহণ করিয়া ভাঁহারা উজ বাকোর প্রমাণ প্রদর্শন করেন।
আমি তাঁহাদিগের যুক্তি স্বীকার করিতে পারি না। প্রাণ্ণাদি প্রহ্ম পাঠ করিয়া দেখা যায়, জ্ঞব, প্রহ্মাদ, দেবর্শি
নারদ, রাজর্ধি অয়রীয়, ভীম্ম, যুদিন্তির, এবং মহর্মি পর্যত প্রভৃতি মহাম্মাণা পরম ভক্ত বলিয়া বিখ্যাত ছিলেন, অথচ
ইহারা সকলেই জ্ঞানী ও স্বংশসন্ত্ত। প্রেমিক চূড়ান্দাণি মহাম্মা চৈত্তন্য একজন বিখ্যাত জ্ঞানী হইয়াও প্রায়
সমন্ত ভারতবর্ষকে ভক্তিজাতে প্রাণিত করিয়া গিয়াছেন।
প্রীবাসী বিখ্যাত বৈদান্তিক মান্যাবাদী সার্থক্তিম
ভট্টাচার্যা চৈতন্যের শিষ্য হইনা ছিলেন। সার্ব্যভেমি
প্রথমে চৈতন্যকে অবজ্ঞা করিত্তন। ভদ্বিষয়ে চৈত্তন্য
চরিতামৃত হইতে কিঞ্চিৎ উদ্ধৃত করিতেছি।

সার্ব্বভেমি কছে ইছার নাম সর্ব্বোক্তম।
ভারতীসংপ্রদার এই ছরেন মধাম ॥
বোপৌনাথ কছে ইছার নাহি বাহ্যাপেকা।
অত এব বড় সংপ্রদার নাহিক অপেকা।
ভট্টাচার্ব্য কছে ইছার প্রোঢ় যেবিন।
কেমনে সন্ত্র্যাসধর্ম হবেক রক্ষণ।
নিরস্তর ইছাকে বেদান্ত শুনাইব:
বৈরাগ্য অবৈত মার্ব্যে প্রবেশ করাব।
কছেন যদি পুনরপি যোগ পট্ট দিয়া।
সংক্ষার করিরে উত্তম সংপ্রদার আনিয়া।

শুনি গোপীনাথ মুক্ত ছুঁহে ছুঃখী হৈলা। ইত্যাদি। পারে হৈতনার সহিত আলাপ করিয়া এবং তাঁহার প্রেমোশন্তকা দেখিয়া সার্বভেমি তাঁহার শিষা হইয়া যেরপ ব্যবহার করিয়াছিলেন ভাহাও কিঞ্ছিৎ উদ্ধৃত করিতেছি।

> দেখি সার্কভৌম দশুবৎ করি পড়ি। পুনঃ উঠি স্তুতি করে ছুই কর যুড়ি॥ প্রভুর রূপার ভার ক্যুরিল সব ভর। নাম প্রেম দান আর বর্ণের মহর॥

শত শ্লোক কৈল দণ্ড এক না যাইতে।
ব্ৰহম্পতি তৈছে শ্লোক নাপাবে করিতে॥
শুনি সংখ প্রভু তারে কৈল আলিজন।
ভটাচার্ব্য প্রেমানেশে হৈল অচেতন॥
অশুচ শুন্ত পুলক স্বেদ কম্প থরছরি।
নাচে গার কান্দে পড়ে প্রভু পদধরি॥
'বৈরাগা বিদ্যা নিজ্ঞ ভক্তিযোগ,
শিক্ষার্থ মেকঃপুরুষঃ পুরাণঃ।
জীক্ষয় চৈতন্য শরীর ধারী,
কূপান্ব্য যন্তমহং প্রপদ্যে॥'

এইরপ বিবিধ লোক দারা সার্ব্বভৌম চৈতন্যের শুব করিয়াছিলেন।

(ক্রমশ:)

मःवाम।

আমবা শুনিরা আহলাদিত হইলাম রামপুরহাট ব্রশ্নমন্ত্র নির্মাণার্থ প্রদিদ্ধ দানশীলা শ্রীমতী মহারাণী স্বর্ণময়ী পঁচিশ টাকা দান করিয়াছেন।

গত ২২শে মাঘ শনিবার বহরমপুর ব্রাহ্মসমাক্ষের সাহংসরিক উপলক্ষে প্রাত্তে এবং সন্ধ্যাকালে উপাসনা হইরাছিল।

শীষ্ক উমানাথ শুপ্ত মহাশয় তুই বেলা উপাসনার কার্য্য
সম্পাদন করেন এবং প্রাতে ঈশ্বরভক্তি ও সন্ধ্যাতে সাধুভক্তি
বিষরে তুইটী উপদেশ দেন। সায়ংকালীন উপাশনায়
দ্বানীয় স্থাশিকিত ও ভদ্র প্রায় তিনশত ব্যক্তি উপন্থিত ছিলেন।
গবর্গমেণ্ট প্লিডর জীসুক বারুদীননাথ গঙ্গোপাধ্যায়ের বিশেষ
যক্তে বর্ষে বর্ষে এখানে ব্রহ্মোংসব হইসা থাকে। ব্রাহ্মদিগের
দৈনিক জীবন উৎসবের প্রবিত্ত ভাবে প্রিণ্ড হইতে না
দেখিলে আম্রা সম্ভুট্ট হইতে পারি না।

বারিষ্টার শ্রীযুক্ত বারু আনক্ষাহন বসুর নবকুমারের জাছ-কর্মা উপলক্ষে গত ২৯ মাখ রজনীতে ওঁহার ভবনে উপাধনা হইয়াছিল। আনক্ষ বাবুর রাজোচিত দামাজিক অমুষ্ঠানা-দিতে সমবিক অমুরাগ দর্শন করিয়া আমরা অঃহলানিত হইয়াছি। প্রতি শনিবারে পারিবারিক উপাধনা প্রতিষ্ঠিত করিবার জন্য ওঁহার ইচ্ছা আছে, ভরদা করি দে দাধু ইচ্ছাটী শীলুই কার্য্যে পরিণ্ড হইবে। ব্রক্ষোপাধনাশ্রা রাজ্যের গৃহ অভিশন্ত ছুঃবের স্থান।

ব্রশান্তরাণী জীমুক বাবু সভ্যেন্দ্রনাথ ঠাকুরের উপস্থিতিতে কলিকাতা সমাজের কার্যপ্রনালী সম্প্রতি কিছু জীবস্ত জাব ধারণ করিরাছে। তিনি গত উৎসব রজনীতে একটা উৎসাহকর বক্তৃতা পাঠ করিয়াছিলেন। বিশ্বাসামুমাই অমুষ্ঠান এবং ক্রীলোকদিগের স্বাধীনতা ভিন্ন সমাজের প্রকৃত উন্নতি হইবে না একথা তিনি স্পান্টালরে বলিরাছেন। সত্যেন্দ্র বাবু যাহা বলেন তাহাতে সার আছে, কারণ তাঁহার জীবন আছে। তিনি এবার সমাজমন্দ্রের ঠাকুর পরিবারশ্ব

মহিলাগণকেও উপাসনার জন্য আনিয়াছিলেন। এই কার্যাটী উক্ত পরিবারের বহুদিনের পুরাতন বন্ধভাব কে মুক্ত করিখা দিয়াতে।

"ধর্মপ্রকাশ" বলেন, আমবা অতি তৃঃথের দহিত লিখিতেছি, আমানের প্রিয় ভাতা ভগবান চল্ল সরকার লোকান্তর গমন করিয়াছেন। গত ২৮ শে অগ্রহায়ন মঙ্গনবার ময়মনসিংহে বসন্থরোগে তিনি সেই অজ্ঞানিত দেশে চলিয়া নিয়ছেন। ইনি একজন প্রকাশ্য ব্রাহ্ম ছিলেন, তাঁহার চরিত্রে আমরা অনেক সংখ্যুণ দেখিয়া স্থুপী হত্যাছিলাম; আশা ছিল, তাঁহা দ্বারা দেশের অনেক টুপুকার হইবে। জানিনা মঙ্গলময় পিতা তাঁহাকে কোন গুড় অভিপ্রায়ে লোকান্তরিত করিলেন। ভনিলাম শুনুর পূর্দ্দ দিন রাত্রিতে "দ্যাল বল জুড়াক হিয়া রে" এই গান্টী তিনি ভক্তিভরে কীর্ত্তন করিয়াছিলেন। এই শেষ, এর পরই থাকা রোধ হয়। আমরা এখন এই প্রার্থনা করি, তিনি গেখানে চলিয়া গিয়াছেন, তথায় দ্যাময় পিতা উল্হাকে শান্তি ও পবিত্র স্থা বিধান করিয়া ক্রভার্থ করন।

আমরা ক্বছভার সহিত স্থীকার করিবেছি, জীংড বাবু কেদার নাথ রায় নীকলর্ড এবং অর্জুন মিল্লের টীকা সভিত সংস্কৃত মহাভারত মুদ্রিত করিয়া এক এক খণ্ড প্রাক্ত সমাজে দান করিতেছেন। ইহার কাগজ ও মুদ্রান্ধন অতি উৎক্রী। এ সকল তুম্পাপ্য পুরাতন গ্রন্থ মুদ্রিত করিয়া কেদার বাবু লকলের ধন্যবাদর পাত্র হইলেন।

শীর্ক বাবু দীননাথ বন্দ্যাপাধ্যার প্রশীত "গুরুগীতা"
নামক একখণ্ড ক্ষুদ্র পুত্তক প্রাপ্ত হইরা গ্রন্থকারের নিকট
কামরা ক্রুত্র হইলাম। ইহার লিখিত বিষয়গুলি অতিশ্র
সারগর্ভ এবং শিক্ষণীয় হইয়াছে। ধর্মপ্রচারকের কিরুপ
উক্ত কীবন হওয়া উচিত তাহা দীনবাবু বিশেষরূপে বর্ণন
করিয়াছেন। পুত্তক খানি প্রচারকগণের পক্ষে যথেপ্র
উপকারী হইবে দলেহ নাই। লেখাও অতি স্থমিপ্র এবং
সহজ হইয়াছে। ইহা দারা গ্রন্থকর্তার মনের উচ্চ ভাব
সকলে গিতে পারিধেন।

গৌরনগর রাক্ষমনাক্ষের উৎসব উপলক্ষে শ্রীমৃক্ষ প্যারী-মোহন চৌধুরী দথায় গমন করিয়াছেন।

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের প্রচারের সাহা-

র্যার্থ দান স্বীকার। মাস জাসুয়ার ১৮৭৭।

মাসিক দান সংগ্রহ।

শ্রীযুক্ত	বাবু যত্নাথ রায় রামপুরহাট	• • •	9
,,	,, पादवस्मनाथ भाग	•••	980
"	;, विश्वनाथ तात्र लटको	•••	٥,
,,	,, নূপালচন্দ্র মল্লিক	•••	3

59	», दगाव न हाम धन्न	•••	- 7
,.	,, जूलभी माम मख	•••	3
,,	ু,, বেণিমাধ্ব ঘোষ রয়ে পিথি	9	*
,,	,, চণ্ডীচরণ সেন মানিকগঞ্জ	•••	২
,,	🥠 নিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যার ব	য়েলপি ণ্ডি	ર 3
,,	,, रेदकूर्श्नाथ रमन	•••	>
,,	,, জয়গোপাল দেন	•••	î
,,	,, অনাথবন্ধু গুহ ময়মনসিংহ	•••	Ť
,,	» अ भू णम्न रमन्	•••	>
,,	🕠 অক্সরকুমাব রায়	•••	>
,,	,, माञ्चनाथ महिक	• • •	>
,,	,, দীন্নাগরত হাইলাকান্দি	•••	24
٠,	,, কালীনারায়ণ গুপ্ত ভাটপাগ	\$1. 	٥,
,,	,, রামের্গর দাস গ্রা	•••	¢
••	নেবাল রায় স্থীরাম আদ্বানী	•••	9
. ,,	वाद् काली श्रमन्न रस्र शावना	•••	9
	ক্পিড়াবন্ধ	•••	ર
	ংহাট বাক্সসমাজ	•••	3
(क । ब		•••	-8
গর্গ	, 3		२०
८० ४०	र्त के		₹
द त क	াঁচ্ছা ঐ		ર
MITE.	ه. 🛪		_

আর্গ্তানিক দান।

ş

জীম শী	মোহিনী মজুমদার, পিতৃত্রাদ্ধোপলকে	
শ্ৰীয়ু ক্ত	वात् रितनाथ निरम्नाणी श्रीत के	

শুভকর্মের দান।

व्यानुष्य पानू	व्राज्यत्यारम पञ्	• • •	>
91 99	গোপালচন্দ্ৰ ঘোষ এলা	হাবাদ (বন্ত্র)	S
,, ,,	चानमञ्च	চন্দ্ৰ নন্দী (ঢাকা)	>
শ্রীমতী পাব	মনি মল্লিক শাস্তিপুর	•••	>

জীয়ক বাৰ য়দনাথ সিংহ কৰাচি

এককালীন দান।

130	all administration	u
,,	,, লক্ষীকান্ত দাস বিশ্ব!স	æ
,,	,, যোগীন্ত্রনাথ চট্টোপাধ্যায় পাতাইহাট	240
19	,, একটা বন্ধু লাহোর	11 2
,,	,, গোপালচন্দ্র ঘোষ এলাহাবাদ	æ
,,	🕠 উমাচরণ চট্টোপাধ্যায় 🔐	7
बिग री	বিষ্ণুপ্রিয়া দেবী বড়ুরানী নওগাঁ	١.

পাথেয়।

🔊 স্কু বাবু কালিপদ বন্দ্যোপাধ্যায়	• ••	:
লক্ষৌ বান্ধসমাজ	•••	2:
গরিভ া সমাজ		:
বহরমপুর ব্রাহ্মসমাজ	***	30

উৎসব।

জী যুক্ত বাবু নরেন্দ্রনাথ দেন	• • •	₹1
ত্তান্মিকাদিগের দ্বারা সংগৃহীত	•••	36
अ भूक वात् यक्नाथ त्याय	•••	٥.
মন্দিরে দান সংগ্রহ	•••	89'9/5

The second secon	
• ব্রক্ষমন্দিরসংস্কারার্থ নিম্নলিখিত দান কৃত-	,, ,, रगाविष्मठख रवाय >॰
	,, ,, প্রাণনাথ মন্নিক শাস্তিপুর ২
 জ্ঞতার সহিত স্বীকৃত হইল। 	,, ,, নকুড়চন্দ্র মুখোপাধাার ভাগলপুর ১০
(গভ প্রকাশিতের পর)	», " নিবারণচন্দ্র মুবোপাধ্যার ঐ a
_	,, ,, महिमात्रक्षन (ठोधुती तक्तश्रुत : ०
এবুক্ত বাবু কালিদাস সঁ রকার ৫	», », ভারিণীচরণ পাল ২
''্,, ভূমেশচন্দ্র বন্ধ … ২	" ,• শিব চন্দ্র হে ংষ … ১
» » भनिशेष वटनग्राशिधात्र	ু, _১ , গিরি শ্চস্ত স র
» » হরিদাস বিশ্বাস ··· >	্,, ,, সীভানাথ দাস ১
» , ু দেৰেন্দ্ৰ না ৰ পাল ৪	» » कृञ्चित्रहाती दान २
,, ,, প্রাণক্ষ বস্থ ২	The state of the s
,, ,, উমেশচন্দ্র বন্ম ১	
	,, পণ্ডিত্বসন্তরাম মূলতান ৭
mande ====================================	,, वातू भद्रक्रमा (ठोषुदी थे
	,, লালারলারাম এ ৩
🥠 🔑 রমানাথ চটোপাধ্যায় লক্ষ্ণে 🕓	,, ,, রা জা রাম ঐ ২
» » রাজে ত্র চটোপাধ্যার টুণুলা ১	», বাবুরামধন মজুমদার কুমারখালী ১
» » গোপালচন্দ্ৰ বোৰ এলাহাবাদ α	», "यामवहत्त्वःक्ष्युः क्षे ३
» » यञ्जाथ एवा य	, , पूर्वासम्म गां रा के २
» » অপূর্ব্য ক্ষ পাল ঐ ৫	» » (कमात्रनाथ (ज्याकीत के s
» , কালীনাথ ঘোষ 🗳 o	,, क्याह्य माहा औ
,, ,, महस्यनाथ शुश्च ७	🦤 ,, হরিপ্রসন্ন মাফার তেজপুর
,, ,, দোকড়ী ঘোষ ২	্য , তিকণ্ঠ মল্লিক ১০
, , বারিকানাথ রার ৫	
» » কালীমোহন খোষ দেরাতুন «	Trader our officer
» » তারাপদ মুখোপাধ্যার ঞ	Prot of marries marries
February Wiki	S
CONTRACT WATER A	
forfancing against change a second of the	,, वातू (भावर्षम माम धे
THE CANADA TA	,, नाना शंखामन की २
	» » ध्यमात्राम खे ३
,, বাবুদীননাথ দত্ত 🕮 হট্ট ১০	» वातू उजनाम एवाव औ ३
,, ,, কাদীনারায়ণ গুপ্ত ঢাকা c	» নেবাল রায় স্থীরা ম সিন্দি য়া ১০
,, ,, जानमहत्व वर रेकनामहत्व मभी छे α	» वातू छेमा इस इस इस कटारियाशास २
,, ,, नरक्रमात तांश मूट्यत	,, ,, মহেন্দ্রনাথ মল্লিক ১
,, ,, डिराम्डस (म थे ४	» » Cकमाद्रमाथ Cम २
,, ,, রক্তনীকান্ত নিয়োগী ২	» » है। मरपाञ्चा रेग ज्ञ कित्रिमश्रुत ३
,, ", অভিমুক্তেশ্ব সিংহ তেজপুর ৮	" " कानीश्रमम् रुष्ट्र भारता
,, ,, মহিমচন্দ্র চক্রবর্তী ঐ ১০	,, , जाइकरगाविन देमज खे
এक है। रक्)	দানসংগ্রন্থ (উৎসবের দিন) ৩৯৮১৫
ৰাঘৰণীচড়া বাক্ষসমাজ ৫	
ৰৰ্জমান্ত ব্ৰু ৪	
শান্তিপূর্ণ ভ্রাতৃমণ্ডলী সভা : ১/০	
একটা বন্ধ তেজপুর ৫	6
কলিকাতা সিমলাসমাল ২	্ বিজ্ঞাপন।
জীবুজ বাবু রামত্র্র ভ মজুমদার তেজপুর ৫	
,, ,, অন্বিকাচরণ বোষ ঐ	যে সকল আহকগণের নিকট এক বংস্রের
עלעות עוע גיניאבעים	অধিক মূল্য প্রাপ্য রহিয়াছে গত ১লা মাব
মান্ত্রেরাণপ্রথম রখম রাণ্ডিকপ্র ক	
वर्गवास्त्र हरूकार्जी	হইতে তাঁহাদিগের পত্রিকা পাচান বন্ধ হই-
अंतर्भाष्ट्रको त्राच श्रीत्र ।	য়াছে। যদি ওাঁহাদিগের পত্রিকা লইবার
	ইচ্ছা থাকে তাহা হইলে শাঘ্ৰ যেন বাকি 🤏
,, ,, মুকুল বলভ মজুমদার ২০	অগ্রিম মূল্য পাঠাইয়। দেন।
,, ,, কেদারনাথ বস্থ ত	गच्या राम महारक्षा (यम ।
,, ,, ছরিস্থার বস্থ ১	কার্য্যাধ্যক্ষ।
,, " গোৰিম্ব চন্দ্ৰ রক্ষিত >	ן ייינרוניויי
The same of the first and the same of the	And the second companies of th

এই শাক্ষিক্ত পাত্রকা কলিকাতা ৬ নথ কলেল প্রেয়ার ইতিল্লাম মিগার যথে ৬ই ফার্ডণ এনান,মাত্র রাজত ছার। মু'স্তেত ক্রস।

ধৰ্মতত্ত

ক্ষবিশাসমিদং বিশ্বং পৰিজং প্রক্ষমনিরং।
চেক্তঃ ক্ষমিন্তীর্থ সভাং শান্তমন্থরং ।
বিশাসোধর্মমূলং ছি প্রীতিঃ প্রমদাধনং।
আর্থনাশস্ত্র বৈরাগাং প্রাক্ষেরেবং প্রকীর্তাতে।

३५ खात्र। ८ मश्बर्ग।

১৬ই ফাক্সণ দোমবার, ১৭৯৮ শক।

বাৰ্ষিক অগ্ৰিম মূল্য ২॥ ০ মফস্বল ঐ ৩। ০

প্রার্থনা।

হে পবিত্রতার জ্বন্ত সূর্য্য, পুণ্যের প্রজ্ব-লিত হতাশন, জ্যোতির্ময় ঈশ্বর! এই মলিন অঙ্গার সম কলঙ্কিত জীবনের অভ্যন্তরে তোমার পুণ্যের অগ্নি একবার প্রজ্বলিত করিয়া দাও। আমার হৃদয়ের কুটস্থ পাপরাশি তোমার পবি-ত্রতার দ্বলস্ত অনলে ভশ্মীভূত হইয়া যাউক। জীবনের অন্তর বাহ্য প্রত্বলিত অঙ্গারের ন্যায় অগ্নিবর্ণ না হইলে আমার অন্তর কলঙ্কশূন্য হইবে না। পুণ্যপ্রতাপশালী তেজোময় ব্রহ্ম তুমি, তোমার স্বর্গীয় প্রতিভার সংস্পর্শে বহুকালের মলিনতা চলিয়া যায়। যাহাকে তুমি নরকান্ধকার হইতে বিমুক্ত কর তাহার অহি প্র্যান্ত ত্বলিয়া মায়, পুরাতন পাপ প্রকৃতি একেবারে বিনষ্ট হয়। এইরূপে আমার জীবনকেও পরিশুদ্ধ কর। প্রায়শ্চিত্তের উজ্জ্বল হোমামিতে ফেলিয়া দাও, দিয়া ইহ পরকালের মত অভি-(यक कतिया लख। जूमि (यमन निर्निश्च) त्व নরকের ভিতর দিয়। গমনাগমন কর, আমাকে তেমনি এই পাপময় পৃথিবীর মধ্য দিয়া তোমার পুণ্যধামের দিকে লইয়া চল। কোথায় কোন্ পাপ লুকাইয়া থাকে আমি তাহা অনেক সময় ट्राचिट्ड शाह्ना, किस्त थट्ना ज्दन वस्त्र निकरि পাইলে অমূনি তাহারা ভীষণাকার ধারণ করে ৷

তাই বলি হে দেব! ডোমার অসাধ্য কর্মত কিছু শাই,কত মহা পাষণ্ডকে তুমি এমনি হতচেতন ক-রিয়া পাপপথ হইতে ফিরাইয়া আনিলে যে তাহা দেখিয়া সকলে অবাক্ হইল। একবার তেমনি করিয়া প্রায়শ্চিত ব্যবস্থা কর, প্রাণপন করিয়া তাহার ভিতর দিয়া আমি যাই, গিয়া পাপভয় হইতে নিষ্কৃতি লাভ করি। প্রায়শ্চিত্তের প্রথর তেজে আমার সর্বাঙ্গ উত্তেজিত এবং কম্পিত হইবে, সমস্ত জীবন আলোড়িত হইবে, জ্ঞান চৈতন্য হারাইব, তাহার পর পুরাতন জীবন পৃথিবীতে রাখিয়া তোমার চরণপ্রবের শীতল ছায়ায় গিয়া বিশ্রামহ্থ সম্ভোগ করিব। কবে স্বপ্রবৎ প্রতীয়মান এই যে স্থুল বাছ জ্বগৎ ইহার व्याकात পরিবর্ত্তিত হইয়া যাইবে, বহুদিনের মোহনিদ্রা ভঙ্গ হইবে ? পবিত্র নবজীবন না পা-ইলে পাপ গণিয়া গণিয়া কতদিনে মুক্ত হইৰ ? এক দিকে হিসাৰ ঠিক করিতে গিয়া অন্য দিকে जूनिया यारे। ध जाद जात मिन इतन ना। ट्र प्रामय ! चत्र वार्ष्ण लागित्न म्यूष् (यमन হতবৃদ্ধি হয় তেমনি করিয়া আমার পাপঘরে আগুণ লাগাইয়া সমস্ত দশ্ধ করিয়া দাও, তার প্র নুতন, করিয়া এক খানি কুদ্রে ঘর বাঁধিয়া তোমার পদতলে বাদ করিব, আমি তোমার পবিত্র প্রেমের রাজ্যের চিরাত্মণত প্রজা হইয়া श्कित, मारमत अहै आर्थना भून कत ।

সাধুর মাহাত্ম্য।

•যতক্ষণ মতামণ্ড লইয়া বিবাদ বিতথা করা यात्र, त्करल राष्ट्र कीरत्नत छेशेरत पृष्टि नश्चक থাকে ততকণ আমরা সাধু অসাধুর প্রেভেদ গ্রাহ্ম করিনা, সকলেরই সমান অধিকার, সমান ক্ষমতা আছে এইরূপ মনে করি,কিস্ত কার্য্যকালে (म खम खभनील इस्र। विलामभन्नात्रण खार्थन-দাস সংসারহখাসক্ত মানবসমাক্তে প্রযুক্তাত্মা সাধুর মান্য নাই, অজ্ঞান কুসংস্কারাপন্ন স্থল-দর্শীদিগের নিকট আধ্যাত্মিক ধর্ম-নীতির গোরব প্রকাশ পায়না, তাহারা প্রকৃতিবিরুদ্ধ আশ্চর্য্য ক্রিয়া না দেখিলে কাছাকেও সাধ্তার সম্মান প্রদান করিতে চাহে না; কিন্তু যাঁহারা চিত্ত मःयम, हेक्तियममन, बन्नारगांग **এবং পর**হিতভ্রতে । আস্মোৎসর্গ করিয়াছেন, প্রেম পবিত্রতা বিনয়. ভক্তি উপার্চ্জনের জন্য সর্ব্বদা লালায়িত রহি-রাছেন, সেই সকল ধর্মপিপাস্থ সাধনশীল মুমূকু মানবগণ বুঝিতে পারেন সাধুজীবনে কি অনি-ব্বচনীয় মহিমা। যখন আমরা কোন কার্য্য বিশেষে নিযুক্ত হইয়া লোকের নিরুৎসাহকর বাক্যবাণে, প্রবল প্রতিবন্ধকতাচরণে ধৈর্য্যচ্যুত হই ; আশা উৎসাহ অধ্যবদায় সহিষ্ণুতা হারা-ইয়া ফেলি, নিজের স্থখ স্বার্থ আর উপেক্ষা করিতে পারিনা, তখন যদি দেখি কোন মমুষ্য অটল উৎসাহের সহিত প্রাণগত যত্নে তাঁহার প্রভুর সেবা করিতেছেন, ঘোর পরীক্ষা প্রতি-বন্ধকের মধ্য দিয়া চলিয়া যাইতেছেন,প্রসন্নচিত্তে স্থিরসঙ্কল্প হইয়া দৃঢ়তার সহিত পুনঃ পুনঃ তাহাতে বল প্রয়োগ করিতেছেন,কিছুতেই পরাঘাুথ হই-তেছেন না, বহু প্রতিঘাত সহু করিয়া পরিশেষে কৃতকার্য্য হইলেন, কিম্বা বিফল্যত্ন হইয়াও অগ্নিম্ফুলিঙ্গের ন্যায় কার্য্যক্ষেত্রে বিচরণ করিতে লাগিলেন, তথন স্তম্ভিত হইয়া বলি এই মুম্য यथार्थे हे तीत्रश्रूक्ष ! हेहात महत्व जवर शताजम দেখিয়া ইহাঁকে নমস্কার করিতে ইচ্ছা হয়। যখন আমরা প্রলোভনপূর্ণ সংসারে চঞ্চলচিত্ত হইয়া প্রবৃত্তির স্রোতে ভূণের ন্যায় ভাসিতে থাকি,

কাম ক্রোধ লোভ হিংসা স্বার্থপরতাদি রিপুগণ উত্তেজিত হইয়া যথন আমাদের জীবনকে নরক-ভুল্য অপবিত্র করে, হাদয়ে বিন্দুমাত্র শাস্তি থাকে না, পাপের ছুর্গুদ্ধে অস্থি পর্য্যন্ত কলুষিত হইরা যায়, কিছুতেই অন্তরের বেগ সম্বরণ ক-রিতে পারি না, তখন বিজিতাত্মা প্রশান্ত হৃদয় নির্মাল সাধুজীবনের মাহাত্ম্য কিছু কিছু আমরা বুঝিতে পারি। যখন অর্দ্ধ ঘণ্টা কালের জন্য উপাসনা করিতে বসিয়াও চিত্ত স্থির হইল না, পুনঃ পুনঃ সংসার ও পাপের প্রতিকৃতি মানস-পটে আসিয়া সমুদিত হইল, সূক্ষ্মস্বভাব জ্যোতি-শ্ময় পুরুষ পরমেখরের দিকে বিখাসনয়ন কিছু-তেই ফিরিল না, অথচ দেখিলাম সাধু যাই নয়ন মুদ্রিত করিলেন অমনি গভীর যোগদাগরে নিমগ্ন হইলেন, নিম্পন্দভাবে প্রেমরস পান করিতে লাগিলেন, তাঁহার মুখপদ্ম বিক্সিত হইয়া তা-হাতে প্রেমজ্যোতিঃ প্রতিফলিত হইতে লাগিল, নয়নযুগল হইতে বিন্দু বিন্দু ভক্তি ও আনন্দ বারি পতিত হইয়া গণ্ডম্বলকে অভিষিক্ত করিল, ইহা দেখিয়া তথন কোন্ প্রাণে আর এই পাপমর অহংকারী জীবনকে ভাল বলিব ? তথন ইচ্ছা হয় ঐ সাধুর বদনমণ্ডল নিরীক্ষণ করি আর আপনাকে শত শত ধিকার প্রদান করি। একটা কটু বাক্য আমি সহু করিতে পারিনা, কেহ কোন বিষয়ে প্রতিবাদ করিলে বা বিরক্ত করিলে ক্রোধে অভিমানে বিকট মূর্ত্তি ধারণ করি, কিন্তু সাধু প্রাণ দিলেন তথাপি প্রতিহিংসা করিলেন না. অপমানে নিৰ্যাতনে জীবন দগ্ধ হইল তথাপি তিনি একটা কথার প্রতিবাদ করিলেন না, বরং শত্র পদ চুম্বন করিলেন, তাছাকে আশার্কাদ कतिरलन, देश (मिथिया धमन शायान বিগলিত কে আছে যে সে থাকিতে পারে? এক সপ্তাহকাল ক্রমান্বয়ে যদি ধর্মভাবের পরীক্ষা প্রদান করিতে তাহা হইলে ভাব রস নিঃশেষিত यात्र, कथा कृताहिता चाहिता धूरक रमिथ চित्रकामरे नुष्ठन कथा वरमन, নৃতন ভাব ব্যক্ত করেন, তাঁহার জীবনের নৃতন্ত

আর ঘুচিল নাঃ তথন সেই সাধুর মাহাত্ম্য কে না कामग्रक्रम कतिरव ? निरक्षत्र याद्योरङ পদে পদে তুর্বলতা, অপদার্থতা, হীনতা প্রকাশ পায়. সাধুর তাহাতে যদি বীরত্ব পরাক্রম সুফলতা দেখিতে পাই তবে নিশ্চয়ই তাঁহার নিকট মস্তক অবনত করিতে ইচ্ছা হইবে। যদি না হয়, তবে ঘোর আত্মবিশ্বতি, এবং বিকৃতি আত্মাকে অধি-কার করিয়াছে। ঈশবের তেজঃ সাধুর পুণ্য প্রকৃতির মধ্য দিয়া সমস্ত ধর্মজগংকে চিরকাল জীবিত রাখিয়াছে। এইজন্য ধার্মিক মাত্রেই সাধুসঙ্গ,সাধুদেবা, সাধুদর্শনের আবশ্যকতা, সাধু-কুপার পরমোপকারিতা ব্যাখ্যা করিয়া থাকেন। মহাত্রা নানক বলিয়াছিলেন, হে ঈশ্বর! যদি আমি তোমাকে না পাই তবে তোমাকে যাঁহার। পাইয়াছেন তাঁহাদের রূপা যেন আমি লাভ -করিতে পারি। বস্তুতঃ সাধুর মান্য যে ধর্ম-সমাজে নাই সে সমাজ কঠোর শুক্ষ মরুভূমি অপেকাও নীরস।

সেবা ও সৎকার্যাত্রন্তান

জগতের প্রত্যেক পদার্থ, প্রত্যেক ব্যক্তি জনসমাজের হিতসাধন করে, কিন্তু যথার্থ সং-কার্য্যের অমুষ্ঠান ঈশ্বরগতপ্রাণ ভক্তিমান সাধক ভিন্ন কেইই করিতে পারেন না। অনেকে কার্য্য-क्टि छे**शामना विलया (चायण क्रिया शांकन।** নয়ন মুদ্রিত করিয়া ধ্যান করিলে কি হইবে ? দিবা নিশি জগদাসী নরনারীর সেবায় নিযুক্ত थाक, याशंटल लाटिक इःथ मात्रिका विस्माठन এমন কার্য্য করিয়া জগৎকে কিন্ত কর, এই তাঁহাদের সার मारमञ्ज नाग् जेथरतत जारमर्भ भरतत रम-বায় নিযুক্ত রহিয়াছি এরূপ উচ্চ ভাব হৃদয়ে ধারণ করিয়া কয় ব্যক্তি কার্য্য করিতে পারে? কেবল কাৰ্য্য এবং তাহার বাহ্যিক ফলাফলকে যাঁহারা সর্বস্ব জ্ঞান করেন তাঁহাদের কার্য্য নিস্বার্থ বলিয়া গণ্য করা যায়না। সেরূপ সৎকর্ম কেইবা না করিতেছে ? বাস্পীয় যন্ত্র বিছ্যুদ্বার্তাবহ, নানা

বিধ জীবজন্ত, চন্দ্র সূর্য্য বায়ু রৃষ্টি অগ্নি সকলেই উপকার সাধন করের, কিন্তু বিশ্বাসী মানবের পরসেবার সহিত কি এ সকলের তুলনা रय ? এक জन অসদভিপ্রায়ে[®] কার্য্য করিয়াও পৃথিবীর অনেক মঙ্গল করিতে পারে, পক্ষান্তরে এক জন সদভিপ্রায়ে কার্য্য করিল কিন্ত আপা-ততঃ তাহার ফল ফলিল না, হয়ত বিপরীত ফল দুক্ত হইল। অতি অন্যায় পাপ কার্য্য হইতেও কত সময় মঙ্গল ফল সমুৎপন্ন হয়। অতএব কার্য্য এবং তাহার ফলাফল ক্রতির জীবনকে স্পর্শ করে না, অভিপ্রায়ের ভাল মন্দের উপর আত্মার উন্নতি নির্ভর করিতেছে। আমি ঈশ্বরের অমুগত দাস হইয়া নিঃস্বার্থ ভাবে পরহিতত্রতে ত্রতী হইয়াছি ইহা বলিয়া অনে-কেই কার্য্য আরম্ভ করিতে পারেন, কিন্তু সেই ভাবের অধীন হইয়া থাকা,সর্বদা সেবকের জীবন রক্ষা করা অতিশয় কঠিন কার্য্য। কার্য্যের মধ্যে অনেক প্রলোভন পরীক্ষা আছে;এই জন্য প্রভুত্ব করিবার বাসনা, প্রশংসা লাভের ইচ্ছাকে বিনাশ করিয়া অবিরক্ত চিত্তে অটল ধৈর্য্য ও প্রসন্মতার সহিত যাবতীয় কার্য্য সম্পন্ন করিতে হইবে। কিছুতেই মনের শান্তি ভঙ্গ হইবে না, অন্তরে প্রচুর স্থথ থাকিবে, মস্তকের উপর আছেন সেবক অবনত মস্তকে তাঁহার আদেশ পালন করিতেছে, আর এক একবার প্রভুর সহাস্য মুখমণ্ডল অবলোকন করিতেছে, কার্য্যের প্রভূত পরিশ্রমের মধ্যেও উপাসনার ভাব অন্তরে ভশ্মাচ্ছাদিত বহ্নির ন্যায় জ্বলিতেছে, ইহাকে বলি ঈশ্বরসেবা। কিন্তা কার্য্যতঃ এরূপ উচ্চ ভাব অতি অল্প দেখা যায়। কার্য্যের উদ্দেশ্য বিশ্বত হইয়া স্রোতে ভাসিয়া যাইতেছি, যাহা অত্যন্ত গুরুতর তাহার প্রতি মনোযোগ না কার্য্য করিতেছি, নিয়োগ-দিয়া স্বেচ্ছামত কর্ত্তা প্রভুকে ভূলিয়া গিয়া নিজেই প্রভু হইয়া বসিয়াছি, যত কিছু মান সম্ভ্রম ফলোপধায়িতা আপনার হিসাবেই ক্রমাগত জ্মা দিতেছি, এইটা শেষ দাঁড়ায়। কার্য্য অসার, ভাব সার, যে ভাবে কার্য্য করা উচিত তাহা না থাকিলে

, ममूजीय (कवल পণ্ডশ্রম হয়। সমান্ত जिन সংকার্য্য করিয়া দেহ মন পরিপ্রান্ত হইল, কত লোকের হৃদয়ে কঠোর কথা দারা আঘাত করিলাম, বিরক্ত হইয়া কাহার সঙ্গে বা विवाम घो। हेलाम, ऋमग्र एक हहेगा (शल, व्यह-স্কার কঠোরতা বৃদ্ধি হইল, উপাসনার রস মরিয়া পেল, কর্মক্ষেত্র পরিত্যাগ করিয়া ধ্যানের निर्कान गृद्ध यादेवात जना हिन्त वार्कूल इंडेल ना, वतः त्रेश्वत रहेरा पृत्त थाकिरा हेम्हा रहेन, ल्यां खि पृत कतिवात जना निर्प्ताय जारगारमत পথ অনুসরণ করিলাম, এ সকল অতিশয় মন্দ লক্ষণ। সেবকের পুরস্কার যদি এই হয় তবে সেবায় মুক্তি কিরূপে হইবে ? এই জন্য আমরা প্রাতি পবিত্রতা বিহীন ভূরি ভূরি সৎকার্য্য **टकरन ज**ड़ीय भक्तित कन रनिया भग कति, ইহাতে সেবার উচ্চ ভাব কিছুই নাই, স্নতরাং তাহা পরিত্রাণের সহায় না হইয়া বরং তাহার প্রতিবন্ধক হইয়া থাকে। অতএব যোগে মগ্ন হইয়া, ঈশ্বরের পানে চাহিয়া সকল কার্য্য করা উচিত। রুথা কার্য্য করিলে কোন ফল নাই, তাহাতে ধর্মজীবনের পুষ্টি বর্দ্ধন হয় না।

ঈশ্বরের শক্তি ও পাপীর কার্য।

আমরা গতবারে দেখাইয়াছি,প্রত্যেক ব্যক্তি ঈশবের শক্তিতে কার্য্য করিয়াও স্ব স্ব পাপের জন্য নিজে দায়ী, পাপের সহিত ঈশ্বরের কিছু-याख मध्यव नारे। धवात चामानिगरक चात একটা গুরুতর বিষয়ে হস্তক্ষেপ र्हेरल्टा आमता मिथिए शाहे, शृथिवीए ষে সকল ছুঃখ শোক যন্ত্রণা এক ব্যক্তি ভোগ করে উহার অধিকাংশ অন্যের দোষে সংষ্টিত, সে উহার অতি অল্লের জন্য নিজে माश्री। व्यामानिरगत যে কেহ যে সমাজে জন্মগ্রহণ করিরাছেন, বাল্যকাল হইতে যে প্রকার সংসর্গ ও শিক্ষা পাইয়াছেন, যোব-যেরূপ অবস্থায় অবস্থাপিত প্রারম্ভে প্রত্যেকটা জীবনের ছিলেন, সকলের

স্রোতকে পুণ্য বা পাপের দিকে, হুখ বা ছুঃখের দিকে প্রবাহিত করিবার পক্ষে কারণ হইয়াছে। এমন অসাধারণ ক্ষমতাশালী লোক পৃথিবীতে অতি অল্প যাঁহারা এ সকলের প্রভাব অতিক্রম করিতে পারেন। উপরাস্ত আবার আমাদিগের প্রতি দিনের জীবনের হৃথ ছুঃখ আমাদিগের পরিবার, বন্ধুবর্গ এবং প্রতিবেশিগণের দ্বারা ঘটিতেছে। এম্বলে এই প্রশ্ন উপস্থিত হয়, ''স্বৰুশ্মকলভুক্ পুমান্" একথায় সায় দেওয়া যা-ইতে পারে, কিন্তু অন্যের জন্য আমরা কেন ছুঃখ ভোগ করিব ? ঈশ্বর পাপীকে তাঁহার শক্তি এরপে ব্যবহার করিতে দেন কেন,যদ্মারা একের দোষে অপরকে তুঃখ ও শাস্তি ভোগ করিচত হয়। প্রত্যেক ব্যক্তিকে ঈশ্বর যে স্বাধীনতা অর্পণ করিয়াছেন, তাহার অসদ্বব্যবহারের জন্য তাহার দণ্ড হয় হউক, কিন্তু যে ব্যক্তি দণ্ডের উপযুক্ত কোন কার্য্য করিল না, তাহার চুর্ভোগ কেন? প্রতিব্যক্তি সম্বন্ধে ঈশ্বর দোষবিযুক্ত রহিলেন মানিলাম, কিন্তু এম্বলে তিনি আপ-নাকে কি প্রকারে দোষ বিমুক্ত রাখিতে একজন অত্যাচারী দেশের শত শত নির্দ্দোষ লোকের প্রাণবধ করিয়। রক্তস্রোতে পৃথিবীকে ভাসাইয়া দিল, কত বিধবার সর্ব্বস্থ অপহরণ করিয়া নিজকোষ পূর্ণ করিল, নিষ্কলঙ্ক চরিত্রের উপর বলপূর্ব্বক গভীর কলঙ্ক প্রতিফলিত করিল। কাহার নিকট হইতে বল লাভ করিয়া ? ঈশরের নিকট হইতে। এমন ঘোরতর ব্যাপার সাধনে তিনি কেন নিজ বল প্রত্যাহার করিলেন না ? যদি নাই করিলেন তবে তিনি স্বয়ং সেই সকল কার্য্যের জন্য কেন माग्री इटेरवन ना ?

বিষয়টী শুনিলেই বোধ হয়, ইহার আর মীমাংসা নাই, ইহা মনুষ্য বৃদ্ধির অতীত। কিন্তু বলিলে কি হয়, এসকল বিষয়ে আমাদিগের স্থির নিশ্চয় না থাকিলে বিশ্বাস যথন দোলায়মান অবস্থায় অবস্থিত করে, তথন ইহার একটা এমন মীমাংসা চাই; যাহাতে আমাদিগের এসম্বন্ধে সংশয় প্রতিনিয়ন্ত হইতে পারে। আমর

প্রতিব্যক্তিসম্বন্ধে দেখিতে পাইয়াছি, তাঁহারা যে কার্য্য করেন, তাহা ঈশবের ইচ্ছা-বিরোধী হইলে তাহা হইতে চুঃখ উৎপন্ন হয়, এবং সেই ছু: थरे তাঁহাদিগের সংশোধক। এখানে এক জ্পনের কার্য্য যথন অপরের ছঃখকর হইল, তথন ঈশ্বর मिरे कार्यादक कि श्रकादत छारात कलाए । জন্য নিয়োগ করিবেন ? যদি সেই কার্য্য তাহার আত্মার বল ও হুখ শান্তি বর্দ্ধন জন্য নিয়োজিত হইতেছে সপ্রমাণ হয়, তবে আমরা অবাক্ ইইয়া ভাবিব, ঈশ্বর কেমন কৌশলে পাপীকে তাহার পাপের জন্য দণ্ডভাজন করিয়া তাহার পাপে যে ব্যক্তি নিপীড়িত হইল, তাহাকে সেই নিপী-**फ्न** भित्रवर्ख वन ७ २४ भाष्टि व्यर्भन कतिया কৃতকৃত্য করিলেন। কিন্তু এ স্থলে এই দেখিতে হইবে, সে ব্যক্তি यদি ইচ্ছাপূর্বক **দেই** পাপের স্রোতে আপনাকে ভাসিয়া যাইতে দেয়, তবে তৎপ্রতি ঈশ্বরের ব্যবহার প্রথম যে ব্যক্তি পাপামুষ্ঠান করিল তাহার প্রতি যেমন তেমনই হইবে। স্নতরাং আমরা এ স্থলে যাহা বলিব, তাহা সেই সকল ব্যক্তিসম্বন্ধে **याँशां निर्द्धायी इहेगां अत्याद आत्र तार्य दक्षां** নিপতিত হন।

প্রকৃতির দিকে দৃষ্টিপাত করিলে দেখিতে পাওয়া যায়, উহা এমনি ভাবে ব্যবস্থিত যে মমুষ্যকে প্রতিপদে প্রফৃতির সঙ্গে সংগ্রাম করিতে হয়। এই সংগ্রামই তাহার আত্মার উন্নতির সোপান। ঝটিকা, রৃষ্টি,করকাসম্পাত, হিংজ্র আরণ্য জন্তু প্রভৃতি যদি তাহার বিরোধী ना रहेल, जान जामता त्य जड़ी निकां यान করিতেছি, তাহা কোথায় থাকিত? এইরূপ প্রাকৃতিক প্রত্যেক প্রতিকূল ব্যাপার আমা-দিগের আত্মার বল উদ্যম উৎসাহ স্থথ শান্তি বৰ্দ্ধনের কারণ হইয়া উঠে। অন্যকৃত অত্যা-চার নিপাড়ন যদি আমরা প্রাকৃতিক অন্যান্য প্রতিকৃল ঘটনার সঙ্গে এক করিয়া লই, কেন-ইবা করিব না কেন না মনুষ্যের জড় ও পশু প্রকৃতি হইতে উহা সম্ভূত, তবে উহাও আমা-দিগের আত্মার বল উদ্যম উৎসাহ হুথ শান্তি

বর্দ্ধনের কারণরূপে পরিণত হয় দেখিতে পা-ইব ? ফলতঃ আমরা দেখিতে পাই,আপাততঃ র্টে সকল ঘটনা আমাদিগের ছঃখকর বলিয়া প্রতীত হয়, উহা হইতেই আমাদিগের কল্যাণ উত্থিত হইয়া থাকে। যে সকল ব্যাপারকে আমরা মূর্থতা বশতঃ মনে করিয়াছিলাম, আমাদের জীবনে না ঘটিলে ভাল ছিল, পরিশেষে দেখিতে পारे, उंदा ना चिंति आमता এখন यादा दहे-য়াছি, তাহা কখনই হইতে পারিতাম না। মহৎ মহৎ লোকের জীবন চরিত পাঠ কর, দেখিতে পাইবে তাঁহার৷ মুক্তকণ্ঠে স্বীকার করিয়া গিয়াছেন, তাঁহাদিগের জীবনের মহত্ত পরিবার স্বজন প্রতিবেশিদিগের প্রতিকূলতা হইতে সমুৎপন্ন হইয়াছে। যে সকল ঘটনার জন্য তাঁহারা প্রথমতঃ যত অসম্ভুষ্টি প্রকাশ করিয়াছিলেন, দেখিতে পাইয়াছিলেন, তাহা হইতে তাঁহারা ততদূর উপকৃত হইয়াছেন।

এসকল স্বীকার করিয়াও একজন বলিবেন, আমরা বাল্যকালে সমাজসংসর্গাদিবশতঃ যে দকল ছুরভ্যাদ ক্লেশ ছুংখে নিপতিত হই-য়াছি, তাহার প্রতিবিধান কি? একজন যদি সমুদয় জীবন পশুর ন্যায় অতিবাহিত করে, তুঃখ-দারিদ্র্যনিবন্ধন নীচ হইতে নীচ হইয়া যায়. তবে তৎসম্বন্ধে দায়িত্ব কাহার ? মনুষ্যসমাজ তজ্জন্য দায়ী সন্দেহ কি ? কিস্তু সে ব্যক্তিকেই বা দায়িত্ব হইতে কে রক্ষা করিবে ? পৃথিবীতে এমন অবস্থা নাই, যে অবস্থার মধ্যে মনুষ্য আপনার আত্মাকে সৎ পথে রাখিতে না পারে ? তুঃখী দরিদ্র হই-लंहे शैनमना शहरत हैशत कान नियम नाहै। বরং তাদৃশ লোকের মধ্যেই বিনয়াদি সদগুণ বহুল পরিমাণে দেখিতে পাওয়া যায়। বাল্য, পৌগও, किट्गांत, योवन य कान काटन य প্রকার দুরভ্যাসাদি সঞ্চিত হউক না কেন, আত্মা মধ্যে এমন বল নিহিত আছে, যদ্বারা সে সকল অবশ্য অপনীত হইতে পারে। এ উপায় প্রত্যেকের নিকটে আছে। ধনী দরিদ্র, জ্ঞানী মুর্থ, বর্ববর ও সভ্য সকলেরই ইহাতে সমান অধিকার। মনুষ্য যদি তৎপ্রতি উদাসীন হয়,

তদ্ধারা যে স্থথ শাস্তি উদ্যম বল সমূৎপন্ন ষ্টবৈ তাহা হইতে সে অবশ্য বঞ্চিত হইবে। কিন্তু সে দোষ কাহার ? তাহার নিজের।

তথাপি কেই কেহ আপত্তি করিবেন, এ मकल विलया अ भूल विषय तका পाইতেছে ना। অন্যের জন্য যে ক্লেশাদি সমুপস্থিত হইল তাহা নিপীড়িত ব্যক্তির কল্যাণের জন্য কোথায় হইল ? যে ব্যক্তি উন্নতমনা হইয়া সেই সক-লকে বছন করিতে পারিল, তাহারই পক্ষে উহা কল্যাণকর হইল অন্যের পক্ষে নহে। এরপ হয়, তবে আত্মকর্ত্তে যত টুকু মঙ্গল इरेवात हरेल, जेबंत बाता किंदू हरेल ना। षामाता विन ७ ऋत्न षामात्मत वृक्षिवात जून হইতেছে। যাঁহারা মহৎ মহৎ লোকের জীবন পাঠ করিয়াছেন, নিজের জীবনের অভ্যন্তরে প্রবেশ করিয়া দেখিয়াছেন, তাঁহারা দেখিতে পাইয়াছেন, যথন প্রতিকূল ঘটনা উপস্থিত হই-রাছিল, তথন তাহার ভারে তাঁহারা অবনত হইয়া পড়িয়াছিলেন, হয়তো আপনার ভাগ্যকে ধিকার পর্যান্ত করিয়াছেন। কিন্তু তাঁহারা পরে দেখিয়া অবাক্ হইয়াছেন, সেই প্রতিকূল ঘটনা তাঁহাদিগের আত্মার উপরে কেমন আশ্চর্য্য ভাবে কার্য্য করিয়াছে। তখন তাঁহারা বলিয়া উঠেন, दुःथই আমাদিগের পরম উপকারী। তবে যাহারা আপনাদিগকে পাপের স্রোতে ছাড়িয়া দেয়, তাহারা স্বকৃত পাপের ফলে তুর্দশাগ্রন্ত হইবে, তাহাতে আর সংশয় কি? তখন তাহার সম্বন্ধে পাপীকে সচেতন করিয়া তাহার কল্যাণ বিধান করা যে নিয়ম আছে, তাহাই হইবে। এই জন্যই আমরা প্রথমতঃ তাদৃশ লোককে দূরে রাখিয়া মীমাংসায় প্রবৃত্ত रहेशाहि। এ कथा त्कर विलाख शास्त्रन ना তাহার জীবনের মধ্যে এমন সকল বিন্দু ছিল না, যেখান হইতে তাহার জীবনের স্রোত ফিরিতে না পারিত। যাঁহারা মনুষ্য জীবন ভাল করিয়া পাঠ করিয়াছেন, তাঁহারা দেখিয়া-ছেন, এরূপ বিন্দু সমুদয় সময়ে সময়ে উপ-ন্থিত হয়। যদি এরূপ না হইত, এ পৃথি-

বীতে আমরা ছরন্ত দহ্য ঘোর অত্যাচারী
মমুষ্য পশুর পরিবর্ত্তিত জীবন দেখিতে পাইতাম
না। কে বলিবে যে সেই নরপশুর জীবনে ইহার
পূর্বের আর কত বার হ্রসময় উপন্থিত হয়
নাই ? যদি তাহা না হইত, হঠাৎ একবারে
এক ঘটনায় পরিবর্ত্তন হইল, বিজ্ঞান এ কথায়
সায় দিবে না।

আমরা উপরে যাহা বলিলাম, তাহাতে দেশ বা জাতি ব্যাপী অনিষ্টাপাতের মধ্য হইতে ঈশ্বর যে প্রকারে কল্যাণ আনয়ন করেন, তৎ সম্বন্ধে কিছু বলা হয় নাই। এ বিষয়ে আমা-मिर्गित वना श्रूनक्रकि माज। कात्रग धकारन যে কোন বৈজ্ঞানিক বা ঐতিহাসিক গ্রন্থ পাঠ कत्रा यात्र, তाहाटाइ एमथा यात्र अ विषय विल-ক্ষণ প্রতিপন্ন হইয়াছে। যাঁহারা অন্য বিষয়ে मः भग्नी, **डाँशाम्त्र** ७ भन्ना मुख्य दुव না। অকল্যাণের অভ্যন্তরে প্রচ্ছন্ন কল্যাণ অবস্থিতি করিতেছে আধুনিক বিজ্ঞানবিদ্যাণের মত। তাঁহারা এই বিশ্বাদেই প্রাকৃতিক বিষয় দকলের অনুসন্ধানে প্রব্ত হন, এবং পূর্বেব যে সকল প্রাকৃতিক ঘটনা অকল্যাণজনক বলিয়। প্রতীত হইড, এখন তাহা কল্যাণকর বলিয়া তাঁহারা স্থির করিয়াছেন। এইরূপ বৈজ্ঞানিক ইতিবেক্তাদিগের দ্বারা দেশের বিপ্লবকর ঘটনা সকলও কল্যাণে প্র্যাব্দিত দ্র্মাণিত হই-য়াছে। স্থতরাং আমরা এ বিষয়ের দিদ্ধান্ত তাঁহাদিগেরই হস্তে রাখিয়া দিলাম। আমরা যাহা পূৰ্বে লিখিয়াছি, বোধ হয় পাঠকগণ তদ্বারা বুঝিয়াছেন, এ সকল ঘটনা যাহা-দিগের দারা সংঘটিত হয় তাহাদিগকে আমরা তজ্জন্য পাপী এবং দণ্ডভাজন বিশ্বাস করি। তবে পরিশেষে ফলে মঙ্গল আনয়ন, मकूरसात काया नरह, नेयरतत काया।

আখ্যায়িকা।

একদা কোন বিপশগানী ঈশ্বরবিরোধী লোক পরম প্রেমিক আলিকে জিজ্ঞাসা করিয়াছিল যে তে জ্ঞানবান্ আলি! গৃহচুড়াও উচ্চ প্রাশাদশিখনে ঈশব ভোমার

बक्क आह्म हैश कि जूमि श्रीकांत्र कद ? आणि दलिएनन, হাঁ শৈশ্বে যৌবনে দৰ্জক্ষণ দৰ্জভানে তিনি আমাৰ প্ৰাণের व्यक्त " धरे कथा छनित्रा तम विलल, जुमि जाननारक এই অটালিকার উপর ভইতে নিক্ষেপ করিয়া ঈশ্বর प्त ভোষাকে त्रका करतन এই বিখাদের পূর্ণভা প্রদর্শন কর, ভাছা হটলে ভোমার বিখাসকে আমি বিখাস করিব ও তোমার ঈশ্বরনিষ্ঠা প্রমাণ যুক্ত ছইবে। তাহাতে আলি বলিলেন, চুপকর ও চলিয়া যাও আর স্পর্কা করিয়া জীব-নকে কলন্ধিত করিও না। মনুষ্যের কি সাধ্য যে ঈশ্বরকে পরীক্ষার আমরন করে। তাঁহারই পরীক্ষা করার অধি-কার, তিনি প্রতি মৃছুর্তে মহুষোর নিকটে পরীক্ষা উপ-দ্বিত করেন, তিনি আমাদের নিকটে, আমরা কি তাহা তিনি পষ্ট প্রকাশ করিয়া দেন,। অস্তরে কি প্রকার ধর্মভাব রাবি দেবাইরা দেন। কোনু মহুষ্য ঈশ্বরকে এই কথা বলি-রাছে যে এই দকল পাপ অপরাধ করিয়া তোমাকে পরীক্ষা করিলাম হে ঈশ্বর!দেখি তোমার কত সহিষ্ণুতা। হাঃ! এরপ করে কাহার সাধ্য, কাহার সাধ্য। তোমার বৃদ্ধি অত্যন্ত হুপ্ত হইয়াছে, তোমার এই উক্তি অন্য পাপ অপেকা প্রকৃতর। যিনি এই পুরিশাল নভোমগুলের রচয়িতা, তাঁহাকে তুমি পরীকা করিতে কি জান ? তুমি নিজের ভভাভত কিছুই বুঝনা। পুর্বের আপনাকে পরীকা কর, পরে অন্যকে পরীক্ষা করিও। পথপ্রদর্শক অগ্রগ্রামী গুরুকে ষে শিষ্য পরীক্ষাকরে, সে গর্ম্বভ। যাহাকে তুমি পরীক্ষক করিয়াছ হে অবিখাদী! ষদি তাহাকে ধর্মপথে পরীক্ষা কর ডোমার হুঃ দাহদিকতা ও মুর্থতা প্রকাশ পাইবে। তুমি ঈশ্বর কে কি পরীক্ষা করিবে ? ধূলি কণিকা কি পর্বতেকে পরীক্ষা করি-তে আইলে ? মনুষ্য নিজের বুদ্ধিগত অনুষান যোগে তুলাযন্ত্র প্রস্তুত করিরা ঈশ্বরকে তাহাতে স্থাপন করিতে যায়, ঈশ্বর বুদ্ধির অৰায়ত, তাঁহার ছারা বুদ্ধিনির্মিত পরিমাণ যন্ত্র চুর্ণ হইরা মার। ঈশরকে পরীকা করা না তাঁহাকে আরত্ত করিতে যাওয়া। ভূমি এতাদৃশ মহারাজাকে আয়ত্ত করার চেষ্টা করিও না, চিত্রিত বস্তা কি প্রকারে চিত্রকরকে পরীক্ষা করিবে 🕈 ভাহার অসীম জ্ঞানেডে যে সকল ছবি বিদামান ভাহার ৰিকটে পরিদুশ্যমান বিশ্বছবি কোন্ছার। বধন পরীকা গ্রহবের কুবুদ্ধি ঘারা তুমি আক্রান্ত হও, তথন জানিও ভোমাকে শংহার করিবার জন্য হুর্ভাগ্য উপস্থিত। অকন্মাৎ ঈশ্বর দম্বন্দে এরপ কুরুদ্ধি উপস্থিত দেখিলে ভূমিষ্ঠ প্রণত হে ঈশর ৷ এই কুচিত্তা হইতে আমাকে রক্ষাকর, ভাহা হইলে পরম পরীক্ষক ঈশ্বর ভোমাকে রক্ষা করিবেন।

ত্রাক্ষিক। উৎসব। আচার্য্যের উপ্তদেশ। বুধবার ১২ই মাঘ, ১৭৯৮ শক।

শক্তী এমন মনোহর না জানি বস্তুটী কত মনোহর। কি শৰ্কী ? পতিপ্ৰাণা। যে গুণ্টী এই শব্দ নিৰ্কাচন করে তাহা অভি স্থনর। জ্রীদোকের ধর্ম এই পতিপ্রাণা হওরা। জ্রীলোকের সকল ব্রভ, সকল ধর্ম এই এক কথার মধ্যে নিহিত। পতিব্ৰতা, পতিপ্ৰাণা হওয়া, এ**ই শক্ষে**র অর্থ কি ? যাঁহাদের স্বামী আছে তাঁহারা ইহার অর্থ कार्ने । পতিপ্রাণা শব্দের অর্থ প্রাণ, মন, অংবা অন্তরের সমুদায় প্রণয় এক স্থানে বন্ধ রাখা। যিনি ষধার্থই পতিপ্রাণা তাঁছার সমস্ত হৃদর স্থির ভাবে সেই এক স্থানেই থাকে. তাঁছার সমস্ত মনের একাণ্ডাতা এক দিকে। কোন কারণে সেই একাপ্রতা ভক্ত হয় না। আমী সুক্রর হউন, বা কদাকার হটন, স্বামীর মন উদামশীল হউক, কি নিস্তেজ হউক, স্বামী পতিপ্রাণা জীর বোদ মানা ভক্তির ভাজন। ইহাই পতিপ্রাণা জীর সতীত। এই সভীত্বই স্বৰ্গ, সভীত্বই পরিত্রাণ। সভী হওরা আর किहूरे नरह, रावन धार मन धार हारन द्वारा। मडीएइब অর্থ একাণ্ডতা, এক দিকে টান, এক দিকে আকর্ষণ। এই সতীত্ব দারা উচ্চতর সতীতে আরোহণ করা যার। বিবাহ হইবা মাত্র নারী ছদরপতির প্রতি আসক্ত ছন। বিবাহ হইবা মাত্র এই ব্রত গ্রহণ করিতে হইল य यारक्कीयन পভিসেবা করিতে হইবে। পভিপ্রাণা সভীর এই পতিত্রত, এই সভীত যদি একটু পৃথিবীর এ দিকে লইয়া যাইতে পারি তাদা ছইলে তোমরা স্বর্গ হাতে ধরিতে পারিবে, অনতিবিদম্বে স্পরীরে মর্গারোহণ করিতে शाहित्। **ब**रे स्वामी स्वामात, रेनिरे सामात मर्द्धन, পতিপ্রাণা সতী যেমন প্রাণভরে আপনার স্বামী সম্পর্কে এই কথা বলিতে পারেন,সেইরপ এই কথাটী যে ন্ত্রী ঈশ্বরকে উচ্চতর সম্বন্ধে বলিতে পারেন সেই সতীকে প্রধানা সতী বলিব। যিনি বলিতে পারেন আমার প্রাণ মন ঈশ্বরে ममर्शिङ, जामात मर्काय, धीर्या, मण्लाम केयात क्रेताटक्रम. সভীদিগের মধ্যে তিনি প্রধানা। সংসার সম্পর্কে পতিকে যেরপ প্রাণের মধ্যে বরণ করিয়াছ, অনন্ত কালের জ্বন্য পরমান্তাকেও ভোমরা সেইরূপ প্রাণের সৃষ্টিত বরণ কর. তাহা হইলে আর তোমাদের কোন হু:খ থাকিবে না। विवाह त मिन हरेब्राहिन त्मरे मिनरे रेहकात्मत्र खामीत्क চিনিয়া লইয়াছিলে, সেইরপ ঈখরকে যদি চিরকালের পাতি বলিয়া বরণ করিয়া লইতে পার ভাষা হইলে ভোষাদের श्रूरंपत्र आत्र त्रीमा बाकिरव ना। वेश्वत मण्लेक्षि अह कथा बनिएड भाव- अरे वि छाराक अरे थान निवाहि, देश आंत्र क्लान मिर्क बारेरन ना, अरे कथा यमि विमार ना श्रम्ब ভবে ভোষাদের মনের অনুরাগ পাঁচ দিকে যাইবেই থাইবে। শ্বর্মনও বিলম্ব ছইতেছে কেন, এখনও তোমরা সম্পূর্ণরূপে केबंद्रित इरेट পারিটেড না কেন বুঝিতেছি। এখনও ভোমবা ঈশ্বরকে ভোমাদের প্রাণ মন সর্বস্থ দিতে পার নাই। ধদি বাঁচিতে চাও, তাঁহাকে জ্দরের স্বামী এবং চিরকালের জানিয়া ঠাঁহার এীচরণে সর্ববিদ দাও। অন্যভাব রাখিও না। পৃথিবীর স্বামীকে যেমন প্রাণের সহিত ভালবাদ, ঠিক তেমনি করে ঈশবের চরণে প্রাণ মন অর্পণ কর। সকলের অধিকারী থিনি, বাঁহার নাম বির্বপতি তাঁহাকে প্রাণ মন সর্বাস্থ দাও। নারীর পক্ষে এই সতীত নিতান্ত আবশ্যক। ঈশ্বরকে শর্কান জানিয়া তরিয়া যাইবে। তোমাদের প্রাণের ভিতর গিয়া ভোমাদের প্রাণের ঈশ্বরকে ডাক। ঈশ্বর তোমা-দের জ্বারের স্থামী এবং প্রাণের পতি হউন, ঈশ্বর তোমাদের সর্বাস্থ হউন ! ভক্তেরাও এই চান, যোগীরাও এই চান। ষেধানে গেলে প্রাণে প্রাণে মিলিয়া ঘাইবে সেই স্থান সক-লেরই প্রাথনীয়। যখন ঈশ্বরকে আপনার ঈশ্বর বলিয়া বরুণ করিরা লইলে তথন যোগ ভক্তির আর কি বাকি রহিল ? পৃথিবীর স্বামীকে চিনিয়াছ এখন চির কালের স্বামীকে চিনিতে চেষ্টা কর। বিবাহিত নারী কি কুমারী, একপ্রাণ, এক মন,এক হৃদর হইয়। ঈশ্বরকে বক্ষে ধারণ কর, এবং ঈশ্ব-রেতে আনন্দিত হও। সতীত্ব দারা যেমন বাভিচার পাপ অসম্ভব হয়, তেমনি ঈর্শ্বর সম্পর্কে উচ্চতর সতীত্ব দারা সকল পাপ এবং সকল হৃঃধ দূর হয়। নারী, সতীত্ব সম্বন্ধে তৃমি বলিয়াছ, দতীত্বের কাছে অধর্ম অসম্ভব, দেইরূপ ঈশ্বর সহতে বল এই যে আমার প্রাণ এবং আমার ইচ্ছা ঈশবের চরণে বিক্রী করিয়াছি ইহা আর অন্য দিকে যাইবে না। এই সে আমার প্রাণ ইহাকে আর ধন মানের পদতলে নিকেপ করিব না। আমার অলকার, বস্ত্র সমুদর ঈর্ববের চরণে বিক্রের করিলাম। এইরূপে ঈর্বরকে হাদর প্রাণ উৎসর্গ কর, অবিশ্বাস অপবিত্ৰতা থাকিৰে না, নারী, তুমি বাঁচিয়া ষাইবে।

সাধন কানন।

ब्रुश्मि विवाद ३० माघ, ১१৯৮ में व ।

বনদেবতা বনেতে বাস করেন। বনের কুল পত্র ওঁছাকে
ক্রান্থ করে। লোকালয়ে লোকের দেবতা, লোকনাথকে
পুলা করিরাছি। কোলাছল মধ্যে ঘিলি থাকেন, যিনি
দল্প ক্রম নরনারীকে একত্রে লইয়া আপনার উৎসব করেন,
ঘিনি সংসারের লোকদিগাকে নামাবিধ পুর্খ সম্পদ দেন,
সহরের মধ্যে ওঁছাকে দেখিয়াছ। আজু তিনি লোকনাথ না ছইয়া এই উপবলের মধ্যে বনদেবতা ছইয়া বসিয়া
আছেন। একই রূপ অধ্চ ভিয়তা আছে। যিনি লোকনাথ তিনিই বনস্পতি; কিভ প্রকাশের ভিয়তা আছে।

আৰু এই প্ৰযুক্ত অনন্ত আকাশ, এই ব্লহ্ম লভা এবং পুলেপর মধ্যে ভাঁছার যে ভাব দেখিতেছি সংসারে সে ভাব দেখিতে পাই নাই। আকাশ তাঁহার গান্তীর্যা প্রকাশ করিডেছে। এখানকার সমস্ত রক্ষণ্ডলি ভাঁছার ছন্তরচিত, এখানে চারিদিকে প্রক্রতির সরলতা, প্রক্রতির সৌন্দর্ব্য, যাহা কিছু ঈশ্বরের স্বছন্তের রচনা তাহাই এখানে। প্রকাণ্ড পরলোক সমুদ্র এখানে রহিয়াছে, সেই অনস্ত দেবতা তাঁহার সাধক-मिरात्क अथात्न कर्ष्ठात्र माधन नियारेट उर्ह्न। अकाकी নির্জ্জনে বসিরা শব সাধন করিতে চাও, মৃত্যুর উপরে বসিয়া মৃত্যুঞ্জয়কে দেখিতে চাও, তাছাও এখানে পড়িয়া আছে। পাঁচ জনে মিলিয়া বীণা যন্ত্রের সহিত গান করিতে চাও, ভাছাও করিভে পার। কোধার সংসার, কোধার পরলোকের ভীর। এবানে বসিয়া গাভীরাত্মা সাধকেরা गोल हां फिन्ना मः मारत्र व्यनिष्ठाका न्यूत्रण कतिरुक्ति, আর গম্ভীর প্রকৃতি দেবতা ইছলোক পরলোক এক করিয়া সাধকদিগকে পার করিয়া দিতেছেন। এখানকার বিচিত্র স্বন্দর প্রকৃতি ঈশ্বরকে দেখাইয়া দিতেছে। এখানে কুটিল मन,क्षिन कार्या नाहे, अशास कनक नाहे। अशास देवताना আসনে বসিয়া আছি॥ সংসারের যে সকল ভরানক উপদ্ৰব তাহা এখান ছইতে বহু দূরে। সংসারের অতীত কোন দেব ভূমিতে, পরলোক রূপ সুর্মা মনোছর স্থামে আমরা বাস করিতেছি। আমরা সেই বনদেবভাকে ডাকি-ভেছি।কে আনিল আমাদিগকে এখানে! কেন এই প্রকার দৃশ্যের পরিবর্ত্তন ছইল ?কোথায় সংসারে কুটিল অস্বর্ডিগের সঙ্গে আমরাও অস্তরের ন্যার আক্ষালন করিয়া পৃথিবী দলন করিতেছিলাম, আর কোপায় এই সুকোমল, সুরুম্য, পবিত্র স্থানে আসিরা উপস্থিত হইলাম! সংসারের কাল কৰ্ম ছাড়িয়া ৰংসাের মধ্যে অন্ততঃ একবারও যদি এই প্রকার স্থান স্পর্শ করা যায়, জীবন পবিত্র হয় এবং অনেক মজন হয়, ঈশ্বর ইছা বুঝিতে পারেন, তাই তিনি আমা-দিগকে এথানে আনিলেন। এখানে রক্ষকে ভাই বন্ধু পুষ্পকে প্রাণস্থা বলিয়া আলিক্সন করি। ৰলিয়া, এখানে রুখা গণ্ণা করিব না, বাওয়া দাওয়ার আমোদে মত্ত হইব না। জগদীশ্বর তাঁহার মঙ্গল অভিপ্রার সাগ-মার্থ আমাদিগকে এবানে ডাকিয়া আনিলেন। এথানে আমরা তাঁহার কাছে বসিয়া ভাঁহার পুণ্যতন্ত্ব, ভাঁহার প্রেমতত্ত্ব শিক্ষা করিব। ব্লক্ষাণ, ভোমরা এস, ভোমা-निगरक छक्र बिना मरवाधम कति। अ वारकात कार्या প্রণাদী আমরা জানি না। ঈশর একটী কায় কক্ষন, আমাদের এই শরীর মনে বতগুলি কণ্টক বিদ্ধ ছইয়াছে, যত**গুলি পাপ কলঙ্ক আমরা মাখিয়াছি, কুপা** করিয়া এ^ইগুলি দূর করিয়া দিন! আমাদিগকে এই স্ক্রম পথের মধ্য দিয়া, এই ফুল পাভার ভিতর দিয়া তাঁহার কাছে উপস্থিত হুইতে व्यक्षिकात्र मिन! विकाद द्वारशंत्र क्षेत्रीकात क्रमा अहे

নাধনকাননের স্থান্ট। সংসারে বিক্লত ছইরাছি, প্রকৃতিছ ছইব বিলিয়া এখানে আসিয়াছি। বিকারের ঔবধ স্বরং দরামর, তিনি আমাদিগের বিক্লত অন্তরে প্রকাশিত ছইরা আমাদিগের বিকার দূর করিয়া দিন, পুল্পের সঙ্গে আত্মার আড্ডাব স্থাপন ককন, ব্যক্ষের সঙ্গে মনুষ্যের প্রণর প্রতিষ্ঠিত ককন।

ভারতবর্ষীয় ত্রহ্মমন্দির।
আচার্য্যের উপদেশ।
ঈশ্বর হৃদয়ের পুতুল।
৮ই ফান্তণ ১৭৯৮ শক।

পুতুল শব্দের অর্থ যদি হস্তরচিত হয়, তবে ঈশ্বর পুতৃদ নহেন। পুতৃল শব্দে যদি প্রিয় বস্তু, হৃদয়ের অনু-রাণের বস্তু এই ভাব বুঝার, তবে ঈর্থর পুতুল। আমা-দিনোর কোন একটা সঙ্গীতের মধ্যে আছে ' হৃদরপুতুল" তুমি। এ ভাবে ঈশ্বরকে হৃদয়ের পুতুল বলা যাইতে পারে। প্রাণের পক্ষে, হৃদয়ের পক্ষে, তিনি অতি স্থন্দর, পতি মনোহর। ভক্ত তাঁহাকে হৃদরে লইয়া ক্রীড়া করেন। স্তন একটী পুতুল লইয়া শিশুর কত আহল।দ .কত আমোদ। বৃদ্ধাত যোগা বৃদ্ধাত ভক্ত ঈশ্বরকে পাইয়া প্রাণের মধ্যে কত প্রসন্নতা কত আমোদ লাভ করেন। আমার পুতুল ভিনি, ভক্ত এ কথা বলিতে পারেন, তিনি তাঁহাকে হৃদরের পুতৃল বলিয়া সম্বোধন করিতে পারেন। এ সহদ্ধে আরো একটী কথা আছে। পৃথিবীর পুতুল কাষ্ঠ নির্মিত, মৃত্তিকা নির্মিত, ক্রমে ক্ষয় ধ্ইরা যায়, বিবর্ণ ছইয়া যায়, আর তাছাকে দেখিয়া হৃদয়ের সম্ভোষ জ্বাে না। এক বৎসর হুই বৎসর বা পাঁচ বৎসর পর পুতুল পুরাতন হইয়া যায়, আবার তাহাকে ভূতন না করিলে আর ভাহা স্থলর থাকে না। এই জন্য মনুষ্যেরা পুতুলে মধ্যে মধ্যে রং মাখার,তাছার সংস্কার করিরা থাকে। এই রূপে রং দিয়া আবার তাছাকে স্থন্দর করিবার জন্য তাঁহার চেষ্টা করে। ঈশ্বর সম্বন্ধে এ কথা বলিলে,আপাততঃ অতি ভয়ানক বোধ হয়। কিন্তু ঈশ্বর সহস্কে সংস্কার আবশ্যক, দেবতাকে সংস্কার দ্বারা সূত্রন করিয়া লইতে ছইবে এ কথা যথার্প, ইছা অমূলক নছে। ভক্তের নিকট ঈশ্বর পুতুল, কিন্ত দেই পুতৃদ আপনার সৌন্দর্যো স্থনর। তিনি অন্যের निकटि क्रथ मार्या कब्द क्रिया नन नाहे, उद डाँहाय সংস্কার আৰশ্যক কেন ? মধ্যে মধ্যে তাঁছার সংস্কার করিতে হইবে এ কথা তবে ভ্রান্ত বলিয়া বোধ হয়। এটা ভ্রান্তি नटह। উপাসক যে প্রকার দেবদর্শন করিরা পাকেন, তাছারই সংস্কারের আবশাক। আসল ঈশার সংস্কারের অতীত। আমি তাঁহাকে যে ভাবে দেখি, যে ভাবে তাঁহাকে ভাদরভ্য করি, তাহার সংস্কারের প্ররোজন।

শিশুর হাঠির প্রদের ম্যার ঈশ্বরও পুরাতন হন। পুত-(मत बद्ध विवर्ग इत्र, जाइन कमाकात इहेत्रा बात्र, जात र्म পুতুল শিশুর পক্ষে মনোহর বাকে না। এজন্য আবার তাছাকে মনোছর করা আবশাক ্রু ব্রাক্ষণণের নিকট ঈশ্বর পাঁচ দিন সাত দিন কি ছুই মাস অতি স্বন্দর, অতি মনোহর থাকেন। তথন তাঁহারা "আহা! কি স্মনর মনোহর সেই মূরতি, " এই সঙ্গীত করিয়া নয়ন জলে ভাসিয়া যান, রূপ দর্শনে অচেতন হন। পাঁচ মাস পরে আর সেরপ হর না। ইহাতে ঈশ্বরে কোন প্রভেদ হইল না, তিনি যেরূপ স্থন্দর (यज्ञभ मामाइत (उमनहे त्रहिलन, डाइति नाम भूत्र्वि । যেরপ ছিল, আজ্ঞ তেমনি মনোছর রহিল, কিন্তু সাধকের নিকট তিনি আর সেরপ স্থমর রহিলেন না,তাঁহার নাম সে-রূপ মনোহর রহিল না,ভাঁহার পূজার ঘর, ব্রহ্মান্দির, ভাঁহার প্রসঙ্গের প্রস্থে আর সেরপ আকর্ষণ রহিল না। পৃথিবীতে কালক্রমে অত্যন্ত সুন্দর বস্তুও বিবর্ণ হয়,উহার আশ্চর্যা প্রভা ক্ষর হইরা যার, ধর্মরাজ্যেও তেমনি হইরা থাকে। ঈশ্বর (पिथि (क्या क्रमान क्रम क्रमान क তাঁহার সে সৌন্দর্যা সে মনোহারিজ প্রজন্ম চইল। মনুষ্য পৃথিবীর ধূলি লইয়া আকাশে নিক্ষেপ করিল, অথবা নিজের চক্ষে উছানিবিষ্ট করিল আর এখন দর্শন পুর্বের ন্যায় উজজ্বল হয় না। একটী রূপ দেখাগেল কিন্তুউহাআর পূর্বের ন্যায় তেমন মনোছর নাই। কালক্রেমে ছাদয়ের পুতুল পুরাতন হইল, স্বতরাং সংক্ষারের প্রয়োজন। যদি দেখিতে পাই আর তেমন জ্যোতিঃ দেখিতেছি না, পূর্বে বোল আনা রং ধোল আনা সৌন্দর্যা দেখিতাম, এখন যদি উঙার এক আনাও কমিয়া গিয়া থাকে, তবে ভাল করিয়া দেখিব কেন সে রং সে সৌন্দর্য্য কমিয়া গেল ? কি এক আবরণ আসিয়া উহা প্রচ্ছেন্ন করিল ? পাপ চক্ষুকে প্রচছন্ন করিল। এখন চক্ষুর ধূলি পরিক্ষার করিতে ছইবে ? মনকে বিমল করিতে ছইবে। সত্যের দ্বারা ধূলি পরিচ্চার করিয়া ফেল, প্রেমের সূতন বর্ণ দীরা তাঁহার মুখ অনুরঞ্জিত কর। ঈশ্বর যেমন তেমনি রহিয়াছেন, ভূমি যাছা দেখি-তেছ তাছা প্রেমচকে দেখি, তাহার মধ্য হইতে লাবণ্য मिमर्श ध्वेकाम भारेत। जान कतिया भूका करितन, ভাল করিরা ধ্যান করিলে, স্পাফ্ট পরিবর্ত্তন দেখিতে ছইয়া যায়, সে স্থান জ্যোতিঃ অন্ধকারময় বলিয়া মনে হইবে। যথন দেখিতে পাইতেছি এই তাঁহার উজ্জ্বল মনোছর মূর্ত্তিতে প্রাণ বিমোছিত ছইতেছে, এই আবার ভাঁছার স্বন্দর মুখ লুকাইল, তখন স্বদয়ে নিগৃঢ সাধন করিতে ছইবে, পুনঃ পুনঃ সংস্কার আবশ্যক স্বীকার করিতে ছইবে। भीठ मिन छाँबारिक পুরাতন বলিয়া অপরাধী इस्माम, মিখ্যাবাদী হইলাম। যে পুরাতন বলিয়া তাঁহাকে ভাবিল त्म व्यश्राध क्रिल, भेषंत्र व्यवमानना क्रिल, मिथा **ध**रश

পাপে দ্লদয়কে কলম্বিত করিল। এই অপরাধে দৈ আর ইবিন্তক ভেমন সুম্পর দেখিল না, নাম করিয়া স্থার সেরপ ভাক্তি উপিত হইল না। অপরাধী জিজ্ঞাসাকরিল এখন আর কেন সেই মূর্ত্তি মুনোছর নছে? তোমার স্থন্দর ঈশ্বর চলিয়া গিয়াছেন, তুমি এখন ভোমার মনের কম্পানা পূজা করিভেছ। কি মহা পাপ করিলাম! লইরা চির দিন বক্ষের মধ্যে রাধিব, জাঁছাকে বিবর্ণ কদা-কার করিলাম। এ মহাপাপের প্রায়শ্চিত করিতে ছইবে। আমরা চুরি ডাকাইতি নরছত্যা প্রভৃতিকে মহা পাপ মনে করি, এটীকে পাপ বলিয়া মনে করি না। এটীকেও ভয়ানক পাপ বলিয়া স্বীকার করিতে হইবে। বদি ঈশ্বরকে পুরাতন করিলাম, শুক্ক বস্তু বলিয়া স্বীকার করিলাম, যদি এরপ সম্ভব হয়, তবে বল কোথা দাঁড়াইব ? এ পাপের আশু প্রতিকার চাই। যেমন দেখিবে ঈশ্বরের মুধ স্থলর বলিতে পারিতেছ না,অমনি চীৎকার করিয়া কাঁ-দিবে। কোখার পুতল গেল বলিয়া ছেলে যেমন কাঁদে,তুমিও সেইরূপ হৃদয়ের পুতল ছারাইয়া কাঁদিবে। কাঁদ কাঁদ হুই পাঁচ বার কাঁদ। পুতসহারা ভক্ত কখন মুখে থাকিতে পারে না। যে অবস্থার ঈশ্বরের সুন্দর সুধ অপ্রকাশিত, মনে হইতেছে তাঁহার মুখ স্বন্দর নয়, সে অবস্থা অতি শোচনীয়। ইহা হইতে পাপ আসিবে, সর্বনাশ হইবে। শীস্থু এ রোগের প্রতিকার কর। যেমনি সৌন্দর্য্য চলিয়া যাইবে, অমনি প্রেম ভবে ডাকিবে, কায়মনোবাক্যে গভীর সাধন করিবে, সর্বাদা সাবধান থাকিবে, মুখের বর্ণ যেন বিবর্ণ না হয়। এমনি कदिरव राम इहे भौत मिरनद मर्था आवाद मूम्पन मिथिर । দেধ যেন ভোমার পুতুল কখন পুরাতন না হয়। শিশুর প্রেমের বস্তু যেন অবপ্রেমের ৰস্তুনাহয়। তাঁহার মুগ্যদি স্বন্ধর না হইল ডাকিতে থাক, ভাঁছার মুথ স্থন্দর দেখিতে না পাইদে তোমার সমুদার উৎসব বিকল ছইবে। তোমার পুতৃদ অপ্রিয় হইলে স্থশান্তি হইবে কি প্রকারে ? উহার রং সংস্কার কর, প্রেমের রঙ্গে পুতুল প্রস্তুত কর। প্রেমিক উদার হৃদরে নব নব পুষ্প প্রক্ষৃটিত হইবে, হারান স্বর্গ পুনরায় পাইয়া ভক্ত হতা করিবেন। সংসার কত বার হৃদ-য়ের পুতুলের সৌন্দর্যা নফ্ট করিতে উপক্রম করিয়ছে, হারান পুতৃদ পাই নাই। ত্রান্ধ বল কতবার হারান পুতৃদ পাইয়াছ, কতবার আবার তাহা আনিয়া হৃদরে স্থাপন করিরাছ। व्याक अ मकन कथा विनवात अहे जारशर्या, वात वात क्रनस्त्र অনুসন্ধান করিয়া দেখিও, পুতুল স্থন্দর আছে কিনা ? পুতুল मूम्बत्र ना शांकित्न कथन मिन काहे। हेटल शाहित्व ना। যখন মুখ তেমন দেখায় না, সংস্কার করিয়া লও। কখন পুরাতন বস্তু, জীর্ণ শীর্ণ বস্তু লইও না। পৃথিবীর পুতুল, কত্পনার দেবতা সকল কেলাইরা দাও। কাতরে কাঁদ, প্রাণের পুতুল মনোহর বেশে তোমার প্রাণকে বিমুদ্ধ করিবে। দেখিও, পুতুল হারাইও না।

ভক্তিসাধন। গত প্রকাশিতের পর।

ভারতের একমাত্র পরিব্রাক্তকশ্রেষ্ঠ প্রবেশনক্ষ সরক্ষতী, যিনি বেদান্ত, তর্ক, সাঞ্জ, বৈশ্বিক, জ্ঞান, মীমাংসা
আগম নিগম, মহাপুরাণ, উপপুরাণ, ইতিহাস, পঞ্চরাত্র
অলঙ্কার কাব্য নাটকাদির রহস্য সিদ্ধান্ত বিষয়ে অনর্গল
বক্তৃতাদ্বারা কাশীবাসা বহুসংখ্যক ছাত্রগণের আনন্দপদ্ম
প্রকুল করিতেন, এবং মায়াবাদী দণ্ডীদিগের সর্ব্বপ্রধান
আসন এছণ করিয়াছিলেন। তিনি প্রথমে হৈতন্যকে
অভান্ত নিন্দা করিতেন, পরে হৈতন্যের প্রেম জ্রোতে ভাসমান
হইয়া তাঁহার শিষ্য পদে অভিষিক্ত পূর্বক যেরপ ভক্তিভাবে হৈতন্যকে শুব করিয়াছিলেন হৈতন্য চন্দ্রামৃত হইতে
তাহার দৃষ্ঠান্ত প্রদর্শন করিতেছি।

"কৈবল্য নরকারতে ত্রিদশপুরাকাশপুশারতে
ছুর্দান্তে স্রিয়কাল সর্পপটলী প্রোৎধাতদংফু ারতে।
বিশ্বংপূর্ণস্থারতে, বিধিমহেস্তাদিন্দ কীটারতে
যৎকারুণ্যকটাক্ষবৈভবৰতাং তং গোরমেব স্তব ॥"
"নম নৈচতন্যচন্দ্রার কোটিচন্দ্রানন্তিবে।
প্রেমানন্দারিচন্দ্রার চাকচন্দ্রাং শুহাসিনে॥"

" উচিচরাক্ষালয়ন্তং করচরণমহো হেমদগুপ্রকাশেতা বাদ্ প্রোদ্তা সত্তাগুবতরলতমুং পুগুরীকায়তক্ষাম্। বিশ্বস্যামক্লয়ং কিমপি হরিহরীত্যান্মদানন্দনালৈ র্বন্দে তংদেবচূড়ামণি মতুলয়সাবিষ্টচৈতন্যচন্দ্য ।"

''আনন্দ লীলাময় বিগ্রহায়, হেমাভদিব্যচাবিস্কন্ত্রায়। তব্ম মহাপ্রেম্যরসপ্রদায় চৈত্ব্যচন্দ্রায় নমে। নমস্তে।।''

এই ছুই জন ব্যতীত আরও বহুসংখ্যক জানী পণ্ডিত চৈতনার শিষ্য ইইয়াছিলেন। এমন কি তাঁহার প্রায় সমস্ত শিষ্যই পণ্ডিত ছিলেন। তাঁহাদিগের কতিপরের নাম উলেশ করিতেছি। অবৈত আচার্য্য, শ্রীবাদ পণ্ডিত, বক্রেন্যর পণ্ডিত, বিদ্যানিধি আচার্য্য, গানাধর পণ্ডিত, আচার্য্য রতু, পুরন্মর পণ্ডিত; গান্ধাদাদ পণ্ডিত, শঙ্কর পণ্ডিত, মুরারি গুণ্ড, নারায়ণ পণ্ডিত, হরিদাস চারুর, হরিভট্ট, শ্রীস্থানিদদ, বাস্বদেব দত্ত, শিবানন্দ, গোবিন্দ খোষ, মাধব খোষ বাস্বদেব খোষ, রাঘব পণ্ডিত, প্রীমান্ পণ্ডিত, শ্রীকান্তনারারণ, বলভ সেন, সত্যরাজ খান, মুকুন্দ দাস, শ্রীরসুনন্দন ইত্যাদি।

এই সকল প্রমাণ দারা শশুফ প্রতীত হইতেছে যে,

দোন ও পাণ্ডিত্য ভক্তির প্রতিকূল নহে বরং অনুকূল।

কিন্তু ভক্তবাণ জ্ঞান অপেক্ষা ভিপ্তিকই অধিক সমাদর

করিরা থাকেন। কারণ জ্ঞানে অহঙ্কার হয়, অহঙ্কার
ভক্তির পরম শক্তা। হাদর নিম্ন না হইলে ভক্তিভ্রোত

তাহাতে প্রবাহিত হয় না। জ্ঞালের গাতি নিম্নদিকেই হইয়া
থাকে, উচ্চদিকে নহে। মহাত্মা হৈতন্য শিক্ষদিগকে উপ
দেশ প্রদান করিতেন যে, তৃণাদিপ স্থনীচেন তারোরিব সহি-

क्षुमा । अभानिना मानएमन कीर्जनीयः मना रहिः॥" जक-গণ, সিংহ ব,াখু অপেকাও অহস্কারকে অধিক ভর করিয়া খাকেন। জ্ঞানীগণ অহস্কারকে স্বীয় মর্য্যাদা রক্ষার উপায় মনে করিয়া পাকেন। অধিক কি প্রেমিক চৈতনাও ভক্তি-লাভের পূর্বের জ্ঞান প্রভাবে অভ্যন্ত অহঙ্কারী ছিলেন। বিশে ষতঃ ভক্তগণ প্রেমে উন্মন্ত হইয়া কখন হাস্যা কারন কখন ক্রম্মন করেন কথন সূত্য করেন,কথন উদ্ধে লক্ষ্য দির। আক্ষা-লন করিতে থাকেন কখন মৃদ্ছিত হন। এই সমস্ত প্রেম বিকার ज्ञानोमिट्रात निक्छे छेश्रहात्मत विषय। श्रदाधानम मत-खडी र्य मगरत रें। उत्नात विरक्ष्यो क्रिलन रम मगरत छिनि হৈতনার উত্মত্তভা দেখিয়া অত্যন্ত মুণা প্রকাশ করিতেন। विट्नियडः क्रानीता विलया शास्त्रन (य, क्रानी न। इन्टल ধার্মিক হওরা যায়না। ভক্তগণ এ কথার সম্পূর্ণরূপে অনাস্থা প্রকাশ করিয়া থাকেন। এক জন নিরক্ষর মূর্খ ঈশ্বরানুতাছে ভক্তিলাভ করিয়া দেবতাদিগেরও পুজনীয় ভইতি পারেন। অত এব ভক্তি জ্ঞান সাপেক নহে।

অধিকাংশ ব্রাক্ষের এইরূপ সংস্কার যে, ধর্ম সহজ জ্ঞান-মূলক স্মতরাং ভাষা আর শিক্ষা করিতে হর না। এই মংক্ষারবশতঃ ব্রাহ্মসমাজে ধর্মের উন্নতি হইতেছে না। ক্ষবি, বাণিজ্য, বিজ্ঞান, দর্শন, শিপ্প, সাহিত্য প্রভৃতি সংসারের জ্ঞাতব্য সমস্ত বিষয়ই শিক্ষণীয়, শিক্ষা ভিন্ন कान विषदात्र छेन्नि इत न!, किन्छ धर्म मिक्कगात्र नहरू, ইহা কিরপে ব্রাহ্মগণ স্বীকার করেন তাছা আমি বুঝিতে পারি না। ব্রাক্ষসমাজে ধর্ম শিক্ষা প্রচলিত না থাকাতে ব্রাক্ষদিগোর মধ্যে সকলেই সমান। যিনি বিংশতি বংসর ত্রাক্ষসমাজে প্রবেশ করিয়াছেন, ভাঁছার সৃষ্টিত এক জন নব্য ত্রাশ্যের কিছু মত্তে ভিন্নতা স্বীকার করা হয় না। এইরূপ ধর্মশিক্ষার অভাবেই ব্রাক্ষ্মমাজের উন্নতি ত্রোত অব্যাহ হ হ র। রহিরাছে। অন্যান্য বিষ্যের ন্যায় ধর্মও শিক্ষ-ণীয় নিষয়। উপাযুক্ত আচার্যোর মিকট ধর্মশিক্ষা করিয়া নুষ্য জীবনকে সফল করিতে ছইবে। ঈশ্বর প্রসাদে প্রায় এক वर्ष काल इन्टें उ बाक्षमभाद्ध धर्मानका खनानी खर्रावंड হররতের, এর অংশ কালেই ধর্মশিক্ষার উপকারিতা বিশেষ রূপে হৃদয়। হৃদ করিয়াছি।

ক্রমশ।

भःवाम ।

গত ২রা ফাল্পুণ বারিষ্টার শ্রীযুক্ত বাবু মনোমোহন ঘোষের ভবনে তাঁছার পঞ্জীর যত্নে উপাসনা ও সঙ্গীত হুইয়াছিল। মনোমোহন বাবুর সহিত ব্রাক্ষসমাজের সামাজিক বিষয়ে বহুকাল হুইতে যোগ চলিয়া আসিতিত, এবং ইহার পঞ্জী ইদানীস্তন ধর্মবিষয়ে অনুরাগ প্রকাশ করিতেছেন। মাহারা খুষ্টীয়ান হুইতে ইচ্ছা করেন না অধ্বচ ব্রাক্ষসমাজের সঙ্গে সম্পূর্ণ একীভূত নহেন তাঁছা-

দের ধর্ম ৪ সমাজ সম্বন্ধে নিতাস্ত সক্ষটাবস্থা। আ্মরা ভরসা করি তাঁহারা সমরে ব্রাক্ষসমাক্তের সভ্য মধ্যে পি:ি গণিত হ≑বেন, কারণ এই উদার ইসমাজের মধ্যে কাঁহাদের জন্য যথেষ্ট স্থান আছে।

আমরা দেখিরা অভিশর আহ্বাদিত হইতেছি যে ভক্তিভাজন আচার্য্য প্রীযুক্ত বাবু দেবেন্দ্রনাথ চাকুর মহাশর ছানে স্থানে বালসমাজে গমন করিয়া উপাসনা, উপদেশ এবং সংক্ষৃত শ্লোকের ব্যাখ্যা দ্বারা বালদিগকে উপত্নত করিতেছেন। তাঁহার এই প্রাচীন বয়সে এরপ স্থান্ত উৎসাহ এবং উজ্জ্বল ধর্মভাব দেখিরা শিথিল হৃদর ভয়োদ্যম যুবা বালগণের সাশা সঞ্জীবিত হওরা উচিত।

ধর্মজীবনের পথে চলিতে চলিতে এক একবার ভূতকালের ইতিছাস পাঠ করিলে অনেক উপকার ছয়। নিজ
জীবনের যে যে স্থানে ঈর্মরের প্রতাক্ষ বিশেষ দয়ার চিহ্ন
বর্ত্তমান আছে তাছা লিপিবন্ধ করিয়া মধ্যে মধ্যে ভক্তি
বিশ্বাসের সহিত পাঠ করা কর্ত্তবা, এবং ব্রাহ্মসমাজের উন্নতির প্রবাহ কোন্ পথ দিয়া কিরপে অগ্রসর হইল, কোন্
অবস্থার ঈর্মরের কিরপ দয়ার বিধান সকল প্রচারিত হইয়)
ইহাকে বিপদ বিশ্ব ছইতে উদ্ধার করিল এবং অন্ধ্রকার
হইতে আলোকময় সভাপথে আনিল, তাছাও "ব্রাহ্মসমাজের ইতিরক্ত" নামক পৃত্তকে পাঠ করা উচিত। ব্রাহ্মসমাজের ভূত ভবিষাৎ উভয়ই ঈর্মরের কক্ষণায় পরিপূর্ণ।
এ সকল অধ্যয়ন করিলে বিশ্বাস পরিমার্জ্তিত এবং দৃট্নভূত
ও আশা সমুজ্জ্বলিত হয়।

আগামী ২১ শে ফাল্পুণ শনিবার পাঁচ ঘটিকার সময় টাউন হলে আচার্য্য মহাশাষের এক ইংরাজি বজুতা হইবে। অনেক সম্ভ্রাস্ত উচ্চপদস্থ রাজপুরুষণাণের সভাস্থলে উপস্থিত থাকিবার কথা আছে।

সঙ্গীত।

व्यक्ति द्वत ।-- जान वक्जाना ।

ওরে মন পাথী, আর দেখি, জর দরামর জর দরামর বল দেখি।

ওরে দরাময় নাম স্মধুর নাম, নামটী অবিরক্তবল দেখি।
ওরে আমি যে নাম ধনের কাঙ্গাল, ওরে তা ভূমি জানন
কি।

নামটী ভক্তিভরে গান করিয়ে আমার পিতা রে শুনাও দেখি।

নামটা পিতার কাছে গান করিরে এক মুঠি ভিক্ষা লও দেখি।

ে নামটী প্রমভরে গান করিয়ে আমার তাপিত প্রাণ জুড়াও দেখি।

সদা দয়াময় নাম গান করিলে, তোমার অন্নজলের ভাবনাকি। স্থসম্পদের ভাবনাকি।

ভগতের বাল্য ইতিহার্ন ধর্মবিজ্ঞানবীজ ছিতোপাখ্যানমালা প্রথং থ্য দিউ কতকগুলিপ্রশোতর মহর্ষি নারদের নবজীবন রাজা এরাছিমের বৈরাগ কিকর বারেজিদ রাক্ষ ধর্ম কি ? ছমুদিনী চরিত জীবনাদেখা হাকেজ প্রবোধাবলী ধর্মবন্ধ রাক্ষামাজের ইতির্ভ রক্ষাৎসব নর্মনার উপাখ্যান রক্ষাম্যী চরিত রাক্ষাদিগের প্রতি নিবেদন প্রাথিনামালা (পার্কারের রামাজিক উপাসনা প্রগা তসার ডেলর রাক্ষসমাজ	ীর ভাগ লাভ		いいいとうかいとうしゅうとう
ছিতোপাখানমালা প্রথা থ ডিউ কভকগুলিপ্রশোতর দ্বর্ষি নারদের নবজীবন ল ভপত্মিনী রাবা নাজা এরাছিমের বৈরাগা ককির বারেজিদ রাম্ম ধর্ম কি ? ছমুদিনী চরিত জীবনাদেখা হাক্ষেজ্ প্রবোধাবলী ধর্মবন্ধ্ রাম্মাজের ইতির্ত্ত রাম্মাজিক উপাধ্যান ভ্রাম্মিনা প্রাক্ত প্রাম্মিনা ভ্রাম্	ীর ভাগ লাভ		10 do
প্র দিউ কভকগুলিপ্রমোত্তর দহর্ষি নারদের নবজীবন ল ভপিন্দিনী রাবা রাজা এরাছিমের বৈরাগা ককির বারেজিদ রাক্ষা ধর্ম কি ? কুমুদিনী চরিত্ত জীবনাদেখা হাক্ষেজ প্রবোধাবলী ধর্মবন্ধ্ রাক্ষামাজের ইভির্ত্ত রক্ষোৎসব নর্মালার উপাধ্যান ক্রমন্ত্রী চরিত্ত রাক্ষান্তির প্রতি নিবেদন প্রার্থনামালা (পার্কারের যোমাজিক উপাসনা প্রগা	ীর ভাগ লাভ		10 do
কভকগুলিপ্রশোভর দহর্ষি নারদের নবজীবন : ভপস্থিনী রাবা রাজা এরাছিমের বৈরাগ ক্রির বারেজিদ রাক্ষা ধর্ম কি ? চুমুদিনী চরিত্র জীবনালেখা চাফেজ প্রবোধাবলী ধর্মবন্ধ রাক্ষারী চরিত্র রাক্ষানার উপাখ্যান ব্রক্ষার্মী চরিত্র রাক্ষানালা (পার্কারের রামাজিক উপাসনা প্রগা	লাভ ্ ্ ্ ্ ্ ্ ্		() /* / / / / / / / / / / / / / / / / / /
মন্থর্কি নারদের নবজীবন ব তপন্থিনী রাবা নাজা এরাছিমের বৈরাগ ক্ষির বারেজিদ রাজ্ম ধর্ম কি ? কুমুদিনী চরিত্ত জীবনাদেশ্য হাক্ষেজ প্রব্যোধাবলী ধর্মবন্ধু রাজ্যমাজের ইতির্ভ্ত রক্ষাৎসব নর্মানাজের ইতির্ভ্ত রাজ্মিয়া চরিত্ত রাজ্মিয়া চরিত্ত	্য রঙান্ত 		() /* / / / / / / / / / / / / / / / / / /
ভপিন্দিনী রাবা বাজা এরাছিমের বৈরাগ ক্ষির বারেজিদ রাম্ম ধর্ম কি ? ছমুদিনী চরিত জীবনাদেশ্য হাফেজ প্রবোধাবলী ধর্মবন্ধ রাম্মনাজের ইতির্ত রাম্মনার উপাধ্যান র্মানার উপাধ্যান রাম্মনী চরিত বাম্মনির উপাধ্যান বাম্মনী চরিত বাম্মনির উপাধ্যান বাম্মনির উপাধ্যান বাম্মনির উপাধ্যান বাম্মনির উপাধ্যান বাম্মনির উপাধ্যান	্য রঙান্ত 		10 do
নাজা এরাছিমের বৈরাগ কির বারেজিদ রাশ ধর্ম কি ? কুমুদিনী চরিত্ত জীবনালেখা হাকেজ প্রবোধাবলী ধর্মবন্ধ্ রাক্ষামাজের ইতির্ত্ত রক্ষোৎসব কর্মলাব উপাধ্যান রক্ষাম্যী চরিত যাক্ষাম্যা চরিত যাক্ষান্তার প্রতি নিবেদন প্রাধানালা (পার্কারের যোমাজিক উপাসনা প্রগণ ভসার	 		10 do
দকির বারেজিদ রাক্ষ ধর্ম কি ? চুমুদিনী চরিত্ত জীবনাদেশা চাক্ষেজ প্রবোধাবলী ধর্মবন্ধ রাক্ষানাজের ইতিরত রক্ষোৎসব নর্মনার উপাধ্যান ক্রেমন্নী চরিত রাক্ষানালা (পার্কারের রামাজিক উপাসনা প্রণা	 		1/0 10 10 10
বাক্ষ ধর্ম কি ? কুমুদিনী চরিত্ত কীবনালেখা হাক্ষেজ প্রবোধাবলী ক্রেবিক্ বাক্ষানাজের ইতির্ক্ত বক্ষোৎসব নর্মানার উপাখ্যান ক্রেমায়ী চরিত যাক্ষাদিগোর প্রতি নিবেদন প্রার্থনামালে (পাকারের যামাজিক উপাসনা প্রগা তসার	অনুবাদ)		1/0 10 10 10
কুমুদিনী চরিক্ত জীবনাদেশ্য হাক্ষেজ প্রবোধাবলী ধর্মবন্ধ্ রাক্ষ্যমাজের ইতির্ক্ত রক্ষোৎসব নির্মালার উপাশ্যান ক্ষময়ী চরিত গাক্ষদিগের প্রতি নিবেদন প্রার্থনামালা (পার্কারের গামাজিক উপাসনা প্রণা তুসার	অনুবাদ)		10
জীবনাদেশ্য হাকেজ প্রবোধাবলী ধর্মবন্ধ্ বাক্ষরকাজের ইতির্ভ বাক্ষামাজের ইতির্ভ বাক্ষাৎসব নর্মালার উপাধ্যান ক্ষমগ্রী চরিত গাক্ষাদিগের প্রতি নিবেদন প্রার্থনামালা (পার্কারের গামাজিক উপাসনা প্রণা তসার	অনুবাদ)); 10 20 7)0
হাকেজ প্রবেধাবলী ধর্মবন্ধ বাক্ষমাজের ইভির্ভ বন্ধোৎসব নর্ম্মনার উপাধ্যান ক্ষমন্ত্রী চরিত বাক্ষদিয়ের প্রতি নিবেদন প্রার্থনামালা (পার্কারের বামাজিক উপাসনা প্রণা	অনুবাদ)		10
প্রবোধাবলী ধর্মবন্ধু রাজসমাজের ইতির্ক্ত রক্ষোৎসব নর্মানার উপাধ্যান রক্ষময়ী চরিত রাজদিযোর প্রতি নিবেদন প্রার্থনামালা (পার্কারের যামাজিক উপাসনা প্রণা তসার	অনুবাদ)		110
ধর্মবন্ধ্ বান্ধসমাজের ইতির্ক্ত বন্ধোৎসব নির্মানার উপাধ্যান বন্ধময়ী চরিত বান্ধানিযোর প্রতি নিবেদ প্রার্থনামালা (পার্কারের বামাজিক উপাসনা প্রণা তসার	অনুবাদ)		110
বাক্ষসমাজের ইতির্ক্ত বলোৎসব নর্মনার উপাধ্যান বক্ষময়ী চরিত বাক্ষদিগের প্রতি নিবেদন প্রার্থনামালা (পার্কারের বামাজিক উপাসনা প্রণা তসার	অনুবাদ)		110
ব্ৰন্ধোৎসব নৰ্মনার উপাধ্যান ক্ষেময়ী চরিত গ্লেমিয়ার প্রতি নিবেদ প্রার্থনামালা (পার্কারের গ্লেমাজক উপাসনা প্রণা তসার	অনুবাদ)		مر واوره مرواه - خورمه
নর্মলার উপাধ্যান ক্রময়ী চরিত গান্দিগের প্রতি নিবেদ প্রার্থনামালা (পার্কারের গামাজিক উপাসনা প্রণা তসার	অনুবাদ)		مرواه بلوسو درواه
বন্ধময়ী চরিত বান্ধদিনের প্রতি নিবেদ প্রার্থনামালা (পার্কারের বামাজিক উপাসনা প্রণা তসার	অনুবাদ)		. 414. . 416. 416.4
নান্দিনোর প্রতি নিবেদ প্রার্থনামালা (পার্কারের নামাজিক উপাসনা প্রণা তসার	অনুবাদ)	さ () () () () () () () () () ()	ري پوڻي مان
প্রার্থনামালা (পার্কারের গোমাজিক উপাসনা জ্ঞাণ ভসার	অনুবাদ)	* T	(2
ামাজিক উপাসনা <mark>জ</mark> ণা ভসার	नी	• • •	
ভদার ়			187
•			* 1/
(८ व व 🔾 । भागाना अ	N. 100	Seath.	
गिकिका विमानितात छैला	75 A T T T T T T T T T T T T T T T T T T	TO ON CHART	, 6
া। নংগা (৭ন) গেরের ভণা নির প্রতি উপদেশ	जिला अस स्ट्र	১ ৪খ শ্ৰাপ্ত	
	•••	•••	/>
তকগুলি ধর্ম কণা (১ম		•••	Ġ
प्रे प्रे (२व	ভाग)	***	6
जे धर्माभरमम	•••	• •	6
াশধর্ম প্রচার কার্যা, বিব্		•••	e/o
ক্ষিসমাজের বর্তমান অব	স্থ	•••	10
খী পরিবার	•••	•••	/0
দীত্মালা ·		••••	6/0
ৰ্ম ও নীতি	•••	•••	1.
।ারালিয়া ব্রা ন্দসমা জের।	প্ৰাৰ্থনা ও উপ	ा दमभ	ho
ভাষালা	• • •	•••	150
ৰ্যসাধন দিতীয় কপ্প	••	•••	10
ংক্ষত উপাসনাপদ্ধতি	•••	•••	/0
ন্দি মতসার		•••	10
ঐ হিংসাবিচার	•••	•••	1.0
সন্নতা প্রদায়িশী	•••		/0
	•••		ه ره
	দৰ বিবরণ)•
		***	مار مار
	begg stras 1	मकोत	10
			9/0
		•••	d'.
ा र राज्याद्या स्थाति		•••	4.
C			
গ্ৰাহক মহাখ্যগৰ ক	ণা করিয়া-র্থ	ণীর স্বীয় অর্	ত্র য
-11/1 1/1/1/1 6			
ব্লক মূল্য প্রেরণ করিয়া	マースアス マギ	त्न व्यामापि	गरक वष्
	সমতা প্রদায়িনী বরাগ্য উত্থাম ত্রাক্ষসমাজের উৎয ৎসাহ শতকাব্য মাহনগর ত্রাক্ষসমাজের ১ মিফিক এমুয়েলের বাজা মাক সংএেহের হিন্দু শাত্র বিষ আহক মহাশ্রগণ ক	সম্বতা প্রদায়িনী বরাগ্য উথ্যাম প্রাক্ষসমাজের উৎসব বিবরণ ৎসাহ শতকাব্য মাহনগর প্রাক্ষসমাজের ১৮৭৭ সালের র মিষ্টিক এমুয়েলের বাঙ্গালা অংশ নাক সংগ্রেহের হিন্দু শাজ্রাংস বিজ্ঞাপন । গ্রাহক মহাশ্রগণ কপা করিয়া ব	সন্ধতা প্রদায়িনী বরণায় বরণায় বরণায় বরণায় বরণায় বরণায় বরণায় হাক্ষসমাজের উৎসব বিবরণ বাহনার বাদ্মসমাজের ১৮৭৭ সালের সঙ্গীত বাহিক এনুরেলের বাঙ্গালা অংশ বাহক সংগ্রেহের হিন্দ্র শাজ্রাংস বিজ্ঞাপন। ব্যাহক মহাশ্রগণ রূপা করিয়া স্বীয় ত্বীর ত্বীর মুল্য প্রেরণ করিয়া বাধিত করিবেন। প্রাণ্ডিক মূল্য প্রেরণ করিয়া বাধিত করিবেন। প্রাণ্ডিক বিবিয়া মূল্য আদার করিতে হইলে আমাদিণ

धर्या ७ ख

স্থবিশালমিদং বিশ্বং পবিত্রং ব্রহ্মমন্দিরং।
চেতঃ স্থনির্মলন্তীর্থ সত্যং শান্তমনশ্বরং ॥
বিশ্বাসোধর্মমূলং ছি গ্রীতিঃ পরমসাধনং।
স্থার্থনাশস্তু বৈরাগ্যং ব্রাক্তেরবং প্রকীর্ত্যাতে॥

১১ ভাগ। ৫ সংখ্যা।

>লা চৈত্র মঙ্গলবার, ১৭৯৮ শক।

্ৰে বাৰ্ষিক অত্ৰিম মূল্য ২**।**০ মফস্থল ঐ ৩০

প্রার্থনা।

 'হে নাথ! এতদিন তোমার নিকট যাতায়াত করিতেছি কিন্তু এমনটী কখন হইল না যে তোমার রূপ গুণে বিমোহিত হইয়া সংসারের কোন স্বার্থ স্থথ বিশ্বত হইলাম। শুনিয়াছি তোমার প্রিয় প্রেমান্তরক্ত সাধকদিগের লোকিক ব্যবহার সম্বন্ধে অনেক ভুল হয়, তাঁহারা তোমার স্বরণ মনন চিন্তন এবং সেবায় এত ব্যস্ত এবং আসক্ত যে সময়ে সময়ে আহার পান করিতেও ভুলিয়া যান, বাহিরের কোন विषया कि क्रिकि लोड इहेल ना इहेल ठाहा তাঁহাদের মনে থাকে না। কিন্তু সেরূপ ভুল ভ্রান্তিত আমার কখন হইল না। পার্থিব বিষয়ে আমার এমন প্রথর দৃষ্টি, নিজের স্বার্থ স্থাবে প্রতি এমন প্রগাঢ় অনুরাগ, যে কোন দিন এরূপ হইল না যে তোমার মাধুর্য্য রসে মগ্ন হইয়া তাহা ক্ষণকালের জন্যও বিশ্বত গভীর-হইলাম ৷ উপাসনাই করি, আর क्राप्त राशि क्षान नाम मक्षीर्जनहे मध हहे, বিষয়বুদ্ধি, সংসারাসক্তি, নীচ ছুর্বাসনা সকল যেমন তেমনই থাকে। তোমার সাধন ভজনে ক্ষণকাল মনোনিবেশ করিব, তাহার মধ্যেও ইন্ডিয়ের বিষয়, সংসারের ছবি সকল কত-वाबरे ना छिडरकं हक्त करत ! रेष्ट्रा कति ना,

চেফাও করি না, তথাপি তাহারা বার বার, দেখা করিতে আইদে,বলপূর্ব্বক চিভকে বাহিরে টানিয়া আনে। তাহাদের সঙ্গে এমনই গাঢ় প্রায় জিমিয়াছে যে আমি ছাড়িলেও তাহারা এখন আমাকে এক মুহর্ত্তের জন্য ছাড়ে না। দিনাস্তে এক ঘণ্টাকাল অবিচ্ছেদে তোমার সঙ্গে আলাপ করিব কি তোমার নিকট বসিয়া থাকিব তাহাতেও এই সকল প্রতিবন্ধক। যাহা ভুলিতে চেফা করি তাহাও মনের মধ্যে আসিয়া উদয় হয়, আপনা হইতেই উপস্থিত হয়। কিন্তু বিষয়কার্য্যে, সংসার কোলাহলে যখন নিযুক্ত হই তথনত তোমার ভাব, তোমার চিন্তা তেমনি স্বভাবতঃ হৃদয়ে উদিত হয় না। সনার কালে সংসার যেরূপ পুনঃ পুনঃ চিত্তকে চঞ্চল করে, বিষয় কার্য্যের সময় তুমিত সেরূপ কর না। তোমার একটু আভাসও যদি তথন পাই তাহা হইলেও কৃতার্থ হইতে পারি। কিন্তু পাপ্ প্রকৃতির এমনি আধিপত্য যে সহজেদে আমাকে তোমার নিকট যাইতে দেয় না। বিষয়বাসনায় চঞ্চল হইয়া যেমন অন্যান্য সৎকার্য্য করিতে, পবিত্র বিষয় ভাবিতে ভুলিয়া যাই, হৈ হৃদয়-বিহারী ঈশর! তোমার প্রেমে, সৌন্দর্য্যে এবং গুণে মুগ্ধ হইয়া যেন আমরা বাহ্ম বিষয়ে সময় সময় তেমনি ভূল হয়, পাপ क्रविट्ड (यन अक्रवाद्यं जूलिया याहे। त्कान

্তক্ষতর বৈষয়িক কর্ম্ম সম্পাদ:ন বিশ্বৃত হইলে

নন যেরপ সচকিত্ব হইয়া উঠে, তেমনি পাপ
বিশ্বৃত হইয়া হৃদয়ে যেন পবিত্র আনন্দ
সম্ভোগ করিতে পারি। আমার ক্ষতি হউক,
ভুল হউক, আমি তোমার জন্য অজ্ঞান এবং
অন্যমনস্ক হই সে ভাল, কিন্তু স্লচ্ছুর সতর্ক
জ্ঞানী হইয়া যেন পাপাচরণ না করি। যে
অবস্থায় তোমাকে পাই তাহাই আমার পক্ষে
মঙ্গলজনক।

ধর্মে বিজ্ঞান এবং উন্মত্ততা।

বিগত ২১শে ফাল্গন অপরাত্নে টাউনহলে উপরোক্ত বিষয়ে আচার্য্য মহাশয় একটা বক্তৃতা করেন। ইহার সার মর্ম্ম আমরা কিছু প্রকাশ করিতেছি।

চারি সহস্র বৎসর পূর্বের এই দেশে আর্য্য ঋষিদিগের মধ্যে গভীর ব্রহ্মচিন্তা ধ্যান বৈরাগ্য এবং ধর্মোন্মত্তবার প্রাত্মভাব ছিল, এক্ষণে স্থ-শিক্ষিতদিগের মুখে কেবল বিজ্ঞান ও সভ্যতার জন্নধনি উচ্চারিত হয়। শৃষ্টধর্মের প্রথমাবস্থায় এই রূপ মত্তার ধর্ম দৃষ্টিগোচর হইয়াছিল, এক্ষণে কেবল জ্ঞান সভ্যতার মহিমা সকলে মহীয়ান্ করিতেছেন। বিজ্ঞান ও মত্তা উভয়ই ঈশ্বর প্রদত্ত, এক্ষণে এই তুইটীর সমন্বর কিরূপে হইতে পারে? বিজ্ঞান এবং বিশাসের মধ্যে চিরকাল বিবাদ চলিয়া আসিতেছে। এই বিবাদ উভয়ের কোন একটীর বিচারালয়ে মীমাংসিত হইতে পারে না। সহজ্ঞান এক মাত্র ইহার বিচারালয়। এক জন বৈজ্ঞানিক এবং এক জন বিশ্বাসী সাধককে এক স্থানে বসাইতে হইবে এবং কাহার কি দিবার আছে তাহা গ্রহণ করিতে হইবে।

বিভিন্ন দেশে ভিন্ন ভিন্ন জাতিরমধ্যে বিজ্ঞান শান্তের নানা প্রকার মত প্রচারিত হইয়াছে। কেহ বলিয়াগিয়াছেন, আত্মাএবং পৃথিবী ব্যতীত আর কিছু নাই, কেহ বা ঈশ্বর ভিন্ন আর অন্য কোন সভা স্বীকার করেন নাই। কেহ কেবল

পৃথিবী এবং ঈশ্বর, কেহ ঈশ্বর ও আত্মা স্বীকার করিয়া গিয়াছেন। কিন্তু ঈশ্বর, আত্মা, জগৎ এই তিনটা সত্য সর্ববাদী সম্মত। বিজ্ঞান-শাস্ত্র এ কথা প্রমাণ করিয়া দিয়া গিয়াছেন, যে আত্মা, জগৎ এবং ঈশ্বর আছেন, এবং প্রথম তুইটা শেষোক্ত সত্যের উপর নির্ভর করিতেছে। এই অস্তিত্ব কেহ অস্বীকার করিতে পারেন না। কিন্তু বিজ্ঞানের অধিকারত সংস্থাপিত হইল, মত্তার অধিকার কোথায়? সংসার এবং নিজের সম্বন্ধে লোকের মত্ততা প্রচুর পরিমাণে দেখা যাইতেছে। দিবা নিশি সকলে ব্যস্ত হইয়া উন্মাদের ন্যায় বিষয়ের পশ্চাতে ধাবিত হইতে-ছেন। রোপ্য মুদ্রার সৌন্দর্য্যে মানবদিগ্রের চিত্ত বিমুগ্ধ হইয়। রহিয়াছে। সংসারসম্বন্ধে লোক যে পাগল প্রায় তাহা আমরা প্রত্যক্ষ করি-তেছি। কিন্তু বিজ্ঞান প্রতিপাদ্য ছুইটা বিষয়ে যদি আমাদের এত উন্মত্ততা হইল, তবে ঈশ্বরের জন্য কেন আমরা পাগল হইব না ? তিনি কি অবাস্তবিক অসৎ পদার্থ ? অন্ততঃ প্রথম তুইটীর সমতুল্য সত্য বলিয়াও তাঁহাকে বুঝিতে হইবে। আমরা জগৎ এবং আত্মাকে যে রূপ সত্য বলিয়া বিশ্বাস করি ঈশ্বরকে সে রূপ করি না। কিন্তু তাহা করিতে হইবে। এই জন্য গভীর একা-গ্রতা প্রগাঢ় চিন্তা আবশ্যক। বাহ্য পদার্থকে যেমন আমরা সত্য স্থন্দর মনোহর বলিয়া প্রতীতি করিতেছি, একাগ্রচিত্ততা দ্বারা তেমনি ঈশবের অস্তিত্ব মধ্যে প্রবিষ্ট হইয়া অভ্যস্তরস্থ গুঢ় সত্য হৃদয়প্রম করিতে হইবে। বিশ্বাসী সাধক ধ্যান বলে এই অনাদি অনস্ত সত্যের ভিতরে প্রবেশ করেন, এবং সমাধিযোগে তাঁহাকে সার সত্য বলিয়া উপলব্ধি করেন। জ্ঞানী যেখানে বলেন তিনি আছেন, কিন্তু অপরিজ্যে, বিশ্বাসী সেখানে বলেন আমি তাঁহাকে দেখিরাছি, ধ্যানযোগে তাঁহার নিগৃঢ় সতা অমুভব করি-য়াছি। বিশাসী প্রথমে তাঁহাকে সত্য বলিয়া ধরিলেন, তদনস্তর তাঁহার শিবং এবং স্থলরং অবলোকন করিয়া তিনি বিমুগ্ধ হইলেন। যথন ঈশবের সত্য স্থার মঙ্গলভাবে তাঁছার

চিত্ত নিমগ্ন হইল, তখন হৃদয়ে কবিত্বরস শান্তির উৎস উৎসারিত হইল এবং তথন ডিনি সমস্ত জগংকে ব্রহ্মময় বোধ করিতে লাগিলেন। তথন নদী পর্বত কানন উপবন. কুমুমিত বৃক্ষলতা, আকাশবিহারী বিহঙ্গ এবং বনচারী পশুগণ ঈশ্বরের কথা প্রচার করিতে লাগিল। তখন স্বর্গীয় কবিত্বরদে অন্তর বাহির একাকার হইয়া হদর মন পুলকিত হইল। এই অবস্থায় সেই মহাকবি ঈশা বলিয়া-ছিলেন, "কেত্রের ঐ স্থলপদা গুলিকে দেখ উহা কেমন স্থন্দর"! তোমরা কি প্রস্ফাটিত গোলাপ বুকের নিকট কখন বসিয়া ছিলে? ্রাস্তবিক গোলাপফুল কথা কয়, পদ্যেতে কথা হয়। এই অবস্থায় ঈশ্বর আপ-নার দেশীয় ভাষায় বিশ্বাসী ভক্তের মুখ দিয়া • পদ্যেতে कथा करहन। ज्ञानीमिरगत ভाষা शम्य, তাহা বৈজ্ঞানিক ভাষা, নিতান্ত কঠোর নীরস, এবং উত্তাপবিহীন শীতল। বিশাসীর ভাষা পদ্য, তাহা জীবস্ত এবং সরস।

এই স্থানে ভাষার বিষয়ে গুই একটা কথা বলা উচিত। জ্ঞানী ও বিশ্বাদীর মধ্যে ব্যাকরণের কিছু প্রভেদ আছে। জ্ঞানীরা অতি নিস্তেজঃ ভাবে বলেন, ইহা করা উচিত, ইহা কর্ত্তব্য উহা অকর্ত্তব্য, ইহা উচিত এবং উহা অমুচিত, এইরূপ রাশি রাশি উচিত্যামুচিত্য লইয়া তাঁহারা নিশ্চিন্ত থাকেন। কিন্তু বিশ্বাদীকে ঈশ্বর স্বয়ং অমুক্তা করিতেছেন, অমুক কর্মা কর, অমুক স্থানে যাও। প্রগল্ভ্যা ঈশ্বরীভক্তি তাঁহাকে তৃণের ন্যায় কার্য্যক্ষেত্রে টানিয়া লইয়া যায়।

উপরোল্লিখিত তিনটী মূল সত্যের মধ্যে বিজ্ঞান ও প্রমন্ততার সামঞ্জস্য প্রদর্শিত হইল। একণে মনুষ্যের জন্ম ও উন্নতির বিষয়ে কিছু বলা যাইতেছে। মানবের উৎপত্তি বিষয়ে এখন অনেক শাস্ত্রীয় কথা প্রচারিত হইয়া থাকে। হনুমান এবং বনমানুষ আমাদের আদিপুরুষ ছিলেন, কোন কোন বিজ্ঞানবিদের এই মত, ইহা যদি কত্যে হয় তবে আমরা আমাদিগকে বড় গোরবের

পাত্র মনে করিতে পারিব না। যাহউক, সে মত আমি ডারুইন্ এবং হারিলির জন্ম রাথিয়া দিলাম। একণে সাধারণ জাতি সম্বন্ধে উৎপত্তি ও উন্নতির কোন বিচার না করিয়া ব্যক্তিগত জীবন কিরূপ উন্নতি লাভ করিতেছে তাহা দেখা যাউক। মনুষ্য প্রথমে একটা জ্রণ, তার পর পশু, তার পর মনুষ্য, দর্বশেষে দেবতা। ধর্ম ও বিজ্ঞানের মতামত লইয়া যে যত বিবাদ বিতণ্ডা করুন, নিরুষ্ট প্রবৃত্তির উপর কর্ত্তব লাভ করিয়া জিতেন্দ্রিয় দিজাত্মা হওয়াই প্রকৃত কার্যা। মনুষ্যের চতুর্বিধ অবস্থা বিজ্ঞান দারা প্রমাণীকৃত হইল, এক্ষণে দেবত্বের দারা জড়ত্ব পশুত্ব এবং মনুষ্যত্বকে বধ করিতে হইবে. তদ্তিম পাপ কখন অসম্ভব হইবে না। হিন্দুগণ যে পুনর্জন্মের কথা বলেন তাহার অর্থ আছে। বস্তুতঃ মনুষ্য গাছ পাথর পশু হইয়া থাকে। কুপ্রবৃত্তি কর্তৃক নীয়মান হইয়া সে পর্য্যায় ক্রমে জড় পশু উদ্ভিজের ন্যায় অবস্থা প্রাপ্ত হয়। পুনরায় পুণ্য কর্ম দ্বারা আবার সে দেবত্ব লাভ করে। এক জন্মের মধ্যে এইরূপ পুনঃ পুনঃ জন্ম হইয়া থাকে। আর একটা কথা আছে সশরীরে স্বর্গে গমন। ইহাও অতি গভীর কথা। যথন ব্রক্ষেতে চিত্তের সমাধি হয় তথন শ্রীর কোথায় থাকে? শরীর আছে কিনা তাহা যোগী মনে রাখিতে পারেন না। তিনি অধ্যাত্ম-যোগ বলে অদৃশ্য ব্রহ্মলোকে গিয়া ব্রহ্মের পদতলে উপবেশন করেন, সেখানে অমরাত্মা সাধু মহাজনদিগকে ঈশ্বরের সিংহাসনের চতুঃ-পার্ষে তিনি দর্শন করেন। ঈশ্বর কথন একা থাকেন না, যেখানে তিনি সেই খানেই তাঁহার পারিষদ্ ভক্তরন্দ বিরাজ করিতেছেন। বিশাসী আত্মা সশরীরে স্বর্গে গিয়া এই শোভা অবলোকন করত কুতার্থ হয়েন। স্বর্গবাসী ভক্তেরা কি তাঁহাকে কোন শুক্ষ ধর্মমত বা ধর্ম বিজ্ঞান বা ব্রতাদি নিয়ম গ্রহণ করিতে বলেন ? না, তাঁহার সঙ্গে একীভূত অভেদাত্মা হইয়া তাঁহারা থাকিতে চান। ইহাকেই বলে সশরীরে স্বর্গে গমন। উন্মন্ততা ব্যতীত এই রূপ নবজুীবন কখন

লাভ করা যায় না। মনুষ্যের উন্নতির প্রণালী
ত্র্ধ্যে বিজ্ঞান এবং উন্মত্ততা উভয়েরই; এইরূপে
দন্মিলন হইতে পারে।

আমার শেষ কথা রাজভক্তি সম্বন্ধে, ইহার মধ্যেও বিজ্ঞান ও প্রমত্তার ছুইটা বিভাগ আছে। আধুনিক বৈজ্ঞানিক মত এই যে, माधात्र वाककीय विधिक माना कत, ताका वा শাসনকর্ত্তা কেহ নহে। শাসন বিধির অধীনতা স্বীকার করাই রাজভক্তি। কিন্তু প্রমত্তা বলে আমি দেই ব্যক্তিকে চাই যাঁহাকে দেখিয়া এবং ভক্তি করিয়া আমি পরিতৃপ্ত হইব। রাজভক্তি হিন্দুজাতির একটা শুষ্ক মত নহে, ইহা হৃদয়ের এক ধর্মভাব। এ দেশের লোকেরা বহুকাল হইতে রাজাকে ভক্তি করিয়া আসিতেছে। এই ভক্তি আমাদের একটা স্বাভাবিক প্রবৃত্তি বিশেষ। রাজার নামেতে আমাদের হৃদয় হইতে ভক্তি কুতজ্ঞতার ভাব প্রবল বেগে উচ্ছ্রদিত হয়। ভারতবর্ষ ইংরাজ জাতির হস্তে পতিত হওয়াকে আমি বিধাতার প্রত্যক্ষ দয়ার কার্য্য মনে করি। व्यत्नदक वर्णन िम्लीम्बराद्य दकान धर्माविधिव অনুসরণ করা হয় নাই। কিন্তু কোন ইতি-হাদের ঈশ্বরবিশ্বাদী ভক্ত যদি তথায় সেই বহু জন সমাকীর্ণ ভারতীয় বিখ্যাত রাজন্যবর্গে পরি-পুরিত মহাসভায় উপস্থিত থাকিতেন, তিনি স্পাক্ট দেখিতেন যে স্বয়ং বিধাতা মহারাণীর মস্তকোপরি "ভারতেশ্বরী" উপাধিরূপ মুকুট স্থাপন করিতেছেন। ব্রিটিশ রাজের পালিত এবং স্থরক্ষিত হইয়া যাহারা রাজভক্তি বিরোধী হয় তাহার৷ বিশাসঘাতক কৃতম বলিয়া পরিগণিত হইবে। ভারতবর্ষ ইংলণ্ডের পদতলে বসিয়া শিক্ষা করুক। দেশীয় যুবকগণ বিদ্যালয়ে আধুনিক জ্ঞান বিজ্ঞান শিক্ষা করিয়া ইংরাজি শিক্ষক ও অধ্যাপকদিগের দারা দীক্ষিত হইয়া শুত্রকেশ প্রাচীন আর্য্যগণের নিকট ধ্যান বা বৈ-রাগ্য, গভীর ত্রহ্মানন্দ এবং আধ্যাত্মিক প্রমন্ততা শিক্ষা করুন। এইরূপ পঞ্চাশ জন স্থশিকিত **जानी कार्यात्कार्य व्यवजीर्ग हरेया, रायमन मिल्लीर्ड** দরবার হইয়াছিল তেমনি রাজা ধিরাজ বিখাধি- পতি ঈশ্বরের রাজদরবারে রাজভক্তির উপহার অর্পণ করুন। পঞ্চাশ জন প্রেমোদ্মন্ত প্রচারক এইরূপে বাহির হউন, তাহা হইলে ভারতের সঙ্গে অন্যান্য দেশ এক হৃদয় হইয়া সর্ব্বত্র শান্তি বিস্তার করিবে।

এই বক্তৃতার মধ্যে তিনটী বিভাগ করা হইয়াছে (১) জগৎ, ঈশ্বর, আত্মা; (২) মনুষ্যের
উৎপত্তি ও ক্রমোন্নতি; (৩) রাজভক্তি। এই
তিনটী বিভাগে বিজ্ঞান এবং মন্ততার সন্মিলন
কিরপে হইবে তাহাই প্রদর্শন করা বক্তার
উদ্দেশ্য ছিল।

প্রত্যক্ষ ও অনুমান।

প্রত্যক্ষ ও অনুমান এই চুইটা প্রমাণ মধ্যে শ্রেষ্ঠ। যৎ সম্বন্ধে আমাদিগের সাক্ষাৎ জ্ঞান'. হয়, তাহাকে প্রত্যক্ষ এবং দৃষ্ট বিষয় হইতে অদৃষ্ট বিষয় অনুভব করাকে অনুমান বলে। অনুমান অপেক্ষা প্রত্যক্ষের প্রাধান্য এই জন্য যে, আমরা যাহা অনুমান করি, তাহা প্রত্যক্ষের অপলাপ করিলে প্রমাণ বলিয়া গণ্য হয় না, এবং উহার প্রামাণ্য প্রত্যক্ষ দ্বারা সিদ্ধ। মনে কর আমরা কোন একটা নক্ষত্র বিশেষের গতি হইতে কোন একটা জ্যোতিষিক ঘটনা অনুমান করিলাম। যতক্ষণ না এই ঘটনাটী আমাদিগের প্রত্যক্ষ হইতেছে ততক্ষণ উহা স্থির সিদ্ধান্ত বলিয়া নিশ্চয় হইতেছে না। একবার উহা প্রত্যক্ষ হইলে, আমরা যে কোন সময়ে তাদৃশ গতি হইতে সেই ঘটনা পুনরায় অনুমান ও প্রত্যক্ষ করিতে পারি। মনুষ্ট্রের জ্ঞানের বিষয় যাহা কিছু আছে, উহা প্রত্যক্ষ ও অমুমান সিদ্ধ। আশ্চর্য্যের বিষয় এই, যে আমরা একই বিষয়কে অমুসন্ধানের প্রণালী অমুসারে প্রত্যক্ষ বা অমু-মান ছুয়েরই বিষয় করিতে পারি। যেমন এই বাহ্ম জগৎ, যাহা নিয়ত আমরা চকুরাদি ইন্দ্রিয় দারা প্রত্যক্ষ করিতেছি, উহা প্রত্যক্ষ প্রমাণের বিষয়। আবার অনুসন্ধানের প্রণালী পরিবর্তন করিয়া উহাকে অনুমানের বিষয় করা যাইতে

বাহজগৎসম্বন্ধে দাকাৎ প্রত্যক্ষের বিষয় কি জিজাদা করিলে আমরা দেখিতে পাই, বাহ্য জগতের সহিত চক্ষুরাদির যোগ হইয়া যে প্রতিবোধ উপস্থিত হয়, এই প্রতি-বোধই আমাদিগের সাক্ষাৎ অমুভূতির বিষয়, বাহ্য জগৎ নহে। আমরা এই অমুভূত প্রতি-বোধ হইতে তত্নতেজক বাহ্য জগতের অস্তিত্ব অমুমান করিয়া লই। স্থতরাং আমরা দেখিতে পাই, যে দকল পণ্ডিত আত্মা বা মন হইতে পদার্থতত্তনির্ণয়ে প্রবৃত্ত হইয়াছেন জগৎকে অনুসানের বিষয় করিয়াছেন,; আর याँशता वाक क्रांट इंट्रेंट अमार्थनिर्गरा श्रवल ত্রইয়াছেন, তাঁহারা ইন্দ্রিয়প্রত্যক্ষ বাহ পদার্থ হইতে আত্মা বা মনকে দ্রফা স্পৃষ্টাদি-রূপে অমুমান করিয়াছেন। বাহ্য জগৎ এবং • আত্মা সম্বন্ধে যাহা বলা হইল, ঈশ্বর সন্ধর্মেও তাহাই দেখিতে পাওয়া যায়। আমাদিগের ইন্দ্রিয়গণের অব্যাহত গতি বাহ্য জ্বগৎ দ্বারা প্রতিরুদ্ধ হওয়াতে আমরা যেমন উহার প্রত্যক্ষ জ্ঞান লাভ করিতেছি, ইচ্ছা প্রভৃতির গতি প্রতি-রূদ্ধ হওয়াতে তেমনি নিয়ন্ত্-সম্বন্ধে প্রত্যক্ষ জ্ঞান লাভ করিতেছি। কিন্তু পূর্ব্বে যেমন দেখান গিয়াছে অনুসন্ধানের প্রণালীর তারতম্য বশতঃ প্রত্যক্ষকে অমুমানের বিষয় করা যাইতে পারে, এখানেও তাহাই হইতে পারে।

যথন মনুষ্যের চিন্তাশক্তি দবিশেষ উদ্রিক্তানহে, তথন প্রত্যক্ষ প্রমাণেরই বিশেষ আধিপ্রতা। সে সময় যাহা কিছু অনুভূত হয়, যাহার মধ্য দিয়া অনুভূত হয় তৎসহিত উহা অভিমভাবে পরিগৃহীত হইয়া থাকে। এই জন্যই প্রথমাবন্ধায় প্রভূতশক্তিদ্যোতক প্রাকৃতিক পদার্থ সহ ঈশ্বর, এবং শরীরের সঙ্গে আত্মা বা মন অভিমভাবে পরিগৃহীত দেখিতে পাওয়া যায়। মনুষ্যের চিন্তাশক্তি তেজম্বিনী হইবার সঙ্গে সন্মানের প্রাধান্য লক্ষিত হয়। এই অনুমান হইতেই দর্শনশান্তের প্রভাবে পূর্ব প্রত্যক্ষ বিষয় সকল অনুমানের বিষয় হইয়া গিয়াছে।

প্রত্যক্ষকে মূল না করিয়া অনুমান অপ্রসর হইতে পারে না, এজন্য দর্শুনশাল্রে জগৎ, আর্মাও ঈশ্বর এই তিন পদার্থের এক পদার্থকে দাক্ষাৎ জ্ঞানের বিষয় করিয়া অপর ছইপদার্থকে তাহা হইতে অনুমান করিয়া লওয়া হইয়াছে। পদার্থ ত্রিতয়ের মধ্যে যে দর্শন যে পদার্থকে মূল করিয়া অপর পদার্থব্রয়কে তাহা হইতে নির্ব্বাচন করিয়া লইয়াছে, সে দর্শন সেই পদার্থপ্রধান বলা যাইতে পারে।

আমরা দর্শন সম্বন্ধে যেরূপ বিভাগ করি-লাম সর্বাবয়বদম্পন্ন এরূপ বিভাগ কোথায়ও লক্ষিত না হইতে পারে, কেন মা সকল দর্শনেই চিন্তার অবিমিঞ্জ ভাব রক্ষিত হয় নাই, কিন্তু মূলে যে এই বিভাগ অবস্থিতি করিতেছে, একটু চিন্তা করিয়া দেখিলেই সকলে তাহা বুঝিতে পারিবেন। কারণ ঈশরকে মূল করিয়া অদৈত বাদ, আত্মাকে মূল করিয়া বিজ্ঞানবাদ (Idealism) এবং জগৎকে মূল করিয়া জড়বাদ হইয়াছে। যাঁহারা তত্ত্বনির্ণরে দার্শনিক রীতির অমুসরণ করেন, তাঁহারা কোন কোন পদার্থকে কেবল অনুমানের বিষয় করিয়া লন। ইহাতে **এই ফল লাভ হয় যে, সেই পদার্থ মধ্যে** দাক্ষাৎ প্রত্যক্ষ করিবার যে দকল বিষয় আছে, তাঁহারা তাহা প্রভ্যক্ষ করিতে যত্ন না করাতে তৎসম্বন্ধে তাঁহাদিগের জ্ঞান অতি ক্ষীণভাবে অবস্থিতি করে।

একালের বৈজ্ঞানিক দ্বীভিতে যিনিই যে প্রকার দোষারোপ করুন না কেন, স্থমহৎ গুণ এই যে, উহাতে বাস্তবিক্তার সমাদর যাহা দেখিতেছি, वाट्य। অমুভব করিতেছি, কোন প্রকার তর্কযু-ক্তিতে যাহার অপলাপ হইবার সম্ভারনা নাই, তাহা यथार्थ विनया श्रहण कतिरुटे इट्टेंरिय। বিজ্ঞান ও দর্শনের প্রভাবকে কোন প্রকারে কৈছ অতিক্রম করিতে পারে না,ইহা আমরা প্র-তিদিন দেখিতে পাইতেছি। যাঁহারা वि९ जारामिरगत्र अधिकाः भ भार्यविख्यात्रत श्रक পनार्थरांनी माज दाहा विकान डांहाइनत जनू-

সন্ধানের বিষয়। স্থতরাং তাঁহাদিগের নিকটে
স্কুট্ সর্ব্বে সর্ব্বা। তাঁহাদিগের প্রায় সকলেই
অন্য ছই পদার্থকে স্বীকার করিয়াছেন বটে,
কিন্তু উহা দার্শনিকগণের অনুমান মাত্র,
প্রত্যক্ষবাদিগণের সাক্ষাৎ প্রত্যক্ষের ব্যাপার
নহে। অত্ত্রিব বলা যাইতে পারে, প্রত্যক্ষবাদী বিজ্ঞানবিদেরা আত্মা ও ঈশর সম্বন্ধে
অনুমানবাদী; তাঁহাদিগের নিকট হইতে তৎসম্বন্ধে কেহ বিশেষ জ্ঞান লাভ করিবার আশা
করিতে পারেন না।

যাঁহারা পদার্থত্রয়কেই প্রত্যক্ষের বিষয় বলেন, তাঁহারা এ তিন পদার্থের সূক্ষা সূক্ষা স্বরূপ সকল অবগত হইতে সক্ষম। কেন না যে কোন পদার্থকে সাক্ষাৎ প্রত্যক্ষ রাখিয়া তৎপ্রতি মনোভিনিবেশ করা যায়, তাহা হইতে সাধারণের অগোচর বিষয় সকল লক্ষিত হইতে বাহ্য বিজ্ঞানবিৎ পণ্ডিত এক খণ্ড প্রস্তর বা একবিন্দু জলের মধ্যে যাহা দেখিতে পাইবেন, অনভিজ্ঞ লোক তাহার কিছুই দেখিতে বা বুঝিতে পারিবে না। এইরূপ এক জন মনস্তত্ত্বিং বা ঈশ্বরারাধক মন বা ঈশ্বর মধ্যে যাহা প্রত্যক্ষ করিবেন তাহা অপরের হওয়া অসম্ভব। একালে এই সত্যটী অনেকে স্বীকার করেন না, তাই দার্শনিক বিবাদ মিটিয়াও মিটি-তেছে না। যে বিষয়ের যে প্রকার জ্ঞান লাভ করিতে হইবে, তাহা না করিয়া যদি আমরা বলি অমুক বিষয়ের মধ্যে কিছু নাই, তবে তাহাতে দে বিষয়ের অবমাননা হয় না, যে ব্যক্তি ঐরপ বলে, তাহারই অদারত্ব সপ্রমাণ হয়। অগ্রে বিষয়কে প্রত্যক্ষ করিয়া তন্মধ্যে কি আছে দেখিতে যত্নবান্ হও, পরিশেষে তৎ-দম্বন্ধে মতামত প্রকাশ করিও। আমরা অদ্যকার প্রস্তাব প্রত্যক্ষ ও অনুমানের প্রভেদ প্রদর্শন জন্য অবতারণ করিয়াছি, যাহা বলা হইল বোধ হয় তাহাতে বিষয়টা বিশদরূপে বির্ত হইয়াছে। এখন আমাদিগের বক্তব্য এই, কোন বিষয়ে অনুমান করিতে চাও কর, কিন্তু শুদ্ধ অনুমানে সম্ভাষ্ট থাকিও না। অমুমানের

প্রত্যক্ষে আনয়ন করিয়া যাহাতে মনোভিনি-বেশের দ্বারা তন্মধ্যক্ষ সূক্ষা সূক্ষা স্বরূপ লক্ষণ অবগত হইতে পার তজ্জন্য যত্ন-শীল হও ৷ এরূপ করিলে দেখিতে পাইবে যে, দার্শনিক বিবাদে উন্নতির যে পথ অবরুদ্ধ হইয়া রহিয়াছে, তাহা শাঘু তিরোহিত হইবে ৷

আখ্যায়িকা।

একদা রোম সভাটের এক জন দৃত মদিনা নগরে উপ-নীত হইয়া নগরবাসীদিগকে জিজ্ঞাসা করেন, রাজপ্রাসাদ কোথার বলিয়া দেও, আমি সেখানে যাইব। তাহারা বলে যে এই মদিনার অধীশার মহান্তা ওমর। তাঁহার প্রাসাদ নাই, তাঁছার প্রাসাদ তদীয় উজ্জ্বল জীবন। যদিচ তিনি অধিরাজ বলিয়া জগতে খাত, কিন্তু তাঁহার চরিত্র দরবেশ-দিগের নাায়। ভাতঃ ! তুমি চকুকে আরুত রাখিয়া কেমন করিয়া তাঁহার প্রাসাদ দর্শন করিবে ? হৃদয় ও চক্ষুকে পরি-কার কর, তাঁহার প্রাসাদ দর্শনের চক্ষু ধারণ কর। যাহার कीवतन नीठ जाव नाइ मिड्न प्रशासन्तर ७ व्यामान मर्भन করে। মহাত্মা মহমাদ যখন অগ্নি ও ধূম হইতে মুক্ত (অগ্নি-উপাসনা পরিত্যাগ) হইলেন তথন তিনি সকল দিকে ঈশ্ব-রের মুখ দর্শন করিতে লাগিলেন। অশুভকরী নিক্লফ রতির অনুগত থাকিলে তুমি ঈশ্বরের মুথ কেমন করিরা দেখিবে ? যাঁহার হৃদয়ের দার উন্মুক্ত হইয়াছে, তিনি প্রত্যেক ধূলি কণায় ভূষ্যমণ্ডল দর্শন করেন। ঈশ্বরস্ফে বস্তুর মধ্যে বিরাজমান। এই নেত্রের উপর হই অঙ্গুলি স্থাপন করিয়া বল দেখি জগতের কিছু দেখিতে পাও কি না ? যদি না দেখিতে পাও তচ্জন্য জগতের অন্তিত্ব মিথ্যা ছইল না, তোমার অসুলির দোষ ব্যতীত কিছুই নয়। তাহাই তোমার দর্শনের অন্ত-রায় হইরাছে। নিক্লফ্ট ভাব সম্বন্ধেও এই কথা। তুমি নেত্র হইতে অন্দুলী অপদারিত কর, অতঃপর যাহা দেখিবার ইচ্ছা দেখ। অবগুঠনারত হইলে চক্ষু বিদ্যমানেও তদ্বারা কোন ফল হয় না। ব্যক্তি দর্শন করে, তদ্বাতীত যাহা কিছ ত্বগাদি মাত্র। তাহাই প্রকৃত চক্ষু যাহা বন্ধুকে দর্শন করে। স্থার দর্শন না হইলে অস্ক্র ছওয়া (শ্রঃ!

রাজদৃত এই সকল জীবন্ত কথা প্রবণ করিয়া ছজ্বত গুমরকে দেখিবার জন্য ব্যথা ছইলেন, যান বাছনাদি পরিত্যাগ করিয়া গুমরের অম্বেষণে নেত্রকে নিযুক্ত করি-লেন, তিনি উন্মন্তের ন্যায় নানাদিকে ধাবমান ছইয়া তাঁছার সংবাদ জিজ্ঞাসা করিতে লাগিলেন। এক ক্রবীবল-নারী গুমরকে দেখিরাছিল, সে বলিল থা খোর্ঘা ভক্সুলে যাইয়া দেখ, সেই মহারাজা ভক্জহায়ায় একাকী শ্রাম আছেন। রাজদৃত সেখানে আসিয়া দূর ছইতে তাঁছাকে নিরীক্ষণ করিয়া কম্পিত কলেবর ছইলেন; সেই নিজিত

ঘছাপুৰুষ হইতে এক প্ৰকার ভর আদিয়া তাঁহার অন্ত-त्रतक म्लार्ग कदिल, अमिरक (ध्वरमदेश मध्येष इरेन। ध्यम उ ভর এ ছুই পরস্পার বিৰুদ্ধ পদার্থ, আস্চর্য্য যে এই ডুই বিপরীত ভাব তাঁহার হৃদরে সম্মিলিত হইল। দূত মনে भटन विलाउ नाशितन, आमि आत्मक वाममा प्रिशाहि, কোন বাদসাকে দেখিয়া আমার মনে ত্রাস হয় নাই। কিন্ত এই ব্যক্তির ভয়ে আমার চৈতন্য হরণ করিল। আমি অরণো গ্রামন করিয়াছি, শার্দ্দুলাদি হিংত্র জন্ত দেখিয়া ভয়ে আ-মার মুখ বিবর্ণ হর নাই। আমি সংগ্রামক্তে সংগ্রাম করিয়াছি, শত্রু সৈন্য ধারা আক্রান্ত হইয়া সাহস্ন্য ছই নাই। এই ভূমিভলে নিজিভ নিরন্ত ব্যক্তিকে দেখিয়া আমার সর্বাঙ্গ কম্পিত হইল কেন? বস্ততঃ ইছা পর-মেশ্বর ক্লত **ভন্ন, মমুধ্য কৃত নহে। যে ব্যক্তি ঈশ্ব**রকে ভন্ন ক্রেন, বৈরাগ্য অবলম্বন করিয়াছেন, ভাঁছাকে দেখিয়া অুমুর মর সকলেই ভীত হয়। দৃত এইরূপ আলোচনা कतिशा अगदात প্রতি সন্মান প্রদর্শনের জন্য অঞ্জলিবজ इहेलन। देशंत्र किथिए काल পরেই ওমর গারোত্থান করিলেন। তখন রাজদ্ত যথোচিত সম্বর্জনাপুর্বক নমস্কার জানাইলেন। এমর প্রতিনমক্ষার করিয়া তাঁহাকে নিকটে আহ্বান করিলেন; এবং স্নেছ প্রসন্ন বদনে ভাষার চিত্তকে স্থান্থর করিয়া আপনার নিকটে বসাইলেন। পরে দূতের সক্ষে তাহাঁর অনেক কথোপকথন হয়, ভদ্বিরণ পরে লিখিবার ইচ্ছা রছিল।

যোগ সাধন।

এ সংসার যোগের অনুকূল হ^ইতে পারে। যিনি যোগে-তেই জীবন যাপন করিবেন মান করেন তিনি যেন বিবাহ না করেন। কিন্তু যদি কোন জী পুৰুষ যোগ শিক্ষা করিতে চান, তবে কি ভাঁছার যোগ সাধন হয় না? নিশ্চয় হয়। পরিবার ভাগা করিতে হয় না। যোগশাল্রে পরিভাগা পাপ। কিন্তু লোকে যাহাকে সংসার বলে তাহা ছাড়িতেই ছইবে। তবে এ ছুট্রের সামঞ্চ্যা কি রূপে হইতে পারে ? যাঁছার পরিবার আত্মীয় কুটুম্ব আছে, তিনি এই ভাবে পাকিবেন বেন তাঁছাব কিছুই নাই। খাঁছার অনেক ভূতা তিনি মনে করিবেন যেন ভাঁছার সেবা করিবার একটী লোকও নাই। এক জন মানুষ শাশানে দণ্ডায়মান, রাত্রি দিপ্রছর, কাছে কেছই নাই, চিতা সাজান, তাহার জ্বলম্ত অনলে তাঁছার জীবনের শেষ পরিচ্ছেদ লেখা ছইবে, অগ্নি কালী, কাঠ কলম। তাঁহার সমক্ষে এই প্রজ্ঞালিত চিতানল রহিরাছে, এই ভাবে সংসার করিতে হইবে, অন্য ভাবে নিবিদ্ধ। শাশানবাদী গৃহবাদী, সকল কর্তৃক পরিত্যক্ত অ**বচ সকলের** সেবক।

বোণোর গাভি বেমন দ্বিবিধ ৩জপ বৈরাণ্যের গাভিও ্ ছুই প্রকার। অপদার্থ হইডে পদার্থে, আর পদার্থ হইডে অপদার্থে। প্রকৃত বস্তু পাইবার জন্য অসার পদার্থকে ছাড়া, আর তাহা পাইরাছি বলিয়া অসার ভাল লাগে না এই বলে ছাড়া। এই শেষোক্ত বৈর্যায়ই সর্ব্যোচ্চ। প্রথমটী সন্মাসীর অবস্থা, আর দ্বিতীয়টী যোগ্গার অবস্থা। প্রথমা বস্থার ত্যাগ বিদি। প্রথম ত্যাগ লাভের প্রত্যাশার, পরে ত্যাগ লাভ হইরাছে বলিয়া। যতদিন মনে হইবে আমি ত্যাগ করিতেছি ততদিন অর্দ্ধ বৈরাগী; কিন্তু যখন জানা যাইবে আমি কিছুই ত্যাগ করিতেছি না তখন পূর্ণ বৈরাগী।

যে বৈরাগ্য বাছিরে প্রকাশ পার, তাহা অছকারের কারণ হয়; সে বৈরাগ্য অবলম্বনীয় নছে। ভিতরে যাহা বাছিরে তাহা নহে ইহা কপটতা, ইহা দূষনীয়। আর ভিতরে ভাল বাছিরে তাহা দেখিতে না দেওরাই কর্ত্তব্য, ইহা যদি কপটতা হর তাহা প্রাথনীয়। কফ্ট যদি লইতে হয় তবে অন্ধকা-রের ভিতর প্রবেশ করা বিধেয়। জলের বাঁধ জল নছে; কিন্তু স্থল। দীনতা দীনতাকে, রক্ষা করিতে পারে না; দীনতার প্রাচীর অদীনতা, ত্রংখের প্রাচীর সুখ।

যোগশিকা করিতে হইলে "নেতি নেতি" এই বলিয়া গাঢ় অন্ধকারের মধ্যে প্রবেশ করিতে হইবে। বাহিরের চক্ষু মুদ্রিত করিয়া ভিতরের জ্ঞান চক্ষু প্রক্ষাটিত করিতে হইবে। অন্ধকারের প্রতি নয়ন এছির রাখিতে হইবে। তখন "সভাং" আছেন এই সাধন করিতে হইবে। যাহা সার বাহাসত্য যাহা পারম বস্তু তাহা এই অন্ধকারের মধ্যে আছে।

প্রথমতঃ ঘনকালদারা হৃদয় ছবিকে কাল করা চাই।

দেইকাল জমির উপর সত্য স্বরূপকে আঁকিতে হইবে।
ভূমি প্রস্তুত হইলে বীজ বপন। যেমন চিত্রকর ছবি আঁকিবার
সময় আগো কাল রঙ্গ দেয়, পরে অন্যান্য রঙ্গ ফলায় তজ্রপ
হৃদয় ভূমিকে একবার ঘনকাল অন্ধকারদারা আচ্ছয় করিতে
হইবে, পরে তাহার মধ্যে সত্য স্বরূপের জ্যোতি ও সৌল্বয়
প্রকাশিত হইবে। যোগী যোগাসনে বিদয়া অন্ধকারের
মধ্যে পরম বস্তু দর্শন করেন। তাঁহার নিকট আলোক অসার
অন্ধকার সার সেই অন্ধকারেই প্রক্রুত বস্তু, এই অন্ধকারেই
দেই বস্তু। নিমীলিত নয়নের ভিতর যে উন্মীলিত নয়ন।
তাহার নিকট তাহার প্রকাশ। বালক এই অন্ধকার
দেশিয়া ভয় পায়, মৃঢ় ইহার মধ্যে কম্পনা দারা ক্ষুদ্র জ্বগৎ
রচনা করে।

মূঢ়তা কি ? অন্ধকারে আলোক দেখা ও আলোকে অন্ধকার দেখা। আর জ্ঞান কি ? আলোকে আলোক দেখাও অন্ধকার দেখা। আদি জ্ঞোতি যোগের্বর খোর অন্ধকার ছইতে যোগ বলে যোগ ধর্ম স্থাই করেন এই অন্ধকার স্থাইর নৈমিত্তিক কারণ। চিত্রকর এই অন্ধকারের উপর ওন্ধের প্রতি মূর্ত্তি অন্ধিত করেন। ক্রমক এই অন্ধকার ভূমির উপর যোগ রক্ষ উৎপন্ন করেন্। ক্রমক এই অন্ধকার ভূমির উপর যোগ রক্ষ উৎপন্ন করেন্। ক্রমক এই অন্ধকার ভূমির উপর যোগ রক্ষ উৎপন্ন করেন্। ক্রমক এই

জ্বাহা আরু থাকে না এই দ্বর্তার নিরম। বোগরুপ শুলি ছারা এই জন্ধকারের যথাে বালের ঘড়াব অরপ ও ঘুর্তি পাঁকিলে ভাহার আর চিত্র নাই এই ভাঁহার অভি-প্রায়। ইয়ার ভিত্তুরে নিরাকার সাধন। এরপ না করিলে সাকার পূজা হর। জন্ধকার অবস্তুর মধ্যে চিত্তার প্রমাজাকে দর্শন না করিলে দ্বর সহত্ত্বে কোন রপ সাকার ভাব আনিবেই আনিবে।

উপরে অন্ধনার আকাশ, নিম্নে অন্ধনার সামার। এইরপে তাঁহাকে ডাহ্নিতে ডাহ্নিতে "আমি আছি" এই
গান্তীর শব্দ শুনিতে পাওয়া যায়। প্রথমে যে অন্ধনার
রপবন্ত ব্রহ্মের মুখ ঢাকিয়া রাশিয়াছিল, তখন তাহা খুলিয়া
বায়। এই সমুদার অন্ধনার তখন কথা কছে। প্রকাণ্ড
সাগরের রোলের নাায় "আমি আছি" এই শব্দ শুনিতে
শুনিতে সেই অন্ধনারই একটা ব্যক্তিতে পরিণত হয়:
"আমি আছি" উপাধিধারী বিনি, তিনি নিশুণ।
কেবল এই সন্তা মাত্র উপদন্তিকেই নিশ্বনি সাধন বলে।
কিন্তু যোগী এধানে থাকিবেন না। নিশুণের অর্থ কি
খুনা? না, যিনি গুণের আধার তিনি গুণশ্না হইতে
পারেন না। তবে নিগুণ বলি কেন? তাঁহার গুণ ধারণ
করিবার এবনো সাধকের সময় হয় নাই। কেবল সন্তা
মাত্র ধারণ করা বোগের আরম্ভ।

"তুমি আছ তুমি আছ" এইরপ যত ভাবি ডতই শরীর
মন গান্তীর ও গুল্লিড ছইবে, দেহ রোমাঞ্চিত ছইবে।
এই অন্ধ্রুমারের বে দিকে অবলোকন করা যার কেবল এক
সং পদার্থ দেখা বার। অন্ধ্রুমার সাগার মন্থুন করিয়া
কোন দেবতা লাভ ছর? "আমি আছি" বিমি। উছার
নাম বর্তমানতা। এই মিশুণ সভা উপলব্ধি তুই ভাবে ছইয়া
খাকে, এক স্থুল ও এক স্ক্রুম, এক সামান্য, এক বিশেষ
এক অবলোকন ও এক নিরীক্ষণ, এক সন্তরণ ও এক ময়।
অনন্ত অপরিদিছর ব্যাপ্তি ধারণাকে স্থূল বলা বার। আর
অভ্যন্ত সহীণ বিস্থু বার ছানে বে সেই আবির্ভাব উপলব্ধি
ভাষাক্রেক্ত্রুমা বলা বার। অভএব দর্শন বিবিধ। এক
অবলোকত ও এক নিরীক্ষণ। কিন্তু এই বিবিধ দর্শন কি

अक नगरत व्यक्तीक बरेता शास्त्र मा शास शास इत ? यक्त रूत रुकि बात जड रूत तारे चमछ मखाटक बातवा कता भाव रुकूत नगरक विश्व ध्यान चात छांबाद वनीकुड कतियां क्षेत्रीकि वरे इरेडी रे, मांश्रत्यत स्मा, वस मगत्य स्मर-সমন করা বিধের। বেষন কোন প্রশের লঞ্জ যাত্র আস্থাণ করিলেই ভাষার সমুদার অংশ প্রান্তীত হয়। অবহা কোন বস্তুর একদেশ যাত্র শর্প করিলেই সমুদার বস্তুর कांग रह, उक्त पून ७ च्या वर्णन। (दहन क्रिंड चारनारक नमूनात चाकान चारनाकिक चन्छ पूर्वा अक ছানেই ছিভি করিভেছে, ডক্রপ সাযাল্য এ বিশেষ দর্শন। र्विष्य जीर्गारवाद कारण जाउन्तर्ग (ए०व्रा) कात्र ग्रह्मा कृत्र দিরা ভাষার জল পাম করা ডক্রপ সম্ভরণ ও নিমন্ত্র। বুধার্ব नांश्टकत शटक धरे विविध नांधन धक्य व्यवनवन करा वांच-শ্যক। ছুল সভা ধারণানা হইলে পৌভলিকভাহর; ष्पानात स्क मजात खेलनिक मा बरेटन धर्ष जीवब शंकीत रत्र मा, सम्दत्र यशार्थ (क्षाय ७ मतम क्षाय रत्र या।

চকুর নিকট বন্ধ থাকিলেইত দেখাবার তবে আর দর্শন শিশিবার থালোজন কি । এ চকু পুলিবার জনাই আরান আকার ও নাধন করিতে হর। অবিধান সন্দেহ ও পাপে ডিডবের চকু অন্ধ হবরা রহিরাছে। এখন সেই চকুকে পরিকার করিতে হববে।

আনেক বৃক্তি ছারা সন্তা মির্ণর করিয়া বে দর্শন ভাছা শাত্র বিক্ষ। সে দর্শন থাকিবে না। দর্শন কেষন "এই তুমি এই আমি" এই তুমি আমার সমক্ষে" "আর আমি ভোমার সমক্ষে" যাছার অপেক্ষা আর সহজ বিছুই ছইতে পারেনা। যেমন জড় দর্শন সুসন্ত ডক্ষপ ব্রহ্ম দর্শন সুসত্ত।

ষণার্থ দর্শনের অবস্থা কি? এই যে আয়ার ঈশর
আয়র ভাল দিকে, আয়ার বায় ভাগো আয়ার জনদের মধ্যে
আয়ার আনে পালে। যাহার কথন দর্শন হর নাই, প্রথম
দর্শন মারেই ভাহার সর্ব্য শরীর যন রোমাঞ্চিতও শুন্তিত হয়।
এ সকল প্রথমাবছার লক্ষণ। কেহ যদি মারে কে যারিল
কেন যারিল? প্রথমে এভাব মনে হয়না। অনেক দিনের
পার আলোক দেখিলে আলোক কি? ভাহা নির্ণর করিতে
ইক্ষা, হয়না। তখন মন কেবল যোহিত হইয়া বায়।
ভক্ষণ দর্শনের প্রথম ভাবে তদাত হওয়া পরে বস্তু নির্ণর।
ভবে ক্রমে বস্তুর প্রতি প্রগাচে দৃক্তি ও বস্তু সমালোচনা
আরম্ভ হয়।

বেষন উচ্চ হইতে উচ্চতর আর্গ আছে ডক্সপ দর্শনের ও উৎক্রইতর সোপান আছে। প্রথম দর্শন ছিতীর দর্শন অপেকা নিক্রই ছিতীর দর্শন তৃতীর দর্শন অপেকা নিক্রই। এই রপ ক্রমাগত উচ্চ হইতে উচ্চতর অবস্থা আছে। আবার দর্শন উজ্জলভাতে বিভিন্ন। স্থায়িত্ব সম্বন্ধে দর্শনের বিভিন্নতা আছে। একবার উজ্জ্বল দর্শন, পরে হুই মান অন্ধকার অববা কর উজ্জ্বল দর্শন, কিন্তু তারা অধিক দিন স্থারী, ইন্থার মধ্যে কোনটা প্রার্থনীর ? এ মুরের কোনটা লতে। একবার খুব উজ্জ্বল দর্শন, আর বর্থন দর্শন হইবে না হইবে। ধ্যানের সময় ধন মান খ্রী প্ত অবশেবে আদ্ধা তথম তাঁহার সহবাসে আদ্ধা অবহিত করিবে। ইহাই বন্ধুও চলিয়া গেল। আপনার শরীরও গুলল। কেবল আদ্ধা সর্কোৎকৃষ্ট মবস্থা। এই অবস্থাই বোগীর প্রার্থনীয়। প্রমান্তাকে অবলম্বন করিয়া বহিল। ধ্যানের সময় আরু

ভারতব্বীর ব্রহ্মমন্ক্র।

আচার্য্যের উপদেশ। ৯ই মাঘ রবিবার ১৭৯৮ শক।

[भाग वर (ध्रम }-

চারিদিকে এত ধানি, এত যোগের প্রাহৃত্তীয় কেন ? ভারতবর্ষে আবার কি এই সভাতার মধ্যে গোণের আবশ্য-কতা ? পশ্চাক্ষিকে গমন কেন ? এই ধ্যানের প্রাহুর্ভাব দেখিয়া **অনেকে, উন্নতির স্থা**র অবরুদ্ধ হটল আশকা করিতে পারেন। ক্রমে এতেয়ক সাধক ঈশ্বরেতে নিবিষ্ট হটয়া অন্যের সংবাদ नहेरवन ना। जात्मदा यनि गंजीद शास्त्र नित्रुक थारकन পরস্পরের সঙ্গে যোগ থাকিবে না। ভারতবর্ষে দামাজিক প্রায় আবশাক। ভারতবর্ষ হটতে বিবাদের বীক উন্মলন করিতে হইবে ৷ যাহাতে জাতিভেদ না থাকে অর্পাৎ দকল জাতি এবং সকল সম্প্রদার এক প্রোণ এরং অভিন্ন জদর হটরা ধর্মপথে মগ্রসর হটতে পাবে তক্তনা চেষ্টা আবশাক। ধানেছারা মাপাত্তঃ মনে হব যে তৃইটা লোক একতা ছিল ভাহারা পরস্পার হটকে স্থল এবং প্রস্পারের প্রতি বিমুধ হটল। এক জনের মুখ থক দিকে, আহার এক জনের মুখ অন্যারিকে। ধানে ছারা নর নারীর মধ্যা যোগ হওরা দুরে পাকুক, বরং মাহাবা একতা ছিল ভাহারাও সভন্ত হইল। এই কথার প্রতিবাদ করিবার সময় আসিয়াছে। দেখ একটা ट्रक পত্রের মংখা নাই; কিন্তু সেই সকল পত্র, শাখ প্রশাধা ছাড়িয়া মলের দিকে দৃষ্টি কর দেখানে হৃতস্ত্রহা নাই। বুক্ষপত্রে, বুক্ষণাথার স্বতর্তা আছে; কিন্তু বুক্ষমূলে স্বতর্তা নাই। ইংহার। বৃক্ষত্ব পাঠ করিয়াছেন তাঁহারা বলুন। স্থা-रुष्टा वृत्क्यत ठातिनित्क, कि**ड** मृत्य अकरा। द्वत्क्यत প্রত্যেক পত্র আপনার স্বতন্ত্রতারকা করিতেছে, একটা পাতা অন্য পত্তের সমান নহে; কিন্তু প্রত্যেক ভিন্ন বৃক্ষপত্ত বৃক্ষের দেই এক মূল হইতে আপনার প্রাণ এবং জীবনের রস টানিয়া लहेर्डिड्, अक मूल इहेर्ड स्मेर द्वम मकरलद मर्गा अर्यभ कदि-তেছে। বৃক্ষ, ভূমি আমাদের অসুকরণীর হও। যত ধ্যান করা धात्र काहात्र मिटक शंभन कत्रि ? मुट्नित्र मिटक । हेरा मानिलाम, ধ্যানের সমন্ন আপাতত: ভাই বন্ধুকে ছাড়িরা যাই। মন্দিরে চুই চারি শত ভাতা একত্র হইরাছি; কিন্তু ধ্যানের সমর मत्न क्रिंतिक इंहरित रान कार्छ क्रिंट नारे, रान धकाकी ্বসিরা আছি। ধ্যানের অবস্থার গড়ীর জনতার মধ্যেও এই নি**ৰ্ক্ষনতা উপলব্ধি ক**রিতে হ**ইবে। তথ**ন কেহ কাহার नदर रेश क्षांत्रीकि कब्रिएक श्रेट्य । श्रमा श्रेटक की श्रुव, ্বিশের্ড: ধর্মপথের সহার দিগ্কেও পরিত্যাগ করিতে

বন্ধুও চলিরা গেল। আপনার শরীরও গুলল। কেবল আন্থা পরমান্তাকে অবলম্বন করিয়া রহিল। ধ্যানের সময় আর কাহাকেও দর্শন করিতে স্পৃহাথাকে না। তথন ঈশবের সতা ভিন্ন আর সত সতা সমুদর বিলুপ্ত হয়। কিন্তু বন্ধুগণ, জিজ্ঞাসা করি কেবল ধ্যান কি পৃধিবীর শেষ অবস্থা 📍 তাহা নছে। ধ্যানের সময় আপাততঃ শাধা হইতে মুলে গমন করি। বুলে দকলই এক। ধ্যানপথে কাহাকেও দেখিতে পাওরা যার না । না বন্ধু, না শত্রু, না বুবা, না বুদ্ধ কাহাকেও प्रथा गात ना। धकाकी ठलिया शाहरक दत्र। धकाकी এক দিন, হুই দিন, এক মাস, হুই ম'স, ক্রেমাগত যাও; কিন্ত ভাত, ইহা নিশ্চয় জানিও যেখানে তুমি ঘাইতেছ আমিও লেখানে **যাইতেছি** : জেমাগত শাখা ভুলিয়া গিরা মূলের দিকে গাইতেছি। গেখানে পোষণের শক্তি সেধানে যখন গেলাম তথন সকলেই একীভূত এবং মুলীভূত হইলাম। স্বতন্ত্রতা, বিবাদ বিস্থান চলিয়া গেল। স্তক্ষণ পর্যাস্ত সমুদরের মুলীভূত আদিকারণ ঈশ্বরেতে সংযুক্ত থাকিব তত-ক্ষণ পরস্গারের মধ্যে একতা এবং অভিন্নতা থাকিবে। আর যতক্ষণ শাখা ধরিয়া থাকিব ততক্ষণ অসম্ভাব অপ্রথয় যাইবে না। অনেঁকে বলিতে পারেন সভার দ্বারা অপ্রণয় যার এবং ধ্যান স্বারা কেবল স্বভন্ত। রুদ্ধি হয়, কেননা ধ্যানের স্মর কাহারও দক্ষে প্রেথ দেখা হয় না। আমি এই কথার প্রতিবাদ করি। আমি বলি মূলেতে যদি মিলন নাহয় শাখার শাখার কখন মিলন হইতে পারে না। তোমার নিশাস যেখান হইতে আমিতেছে আমার নিশ্বাসও সেই স্থান হইতে আদিতেছে; দেখানে তেখার জীবনের মূল দেই স্থান হইতে আমার জীবনও প্রবাহিত হইতেছে। উভয়ের উৎপত্তি হানে সেই সাধারণ ভূমিতে গমন করিলে নিশ্চয়ই মিলন २हेर्द ; मिथारन भद्रम्भद्ररक छाष्ट्रे विमन्ना छाकिएड हे टहेरव। সেই কান ছাড় সমুদর স্থান আমাদের পক্ষে বিদেশ, বাণিজ্য ব্যবসারের স্থান । যদি পরস্পারের মধ্যে যোগ স্থাপন করিতে চাও জবে মূল দেশে চল। সেধানে যাইবার সময় যদি পর-স্পারের সঙ্গে এক মাস কি দশ মাস দেখা না হয় ক্ষতি নাই। কেন না যধন সকলে গিয়া সেই ছানে উপস্থিত হইব জখন নিশ্চরই পরস্পরকে চিনিতে পারিব এবং পরস্পরের মধ্যে যোগ হইবে। ধানের সময় প্রশার হইতে স্বতম্ব হইলে ষে আমরা চিরকালের জন্য স্বতন্ত্র হইলাম ইহা সভ্য কথা नटर। এक चान यक मक्त भक्त यात्र ठाइ। एव अवस्थात्र মর্ধ্য নিশ্চরই প্রণর সঞ্চারিত হইবে। ষ্থার্থ ধ্যান, প্রকৃত উপাসনা, অক্লত্রিম সাধন ডক্সন, এই সমুদর কদাপি বিভিন্ন-ভার কারণ নর। ভোমার ইচ্ছা হয় ভূমি পর্কভের শৃক্ষে विनित्रा स्थान नाथन कत्र, चात अक करनद रेका दत्र विनि পর্বতের গহারে, প্রস্রাবদের তীরে ভক্তি সাধন 📢 ন, आत थक अप्तत यमि रेक्ट्रा रत्न किनि चरत विति शान

कक्रन् धवः जना এक अत्नित्र धिम देख्या दत्र किनि वसू वासव-দিগকে সঙ্গে লইয়া ঈশ্বরের ৩০ কীর্ত্তন করুন; কিছ এ সকল পাধন এবং স্থানের ভিন্নতা কখন জ্বারের স্বতন্ত্রতার কারণ নতে। এক জন ঋষি হিমালয়ের উচ্চ শ্ঙ্গে বশিয়া ষোগ শাধন করিতেছেন, আর এক জন র্যাট্লাণ্টিক্ মহাসাগর পারে হুঃধী পাপী জগৎকে ঈশ্বরের প্রেম-उक्कशादन निमध, आंद अंक कन महामा वष्टन मःभादत পাকিরা ব্রহ্মসহবাস ভোগ করিতেছেন। এই চারিটী আত্মার বাহ্যিক আকৃতি বিভিন্ন, কিন্তু ইহারা একটী বিন্দুতে একীভূত। সেই বিশ্বক। এই চারি জনের রেধা সেই বিশৃতে একতা হইয়াছে। ত্রন্ধের নিকটে দেশের এবং কালের হৈত ভাব হইতে পারে না। অহএব যে প্রকার প্রণালীতে হউক, বন্ধব্যান এবং বন্ধযোগ অভ্যাস করুন, **এ**थान यपि मिलन ना रह श्रद्रलाक मिलन रहेरत। **এখানেই বা হইবে না কেন ? কোটি মন্তক মেধানে প্রণত** रत्र (महेंचान मछक ताचिएल मिलन रहेरवहें रहेरव । अञ्चव **শকলেই সেই স্থানে যাহাতে পরম্পরের মধ্যে যোগ হ**য় শেই জন্য চেষ্টা করুন, বাহিরের সামাজিক প্রণর অপ্ররো-জন। যদি বল অত্যন্ত গভীর ধ্যান হটলেই কি প্রাণয় হইবে ? আমি বলি হা। আমরা ধ্যান ছারা ক্রমাগত গত केंबरत्रत्र निकटि घाटेव उठहे आमानिश्वत्र अत्रम्भारत् मरश्र ষোগ গভীরতর হটবে। অতএব ধ্যানকে জনসমাজের विद्राप्ती त्वाप कतित्व ना, देश घात्रा क्वतल वास्किशक উন্নতি হইবে তাহা নর, কিন্তু ধ্যান হারা অনস্ত কালের স্বর্গীয় ভাতৃতাব এবং বন্ধুতা প্রতিষ্ঠিত হটবে। আমরা পৃথিবীতে পরস্পরের সঙ্গে সোগ স্থাপন করিতে পারিলাম না, ধ্যান-রূপ পাতালে গিয়া দেই যোগ ছাপন করিব। দেই ব্রহ্ম-রূপ পাতাল মধ্যে গিয়া একীভৃত হটব। দদি মথার্থ প্রেমপরি-ৰার স্থাপন করিতে চাও গভীর ধ্যানে মগ্ন হও, দেখানে চুই জনের মিলন। ঈবর দেই স্থানে আমাদিগকে মিলিত

হে ঈশ্বর, কি আশ্চ্যা ধর্মতত্ত্ব । এত দিন মনে করিয়া-ছিলাম ধ্যানপথে গেলে প্রেমরাজ্য স্থাপিত হইবে না; কিন্তু তোমার প্রসাদে এবন দেখিতেছি মত মূল দেশে ভোমার সহিত মিলিভ হইব ততই ভাই ভগিনীদিগের সহিত মিলন হইবে। সকলের সঙ্গে সাধন করিয়া আনে যে টুকু কুৰ শান্তি পাইতাম দেই টুকু পৰ্য্যন্ত তুমি কাড়িয়া লইলে। कानाश्लब मध्या थाकिला कान् पिन कान् खालाचन আনে, কে গলায় ছুরি দের তাহার স্থিরতা নাট, তাই তুমি ज्यामानिगरक शारनंत्र পথে लहेत्रा वाहेटछ्छ। नाना श्वकादत জ্বালাতন হইয়া কাদিতে কাদিতে খোর ধ্যান আরম্ভ করিয়া मिलाक। गर्कीत धान खारगंत्र अब व्यवलयन कतिहा मरन क्रिलीम आब काराव मन्त्र मिथा रहेरव ना, आव वृक्षि

পুথিবীর অভিমুখে ফিরিব না; কিন্তু এখন দেখিতেছি তুমি ভিন্ন ভিন্ন পথ দিয়া ভোমার সাধকদিগকে পরস্পরের সঙ্গে মিলিত করিরা দিতেছে। দরাসিজু, তোমার রূপাতে বুঝিলাম ভোমার ভিতরে আবার সকলকে পাইব। মহুষ্য জাতির সকল শাখা এক হটবে। যত পরিবার ঐ খানে গিয়া এক পরিবার হইবে। হে প্রিয়তম ঈশ্বর, সকল মামুব ভত্ত শিখাইতেছেন, এক জন বৈরাগী হইয়া বৃক্ষতলায় । একটা মাহুধ হইবে। এখন জানিলাম ভোমার জীচরণ লইয়া যে থাকে তাহার সর্বন্ধ লাভ হয়। আর লে পত্র-मिटलब्र काट्य शहेटर ना। शखीब शादनब्र खिखदब्र निम्ध्यहे মিলন হইবে। পিতা, বাহ্যিক আয়োছন করিয়া মিলিত হইতে চাহি না। প্রেম বৃক্ষতলে ভক্তিনদীর তটে যোগ সাধন করিব, যোগ করিতে করিতে প্রেমেডে সকলের সঙ্গে মিলিত হইব। প্রমাত্মন্, দেখিব কোটি কোটি নিরাকার আস্থা কেমন আন*লে*র সহিত তোমার চরৎতলে বসিয়া স্থাপান করিভেছেন। হে দরাসিছু, সকলকে ষোগপথে টানিরা লইয়া যাও, সেই স্থানে তোমার মৃত্যা কীৰ্ত্তন কৰিয়া আমরা ক্বতার্থ হইব।

আচার্য্যের উপদেশ। मन्रयात्र हजूर्तिथ श्राहि । २०८म याच त्रविवात, ১१৯৮ मक।

খিরিফিক এমুরেনের	राजामा जरम	•••	. √∘
লোক সংগ্রহের ছিন্দু	<u> পাজাংস</u>	•••	7.

বিজ্ঞাপন।

আহক মহাশরগণ রূপা করিরা বীর বীর অতিম বাৎসরিক মূল্য প্রেরণ করিরা বাধিত করিবেন। প্রতি জনকে সতন্ত্র পাত্র লিধিয়া মূল্য আদার করিতে বইলে আমাদিগকে অতিশর ক্ষতিএন্ত ইইতে হয়।

कार्यराथकर ।

ধশ্তত্ত্ব

স্থবিশালমিদং বিশ্বং প্ৰবিত্ৰং ব্ৰহ্মমন্দিরং।

চেতঃ স্থানিশ্বলম্ভীৰ্থ সভাং শান্তমনশ্বং ॥

বিশ্বাসোধশ্বমূলং হি প্ৰীতিঃ প্রমন্যাধনং

শার্থনাশস্ত্র বৈরাগাং ব্রাক্ষেরেং প্রকীর্তাতে॥

३३ जाग।

9 मश्या।

>লা বৈশাথ রহস্পতিবার, ১৭৯৯ শক।

∫ বার্ধিক অত্রিম মৃল্য>⊪• } মককলে এই ৩।•

প্রার্থনা

ঁহে পবিত্র জেনাতিঃ নিফলক পুরুষ ! যথন আমি সংসারের মোহ অন্ধকার মধ্যে থাকি তথন আমার নিজের যথার্থ অবস্থা বুঝিতে পারি না, মনে করি বুঝি বিশুদ্ধ চিত্ত ইইয়াছি; কিন্তু যথন তোমার ত্বলম্ভ পুণ্যালোকের মধ্যে আসিয়া দণ্ডায়মান হই, এবং তোমার উচ্ছল দৃষ্টিতে আমাকে দেখি তখন লক্ষিত ও ভীত হই। তথন লুকায়িত পাপ কলক্ষের সহস্র সহস্র রেখা প্রকাশ হইয়। পড়ে, ক্ষুদ্র পাপও রুহং বলিয়া বোধ হয়। হে পতিতপাবন হরি, নরকের হুর্গন্ধ আমার প্রকৃতির মধ্যে রহিয়াছে, গভার কলঙ্ক আত্মাকে বিকৃত করিয়া ফেলিয়াছে এ অবস্থায় কি আমি স্থগী হইতে পারি? তোমার পুণ্যের তেজে আমার কুটস্থ গৃঢ় পাপ মলিনতা একবাবে দগ্ধ হইয়ানা গেলে আমার আর কিছুতেই শান্তি নাই। আমি পাপকে এখন দ্বণা করা দূরে থাকুক, অন্তরে অন্তরে ভাল বাদি। স্বভাবের গতি পুণ্য ও পাপ উভয় **मिक्टि भ्यायक्राय धाविक इटेरक्ट। कि**र्कुत বিকার সহজেই উৎপন্ন হয়, সামান্য চেফায় •.তাহা নিবারণ করা যায় না। এই জন্য প্রার্থনা করি হে দেব! আমাকে সর্ব্বদা পুণ্যের উত্তাপ অসুভব করিতে দাও। অগ্নির ন্যায় পবিত্র-

তার তেজঃ আমার অন্তরে দর্বাক্ষণ জুলিতে থাকুক।

জ্ঞান কৌশলে এবং বুদ্ধি বিচারের বলে হে অগতির গতি ঈশ্বর। এই সকল প্রবৃত্তিকে বশীভূত করিয়া যে কথন পুণ্য উপা-ৰ্জ্জন করিতে পারিব সে আশ। আর নাই। অনেক চেন্ট। করিয়া দেখিলাম তাহাতে হয়না। স্তরাং পুণ্য ব্যতীত তোমার দর্শন ও স্পর্শস্থ্য ভোগ করিয়া অন্তরায়াকে কুতার্থ করিতেও পারি না। যেখানে আমিত্ব সেই খানেই পতন। জ্ঞানের চক্ষে বদ্ধির সাহায্যে যথন তোমাকে অম্বেষণ করি তথন অন্ধকার দেখিয়া ফিরিয়া আসি। বুদ্ধি কিম্বা কৌশলবলে পাপাসক্তিকেও দুমন করিতে পারিনা, তাহাতে একগুণ পাপ শত গুণ হইয়া উঠে। কিন্তু যথন পরাস্ত এবং অবসন্ন হই, নিরূপায় হইয়া তোমাকে ডাকি, তখন আরাম পাই, আশা এবং বল লাভ করি। এখন এই প্রার্থনা যেন ও পথে আর কথন না যাই,নিজ কর্তৃত্ব দ্বারা আপনাকে মুক্ত করিতে যেন চেন্টাও না করি। তুমি যাহাকেদেখা দাও সেই দেখিতে পায়; এবং তুমি যাহাকে বল শক্তি দান কর সেইপবিত্র চরিত্র হইতে পারে। আমার কোন ক্ষমতা নাই এইটা যেন ধ্রুব বিশ্বাস থাকে।

ধনী,ও দরিজ

মকুষ্যসমাজে প্রধানতঃ ধনী এবং দরিদ্র এই হুই শ্রেণীর লোক দেখিতে পাওয়া যায়। যাঁহার। বলেন এক সময়ে ধনী দরিদ্রের প্রভেদ তিরোহিত হইয়। যাইবে, সকলের অবস্থা এক সমান হইবে, তাঁহার৷ বলিতে চান বলুন, আমর। তাহাতে সায় দিই না। উচ্চ হিমালয় এবং অন্যান্য পর্বত সমভূমি হইয়। যাইবে, স্তপ্রশস্ত সমুদ্র এবং নদ নদী দেবথাত সমুদায় একাকার হইবে, একথা আমাদিগের নিকট যতদূর সম্ভব, সকল লোক একাবস্থ আমাদিগের নিকট তেমনি সম্ভব। বলি ভিন্নতা স্বাভাবিক এবং তাহা না থাকিলে কল্যাণ্যাধন হয় না। একণা বলিয়া আমর। অনেক বিখ্যাত পাশ্চাত্য পণ্ডিতগণের কটাকে **লিপতিত হইলাম, আমাদিগের দেশী**য় অনেকের উপহাসের আম্পদ হইলাম, কিন্তু তাহা বলিয়া আমাদিগের নিকট যাহা স্বতঃসিদ্ধ সত্য, আমারা তাহার অপলপে করিতে পারিনা। খাঁহার। বলিবেন আমাদিগের এ সিন্ধান্ত কতক ওলি লোককে চির নীচতায় নিক্ষেপ করিতেছে, তাঁহাদিগকে প্রতিবাদ করিবার জন্যই এ প্রস্তা-বের অবতারণা।

মনুদ্যমাজ নিরবচ্ছিন্ন অপ্রকৃতিন্দ একথা আমরা বলিতে প্রস্তুত নহি। উহার মধ্যেযে সমুদায়
অসমান অবস্থা দৃষ্ট হয়, তাহার মূল প্রকৃতিতে
নিহিত আছে। মনুষ্যের দোদে সময়ে সময়ে
যে বিকার উপস্থিত হয়, তাহাও প্রকৃতি শোধন
করিয়া লন। স্থতরাং মনুষ্যসমাজের মূল
অবস্থা ওলিকে প্রাকৃতিক এবং তাহার অযথা
ব্যবহার সকলকে অপ্রাকৃতিক বলিতে আমারা
বাধ্য। যাহা পৃথিবার সর্বতঃ পরিব্যপ্ত তাহাকে
অপ্রাকৃতিক বলিয়া বিদায় করিয়া দিলে তাহার
উচ্ছেদ করা হইল না, কিন্তু তাহার যথোপযুক্ত
ব্যবহার করিলে তাহার অন্তর্নিহিত কল্যাণ
আপনি বাহির হইয়া পড়িবে। ধনী দরিক্র এ
প্রভেদ পুথিবীর সর্বতো ব্যপ্ত, অবশ্য ও ত্রের

এমন কোন ব্যবহার আছে, যদ্যারা জনসমাজের কলাণে সাধিত হইতে পারে। এ তুই অবস্থার প্রভেদ বশতঃ যে সমুদায় অকল্যাণ দেখিতে পাওয়া যায়, নিশ্চয় তাহা অসদ্যবহারের ফল। এ তুই অবস্থার স্থাবহার কি তাহারই প্র্যালোচনায় প্রবৃত্ত হওয়া যাউক।

যাঁহার। দরিদ্র, তাঁহাদিগের অবস্থার হীনতা বশতঃ তাঁহার। দিন দিন আরে। হীন হইয়। পড়ি-তেছেন ; আবার যাঁহারা ধনী, তাঁহারা প্রয়োজ-নাতিরিক্ত ধন সঞ্য় করিয়। নিতান্ত গর্বিত হইয়া পড়িতেছেন ; ধনাপেক্ষা যেউচ্চতর মূল্য-বানু পদার্থ আছে তাহা তাহার। বিশ্বত হইয়। মনুষ্য শ্রেণী হইতে আপনাদিগকে নিম্নেনিক্ষেপ করিতেছেন। স্থতরাং ধনী দরিদ্র উভয়ের অব-স্থার স্থমহৎ তারতম্য সত্ত্বেও ফলে তাঁহার৷ একই হইতেছেন। একজন অভাব বশতঃ হাঁন হইতে-ছেন, আর এক জন প্রয়োজনের অতিরেক লাভ করিয়। মনুষ্যন্ত্র হইতে নিপতিত হইতেছেন। যিনি এ ছুই অবস্থার সন্ধাবহার জানেন, তিনি অভাবে পড়িয়া হাঁন হইবেন দূরে থাকুক, তিনি তাহাকে নিজ উন্নতি বন্ধনে নিযোগ করেন; এমন কি, অভাব ভিন্ন উন্নতি হয় না এই তাঁহার মত। আবার প্রয়োজনাতিরিক্ত লাভ করিলে তাই৷জন-সমাজের অভাব পূরণে এমনি করিয়। নিয়োগ करतन, य जिनि अहूत धन मण्लेखित भर्पा ७ দরিদ। এক জন দরিদ হইয়াও সমাট, আর এক জন ধনী হইয়াও স্থদরিদ্র, কি আশ্চর্য্য দৃশ্য ! জনসমাজের যদি কোন অবস্থায় আদিতে হয়, তবে এই অবস্থাতে ; বাহ্যিক অবস্থার সমতাতে नदश् .

ধনী ও দরিদ্রের পরম্পারের সমস্ক কি তাহা
পর্য্যালোচনা করা আবশ্যক। ধনী পিতৃস্থানীয়,দরিদ্র
আচার্য্য স্থানীয়, উভয়েই সমান গোরবের পাত্র।
ধনী পৃথিবীর সম্পত্তিতে সম্পত্তিমান্ হইবেন,
দরিদ্র পৃথিবীর অতীত সম্পত্তির অধিকারী হইবেন। উভয়ে উভয়ের সম্পত্তি বিনিময় করিয়া ও
পরম্পারের অভাব পূরণ করিবেন। ইহা হইলে
ধনী এ কথা বলিতে পারিবেন না, আমার পরি-

শ্রমের অর্জ্জিত ধন কতকগুলি আ কৈ দিয়।কেন কর করিব ? দরিদ্রও বলিনে না, বিনা বিনি-ময়ে উপকার গ্রহণ করিয়। ন আমি আমাকে নীচ ও হীন করিয়া ফেলি ? যেখানে বিনিময় প্রথা প্রচলিত দেখা কাহারো গর্বিত ব। ক্তিত হইবার কারণনাই।

সমুদায় মকুম্পমাজ বিনিময় প্রথার উপরে চলিতেছে; কোনেও কেন সেই বিনিময় প্রথা চলিবে না নামর। বুঝিতে পারি না। ধনীর ধন অর্জন এবং তাহার রক্ষা এতদূর গুরুতর কার্য্য ্য তিনি দরিদ্রের ন্যায় আপনাকে জ্ঞান ধর্মাদি অর্জ্জনে নিয়োগ করিতে পারেন না। দরিদ্র যদি তাঁহার অভিত্ত জ্ঞানধর্ম ধর্নাকে অর্পণ করেন, তিনি আবার ধনদানে তাঁহার জ্ঞান ধর্ম অর্জনে প্রচুর অবদর করিয়। দিতে পারেন। কেহ কেহ এ স্থলৈ এই আপত্তি করিবেন, জ্ঞান অন্যকে অর্পণ করা যাইতে পারে, ধর্ম নিজে অর্জিতব্য, অন্য হইতে তাহ। কিরূপে সংক্রামিত হইবে ? জ্ঞান ধর্ম সংক্রামিত হইবার মানসিক অবস্থা একই। যিনি অন্য হইতে জ্ঞান ধর্ম করিবেন, ভাঁহাকে বিনাত শ্রদায়িত প্রয়োজন। বিনাত শ্রদ্ধান্বিত ব্যক্তিতে অতি হ ইয়া সহজে অপরের জ্ঞান ধর্ম সংক্রামিত थादक।

একটা আপত্তি অতি গুরুতর বলিয়। দকলের নিকট প্রতিভাত হয়। জ্ঞানী সাধু দচ্চরিত্র ব্যক্তি নিজের ভুচ্ছ উদরের জন্য পর প্রত্যাশী হইবেন কেন? যদি তিনি নিজ অর্জ্ঞিত জ্ঞানাদিতে এই অতি নীচ কার্য্যও উদ্ধার করিতে না পারিলেন, তবে তাহার জ্ঞানাদিতে ধিক্। এ আপত্তি শুনিতে গুরুতর, ফলতঃ কিছুই গুরুতর নহে। দরিদ্রের জ্ঞান ও ধর্ম উদর পূর্ত্তির জন্য হইলে তাহা অতি নীচ এবং ঘণ্য। মনুষ্য সমাজ্রের যাহার যাহা করণায়, দে তাহা যথাযথরূপে নির্বাহ করিলে উদরের জন্য তাহাকে ভাবিতে কর্ম না। করণীয় কার্য্য সম্পাদন করিলেই, স্বাভাবিক নিয়মে তাহা হইতে তাহার শরীরের জ্ঞাব পূর্ব হয়। "ঈশ্বরের রাজ্য এবং তাহার

ধর্ম সর্বাত্রে অন্বেষণ কর, তাহা হইলে এই সকল দ্রব্যন্ত তোমাদিগকে প্রদন্ত, হইবে।" একুথা অল্পদর্শী ব্যক্তির মুখবিনিঃস্ত নহে। তাঁহারা ধনিগণের দ্বারে গ্রাসাক্ষাদনের জন্য যান না, তাহাদিগের আল্লার দরিদ্রতা উদার হস্তে বিমোচন করিবার জন্য যান।

"পরিচর্য্যা যশো-বিত্ত-লিপ্সুঃ শিষ্যাদগুরুর্গহি। রূপালুশ্চ শুসম্পন্নঃ সর্ববদত্ত্বোপকারকঃ"॥

পরিচর্য্যা, যশ এবং বিত্ত, যিনি শিষ্য হইতে অভিলাষ করেন তিনি গুরু নহেন; তিনিই গুরু যিনি কুপালু, সম্পন্ন এবং সমুদায় জীবের হিত্তকারক।

বাহ্য-বিষয় সম্বন্ধে কালক্রমে বহু পরিবর্ত্তন হইতেছে। ধনী দরিদ্রের পরস্পারের বিনিময় কি প্রণালীতে নির্কাহিত হইবে, তাহা কালাফু-সারে পরিবর্ত্তিত হইবে। দরিদ্র ধনীর নিকটে যাইবেন, অথবা ধনী দরিদ্রের নিকটে আসিবেন, কোন এক বিশেষ স্থানে তাহাদিগের সাক্ষাৎ হইবে, অথবা এতজ্জন্য পদ-বিশেষ স্বস্ট হইবে, এ সকল বিষয় পরিবর্ত্ত-সহ। সমাজের উন্নতি সহকারে এ সকল বিষয়ের পরিবর্ত্তন হওয়াতে আসাদের কোন আপত্তি নাই।

আমরা উপরে যাহা লিখিলাম তদ্বারা ধনী দরিদ্রের পরস্পরের বর্ত্তমান বিসদৃশ সম্বন্ধ তি-রোহিত হইয়। যাইতেছে। কেহ কাহাকে বিদেষ বা নীচ দৃষ্টিতে দেখিতে পারিতেছেন না। সমাজে ভরণকর্তা পিতা এবং জ্ঞানদাতা আচার্য্য উভয়েই দমান মান্য। কেহ এ ছুয়ের সাহায্য ভিন্ন এক পদও অগ্রদর হইতে পারেন না। যদি দেখিতে পাওয়া যায়, ধনিগণ গৰ্বিত হইয়া দরিদ্রগণকে পদ দারা দলিত করিতেছে, তঙ্জন্য ধনিগণই কেবল দোষী এ কথা কেহ আর মনে করিতে পারেন না। দরিদ্রেরা যদি জ্ঞান ধর্মাদিতে উন্নত হইয়া আচার্য্যের পদবী গ্রহণ করিতে সক্ষম হইতেন তাঁহাদিগের প্রকৃত মান্য হইতে তাঁহার। কখন বঞ্চিত হই-তেন না। ধনিগণের গর্ব্ব অভিমান জন্য দরি-দ্রেরাই দায়ী। কেন না তাঁহাদিগের নিজ জ্ঞান ও চরিত্র দ্বারা ধনিগণকে তাঁহারা শাস্ত বিনীত শ্রদ্ধান্বিত করিবেন এই তাঁহাদিগের কার্য্য।

সংসারচিন্তা ও ধর্মসাধন।

অনেকে বলিয়া থাকেন ধর্মে মন দিলে সংসার চলেনা, বহুল ক্ষতি সহ্য করিতে হয়। একথাও কে কেহ বলেন যেধৰ্মত আছেই, অগ্ৰে সংসার নির্ন্ধাহের উপায় স্থির হউক, তাহার পর ধর্মে মন দেওয়। যাইবে। কিন্তু আমাদের মধ্যে ধর্মে অনুরাগী হইয়া কয় ব্যক্তির সংসার অচল হইয়াছে এবং কিরূপ হুঃখে তিনি দিন অতি-বাহিত করেন তাহা জানিবার অবশিষ্ট আছে। শাধারণতঃ লোকের যেরূপ বিষয়াসক্তি তাহাতে ছুই একজন বৈরাগী হইলেও যে ধর্ম্মের মাহাত্ম্য কতকট। বুঝিতে পারা যাইত। পুরাণে অনেক ঘটনা লিখিত আছে সত্য, প্রসিদ্ধ বৈরাগী লালাবাবু জীবনের শেষাবস্থায় সংসার ত্যাগ করিয়াছিলেন, কিন্তু এ দকল দৃষ্টান্ত বর্ত্ত-মান সভ্যসমাজকে এক অঙ্গুলীও ধর্ম্মের পথে করিতে পারে না। চালিত হউক বা ছঃখে হউক, সংসার যাত্রা কোনরূপে নির্বাহ হয়, ইহার ভাবন। ও ত্নন্চি-স্তায় কেবল ধর্মাই অচল হইয়া থাকে। প্রতি দিনের প্রত্যক্ষ অভিজ্ঞতা একথা আমাদিগকে বলিয়া দিতেছি।

যথার্থ ধার্মিক ব্যক্তির কোন প্রকার অভাব থাকেনা, তাঁহার কোন হুংখ নাই ইহা আমরা বিশ্বাদ করি। তবে তাঁহার অতুল ঐশ্বর্য্য না হইতে পারে, ধনী এবং দয়িদিশের ন্যায় তিনি বিপুল বিলাদ ভোগে বঞ্চিত থাকিতে পারেন, কিন্তু তাঁহার কোন অভাব নাই। তিনি যে কোন অবস্থার লোক হউন না কেন, ধর্ম দাধন করিলে তাঁহার দংদার অচল হয়না। তাহার কারণ এই, যে সংদার আপনিই আপনাকে চালাইয়া লইতে পারে। সচরাচর লোকের ঈশ্বরামুরাগ এত প্রবল

হয় না যে ঠি সংসারের অবিশ্রান্ত ঘূর্ণিত চক্রের গতি রো_{ক্রিতে} পারেন; যাঁহাদের অমুরাগ 🔻 তাঁহারা অনস্ত স্বর্গর) ব র্য্যের আকর অধিকার করেন। সংসারের কার্য্য আম এক দিনের জন্যও বন্ধ থাকিতে দখি না। কি আহার বদিয়া কল্য কি পরিধান কবিব বলিয়া দেন্তাই আর ভবিষ্যতের অমচিন্তায় শরীকে শোণি-তকে শুষ্ক করিয়াই ফেল, সংসার থাকিবে না। আমাদের শরীর মনের প্রহৃতি অভ্যাস সংস্কার সে জন্য বহু দিন হইতে ব্যস্ত রহিয়াছে ; তদ্ব্যতীত এসম্বন্ধে এত ভাবনা চিন্তা আগ্রহ অনুরাগ জন্মিয়াছে যে তেমনটী ধর্মের জন্য শীত্র হওয়া সহজ নহে। যেখানে স্বভাবতঃ লোকের এত বিষয়াসক্তি,ইন্দ্রিয় বাসনা সেখানে ছর্বল ধর্মানুরাগে কি করিতে পারে ? এ সকল দেখিয়। শুনিয়া আমাদের মনে হয় সংসারের জन्य ना ভाবিলেও চলে। মহর্ষি ঈশা বলিয়া-ছেন, "কল্যকার জন্য ভাবিও না, কল্য আপনিই আপনার জন্য ভাবিবে"। তিনি ঈশবের প্রতি নির্ভর করিয়া এই কথা বলিয়াছিলেন, কিন্তু আমরা ঈশ্বর ও সংসার উভয়ের প্রতি নির্ভর করিয়া একথা বলিতে পারি। সংসারের প্রতি স্বাভাবিক আকর্ষণ দেখিয়। ইহা অনায়াদেই বল। যাইতে পারে যে সে আপনি আপনাকে চালাইবে। অতএব এজন্য স্বতন্ত্ররূপে আর না ভাবিয়া ধর্ম্মের দিকে কিছু অধিক অন্মরাগী হওয়া এখন আবশ্যক হইয়াছে। সংসার যে পরি-মাণে চিত্তকে হরণ করিয়। রাখিয়াছে তাহাই যথেক। সে অনুরাগ বিজ্ঞানের প্রাচীর দ্বারা রক্ষা করিবার জন্য মিল্ কমট্ প্রভৃতি আধুনিক প্রত্যক্ষবাদ পণ্ডিতগণের নাম মতাবলগ্ৰী উল্লেখ করিবার আর কিছু প্রয়োজন নাই। এক্ষণে সংসারের দিক্ হইতে কিছু মাত্র আগ্রহ অনুরাগ ভাবনা চিন্তা প্রত্যাহরণ করিয়া ধর্মের: দিকে নিয়োগকরিলে ভাল হয়। অদ্যাপি ইন্দ্রিয় দমন হইল না, চিত্ত সংযম করিয়। শাস্ত মনে

মগ্রভাবে ত্রন্ধোপাদনা করিতে পারিলাম না, অন্তরে পুণ্যের বল অন্মূভব করিতে পারিতেছি ना, প্রলোভন অতিক্রম করিবার সামর্থ্য নাই, এ দিকে দিনও শেষ হইতে চলিল, প্রেম ভক্তি প্রিত্রতার সহিত ঈশ্বরের সভা সাগ্রে নিম্ম হইতে পারিলাম না এই সকল এখন মহা ভাব-নার বিষয় হউক। ধন মান উপার্জ্ঞন ও ইন্দ্রিয় স্থুথ ভোগের চিন্তায় শোণিতকে শুক্ষ না করিয়া যাহাতে পুণ্য প্রেম বিশাস ভক্তি বিনয় বৈরাগ্য হইল না, পুরাতন কুমভাাদ পাপ গেল না, এই সকল গভার উৎকণ্ঠায় দেহ মনের দৃষিত রদ রক্ত শুক্ষ হইয়। যায় তাহাই কর। কর্ত্তব্য। অনেকের সংসারের শেষ পরিচ্ছেদ আ-'র'স্ত হইল অথচ ধর্মের বর্ণমালাও শেষ হইল ন। ইহা কি নিতান্ত ভাবনার বিষয় নহে " যাঁহার। না ভাবিয়। সুথে আহার পান করত निमा गाइँएव পात्त्रन काशास्त्र माश्मरक अभग, মোহাদ্মতাকেও বলিহারি! পাছে উদাসীনের ধর্ম হয়, এই আশকায় আমরা ধর্মের সঙ্গে সংসারের সামঞ্জনা রক্ষা করিতে কৃত-সংস্কল্প হইলাম, কিন্তু শেষ ফল হইল এই, যে আমর। সংসারগতিকেই প্রাপ্ত হইয়া ধর্মের দিকে অন্ধ হইয়া রহিলাম। প্রিশেষে সংসারেরই জয়লাভ হইল। চিন্তাশীল বিবেকী ত্রাক্ষ ইহা দেখিয়া কোন্ প্রাণে আর নিচিন্ত থাকিবেন ?

ধশ্বজী শ্বের তেজিবতা।

জাঁবন্ত ব্রহ্মযোগের যজাগি যাহার চিত্রক্ষেত্র প্রকৃতরূপে একবার প্রজালিত হইয়া উঠিয়াছে তাহার জাঁবনের স্বগাঁয় তেজঃ আর কথনই
বিলুপ্ত হইবে না। অনুরাগের আত্তি তছুপরি
অনুক্ষণ নিক্ষিপ্ত হইতেছে, সমাধি ও প্রেমামাত্তার স্থান্দ স্মারণ তাহাকে নিমেষে নিমেষে
উজ্জ্বল করিয়। তুলিতেছে, তবে আর তাহা
কিরপে নির্বাণ হইবে ? এই জন্য বিশ্বাসী
সাধকের মুথমণ্ডল স্কাদ পুণ্যপ্রভাবে তেজস্মান্
তাহার বাক্য স্কল অগ্নিক্ষ্বুলিপ্রবং এবং তাঁহার

কার্য্য ও ব্যবহার চিরদিন জলন্ত অনলের ন্যায় জীবন এদ। ভূতকালের অভিজ্ঞতা এবং ভবিষ্য-তের অটল আশ। তাঁহাকে প্রতিনিয়ত আনন্দময় উৎসব ক্ষেত্রে পরিচালিত করিতেছে। সেখানে ছুৰ্বলতা নিরশে। বা পুরাতন ভাব কিছুই নাই, জীবনের প্রতি মৃত্র্ত হাঁহাকে নৃতন নৃতন কবি-রের সৌন্দর্য্য প্রদর্শন করে। তাঁহার সেই যা ন্তরিক তেজস্বিতার নিকট পাপ নিরাশ। কখন অগ্রদর হইতে পারে ন। দিগন্তব্যাপী ঘোরান্ধ-করে মধ্যেও যেমন ক্ষুদ্র দীপালোকে স্বীয় জ্যোতিঃ বিকীর্ণ করে, সাধুর ধর্মভাবও এই পাপময় পৃথিবার গভীর কলুষরাশির ভিতরে তেমনি প্রকাশ পায়। পুণ্যাগ্নি এককণ। যেখানে থাকে বিপুল পরাক্রমশালী পাপ তাহার নিকট পরাস্ত হয়। কিন্তু যেখানে কল্লিত ব্রহ্মজান, দাময়িক অদার ভাবুকতা দেখানে বিকারী রোগীর অস্বাবাভিক উদ্যম ওতেজসিতার অবশ্যা স্থাবী ফল অচিরে প্রকাশ হইয়া পড়ে। দিন যে ব্যক্তি জীবন্ত দেবতা জোতিশ্ময় ঈশ্ব-রের উপাদন। করে দে কি কখন তেজোহীন মতাব্দা প্রাপ্ত হয় ? কল্লনার ঈশরই নিডেজঃ. তাহার দারা বল সঞ্চারিত হয় না। যাঁহারা আ-পনার জীবনকে আদর্শস্বরূপ করিয়া ধর্মাবিধি এবং ঈপরকে তাহার অনুগামী করিয়া লন ঠাহারা কোন না কোন সময়ে দীঘ্নিশ্বাস পরিত্যাগ পূর্বক ঘোর অবিশ্বাদীর ন্যায় নিরাশার গরল উদ্গীরণ করিয়া প্রতিবাদীর অনিউ দাধন এবং নিজের সর্ব্বনাশ করিবেন। স্বরূপতঃ ত্রহ্মকে মকুষ্য জানিতে পারে না, যাহারা কিঞিৎ জানিতে পারিয়াছে তাহার৷ সেভাব প্রকাশ করি-তে পারে নাই,কেবল তাহাদের জীবন পাঠ করিয়। ভাবুকগণ ব্ৰহ্মের মাহাত্ম্য কিছু কিছু বুঝিতে পারেন। কিন্তু যাঁহার যে পরিমাণে ধারণাশক্তি হইয়াছে তিনি সেই পরিমাণে আপনাকে পবিত্র এবং উন্নত করিতে পারেন। ঈশ্বরের স্বরূপের ব্যাখ্যান পাঠ করিয়া কিম্বা তাঁহার না্ম শুনিয়া অথব। সৃষ্টির অত্যাশ্চর্য্য ক্রিয়া সকল দেথিয়া কি তাঁহার যথার্থ ভাব হৃদয়ঙ্গম করা যায় ? অথচ

এই বাহাভাবে অস্পফ্ট পরোক্ষজ্ঞানে বন্ধ হইয়াই অনেকে ব্রেক্সাপাসনা করিয়। নিশ্চিন্ত থাকেন। এরূপ স্থলে জীবনের তেজঃ কতক্ষণ অবস্থিতি করিতে পারে? বাহ্যাবরণ অসার ভাবুকতা ভেদ করিয়। আদর্শ ব্রহ্মের সমীপবর্তী হইতে চেষ্টা করিলে, তাঁহার গাড়ীর্যাও মহত্ব যতদূর সম্ভব ধারণা অভ্যাস করিলে জীবনের মৃতভাব ব্ৰান্সজগতে অবিশাসী भकल हिल्या याय। নিরাশগ্রস্ত ব্যক্তির ন্যায় শত্রু আর নাই। তা-হারা নিজের তুর্বলতা স্বীকার না করিয়া, মনুষ্য-স্বভাব,ঈশ্বর এবং ধন্ম বিধানের উপর সমস্ত দোষ ভার অর্পণ করে। জাবনে উৎসাহ নাই, তেজঃ নাই, কল্পিত ত্রন্ধের সেবায় তাহার সর্ববিদ্ধ হৃত হইয়াছে, আদর্শ ধন্ম আদর্শ ব্রহ্মের নিকটে সে যাইতে চাহিবে না, অধিকন্ত তাহা কল্পনা বলিয়। পরিহাস করিবে,তবে আর কেমন করিয়া তাহার জীবন রক্ষা পাইবে? প্রভাবশালী পুণাময় ব্রেন্স মাঁহার হৃদয়মন্দির আলোকিত করেন, পৃথিবীর পিশাচ ও দানব সকল কি তাহার নিকট সহজে অগ্রসর হইতে পারে? "দূর হও পাপ'' এই বলিয়। ব্রহ্ম নামের হুষ্কার রবে শত্র্-দিগকে বিদুরিত করিতে হইবে। শরীরকে জরা বার্দ্ধক্যে গ্রাস করে করুক, বিপদ পরীক্ষা তুঃখ দারিদ্যের ত্রবিষহ নির্যাতনে মস্তক চূর্ণ হইয়। যাউক, তথাপি বিশ্বাস নির্ভবের গুণে সেই ভগ্ন-মন্তক হইতে ব্রহ্মাগ্লির জ্যোতিঃ শতধা উত্থিত হইয়। শত্রে বিদগ্ধ করিবে, এবং অমরাত্মা ''জয় ব্রহ্ম জয়'' এই বলিয়া দিব্য লোকে চলিয়া যাইবে। তেজোহীন হইয়া ব্রাহ্মজগতে জীবন ধারণ করার ন্যায় খোর বিজ্মনা আর কিছুই নাই। অতএব ব্রহ্মতেজে দকলে তেজদ্বী হইয়। পৃথিবীর অন্ধকার রাশিভেদ করত জ্লস্ত অগ্নি শিখার ন্যায় চলিয়া যাও। "জয় ব্রহ্ম জয়" "দ্য়াময় কি জয়" এই মহামন্ত্র নিয়ত রসনায় উচ্চারণ কর, পাপের পিশাচ সকল পথ ছাড়িয়া **मि**द्य ।

ভারতবধীয় বুক্সমন্দির।

আচার্য্যের উপদেশ। ব্রহ্মন্দির নৌকাম্বরূপ।

রবিবার ১৩ই চৈত্র ১৭৯৮ শক।

এই রহ্মদলির একখানি ফুলর তরনী-সরপ। যে গৃহ मद्रभा जामता मकदल विभिन्ना छेलामना कदिए कि यपि कञ्चना ঘবো ইহাকে এক খানি নৌকা মনে কর ভাহা হটলে এই शृद्धत भूला तुत्रा याष्ट्रेटव । यनि मदन कत हेशांत निह्म এवः দারি দিকে ভয়ানক জলরাশি, আর দল্পের এই নৌকা ভাসিতেতে, তবে এই চিন্তা হিতকর 🕆 আবার যদি মনে কর নৌকার এক দিকে প্রম দয়াল কাডারী হবি হাল প্রিয়া বদিয়া আছেন, ভবে হিতকর কলনা আশাক্র হট্যা উঠে। আরেও যদি দেখ, ঘাঁহারা দাঁড়ে টানিনেছেন তাঁহার। সকলেই ফুড্ডদ্বর, নিপুণ এবং সবলকার ছাতা চতলে সেই আশা ব্লক্ষি। रहेटव । वा**ञ्च**विक देश मामाना दनोका नदह । अवसमुद्रमुख মবে। ভয়ানক তৃকান দেখিয়া মতার আশেষায়, প্রাবের তারে ইহার মধ্যে সকলে উঠিয়া পড়িয়াছে। নানা দেশের লোক, নানা অবস্থার লোকে মকলেই উঠিয়াছে।। ইহার আরোহী-निজের মধ্যে নর, নরোঁ, বন্ধু, শত্রু, সুবা, বৃদ্ধ দকল প্রকারের লোক আছে, পৃথিৱীর স্মুদ্ধ দলেব প্রতিনিধি আছে। সকলকে আপনার বক্ষে লইয়া নোকা ছাডিল ; কিন্তু উপ-রের আকাশে কাল মেঘের উদয় ছইল এবং প্রবল ঝড় বহিতে লাগিল, নৌকার নীচে ভয়ানক ভরন্ধ উঠিল। সমুদ্র যেন মুখ ব্যাদান করিয়া আকাশকে গিলিতে লাগিল, চারিদিকে ভয়ানক অন্ধকার হুইল, এমন সমূরে আরো-হীরা ভয়ে ত্রন্ত হইরা ভবকাণ্ডারীর **সন্মু**থে দাঁড়াইয়া প্রার্থনা করিতে লাগিল। আরোহীবা সেই দোর অন্ধকার মধ্যে ভবকাণ্ডারীর মুখের হাদি দেখিল। সেই ভয়ঙ্কর কল্লোলের মধ্যে, ভবকাণ্ডারীর মুখে তাহারা উৎসাহকর মাতৈ, মাতৈ, শব্দ জ্ঞাবন করিতে লাগিল। আরোচীরা নির্ভয় এবং নিশ্চিন্ত হটল। তাহারা আনন্দরতে, সুমধুর স্বরে গান করিতে লাগিল এবং পরস্পরকে বলিজে লাগিল ''ভাই, আবার গাও।'' আরোহীর। কুদ কুদ দলবদ্ধ হইয়া কত সুন্দর কথা বলিতেছে, পাঁচ জনে মিলিয়া কত তত্ত্বালো-দনা করিতেছে এবং কভ প্রেমস্থা পান করিতেছে। বাস্ত-বিক নৌকাথানি যেন সুমধুর সংপ্রসক্ষের আধার হট্যাছে। নৌকারোহণ করিয়া ক্যোৎস্না দেখিতে দেখিতে, পাঁচটা ভাই মিলিয়া মনের আনন্দে গান করিতে করিতে চলিল। তোমরা কি কথন জলযাতা দভোগ করিয়াছ? চারিদিকে প্রশাস্ত হাস্যুখ চন্দ্রের জ্যোৎস্থা, নৌকার ডিতরে বন্ধুদিগের প্রক্রুর মুখ, নিমে স্থনির্মাল জলরাশি, এসকল দেখিয়া কি কখন তোমাদের হানর পুলকিত হইয়াছে ? যদি এসকল দেখিরা

পাক তাহা হইলে যে নৌকায় আহ্বোহণ করিলা ধর্ম যাত্রীয়। পার হইয়া ঘাইবে তথন বুঝিছে পারিবে কেমন ভাল বন্ধুর ভবসাগর পার হইয়া ঘাইতেছেন মেই নৌকার সৌন্দর্য্য কল্পনা করিছে পারিবে। মেই নৌকার ভিতরে বাহিরে প্রেম চল্লের জ্যোৎস্থা জাল বিস্তারিত হইয়াছে। আরো-হীদিগের মধ্যে সংপ্রদক্ষ এবং ব্রহ্ম সঙ্গীতের লহরী উঠিয়াছে। জবকাণ্ডারীর হাস্যম্ম দেখিয়া সকলেই নিশ্চিন্ত এবং নির্ভয়। সকলেই ভবকাণারার 'মাতে, মাতে' শক্ শুনিতেছেন, সুতরাং कै। शादाब कान विश्वास अग्र नाहे। এই मन्त्रि साहे ज्व-সাগরপার হট্রার নৌকা। ঝপাং ঝপাৎ করিয়া ইহার দাঁড়ে 🖟 পড়িতেছে। গণ্ডারাকতি প্রশান্ত পুরুষ এই নৌকার কাণ্ডারী হটয়া দকলকে আশা দান করিজেছেন। গাঁহার। এই तोकात चारतारो खाँशास्त्र त्रक्नीटच्छ **ख**श्च नार्टे, पिवरम ও আশকানাই৷ পাঁড়ী ভাই একত্ৰ আছেন, উপদেশ लहेट उछन, डेलरम्स निर्कट्छन, लबस्पद्रक भूक्ष कविर्द्धाहन, এক একবার সকলে মুখ তুলিয়া দেখিতেছেন আর শান্তি উপফ্লে উপস্থিত থ্টবার কত, বিলম্ব। খাট ছাড়িয়া এই নোকা চলিয়া গিয়াছে ৷ যে কএকটা লোক এই নৌকায় উঠিয়াছেল আর তাঁহারা সংসারে ফিরিয়া সাইতে পারিবেন না। এখানে কেবল সন্তাব সম্বদ্ধন এবং মধ্যে মধ্যে মধ্যে সুমধুর এক্ষসঙ্গীত। কেহ কেহ মনোহর শাস্ত্র পাঠ কবিতেছেন, নানা প্রকার অবস্থার লোক ইহার ভিতরে আছে, এখানে কাহারও ভর নাই। সমুদর কার্য্য সুচারুরূপে নির্মাহ হইতেছে। এই নোকা যথার্থই ভবসাগরের উপর ভাগিতেছে: এই মন্দিরে যে আমরা ভাই ভুগাদের সঙ্গে পিতার নাম করিতেছি ইহা কি আমাদের দামান্য দৌভা-গ্যের বিষয়। কল্পনার ছবির সব ঠিক হইল ; কিছুর প্রস্প-রের সঙ্গে দম্বন্ধ স্থির হইল না। আমরা যদি মনে করি পরস্পরকে অভ্যন্ত সুখী করিতে পারি। ক্রমাগত মৃদক্ষ বাজাইতে বাজ।ইতে যদি দেই নামের সারি গান করি ভাহা হটলে আপনারা কত মুখভোগ করিতে পারি এবং অন্যকে কত সুথ দিতে পারি। কিন্তু এখনও আমরা পরস্পরের নিকট অপরিচিত ব্যাক্তির নায়ে রহিলাম। ভবকাণ্ডারী এই বর্ত্তমান শকান্দীতে এই নোকায় আরোহণ করাইয়া আমাদিগকে শান্তি উপক্লে লইয়া ঘাইবেন। আমরা এই নোকায় আরোহণ করিয়াছি। কিন্তু হু:থের কথা এখনও পরস্পরকে চিনিলাম না। ঘাট ছাড়িয়া নৌকা অনেক দর আদিয়াছে। এথানে সমুদ্র ভয়ানক, অগাধ জল, সাব-धान अवादन पूर्व पिट्छ गाहेश्व ना। अवादन भक्त करिया दनोका ধরিয়া থাক। কেবল নাম গান করিতে থাক। জামরা · এছ নৌকায় বশিয়া আছি, এদ ঈশ্বরের শাহায্যে পরস্পরের সঙ্গে সম্বন্ধ ছির করিয়া লই। এতক্ষণ যে কলনার কথা বলিলাম, টহা কল্পনা নহে, টহ সভ্য। এই মন্দির রূপ 'নৌকার আর্রোইীদিগকে ভ্রসাগর ডুবাইতে পারিবে না। **भ्रदकाणाद्रीत छेलटत निर्धत कत्रिता थाक । यथन खरमानद्र**

ছাতে ভার দিয়া নিশ্চিত হটরাছিলে। বিষয় কার্য্য করিতে দাও, নোকার ভিতরে বসিয়া কর। সর্কাদা সতর্ক হট্যা পরস্পারের দক্ষে মিলিভভাবে কার্য্য কর। গাঁহারা এই নোকার আছেন তাঁহাদিগকে ভাই বন্ধু বলিয়া ভাল বাসিবে। পরস্পরের মত্বেদেন বিবাদ না হয়। কাম কি আর পাপের আমোদে গওদ সকলে বন্ধুভাবে মিলিয়া পিতার নামের শারি গান করি, চন্দ্রের প্রতি তাকাই, নদীর ছে'ট ছে'ট দেউ গুলি কেমন চলিয়া ঘাইতেছে দেখি: ছারে: হীদিলের পরস্পর মধুর ব্যবহার দেখিয়া আনন্দে হাসি ! যাহা বলিলাম আপাততঃ মনে হইতে পারে সমূল্য যেন একথানি *ফুলর* ছবি। কিন্তু এসমুদয় সত্য। আধার বলি, मावशान, विवाह कब्रिटल मंत्रिटव । श्रद्रम्भद्रटक ना हिनिटल বাঁচিবে না: ঈশ্র আমাদিগকে লইয়া চল্ন! ভাহার ইচছা পুর্বিইক । তাহার কপায় ভবদাগর পার হইয়। শান্তি উপকৃলে উপস্থিত হই।

আচার্য্যের উপদেশ। স্বৰ্গ এবং পৃথিবীর কথোপকথন।

রবিবার ২০শে চৈত্র, ১৭৯৮ শক।

মনুষোর সঙ্গে মনুষ্োর ধেমন কথা হয়, বর্গ এবং পৃথিবীতে সেইরপ একদিন কথা ছইতেছিল। একদিকে শ্বর্গ विमशाहित्नन, जार अकिन्ति शृथिवी। डाँशामित्र मर्सा ক্রোপকথন আরম্ভ হইল, ক্রোপকথন চলিতে লাগিল। এই বেদীতে বসিয়া ভাবিতে ভাবিতে মনে ছইল কেন আমরা সেই কথা শুনিব না ? আমাদের নিকট সেই কথা ভইতেছে, বাস্তবিক উপাসনা স্থানে স্বৰ্গ আছে। যদি কোন স্থানে ষৰ্গ অবতীৰ্ণ ছইয়া থাকেন তাছা এই উপাসনা স্থানে। এই উপাসনা স্থানে স্বৰ্গ এবং পৃথিবীর ক্থোপক্ধন হয়। বালগণ, দেই কথেপেকথন শুনিতে কি ভোষাদের ইচ্ছা হয় নাং পৃথিৰী স্বৰ্গকে কি বলিলেন এবং স্বৰ্গই বাকি উত্তর দিলেন, তাহা কি চিরকাল তোমাদের নিকট রহস্য থাকিবে পৃথিবী অর্থের নিকটে কি বলিলেন ? পৃথিবী বলিলেন :--''মছাছুঃখে আমার বক্ষ জর্জারিত।" বাস্তবিক পৃথিবীর অনেক হৃঃধ। নানাপ্রকার ক্ষত এবং জাগতে পৃথিবীর বক্ষে শোণিতধারা বহিতেছে; সাংসারিক নানা-প্রকার যন্ত্রণা, হৃদয়ভেদী তীত্রবেদনা, তত্নপরি পাপের ত্র্বিষ্ট ক্লেশ। এ সকল কালা যন্ত্রণা দারা সর্বাদা পুলিবীর প্রাণ বিদীন ছইতেছে। এই সমুদর ক্লেশভার পৃথিবী মন্ত কের উপর বছন করিতেছেন। এসকলের উপর আর একটা ভয়ানক জুঃধ এই ছইতে পারে, ছুঃখের কথা কাছানেও না বলিতে পারা। বিলাপ ধনিতে পৃথিবী আকাশ ফাটাইলেন; किन्छ किन्दे उँ। हात्र विलाश अभिन ना। हः चिनी अमनी अ

ছুঃখের রোদন শুনিয়া পশুসন্তানগণ ছাসিল। এইরপ ভয়া-মক অবস্থায় একটি উপায় আছে। পৃথিবীর লোক সকল পৃধিৰীর মুংখের কথা আছা করিল না, তবে পৃথিবী কাছার निकटि याहेटव । एक शृथिवीत इः एथत कथा अनित्व । কাছার ঘ'রা পৃথিবীর হুংব দূর ছইবে 🏲 স্বর্গের নিকট হুংখ ध्यकाण कहित्व शृथिवीत इःथ मृत इहेर्त, रक्षत धरे मड শুনিলে পৃথিবীর ছঃখ যাইবে না। ধর্মসাধন করিলে সকল कुः च बच्चना मृत इत अहे कथा स्वित्ति अधिनेते व कृत्य मृत ছইবে না। অগ্নিতে ব্লত ঢালিলে যেমন অগ্নি আরও প্রজ্-লিও ছইরা উঠে, সেইরপ এসকল জ্ঞানের কথা, শাস্ত্রের কথা, মনোবিজ্ঞান, এবং বস্তুবিজ্ঞানের কথা পৃথিবীর জ্বালা নির্বাণ না করিয়া আরেও রুদ্ধি করিয়া দেয়। কিন্তু পৃথিবী ৰাস্ত্ৰিক যদি স্বৰ্গের কথা শুনিতে পায়, পৃথিবী যদি শুনিতে পায়, অমুক অমুক লোক ধর্মসাধন করিয়া নিশ্চয়ই সুখী ছইয়াছেন, ব্রাহ্মধর্ম গ্রহণ করিয়া অমুক অমুক লোকের পাপতাপ দূর ছইয়াছে, যেংগদাধন করিয়া যোগীরা বিশেষ কিছু লাভ করিয়াছেন, ভক্তগণ ভক্তিসাধন করিয়া বিশেষ বিশেষ কিছু পাইয়াছেন। তাঁছারা এক এক দল যোগী আত্মা, এবং এক এক দল ভক্ত মহাত্মা হইয়াছেন, ভাছা ছইলে পৃথিবীর সমস্ত পাপতাপ দূর হয়। এবং স্তন আশে। এবং সূতন জীবনের সঞ্চর ছয়। এইকথা কেবল স্বৰ্গে শুনা যায়; এবং এসকল কথাই কেবল সন্দেছ অবি-শ্বাস চূর্ণ করিতে পারে। তাঁছাদের কথা প্রিবীর হৃঃখ দুর करत । (महे ভ क्रमन, (महे (याशीमन পश्चिर्वाहरू बहुनन :--'পৃপিবী, তুমি কঁঃদিতেছ কেন? একজন কি কেছ নাই হাঁছোর কথা ভনিলে তোমার হৃঃখ দূর হয় ? পুথিবী, কেন जुमि अतुशायमन इक्ता आह, यिनि मकतलत इक्ष मृत कर्द्रन তাঁছাকে কি তুমি দেখ নাই ?'' সাবুরা ঈশ্বরকে দেখিয়া-(इन, এই জনা ভাঁছারা বলিতেছেন "পৃথিবী, অধােবদন हरुया थार्कित ना, दूः एवं जनमन रहेत ना। अरे केवडरक দেশা যায়, ভাঁছাকে দেখ। সাধুরা যাহা বলেন ভাছা তাঁছাদের জীবনের পরীক্ষিত কথা। তাঁছারা যাহা ঞ্চত ভাগা বলেন না, যাহা ভাঁছারা আপনারা দেখেন এবং ভোগা করেন তাছাই বলেন। ভাঁছারা বলেন: পভুঃখী পৃথিবী, प्यामार्टनंद्र कथा अन, नेबंदर्क राम्य ।" जरू मिराद मूर्य এই আশার কথ। শুনিয়া নিরাশ পৃথিবী বাঁচিয়া উঠিল। পৃথিবীর বিশাস হইল। সাধ্রা ব্যরন্থার বলিতে লাগিলেনঃ—"ছঃগী পৃথিবী, একবার দেখ। বার বার অনুকল ছইয়। व्यामार्क्ट मून विषक्ष शृथियो खर्गीत माधुमित्रात अमन वमन तम्बन। উচ্চেদের সেই প্রফুল মুখ দেখিরা পৃথিবী বলিল, যাছারা আমারট বুকের আগ্রণে স্থালিতেছিল সেই সকল লোক चार्त शिंता अभन सूची इटेन !! माधुमिराद पूर्यंत अमृत्र डा পদ্ধিয়া হঃখে জর্জারিত পৃধিধীর আশা এবং আনন্দের

भकात इंडेल। चर्त्तत माधुमिरगत अवर भृथियोत मर्गा हित्रमिन **এই कर्षाणकथन हिल्छिए, এখনও সেই** कर्षाणकथन ছইতেছে। পৃথিবীর যেখানে মহয় সন্তানের। কাঁদিতেছে (मर्थात्मके स्वर्ग। स्वर्गमा (मर्थित आभारमत आमा हश मा। সাধু দর্শনে, সাধুদিগের কথায় পৃথিবীতে শান্তির প্রজ্ঞবন উন্মুক্ত হইয়াছে। কেমন স্থপ্রসন্ন ভক্তদিগোর মুখ !! ভাঁছারা व्यामात्मत्रहे छाहे छिगिनीः, किस्तु छाहाता नमीत ७ शास्त्र। তাঁছাদের মুখনী কেমন স্থাদর!! তাঁছারাও মনুষা সন্তান আমরাও মনুষ্য সন্তান: কিন্তু উঁছোরা কেমন ছাসিয়া কণা কন্ আর আমাদের মুখ কেমন বিজী। একদিকে আহ্বাদ, আনন্দ, স্বর্গের হাস্য, আর একদিকে জঘনাতা কুৎসিত ভাৰ, বিধাদ। স্বৰ্গ পৃথিবীর নিকটেই আছে। আশা পাওয়া যায় যদি পৃথিনীর কথানা শুনিয়া বারদার স্বর্ণের কথা শুনি। ঈশ্বর স্বর্গকে পৃথিবীতে পাচাইরা দিয়াছেন কেন ৷ যদি কএকটা মানুষকে তিনি অবৰ্গে না রাখিতেন তবে পৃথিবী একেবারে পাপে ভূবিয়া যাইত। এ উছারা কর জন ঈশবের মুখের পানে তাকাইয়া যে ব্যরস্বার আনন্দ্রনি তুলিতেছেন, সেই ধনি শুনিয় মৃতপ্রায় অসার নিক্লাম এবং নিক্ৎসাছ পথিবী বাঁচিয়া উঠিতেছে। বাঁহার। সেই ধ্বনি শুনেন, ওঁ!হাদিগের অন্তরে সিংছের বল, ভাঁছারা অন্ধকার মধ্যে সহজ্ঞচন্দ্র দেখেন। (বখন স্বর্গপৃণিনীর সক্ষে কথা বলে, ভোমরা পার্বে বসিয়া ভাষা শুনিবে। যত সেই কথ। শুনিৰে ভত জ্ঞান র্দ্ধি হইবে। কিরুপে স্বর্গ গুৰু হইয়া ছুরন্ত পৃথিবীর লোক গুলিকে আপনার শিষা করিয়া লইভেছেন ভাষা দেখা যখনই ছুংখ যপ্তগায় মন নিপাড়িত ছইবে তখনই এক একবার স্বর্গের কথা শুনিবে। সকল যম্মণা দূর ছইবে। স্বর্গের কথা এমনি মিন্ট। স্বৰ্গ কি বলিল, ভাছা যদি কেছ পুস্তকে লেখে সেই श्रुष्ठक পृथिवीरक ममामृज इन्द्र, अवश् काहा मृक পृथिवीत व्यागम इकेट्रा

আচার্য্যের উপদেশ। মৃত দেবভার পূজা। রবিবার, ২০শে আধিন, ১৭৯২।

যদি কোন প্রিয় ব্যক্তির মৃত্যু হর এবং সেই দিন ঠাঁছার আত্মীর বন্ধু বাস্ত্রব জ্ঞাতি উল্লাসে উন্মত হর, যদি তাঁছার মৃত্যু হইরাছে জানিয়াও ভাছারা আনন্দ প্রনি করে, সেই দৃশ্য দেখিলে কাহার না হুংখ হর ? কোখার সেই বন্ধুর বিয়োগো পোকাঞ্চ বর্ষণ হইবে, না সেই হুংখজনক ব্যাপারের মধ্যে আনন্দের রোদ উঠিতেছে। এই রূপ অআভোবিক ঘটনার জ্পনাতা কম্পনাও ধারণ করিতে পারে না; কল্ক ইছাই "ভারতবর্ষে যথার্থ ঘটনা হইল। এখন ছিল্পদিগের উৎসব্প

স্থের অন্বেরণে ভারত ভূমি অন্ততঃ বন্ধদেশ আমন্দে পুলকিত হইতেছে। এই ব্রহ্মদন্দির ছাড়িরা বাও কত ধূমধাম দেখিবে। বাছারা মৃত অচেতম ছিল সে সকল ব্যক্তিরাও উঠিয়া হাসিতেছে। কি আশ্চর্য ব্যাপার প্রকাশিত ভটল।! সম্বংসরের পর জ্রী পুত্র সকলে মিলিয়া জানন্দোৎসর ভোগ করিবে। মববেশ পরিধান করিয়া নবভাবে উৎফুল্ল ছইবে; কিন্ত এই আনন্দে: ২সবের মূলে কি ? কেবল মৃত্যু, কুসংক্ষার পাপারল পাদ করিয়া ভারতমাতা মৃত—দেই মাতার মৃত্যু দেখিরা আজ দেখ সম্ভানেরা কেমন বিরুতভাবে ছাস্য করিতেছে। বল বলবাসী, তোমরা কি দেখিয়া এত উন্ধ-সিত হুটতেছ ? অসত্য পাপ, মৃত বস্তুর উপাসনা দেবিরা কেন ভোমাদের এত আনন্দ? আমাদের প্রাণের প্রাণ পরমেশ্বরকে ভুলিয়া এবং প্রক্রত পরিত্রাণের সন্থাদ অগ্রোষ্ট্য করিয়া দেব ভারত ভূমি ক্র মক্রমে গ্রন্থান সভক্তি এবং ত্বলতার হত্তে পড়িয়া প্রাণ হারাইয়াছেন। দরাময় ঈশ্বর এই দেশকে ৰংসর বংসর কভ সুথে বিভূষিত করেন। যে প্রেশে ছিমালর পর্বেত, গঙ্গানদী এবং যে দেশের ভূমি এত উব্বরা, যেখানে সামান্য পরিশ্রম করিলে রুষকেরা প্রচুর ফল नमा উৎপन्न करद्र, रम रमानद अय रमो अरशाद मीमा कि १ এমন আহলাদের স্থান যে ভারতবর্ষ, ইচার মধ্যে কিরুপো অসতা পাপ অবেশ করিল? ইতিহাসকে জিজাসা কর, ইতিহাস স্পট্টাক্ষরে গলিবে, কেবল যে ঈশ্বরের নাম করিয়া ভারতে হৃদ্দী বস্তুর পুজা কইতেছে ভাষা নৰে; কিন্তু ভাষার নাম করিয়া নানা প্রকার পাপ অনুষ্ঠিত হইতেছে। ভারত-বাসীরা আজ কোণায় ছঃখী ছইয়। মাত্রাকে উদ্ধার করিবেন, না মাডার মৃত্যু দেখিয়া ভাঁছাদের মুখে আনন্দ। । ভাঙ্গাণ ! সোমারা যদি ভারতের স্থপুত্র ছও, ভারতকে যদি ঈশ্বরের রাজ্য এবং শন্তিরাক্তা করিতে তোমাদের অভিলাষ থাকে তবে যাঁহারা প্রাণ-বিহীন দেবতার নিকট প্রার্থনা করিতেছেন একবার ভাঁছাদের পারে ধরিয়া বল, কেন ভাইগণ, ভগিগাং, তোমরা মৃত বস্তুর কাছে রুগা রোদন কর? এস মিনি মাথার্থই ছুঃখীর ছঃখ হরণ করেন, ভাঁছার উপাসনা কর। ভাঁছার শান্তিখবের দার উনুক্ত হংরাছে। পিতার প্রাণ আছে, ত্রিনি জীবন্ত ঈশ্বর, তাঁহার কাছে বল, তিনি মনের হুঃখ দূর ক্রিবেন। ঐ দেখ অন্ধ্রকারে আচ্ছন্ন ছইরা কোথায় ঈশ্বর কোথায় ঈশ্ব বলিয়া সহঅ সহঅ ভাই ভগিনী দৌড়িতেছে। হে নিষ্ঠুর ব্রাহ্মগণ! সকল দেশ জীবন্ত ঈশ্বরের অভাবে প্রাণবিদ্বীন ছইল, ভোমরা কি ভাঁছাদের কাছে এই শুভ সন্থাদ দিবে না ? যে দরাময় ঈশ্বর প্রকাশিত ছইয়াছেন বিস্তুত খন মেখ কেমন ভারতের আকাশকে আচ্ছন্ন করিয়া রাখিরাছে। এসময় সভাত্যা পাইয়া কখনও খরে বসিয়া প্ৰাকিও না। দেখ। শত শত ভাই আজ পৰ্য্যন্ত মনে করেন পিতা জড় বস্তু। তাঁহাদের জন্য কি তোমরা হুংখী হইবে-हा ? डाँचानिशत्क कि शिलांत , शत्यानात्म वमारेल किया

করিবে না? ভারতবর্ধে কত প্রশাস্থা কত জ্বান বৃদ্ধি আছে তপাপি কেন ইহার মধ্যে এত কুসংক্ষার এত পাপ ? উৎসাহপূর্ব হইয়া এইং এ সময় ভোমরা প্রার্থনা কর, উপদেশ দাও এবং সাধু দৃটান্ত প্রদর্শন কর। সাবধান হও, যে রোগা ভারতের মৃত্যু হইয়াছে সে রোগা বাহাতে রিদ্ধি হর তাহা করিও না। কপটতা, ভীকতা দূর কর। সত্যের নিশান লংখা ব্রক্ষোচিত কার্য্য কর। জগদীশা ভোমাব হুংখিনী বলবাসিনী দিগাকে কলা কর এবং বলবাসী হুংখী পুরদিগকে উদ্ধার কর। সেই দিন করে হইবে যখন বে ঘরে যাইব, ভোমার নাম কীর্ত্তন শুনিব; যে পপে চলিব নগরকীর্ত্তন দেখিব, যে নর নারীর কাছে যাইয়া বসিব হৃদয় পরিব হইবে।

জগদীন! এখনও আমাদের জীবনে ভরানক কলঙ্ক রিছিয়াছে, এখনও উল্লিয় দমন করিতে পারিমা; কিন্তু বখন পাপগুলি দংশন করে তখন তোমার নিকট উব্ধ খুজিতে শিথিয়াছি; কিন্তু পাঁচ হাজার লোক কি এখনও চোমাকে না জানিয়া অধর্মের পথে প্রাণ হারাইবে? দীননাথ নাম কি তাঁহাদের কর্ণে প্রবেশ করিবে না ? ন ,জগদীল, তাঁহাদিগকে এক বিল্মু সুধা পান করাও। চল যাই তাঁহাদের নিকট, যদি তাঁহারা জানিতেন যে তুমি হঃখাকে সুখ শান্তি দিতে পার, বড় স্থা ভোমার নামে, অনেক শান্তি ভোমার সহবাসে, তবে দৌজ্য়া তাঁহারা তোমার কাছে আনিতেন, তুমিও তাঁহাদিগকে ক্রোড়ে লইয়া কত আফ্লাদ প্রকাশ করিতে। পিতা, যাও একবার তাঁহাদের নিকট ভোমরা দয়া প্রচার কর।

আখ্যায়িকা

de

চারি জন লোক কোন মন্জিদে নম'জে প্রবৃত্ত হইরা
ছিল। প্রভ্যেকে বিনমুভাবে যথারীতি নমাজ করিতেছিল।
ইতিমধ্যে এক ব্যক্তি আদিয়া আঁজা (ডাক নমাজ)
করিতে লাগিল। তাহাতে দেই চারি জনের এক জন বলিরা
উঠিল যে তোমার আঁজার সময় আছে, উহার এ সময় নয়।
তথন দিতীয় ব্যক্তি বলিল এ কি করিলে ? নমাজের সময়
কথা বলিলে, নমাজ যে অসিদ্ধ হইল ? তৃতীয়
ব্যক্তি বলিল ভাতঃ! ইহাকে কেন অকুযোগ কর,
নিজেকে নিজে ভংশনা কর। তথন চতুর্থ জন বলিয়া উঠিল,
ধন্য ঈশ্বর! এই তিন ব্যক্তির অবস্থা আমাব হয় নাই।
ইহাতে চারি জনেরই নমাজ অভ্যন্ধ হইলা পেল। যে জন
নিজের দোষ দর্শন করে, সেই ব্যক্তি ধন্য! অন্যের দোষের
প্রতি যাহার দৃষ্টি, সে আপনার জন্য তাহার দেই দোষ ক্রম
করে। যথন তোমার মন্তকে অনেক ক্ষত ক্ষমাছে, তথন

ভামার নিজের প্রতি দরা ব্রুরা কর্ত্তবা। ক্ষত্ত রোগের ক্ষতি করাই ভাহার প্রতীকার। আহত ব্যক্তি দরার পাতা। যদি ভোমাতে সেরপ দোষ পাকে নিশ্চিন্ত হইও না। জানিও ভোমার সে দোষ পরে ভোমা দারাই প্রকাশ হইরা পড়িবে। যদি ঈশ্বর হইতে তুমি অভ্যবানী প্রবন্ধ না করিয়া থাক, হবে কেমন করিয়া আপনাকে স্থী ও নিচিন্ত মনে করিছেছ গ্রহ কাল তুমি অভ্যব লাভ না কর, সে প্রান্ত নিজ খ্যাতি অসুসন্ধান করিও না। অত্যে ভ্য হইতে দ্রে থাক, পরে শান্তি বচন বলিও। তুমি নিজে পতিত হইও না, ভাহা হইলে ভোমার ভীবনই অন্যের উপদেশ হইবে। সে লোকটী বিষ পান করিল, ভাহা দেবিয়া তুমি বিষপান করিও না, তুমি শর্করা ভক্ষণ কর।

কোন অক্স ভিকুক বলিতেছিল যে হে মহোদয়গণ! আমার চুইটা অন্ধতা, অতএব আমার প্রতি ভোমরা ছিতা অনুগ্ৰহ কর ৷ সকল লোক আন্চর্গাৰিত হইয়া জিজাসা করিল, ডাল, তোমার দিতীয় অন্ধতাটী কি ? এক অন্ধতা ম'ত্র আমরা দেখিতেছি যে তোমার দৃষ্টিশক্তি নাই। অপর অন্ধতা কিরপ, ভাহা আমাদিগকে বিশেষ করিয়া বল। অন্ধ বলিল, অ:মার কণ্ডসর অভি<mark>শয় কর্ক শ,সেই সর কঠো</mark>রভাই আ-মার দ্বিতীয় অন্ধতা বটে ৷ আমার বিকৃত স্বর মহাত্রুথের কারণ হইয়াছে: আমার কণ্ঠধানিতে লোকের অন্তরে বিরক্তির স্কার হয় ৷ আমি যে স্থানে এই অম্পুর স্বরে কথা বলি, লোকের মনে ক্লেশ ও বিরক্তি বিছেষ উৎপাদন করি। ইহাই আমার এক অন্ধতা হইয়াছে, আমি ইহার জন্য রূপাপাত্ত : আমার ছুই অক্ষতা, অতএব আমার প্রতি তোমাদিগের দ্বিওণ দয়। করিতে হইবে । যথন অন্ধ এই ভাবে সুই অন্ধার বিবরণ क्रिल, उथन उर्शन क्रारात मधुत ध्वनि बाहा ध्वनिएक मधुत কৰিয়া হুলিল ৷ বাস্তবিক এই উক্তিতে ভাহার ধ্বনির কঠো-রতার হাস হইল 🔻 সকলে ভাহার প্রতি দয়া করিতে ঐক্য হইলেন। অভরের ধ্বনিযোগে তাহার বাহা কঠোর ধ্বনি মধুব হট্যা পাষ্য-ছনয়কে মধুখবং কোমল করিল : বিধর্মী অবিশ্বাদী লোকের ধানি অসম্ভোষ্ডনক কর্মণ। ভজ্জন্য তাহা ঈশ্বর গ্রাহ্য করেন না। যদি তুমি ইস্কুফের ন্যায় সুন্দর স্কুচরিত্র লোকের সঙ্গে সান্দ্রেবং ব্যবহার করিয়া থাক, যদি কে.ন নিরপরাধীর শোণিত পান করিয়া থাক, অমৃতাপ কর; ও অসংকাৰ্য্য হইতে, শোণিত পান হইতে নিবৃত্ত হও। হে রদ্ধশশক! ব্যাভাগার পরিত্যাগ কর, পরে ঈশবের নিকটে महा खार्थी रख।

একদা গজনীর অধীশ্বর পুল্তান মহম্মদ দরবেশ আবুরেল হোদেনের নিকটে উপস্থিত হরেন । তিনি আবুরেল হো-দেনের জীবনের প্রভাবে ও গভীর আধ্যান্মিক প্রসক্ষে প্রীত হইয়া সহস্রাধিক স্থবর্গ মুদা তাঁহাকে প্রদান করেন এবং এট অমুরোধ করেন যে ইহা আপেনি গ্রহণ করিয়। স্বীয় কার্য্যে ব্যয় কুরুন্। তথন প্রাবুরেল ছোদেন সুল্তান্ মহম্মদকে নিজের খাদ্য/

করেক খণ্ড রুটী প্রদান করিয়া ভাহা খাইতে অমুরোধ করেন। বাদ্শা দরবেশের অমুরে:ধে সেই রুটী ধাইতে প্রব্রুত হয়েন। রুটী অত্যস্ত স্থূল ছিল, চিবাইতে তাঁহার বিষম কপ্ত হইতে লাগিল। আবুরেল হোদেন জিজ্ঞাসা করিলেন, কেমন थाहेट कि कक्षे रत ? वाम्भा विलालन, वे भक्त, हिवाहेट পারি না, গলায় বাধে। তথন আবৃয়েল হোদেন উক্ত স্থ্বৰ্ণ ৰুদা তাঁহাকে প্রতাপণ করিয়া কহিলেন, ইছা আপনি গ্রহণ কঙ্গন । এই রুটী যেমন আপনার গলার বাধে, ভজ্ঞাপ এই মুদ্রাও আমার অন্তরে বাবে। পরে বাদ্শা যথন চলিয়া যান ভখন আবুরেল হোসেন গাত্রোথ¦ন করিষা ভাঁহার বিশেষ সন্মান সম্বৰ্জনা করেন। তাহাতে মহামুদ্বলেন যখন আমি সাক্ষাতে উপনীত হই তথন সন্মাননা করিলেন না, চলিয়া মাইবার সময় এত সমাদর কেন ? দরবেশ ৰলিলেন, তখন ভূমি বাদ্শার ভাবে আদিরাছিলে । এইক্লণ তে।মার অস্তবে দর-বেশের ভাব জ্বনিরাছে, এজন্য তোমার প্রতি আমার অধিক अका देदेशाटह ।

প্রস্তাবিত প্রতিনিধি সভা।

বিগত ৮ই মাদ ভারতবধীরি ব্রহ্মান্সিরে ব্রাহ্মাদিলের গে সাধারণ দভা হইয়াছিল ভাহাতে 🗪 জন ব্রান্ধের স্থাক্ষরিত একবানি ছাবেদন পত্র পঠিত হয়। উক্ত পত্তে এই প্রার্থনা করা হইয়:ছিল বেদ, ভারতবর্ষন্থ সমস্ত ত্রাক্ষণমাজ হটতে প্রতিনিধি গ্রহণ করিয়া একটা ব্রাহ্মপ্রতিনিধি সভা সংগঠন করা হর। এই প্রস্তাবের বিষয় বিচার করিয়া আহ্মণিগের সাধারণ সভায় বিজ্ঞাপনী দিবার জন্য আমাদিগের কয়েক-জনের প্রতি ভারাপণি করা হইয়াছিল। আমাদিগের বিবেচনায় উক্ত রূপ একটী সভা সংস্থাপিত হওয়া একাস্ত আবশ্যক। ভারতবর্ধন্ত ত্রাহ্মমাজ দক্ষ প্রস্পরের প্রতি উদাদীন ও বিচিত্রভাবে অবস্থিতি না করিয়া, স্ব স্ব প্রতিনিধি হারা ব্রাহ্মসমণজের সাধারণ উন্নতি সাধনে সমবেছ-ভাবে মন্ত্রশীল হটলে যার পর নাই উপকারের সম্ভাবনা। প্রস্তাবিত প্রতিনিধি সভার উদ্দেশ্য প্রভৃতি কয়েকটী প্রধান বিষয়ে আমরা ষেরপ স্থির করিয়াছি তাহা দর্মনাধারণ ত্রাহ্ম-গণের বিবেচনার জন্য নিল্লে প্রকাশ কর। হইল।

সমুদার বান্ধসমাজের মধ্যে ঐক্যবন্ধন দ্বাপন, সম্বেত চেষ্টা দ্বারা বান্ধর্ম প্রচার, ও সাধারণ বান্ধমগুলীর কল্যাণ সাধন করা বান্ধপ্রতিনিধি সভার উদ্দেশ্য।

উন্নিধিত উদ্দেশ্য সাধন জন্য এমন সকল উপায় উদ্ভাবিত ও অবলম্বিত হইবে ফদ্বারা কলিকাতাস্থ বা বিদেশস্থ কোন ' ব্রাহ্মসমাজ্যের বর্ত্তমান কার্য্যপ্রণালী বিষয়ে কোন প্রকার হস্ত-ক্ষেপ করা হইবে না।

अधिनिधि मणा नाना उपादत्र शीत्र खेलाना नाधन सना

মত্ব করিবেন; ভন্মধ্যে আপাডতঃ নিম্নলিখিত করেকটী কার্য্যের উল্লেখ করা মাইকে পারে।

- সমুদার ত্রাহ্মসমাজের সভ্যসংখ্যা, ইতিরত, কার্য্য-প্রশালী প্রভৃতি বিবরণ সংগ্রহ করা।
 - ২। ব্রাহ্মণর্ম্ম প্রতিপাদক পুস্তকাদি প্রচার করা।
- ৩। বিবিধ উপায় দ্বারা ব্রাহ্মধর্ম প্রচার এবং তর্জ্জন্য স্মর্থ সংগ্রহ করা।
 - ৪। অনুষ্ঠানপদ্ধতি স্থির করা।
- । দরিত জুরাপ ত্রাক্ষ ও ত্রাক্ষ পরিবারদিলের রক্ষ। ও প্রতিপালনার্থ অর্থ সংস্থান করা।

গে ব্রাহ্মসমাজে অস্তেতঃ পাঁচজন ব্রাহ্ম সভ্যক্রেনীভূকে হই-য়াছেন, এবং যে সমাজ সথকে অস্তুতঃ মাসে একবার প্রকংশারতে ব্রহ্মোপাসনা হয় সেই সমাজ প্রতিনিধি নিয়োগ করিতে পারিবেন।

রাহ্মসমাজের সচ্চোরা অধিকাংশের মতে যাহাকে বা গাঁহ।বিলকে প্রতিনিধি পদে নিযুক্ত করিবেন, তিনি বা তাঁহ হারা এয়েই সমাজের প্রতিনিধি বলিয়া লগ্য হইবেন।

প্রতিনিধির বহঃক্রেম ২০ বংশরের অল হইবে না। তাঁহার রাজধ্যের মল সতো বিশ্বাস থাকিবে।

কোন বাজি তিন অপেক। অধিক সমাজের প্রতিনিধি-রূপে নিযুক্ত ২ইতে পারিধেন না।

মাঘ, ইজ্যন্ত, ও আশ্বিন মানের দ্বিতীয় রবিবারে দিব।
ত ঘটিকার সময় প্রতিনিধি সভার অধিবেশন হইবে। বিশেষ
কাবেন কাষ্য নির্ব্বাহক সভার অভিপ্রায়ামুদারে সম্পাদক
অন্ততঃ এক সপ্তাহ পূর্ব্বে সম্বাদ দিয়া অধিবেশনের দিন
প্রিবর্তন করিতে পারিবেন।

ম থ মাদে সংস্থংসরিক সভা হউবে। সাস্থংসরিক সভায় এক জন সভাপতি, এক জন সম্পাদক, এক জন সহকারী সম্পাদক এবং দ্বাদশ জন সভা কার্য্য নির্ব্বাহক সভারত্প নিযুক্ত হটবেন। সম্পাদক প্রভৃতি কর্ম্মচারীগণ কার্য্য নির্ব্বা-হক সভার অতিরিক্ত সভা বলিয়া গণ্য হউবেন।

দশ জন শভা অনুবেংধ করিলে প্রতিনিধি শভার বিশেষ সভা আহুত হইতে পারিবে।

কোন বিশেষ উদ্দেশ্য সাধনজন্য বিশেষ কা**র্য নির্ব্বাহক** সভা নিষ্কুত হইতে পারিবে।

পরিশেষে ভারতবর্ষস্থ সমস্ত রাহ্মসমাজ ও রাহ্মগণকে জ্বাপন করা গাইতেছে যে আগামী ৭ই কৈটে, ১৯মে অপরাক্ত চারি ঘটিকার সময় আমাদের বিজ্ঞাপনীর বিষয় বিচার করিবার জন্য ভারতবর্ষীয় ব্রহ্মমন্দিরে ব্রাহ্মদিগের সাধারণ সভা হইবে। উক্ত সভায় সাধারণ ব্রাহ্মগণের অভিমত্ত ইবল প্রস্তাবিত প্রতিনিধি সভা বিবিপূর্বক প্রতিষ্ঠিত এবং উহার নিয়মাদি অবধারিত হইবে।

শ্রীকেশবচন্দ্র সেন। শ্রীশিবচন্দ্র দেব। শ্রীত্রগামোহন দায়।
ব্রীপ্রতাপচন্দ্র মজুমদার।
শ্রীত্রানন্দ্রমাহন বন্ধী।
শ্রীশিবনাথ ভট্টাচার্গ্য।
শ্রীন্গেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।

ন্তোত।

তে ঈশ্বর! কূপাসিত্ব, প্রেম পারাবার। আহ। মরি, কি মধুর, নামটা ভোমার। উচ্চারণে সুধ'ক্ষারে, ভক্তবদ্নে। পাণী আমি, জ্বলি হার ! পাপের দহনে। কেমনে এনাম আমি করিব গ্রহণ। গেহেতু করিছি তব আদেশ লজ্ফন। পালের পরলো নাথ! হয়েছি মলিন। ভক্তি-রুদ নাই মম জ্বয় কঠিন। কুবাসনা ভোগস্থাে, মজিয়াছে মন। অসার মায়ার বলে হয়ে অন্তেত্তন | রিপু পরবশ হবে, আছি কলুষিত। অজ্ঞান-তিমিরে মন, সদা আচ্ছাদিত। যদিও হয়েছে হেন, অবস্তা আমার। তবু মম প্রতি দয়া, সমান তোমার। যাহা কিছু চাব ভাহা, পাব জনায়াদে। রাখিবে যতনে পিতঃ বাঁবি স্নেহপাশে। তুমি নাথ! দীনবন্ধু পতিতপাবন । তাই প্রভু তব পদে লয়েছি শর্প। তব नाम প্রেমস্থা, করাইয়ে পান। স্মীতল কর পিতঃ! ভাপিত পরাণ। দাও দাও ভক্তি বল, ওগো দ্য়াময়! যাছে পারি রিপুগণে করিবারে জয়। হর হর পাপ, তাপ ওহে পাপহর। পাপীর হ্রাসনে অবিষ্ঠান কর। বিশু মাত দ্যা যারে কর বিভরণ। मन्दीदत वर्गदात्म (म कदत गमन।

ञीजाक् ल शिमि था।

मःत्राम ।

শ্রীযুক্ত গৌরগোবিন্দ রায় গত রবিবারে দেরাজগঞ্জ রাক্ষসমাজের উৎসব সমাপন করিয়াছেন এবং তপায় কৃই একটী প্রকাশ্য বক্তাও নিয়াছেন। তাঁহার উপস্থিতিতে ছানীর রাক্ষ ও অপরাশর ধর্মামুসকায়ী ব্যক্তিদিগের মধ্যেও উৎসাহ রুদ্ধি হইয়াছে।

উংকল বান্ধনমাজের গৃহটী কটকের মাজিট্রেট অদ্যায়ুগুর্মক বিক্রের করিরাছেন। অতি সামান্য মূল্যে বিক্রের হইরাছে

·
Server offers a Server
সভাগ্ন অনায়াদে টাকা দিয়া রাখিতে পারিতেন । ইহাতে
প্রকাশ পাইতেছে যে তাঁহাদের নিজের বিহাতে অনুরাণ অভি
অরঅস্তঃ এক জন ব্রাশ্বও জীবিত থাকিলে উপাসনা পৃহ
विख्नैह इंडेड ना ।
ঞীধূক্ত অংখার নাথ ওপ্ত গরা ব্রাহ্মসমাজের সাখংসারিক
উৎসব সম্পন্ন করিয়া হাজারীৰাগ গমন করিয়াছেন। হাজারী-

ক্রীপুক্ত অংখার নাথ ওপ্ত গরা বাদ্ধসমাজের শাস্থসারিক উৎসব সম্পন্ন করিয়া হাজারীবাগ গমন করিয়াছেন। হাজারী-মাগছ বঙ্গুগণ অংখার বাবুর সাহাযো আপনাদিগকে ছারী-দ্ধানে উৎসাহিত করিয়া লউন এবং সমাজের মৃতভাব বিভূত্তিক করুন।

বংসর প্রেশ্ব উপলক্ষে গত তংশে চৈত্র নিশীপ সমরে এক মিলিরে বিশেষ উপসেনা হইরাছিল। সাড়ে না হটিকার সমর সংকাঁত্ন জ্রেছ হব, তাহার পর প্রীষ্ক প্যারীমোহন সেইবী প্রাতন ''ধর্মাক্তর'' হইতে একটা উৎসাহজনক উপদেশ পঠে করেন। ছই প্রহর অর্দ্ধ ঘণ্টার সমর উপাসনা শেষ হইয়াছিল।

ব্রাহ্মমন্দির সংস্কারার্থ নিম্ন লিখিত দান কৃতজ্ঞতার সহিত স্বীকৃত **হ**ইল।

গত প্রকাশিতের পর।

<u>এ</u> যুক্ত	বাবু	্উপেক্সনাথ মিত্র, ঢাকা	• • •		>•
,,	,,	क्षत्रफ्रत्य माम, मिरमानव	••	•••	٥.
•,	,,	যোক্তেশ্বৰ সিংহ, ভাস্তাড়া		• • •	\$0
,	,,	ज् रनत्मादन द्राप्त, नत्नु	•••	• • •	२
,,	5 ,	গদাধর খাঁ, নেশিনীপুর	• • •	•••	२०
۶,	;,	यानवञ्च वात्र	•••	• • •	>
,,	,,	হরকুমার সরকার, কবচমাড়ি	র		đ
9,	1)	বৈকুণ্ঠনাথ সেন, (আংশিক).	•••	¢
'n	,,	মণিলাল মলিক		•••	Œ
,,	,,	গোপালচন্দ্র মগ্লিক	• • •	•••	8
,,	,,	নৃপালচন্দ্র মল্লিক	•••		9
, ,	,,	নিমাইটান শিল	•••	•••	ર
,,	,,	ঈশবচন্দ্র দত্ত	•••	•••	>
,,	••	গোপালনারায়ণ মজুমদার	•••		ર
,,	••	लाकनाथ रेमज (कानी)			¢
•	••	কালীকুমার চট্টোপাধ্যায়, ত	বারাচ ন		9
" ব্ৰহ্মমূ	'' फ टब्र	দান সংগ্ৰহ	•••	•••	शः
	,	3	h		•••

ভারতবর্ষীয় ত্রাহ্মসমাজের প্রচার কার্য্যের

माहाग्रार्थ मान প্রাপ্তি স্বীকার।

मार मार्छ ১৮१९।

মাদিক দান সংগ্ৰহ।

শ্ৰীষ্ক ৰাবু নবীনচক্ৰ ঘোষ, বাজিতপুত্ৰ ১০

	,,	23	অক্ষয় শ্মার	विश्व	•••	• •••	>
	,,	,,	हजी हडन ८	मन, यानिः	চন্ ল	•••	9
	,,	,,	গুৰুমাৰুমা	द ८ चाष		•••	: >
	,,	29	रिक्षामहरू	र दगन	•••	•••	, ,
	3,	,,	<u>নিমাইটাদ</u>	निध	•••	•••	
	,,	,,	লক্ষ্যুকান্ত	षाम, विश्व	নাৰ	•••	2
1	"	"	ক্ষর গোপার	ৰ শেৰ		•	e
1	,,	"	टेवकूर्श्रम। थ	CIA	•		3
	1)	"	मटर साथ		•		. 3
-	"	,,	म्शानऽख	ম্লিক		•••	110
1	91	**	ভারকন;ধ	म ख		•••	>
	99	91	जत्रक क रम	ન		•••	2420
	,,	ı,	মতিলাল শি	াস	•••	•••	10
	श्री भड़े	कि व	প্ৰিভা ৰহ		•••	•••	ર
1	কোন	গর ভ	ৰ'ক্ষদমাজ		• •	• • •	8
l	গয়া ব	117	াম্।জ				20 #
			শুভ	কম্মে র	मान।	ı	•
	শ্রীসূক্ত	বাবু	শ্যোমাচরণ ব	क्षी, शडेल	।।चाडे · ·		ર
	শ্ৰীমতী	গে	ালাপহুদরী	(ক)			ર
	শী সূক	বাব	(আভতোষ বি	मकपाद, त	গ্ৰাইপুৰ	•••	9
	,,	, 9	হারানচন্দ্র	বহু, সিম্ল	াপাহাড়		ર
	,,	,	শর্পর রার,	বনমালীগ	1! ড় ।		>
	3)	,,	রাম্লাল স	াহা, সিরাং	ল্গপ্ত		>
("	,,	শরচ্চঞ্র মর্	्भनाद, न	94T	•••	5
				পারেগয়	1 1		
	গরা ব্র	ক্ষ ম	মাজ		•••		२०
	बिगुक	বাৰু	চন্দ্ৰমোহন	কর্মকার জ	त्रनव:फी	•••	۶.
	শিরাজ	গ 🏽	ত্রাহ্মসমাজ		•••	•••	٥,
				কালীন	नान ।		
	ब िम् छ	রাম্	<u> ত্রে ত্রিস্বকরা</u>	য জী সে তা	রা …	•••	r
	,, ,	वात्	রামগ্র দোষ	া, শিবসাগ	র	•••	>
	**	,,	গোপালচন্দ্র	গোশ, 👌	•••	•••	۶
	নি মন্ত্ৰী	ভূ ব	নমোহিনী ছে	। य, 🔄	•••	•••	>
	,,	नवर	হ্মারী ছোষ,	Š	•••	•••	ર
	_						

বিজ্ঞাপন।

अक्री पत्राभीना महिला

আহক ষহাশরগণ কপা করিয়া স্বীয় স্বীয় অত্যিম বাৎস্থিক মূল্য প্রেরণ করিয়া বাধিত করিবেন ৷ প্রতি জনকে স্বতন্ত্র পত্র লিখিরা মূল্য আদার্ম করিতে হইলে আমাদিগকে অভিশয় ক্ষতিপ্রত হইতে হর

কাৰ্য্যাধন্য।

धर्या ७ ख

স্মবিশালমিদং বিশ্বং পাবতাং এদনন্দিরং।
চেডঃ স্মর্মিলন্তীর্থ সভ্যং শান্তমন্দ্রনং ॥
বিশালান মধুলং। ২ প্রান্তঃ পরমসাধনং
শার্শনাশস্তু বৈরাগ্যং ত্রান্দৈরেবং প্রকীর্ত্যাতে॥

১১ ভাগ। ৮ সংখ্যা।

১৬ই বৈশাথ শুক্রবার, ১৭৯৯ শক।

বাৰ্ষিক অগ্ৰিম মূল্য ২॥০ ম**কঃ**অলে ঐ ৩।॰

প্রার্থনা।

পতিতপাবন অথিল গুরু পর্মেশ্বর! কুপানিয়নে দেখ, তোমার ত্রাহ্মসমাজ এখনও তোমাকে চিনিতে না পারিয়া কত দুঃখ ভোগ করিতে লাগিল। ত্রাহ্ম ত্রাহ্মিকাগণ এত দিন তোমার আশ্রয়ে রহিলেন, কত স্বর্গীয় স্থসমা-চার তুমি তাঁহাদিগকে শুনাইলে, বিশুদ্ধ বিজ্ঞা-নালোকে তাঁহাদের মনের অন্ধকার বিনাশ করিয়। প্রেম ভক্তি রুসে সকলের হৃদয়কে কত-বার বিগলিত করিলে; তাঁহারাও কতবার কত প্রকারে তোমার নিকট কাঁদিলেন, মনের কথা বলিলেন এবং শাস্তি পাইলেন; কিন্তু হে ভক্ত-বংসল হরি, অনেকে যে তোমাকে ক্রীড়ার সামগ্রী মনে করিয়া এখন আবার সংসারে **क् ज्या जाशिमगत्क** ফিরিয়। **চ**लिएलन्। তোমার নিকট ফিরাইয়। আনিবে? হায়! তোমার সৌন্দর্য্য মিউতা এবং আকর্ষণ কি ইছার মধ্যে ফুরাইয়া গেল ? যে সংসারের আখাতে ব্যথিত হইয়া তাঁহারা তোমার শরণা-পন্ন হইয়াছিলেন, পুনরায় না বুঝিয়া অন্ধের ন্যায় মোহ বশভঃ আবার তাহাকেই আলিঙ্গন করিতে যাইতেছেন। পিতা, কডদিন আর আমাদের **বা**রা তোমার পবিত্র নাম কলঙ্কিত **হইবে** ? আর একবার প্রদন্ধ বদনে মধুর সম্বোধনে স্কল্কে ভাল করিয়া ডাক। আবার আমরা

দকলে মিলিয়া ব্যাকৃল হৃদয়ে তোমার চরণে গিয়া লুটাইয়া পড়ি এবং কাঁদি। এই শেষ বয়সে তোমাকে পরিত্যাগ করিলে যে আমরা প্রাণে মরিব। ফিরাও দরাময়, দয়া করিয়া সকলকে ফিরাইয়া তোমার ঘরে লইয়া চল।

হে অতুল প্রভাবশালী পাষ্ডদলন ঈশ্বর! মহাপাপী অধম জনের এক মাত্র বন্ধো! তুমি পাপন্যাধি নিবারণের প্রসধ বেবং ছুমিই নিচ্ছে চিকিৎসক, আমাকে তোমার বিধি অনুসারে রীতিপূর্ব্বক একধার চিকিৎসা কর। পুনঃ পুনঃ পুরাতন রোগের হস্তে পতিত হইয়। याया ७७ रहेन, দিনের জন্য একবার **স্বস্থতা**র স্থ লে^গ করিতে পারিলাম না। ঔষধ অনেস সেবন क्रुभेश (मार्ट ठोरांत्र कन করিলাম কেবল ঔষধের কেবল ধারস্বার कलिल ना। পারবর্ত্তন করি, কিস্ত স্থপথ্য ব্যবস্থাই ব্যতীত ঔষধেব গুণ কিরূপে ধরিবে ? ভিতরে রোগ, গৃঢ় স্থানে অন্থির মধ্যে ক্ষত, উপরে ঔষধ দেপন ক্রিয়া কতকাল আর জীবন ধারণ করিব? ভাই বলি, একৰার তুমি আমাকে ভাল করিয়া দেখ, অন্তরের বিষদ্ধিত রস রক্ত স্থতীক্ষ অস্ত্রা-খাতে বাহির করিয়া তাহাতে তীত্র ঔষধ লেপন করিয়া দাও; কিছুদিন শ্ব্যাগত হইয়া পড়িতে

থাকিতে হয় দেও ভাল, কঠিন শাসন ব বন্ধনের
মধ্যে রাখিতে হয় রাখ, নৃতনরূপে উষধ পদ্দের
ব্যবস্থা কর, যাহাতে আমার রোগ নিংশেবিড
হয় তাহা কর; আমি আর ভগ্গ রুগ্র দেহে
হাস্যামোদ করিয়া আত্মবিস্মৃতের ন্যার
থাকিতে চাহি না। মূল বিশুদ্ধ না হইলে
তামাকে এই মহা ব্যাধির যন্ত্রণা ভোগ
করিতে হইবে। ৬ ক্রিন্সভার । এবার
বাহাতে আমি এমন করিয়া দাও।

" मेश्रदात ज्वित पृष्टि "

যাঁহারা ঈশ্বর সহবাসের মধুরতা সম্ভোগ করিতে চাহেন, যাঁহারা দর্শনের গভীরতার মধ্যে নিমগ্ন হইতে চাহেন, যাঁহারা তাঁহার স্থারসে প্রমন্ত থাকিতে চাহেন তাঁহাদিগকে ভিতরের দৃষ্টিকে তাঁহাতে শ্বির রাখিতে হইবে। সক মাত্রেই যে উপাসনার সময় নেত্র নিমী-লন করেন তাহার তাৎপর্য্য কি ইহাই নহে যে সমুদয় বিখকে অবস্তু করা ? কিন্তু তাহা হয় কৈ ? নয়ন নিমীলিত হয় বটে, কিন্তু বস্তু অবস্থ হয় না, প্রভ্যুত মনের সমক্ষে জড় পদার্থের প্রতিবিশ্ব আসিয়া অস্তরের নেত্রপথ করে। মন ভাবিতে যায় এক, विषय इहेग्रा भए आत अवर्णे भर्मार्थ। ার লোক দর্শনের হুথ সম্ভোগ করিতে পারে ना। उहाता धर्म्मत अयूष्ठीन करत, उशामनात প্রণালী অক্ষর করে, চক্ষু নিমীলিত করে, প্রভুর নাম গান করে, অবংশযে পর্য্যন্ত করিয়া থাকে, কিন্তু আসল বস্তু কিছুই লাভ করিতে পারে না। তাহারা বহু বৎসর এই সাধনের মধ্যে থাকিলেও কোন ফল লাভ कतिरा ममर्थ इस ना। जाशास्त्र यञ्च ८० छ। পরিশ্রম ওভাবের ক্রটি হয় না বটে, কিন্তু যাঁহার জন্য এ সকল তাঁহার সহিত তাহাদের পরিচয় বাঁছাকে ধরিতে যায় তিনি নিকটে থাকি-

য়াও ধরা দেন না। সময়ে সময়ে আমাদের মনের
এমন ভাল অবস্থাও হইয়া থাকে যে, এইবার বুঝি
শ্বাকে পাইলাম; যাই ভাবের অনুগত হইয়া
ভিতরের ক্ষ খুলিতে যাই, আর তিনি অন্তর্হিত
হয়েন। এইরুণ অনেক প্রকার বাহ্য উপায়
অবলম্বন করিয়াও প্রেম্ময়কে আর কিছুতেই
গডে। পরিতে পার। ক্রপ ধর্মাম্বর্ন মুখের নহে, ঈদৃশ উপাসনাও মিত করা।

এই কারণে সাধারণতঃ ত্রাহ্মগণ ও অপরা-পর ধর্মান্থেষী ব্যক্তি সকল উপাসনার রসপূর্ণ ভাব গ্রহণ করিতে পারেন না। ভাল করিয়। তাঁহারা আপনাকে এরূপ বুঝিতেও পারেন না যে উপাসনার পর এক জনের নিকট হইতে আমরা ফিরিয়া আদিলাম। তাঁহার নামগানে क्रमग्न এकर्रे दिन शिलल वरहे, अथह आग्नात অবস্থান্তর হইল না। উপাসনাকালে যে একটা প্রকাণ্ড অগ্নির নিকট বসিয়া ছিলাম, তাহা আর প্রতীত হইল না। আমি যে এক জনের কাছে বসিয়া কুতার্থ হইলাম, আমার সর্বাঙ্গ শীতল হইয়া গেল, আমার অন্তর আরাম পাইল এরপ আর বোধ হইল না। স্তরাং এরপ উপাসনা শেষে ত্বংখ ও বিরক্তির কারণ হইয়। দাঁড়ায়। অতএব আমরা সমুদয় উপাসকদিগকে একটা কথা বলিতে চাই যে তাঁহারা যাহাতে প্রতিদিন প্রিয় স্থার একবার সঙ্গ লাভ করিতে পারেন এরূপ উপায় ও সাধন তাঁহাদিগকে অবলম্বন করিতেই হইবে। আমরা এই পবিত্র সঙ্গ লাভের একটা উপায় প্রদর্শন করিতেচি।

প্রিয়দথার দহবাদের জন্য যথন মন তৃষিত হয় তথন তাঁহার দক্ষলাভের ভাব অনুকৃষ হয়। দাধক যথন নয়ন নিমীলিত করিয়া ভিতরে প্রবেশ করেন তথন তাঁহার নিকট দমুদয় অন্ধ-কারে আচ্ছন্ন হয়, বিস্তীর্ণ আকাশ প্রগাঢ় তিমি-রারত হয়, হদয়াকাশও ঘন অন্ধকারে আচ্ছন্ন হইয়া পড়ে। এই দময়ে ভিতরের চক্ষু প্রক্ষু টিত হয়, দেই ভিতরের চক্ষু অন্ধকারের প্রতি শ্বির রাথিতে রাথিতে এক জীবস্ত পুরুষের আবির্ভাব হয়। দাধকের চক্ষু অন্ধকারের

মধ্যে প্রকাশিত হইয়া পড়ে। বাহিরের নয়ন যত বাছ বস্তু হইতে ভিতরের দিকে যায় তত অন্তরে একটা উচ্ছল চকু চর্মচকর ন্যায় যথার্থ প্রকাশিত হইয়। পড়ে। সেই চক্টী যত তাঁহাতে স্থির হয় তত তাঁহার প্রকাশ স্পাই হয়। সেই দৃষ্টি স্থির রাখিতে রাখিতে প্রিয়তম পরবেশ্বর অত্যন্ত নিকটতর হইয়া আসেন। আরও অধিকণ দৃষ্টি স্থাপন করিয়। রাখিলে তাঁহার দক লাভ হয়। তথন ক্রমে তাঁহাতে চিত্ত আসক্ত হইতে থাকে। আরও দৃষ্টি রাখিলে ঐ প্রকাশ পরম হৃন্দররূপে প্রকাশিত হয়। একটা প্রকাণ্ড সোন্দর্য্যের দাগররূপে প্রতীয়মান হয়। ক্রমাগত ঐ অবস্থায় থাকিতে থাকিতে इन ग ठाँ शास्त्र अप इस्ता अर्घ। असे नमर गरे वाखिविक नग्नन ऋभमागत्त्र पृविद्या यात्र । अङ्ख রূপে স্থ। বর্ষিত হইয়া আত্মাকে পরিতৃপ্ত করে, ষন উল্লসিত হয়, আনন্দ ও হুথের সাগরে নিমগ্র হয়। তথন তাঁহার আকর্ষণ হয়। দর্শ-নের সমুদায় মিষ্টতা তবে তাঁহাতে স্থির দৃষ্টির উপর নির্ভর করিতেছে। এই দৃষ্টিকে স্থির রাখিতে হইলে চিত্তের অত্যন্ত শান্ত অবস্থা প্রয়োজন। ত্রতিশয় ধীর ও গম্ভীর ভাব থাকা চাই। (कानक्रत्भ (यार्थ यार्थ উপामनाहै। (भव করা চাই, এরূপ ভাব থাকিলে কেহ তাঁহাকে আর সম্ভোগ করিতে পারে না। এই জন্য আমরা সকলকে সেই চক্ষ্টী খুলিতে অমুরোধ করি। উহাবড় মধুর, ইহার প্রকাশে তাবৎ বাহ্য পদার্থ অপ্রকাশিত হইয়া পড়ে। শান্ত মধুর দর্শন, ইহাতে হৃদয়ে প্রেমের উচ্ছাস উদ্বেলিত হহয়। পড়ে। তাহার সেই সহবাস অতি গাঢ় ও ঘনতর হইতে থাকে। সেই আক-র্ষণ ক্রমাগত আয়াকে আচ্ছাদিত করিয়া রাথে। একটা প্রকাশ আত্মাকে ব্যাকুল করিয়। রাথে। ক্রমে যতই এই দৃষ্টি সৃক্ষ স্থির ঘন গাঢ় হইয়। আদে তত তাঁহার সহবাস স্থায়ী স্বাভাবিক ও - অধিকতর সারবান্ হইয়া থাকে। সমুদায় জীবন ইহার মধ্যে থাকিয়া তেজোময় প্রেমপূর্ণ ও व्यानत्म छे ९ कृत हरेगा यात्र।

সুখের ভবিষ্যৎ।

অতীত ও বর্তুমান কালু যাঁহাদিগের অনা-গত জীবনকে বিকারবিহীন পুণ্যপিপান্ত করি-য়াছে এবং আশা বিশাস ভক্তি প্রেমের চক্ষুকে পরিমার্চ্জিত করিয়া আদর্শের সমসূত্র সরল রেথায় অটলভাবে সম্বন্ধ রাথিয়াছে তাঁহাদের ভবিষ্যৎ স্থাখের ভবিষ্যৎ। ভবিষ্যৎ জীবন বর্দ্ত-মানেরই পরিণতি এবং ফল, স্তরাং স্থুপ চুঃখ পাপ পুণ্যের বীজ বর্ত্তমানেই অঙ্কুরিত হয় এবং তাহা ভবিষ্যতে ফল প্রসব করে। শাস্ত্রকারের। বলিয়া গিয়াছেন, প্রথম বয়সে সেই কর্মা করিবে যদ্ধারা পরিণামে স্বখী হইতে পারে। বস্তুতঃ ভূত ও বর্ত্তমান কালের আলোক যে পরিমাণে উজ্জ্বল হয় অনম্ভ ভবিষাতের গর্ভন্থ বিস্তীর্ণ প্রদেশ সেই পরিমাণে আমাদিগের নিকট প্রকাশ হইতে পাকে। ভাগ্যবান্ মনুষ্যেরা অবস্থা বিশেষে কখন কখন একবারে হঠাং ভবিষ্যতের অন্তর্ভেদ করত জ্যোতির্ময় দিব্যধাম দেখিতে পান, কিন্তু সাধা-রণ মানবকুলের পক্ষে তাহা ছুম্প্রাপ্য। ভবিষ্যং কাল অদীম ঘোরান্ধকারে আরত, চুর্ভেদ্য গভার প্রহেলিকায় পরিপূর্ণ ; ভবিষ্যতেই স্বর্গরাজ্য এবং পরলোক; অমরাত্মা সাধু জনেরা সেই খানেই বাস করেন, এবং তথায় অনস্তরত্বের খনি বিদ্য-মান। মনুষ্যের উচ্চ অভিলাষের যাবতীয় সামগ্রী ভবিষ্যতেই অবস্থিতি করে, লক্ষ্য ও গম্যস্থান সেই অপরিচিত ভবিষ্যৎ। হিমালয়ের ক্রমোক্সত উত্তর শৃক্ষরাজির ন্যায় সাধু আত্মার আদর্শ সেখানে শ্রেণীবদ্ধ ভাবে সঙ্জিত রহিয়াছে। এই স্থাপের ভবিষ্যৎ কি আমাদের নিকট যথাপই স্থের বলিয়া বোধ হয়? না এক অন্ধকার কোলাহলময় স্থান অতিক্রন করিয়া আর এক ভয়ঙ্কর অজানিত দেশে অনিশ্চিত অভ্যন্তরে আমরা দিন দিন প্রবেশ করিতেছি? সংসারবিমুগ্ধ মায়াবদ্ধ জীবের ভূত ভবিষ্যৎ বর্ত্তমান একটা ধন অন্ধকারময় মহাসাগরের ন্যায়, তিনি আপনার দৃষ্টিশক্তি জ্ঞান বৃদ্ধি বিবেচনার আলোককে অসার বর্ত্তমান স্বার্থ

স্থাখে এমনি করিয়। বিনিয়োগ করিয়াছেন যে তাহার, ভবিষ্যতের দিকে আশার জ্যোতিঃ এক কণা মাত্রও নিপতিত হয় না। যাই কোলাছল, বিষয়চিন্তা, ইন্দ্রিয় চাঞ্চল্য নির্ভি হইল, অমনি তিনি অনম্ভ আকাশে বিলীন হইয়া গেলেন। যিনি যে ধর্মাবলম্বিই কেন হউন না, বিষয়াসক্তি যে পরিমাণে তাঁহার থাকিবে, সেই পরিমাণে তিনি ভবিষ্যৎকে অনিশ্চিত বোধ করিবেন।

আমরা ব্রাহ্ম হইয়া প্রতিদিন উপাসনাদি করিয়া কি পরিমাণে এই ভবিষ্যতের পথ পরি-কার এবং আলোকিত করিতে সক্ষম হইয়াছি তাহা আলোচনা করিলে দেখিতে পাওয়া যায়, रगोवत्न रय मकल विलाम वामना, रजांग म्लुहा অসার কামনায় ভবিষ্যৎকে পূর্ণ করিয়া বাখিয়া-ছিল তাহা যৌবন সীমার পরপারেও আসিয়া উপনীত হইয়াছে। কেন না বর্ত্তমানই ভবিষ্যতের জনক, স্বতরাং বর্ত্তমানে যাহার জন্য ব্যাকুল ছিলাম তাহা দৰ্বাদা অগ্ৰে অথ্ৰে চলিয়া আদি-তেছে। বয়োধর্মে বিষয় বিশেষের বাসনা কিছু হাস হইতে পারে, কিন্তু একদিকে যেমন পান ভোজন আমোদ আহ্লাদ ভোগ স্পৃহার তীব্রতা কতক পরিমাণে কমিয়াছে তেমনি কতকগুলি রৃদ্ধিও হইয়াছে। ভূত কালের क्रिया (य नकल कल अनव क्रियाह जाहारम्ब ভাবনায় এখনকার ভবিষ্যৎ আবার পরিপূর্ণ रहेल। योवत्न ভावना हिल किक्रां विवाह হইবে, কোপায় वर्ष পाइन, निमा मान সম্রম সংসার হুথ উপার্জন করিব; তাহার পরে এই ভাবনা আসিল যে কেমন করিয়া পুত্র কন্যার লেখা পড়া হইবে, কোথার কাহার দক্ষে তাহাদের বিবাহ দিব, আমার অবর্ত্তমানে পুত্র পরিবার কোথায় গিয়া দাঁড়াইবে, কে তাহা-দিগকে প্রতিপালন করিবে; সস্তান যদি না থাকে অন্যের জন্য ও এ সকল ভাবনা হয়। এই-রূপে দেখা যায় যে পশ্চাতে এক প্রকার দংসার, সন্মুথে আর এক প্রকার সংসার, তবে त्रात जित्राजित भेष जारम महक हरेल कि ?

চিকিৎসকদিগকে অফ প্রদর্শন করিয়াছিলাম তাঁহার। তাহা দেখিয়া বলিলেন, এ প্রেমন্থনিত রোগ, ইহার ঔষধ অতিশয় ক্লেশকর।

রাজন্! তোমার মন্দিরনিবাদী হাক্ষেজ স্তোত্ত পাঠ করিরাছে, ভাহার প্রার্থনা যে তুমি রসনায় আশীর্কাদ বাক্য উচ্চারণ কর।

আমি স্থরার প্রতি বিমুধ হইব এ কেমন কথা ? নিশ্চয়
 আমার এতদর জ্ঞান আছে যে স্থরা পরিত্যাগ করিব না।

আমি বাদ্যোদাম শৃহকারে বহুরজনী বৈরাগ্যের পথে.
চলিয়াছি, এইকানে ভাহা হইতে নিবৃত্ত হুইব এ কেমন
কথা ?

যদি দরবেশ জ্রেম মত্তার প্র অবলয়ন ন। করে ক্ষমার পাঁত, প্রেম এরপ বিষয় যে ভাগতে উপদেশ চলেনা।

আন্মি গুরু সুরা বনিকের দাস, বিনি আমাকে অজ্ঞানত। হইতে বিমুক্ত করিয়াছেন। আমার ওক্ত যাহা করেন তাহা অতিশয় অকুকুল।

দরবেশ কপটতা ও নমাজ লইয়া থকুন, অংমরে মতত। ও ব্যাকুলতা। দেখি, এ ছুইয়ের মধ্যে কাহার প্রতি রূপা হয়।

কল্য ক্রেপে নিজ। হয় নাই, যে হেতু এক প্রতিত বলিতেছিলেন যে হাফেজ হুরাপান করিলে নিজনীয় বটে।

আমি থিকী নামক সন্ধানীর গাতাবেরণ এজন্য ধারণ করি যে ইথার ভিতরে মদিরা লুকাইয়া রাখি, কেহু জানিতে পাবে না।

ভারজানীর জ্ঞান অনুষ্ঠান আছে বলিয়া অভিমান করিও না। কংগারো জীবন স্বীধরের বিধি অভিক্রম করিতে পারে না।

শুধ্ হ্রার বর্ণ ও ফৌরজে ভূলিও না, পানপাত গ্রহণ কর, তোমার জন্ধের শোক কালিমা ফুরা বাজীত অন্য কিছুতেই দূর করিতে পারিধে না।

ংক্তেজ! বাক্যবিদের নিকটে ব্যক্ত ব্যক্ত করিওনা, কেহমনি মুক্তার উপহার আকর ও সাগরের নিকটে উপভিছ করেনা।

যথন স্থার জ্যোতিঃ পানপাত্রদাতার মুখমওলে দীপ্তি পাষ, তথন গীত রাগিণী যোগে আমাকে বৈরাগ্যের বিষয় স্মারণ করাইও।

চঙ্গ ও রবাধ নামক বাদ্য যন্ত্র সকল উচ্চ ধ্বনিতে বলি-তেছে যে তত্ত্বজ্ঞ লোকদিগের সন্দেশ বাণীতে কর্ণস্থাপন কর।

এই মওলীর মধ্যে যে জন প্রেমেতে জীবিত নহে হাও, আমার ব্যবস্থানুসারে তঃহার উপরে অস্ত্যেষ্টি ক্রিয়ার নমাজ পড়।

প্রেমিক ও প্রেম্পেদ এ উভয়ের মধ্যে বহু প্রভেন: প্রেম্পেদ অভিমান করিলে তুমি বিনীত হইও।

দথার প্রাণের শপথ করির। বলিতেছি যে, যদি তাঁহার অনুকুল অনুগ্রহের উপর বিশ্বাদ স্থাপন কর, বিরহ বিষ্ণদ তোমার আবরণ ভেদ করিবে না।

গুরু সুরা বনিকের এই উপদেশ, হে অসংপ্রক্কৃতি, প্রথম প্রতিবেশীগণের নিকটে সাবধান থাকিও।

যদি আমি ইং প্রলোকে এক মুহূর্ত স্থার সঙ্গে বাস করি, উভয় লোকে সেই মুহূর্ত্ত সার্থক।

তোমার দ্বারে প্রেমিকগণের কোলাহল হওয়া আশ্চয় কি ? যেখানে শর্করাপুঞ্জ সেইখানেই মক্ষিকা।

ক্রমিককে করবাইলর আঘাতে বধ করার কি প্রয়োজন ? আমি অনজীবিভ, আমার পক্ষে এক কটাক্ষই যথেষ্ট।

ভারতব্যার বুক্ষানন্দর।

আচার্য্যের উপদেশ।

(পুরুত সাধক নিপুণ বিষয়ী।) রবিবার, ১৮ই বৈশাথ ১৭৯৯ শক।

दिवशी अवर मान्यदकत भटना कि अटलत १ किट वटलन विनि কেবল বিষয়কম্মে ব্যস্ত থাকেন এবং ধর্মদাধনে অবহেলা করেন हिनि दिवशी, जात यिनि प्रिता निनि धर्मगावदन जनूदक अदर বিষয়কে উপেক্ষা করেন তিনি সাধক; কিন্তু ইহা যথার্থ প্রভেদ नदर। प्रशंभी अदल्ल बहे, यिनि मानक जिनि निभूग विषयो, ধর্মকেলে মেন্দ্রেনিলো ন্যায় তাঁহার জ্বলন্ত উৎসাধ, বিষয় কণ্ডেও তিনি তেমনি উল্যমপূর্ণ এবং উৎদাধী ৷ আর শ্বীহার অভরে তেজঃ নাই, উৎসাহ নাই, যিনি আশ। এবং উন্যুম বিান তিনিই বিষয়ী। এক স্থান হইতে অপর স্থানে যাওয়া অথবা কতক পলি বাহিরের কার্য্য করা উৎসাহ নহে। শত্যের দোলগা, পুনাের জ্যোতিঃ এবং প্রেমের মধুরতা ভোগ করিয়া যে অন্তর মুদ্ধ হয় তাহাই আত্মার উৎদাহ। দে ভোর বিষয়ী গ্রের এই উৎদাহ নাই। দে ব্যক্তি বিষয় কার্যাও ভালরুপে সম্পন্ন করিতে পারেনা, তাহার হর সংসার मृक्षालावक्र रंग नः तम शरन शरन वाशनात मूर्व वा अवः इत्रस्त নিজীবিতার পরিচয় দেয়: তাহার জ্বর অধিময় হয় না, সংসারের বাষ্তে ভাহার হৃদর শীতল হইর। সিয়াছে। উছেতেক আমি যে।।। সংক্ষে বলিয়া প্রণাম করি যিনি কি ধূর্মকেত্রে কি বিষয় কার্য্যে প্রদীপ। বাঁহার চিন্তা অধিময়, দাঁহার কার্য্য অধিময়, তাঁহার অন্তরে এত অধি প্রহালত হইরাছে যে তাহার উপর সংসার সমুদ্র আসিয়া পড়িলেও ভাগা নির্দ্ধাণ হয় না। ঈশ্বরের আপ্রিত সাধক সর্ম্বদাই তেজন্মী, তিনি দকল দিক রক্ষা করিতে পারেন। তিনি উপাদনার মনর গেমন ভক্তির মধুরতা এবং যোগের গাড়ীর্য্য রুদু পান করেন, সংসার রংকেত্রেও তেমনি প্রকাণ্ড বাস্তভার অবতার। এক দিকে যত ধ্যান যোগের গাঙীর্গ্য অন্য দিকে তত কার্যোর নৈপুণা। যত এক্ষ্যান এবং এক্ষজানের গভীরতা ভত্ত উৎসাহ এবং উদ্যম। ভক্তিরদ পান করিয়া যাহার প্রাণ শীতল এবং প্রমন্ত হয় সংসারের প্রচণ্ড রোজে ভংহার কি করিতে পারে ? যাহারা এইরূপ গভীর ধর্মস্থা পান করিতে পায় না কার্য্যের ব্যস্তভার মধ্যে ভাহাদের (५०-देनकला अवर मरनत्र देवसमा डेव्हिल्क द्या नै। दादा অস্তবে প্রমন্ততা জিমিয়াছে তাঁহার পক্ষে জ্ঞান, ভক্তি, এবং কার্য্যের ব্যস্তহা দকলই সমান। পাগল যে তাহার কাছে

गकनरे भागलामि। मार्शन लाग मर्जनारे स्वेचदान दल्यस প্রমত, তিনি ঈশর ভিন্ন, আর স্বতন্ত্র বস্তু কি দেখিবেন ? তাঁহার চকু ছুই, কিন্তু ছুই চকু দেখে এক বস্তু, ছুই বস্তু নহে। সাধক পর্মকে পৃথিনী হইতে স্বতম্ব দেখেন না। ধর্মের প্রমক অবস্থার যথন জদয় আরেঢ়হয় তথন তাঁহার প্রেক স্বর্লের কাৰ্যা যেমন হ্ৰপ্ৰদ, পৃথিবীর কাৰ্য্যও তেমনি শান্তি দায়ক হয়। যথার্থ দাধক জানেন, ঘিনি তাঁহার উপাণা তিনিই তাঁঘার প্রভু। তিনিই একেরই কাঘ্য করেন, একেরই হস্ত হইতে পুরস্ক:র লাভ করেন। প্রকৃত সাধ্কের নিকটে ধর্ম এবং সংখ্যার এই উভয়ের মধ্যে প্রভেদ থাকে না, এই চুট এক। তিনি যেমন ধোল আনা উৎসাহের সহিত ধর্মসাধন করেন, থেমনি যোল আনা প্রমত্তরে সহিত সংস্রি পালন করেন। তিনি কোথায়ও সাজে প্রস্ত আনায় সর্প্ত হল না। এই নিঃমেটী রক্মার্থী সকলেরই পালন করা উচিত। জেম ভজি, ধানে বৈবাল্য যথনই যাহা এহন করিবে পূর্ণ বেগল আন। মারোর গ্রহণ করিবে। যখন উপাদনা করিবে, হে জীব, তথন ভূমি এই মনে করিও যে 🖫মি কেবল উপ:-সনা করিতেই জগতে আসিয়াছ: কেবল এদাঙজি, এক্ষয়ান এবং একানক্রম পান কর।ই তোমার কাঘ্য ; পুথিবীতৈ । আর কোন কার্য্য নাই। আবোর যখন কার্য্যালয়ে থাকিবে পূর্ব বেঃল অ না কার্য্য করিবে। ব্রাহ্ম বিনি ভিনি ধোলা আন। সংসার করেন। যাহার। কম করে তাহার। লোর বিষয়ী। ধর্মরাজ্যে বাঁহারা শংসার করিয়া গিয়াছেন ভাঁহারা ধোল আনা সংসাৰ করিয়াছিলেন। গেমন ভাক্ত চুড়ামণি চৈতন্য প্রভৃতি। যথন যোল আন। প্রমত্তার সহিত সংসারের কায়া করিবে তথন ঈশ্বর জানিতে পারিবেন যে সেই ব্যস্তভার মধ্যে তাঁহার মেবা কর।বাতীত তোমরে জনাইচছ। কিছা জন্য ক।মনা নাই। কি ধর্মসাধনে কি কর্মক্ষেত্রে তোমার পক্ষে কেবল এই টুকু চাই, যে ভুমি সর্বাদাই ভাহার আদেশ পালন করিবার জন্য প্রমত হইয়া থাকিবে। তোমার কার্য্যের ভয়া-नक वाख्रजात मरभा नेषरतत जारमण जामिल ; "शान कत" তংক্ষণাং ভূমি কংগজ কলম সমস্ত পরিত্যাগ করিয়া ধ্যান করিতে নিযুক্ত হইবে, তথন মনে করিবে যেন ভূমি কেবল ধ্যান করিবার জনাই জন্মিয়াছ, তথ্য আরু কোন চিস্তাকে মনের মধ্যে তান দিবেনা ৷ অথবা উপাদনায় মত রহিয়াচ এমন সময় সর্গতিতৈ আদেশ াসিল 'দান কর' তৎক্ষণাৎ দেই মন্তক ভাবনত করিখা সেই জাদেশ পালন করিবে। ইহাতে যোগের কিছু মাত্র ব্যাঘাত হইবে না। যাঁহার উপা-শূনা করিতে করিতে প্রাণ প্রমত হত্য়াছে তাঁহারই আদে-শানুসারে যদি দান কর ভাহাতে কিরুপে তাঁহার সহিত যোগ ভঙ্গ হইতে পারেণু ভাতএৰ যদি সংসার এবং **পর্য উ**ভয়ই চাও, তবে পূর্ণ উৎসাহে মত্র হও। ঈশ্বর আশীর্কাদ করুন তাঁহার সাধকেরা পূর্ণ উৎসাহে মত হইরা ধর্ম এবং সংসারের मामञ्जमा कतिया की दात्र है छ्वा भून कक्रन ।

আচার্যের প্রার্থনা সার। রবিবার, ৫ই অঞ্জায়ণ, ১৭৮৮ শক। [আশা।]

ছে কৰণাসিদ্ধু ঈশ্বর, তুমি জানিতেছ আমরা কেছই 'পুলা' আছার করিয়া, 'প্রেম' আছার করিয়া বাঁচিতেছি না, আমরা কেবল 'আশা' খাইয়াই প্রাণ গারণ করিছেছি। তামার প্রসাদে এক দিন ভাল তপুল এবং অনা অনা স্থাদে আছার করিয়া পুষ্ট ছইব, সবল ছইব, সুন্দর ছইব, এই আশা বন্দে ধারণ করিয়া এখন কেবল শাক পাতা খাইয়া কোন মতে জীবন ধারণ করিয়া অখন চ

সোমবার ৬ই অগ্রহায়ণ ১৭৯৮ শক।

হে ভক্তবংসল, তোমার সাধু ভক্তদিগকে আমাদের
নিকটে আনিয়া দাও। সাধুতার যত প্রকার দৃষ্টান্ত আছে
আমাদের পেই সমুদ্র আবিশ্যক। একটা ছাড়িলেও
জীবন অপূর্ব থাকিবে। বাল্যকালে পুঁতুল লইয়া খেলা
করিতাম, স্বর্গে তোমার ভক্তদিগকে লইয়া খেলা করিব।
সাধুসক্ষের মর্যাদা বুঝিতে পারি না। আশীক্ষাদ কর
সাধুসক্ষ করিয়া ভোমার স্বর্গরাজ্যে বাস করি।

মঙ্গলবার ৭ই অগ্রহায়ণ, ১৭৯৮ শক। জীবনের নির্দ্ধিষ্ট আসনে বসং।

মন্দলময় বিধাতা, তুমি আমাদিগকৈ নিরর্থক স্ক্রন কর নাই। আমাদের প্রতিক্তনের করাই তুমি এক একটী নির্দিষ্ট আসন প্রস্তুত করিয়া রাখিরাছ। আসনের বড় ওগ, যিনি ঐ আসনে বসিতে পারেন, তাঁহার আর কোন ভয় থাকে না, এঃগ থাকেনা। তিনি যাহা করেন তাহাই সিদ্ধ হয়। যে আপানার আসনে বসিতে পারেনা সেকেবল সুরিয়া মরে, তাহার কোন কার্যাই সিদ্ধ হয় না। তোমার নির্দিষ্ট আসনে যাঁহাকে বসিতে দাও, সে প্রক্রনার বিদ্যায় পারার পিতা, আমাদের প্রতিজ্ঞানকে তোমার নির্দিষ্ট আসনে ব্যাহিক ক্রিতে পার। প্রেম্ম্য পিতা, আমাদের প্রতিজ্ঞানকে তোমার নির্দিষ্ট আসনে বসিতে দাও।

বুধবার ৮ই অএহায়ণ, ১৭৯৮ শক।

[ঈশবের ঘোরাল সল্লিধানে উপবেশন করা।] ·

ছে ঈশ্বর, যে স্থানে পৌত্তলিকেরা তাহাদের ইফ্ট দেব-তার পূজা করে সে স্থানের আরোজন, ঘটা, ধূম ধাম, এবং ধূপ প্রভৃতি নানা প্রকার স্থান্ধ দেথিরা সহজেই লোকের মনে ভক্তির উদয় হয়। সেই রূপ আমরা যদি তোমার খোরাল, গান্তীর সন্নিধানে বসিতে পারি তাহ। হইলে আমাদের মনেও ভক্তি ভাব হইতে পারে। তোমার

পোরাল সহবাসে না বসিতে পারিলে আমাদের শিথিলত। যাইবে না। শিথিলতঃশূন্য জমাটু উপাসনাই পবিজ্ঞা।

প্রকৃত্রিখাস। প্রক্রিনা।

- ১। প্রভুর চব্বে যদি চাও রে শ্রণ। প্রকৃত বিশাসে তবে দৃঢ়কর মন॥ প্রীক্ষার দিন তব আদিবে ব্যন। অভাবে প্রিকেব্যন নাত্য তথ্ন॥
- ক ব ঝঞা ক ব ভাঁতি ক ব প্রলোভন ।

 সদাই জীবন-পথে করে বিচরণ ॥

 বিশ্বাস বিহনে তার বিপক্ষে যে জন ।

 সংগ্রাম করিবে, তার অবশা পতন ॥
- জান আর পবিজ্ঞা, সাধুছা সংসারে।
 পরীক্ষার দিনে ভারা দীড়াতে না পারে॥
 প্রথম আঘাতে ভাবা য'র রদাভল।
 (বিশ্বাস বিধীন হ'লে সকলি বিজ্ল॥)
- ওই সকলের ভিত্তি বিশ্বাস কেবল।
 ভিত্তির অভাবে গৃহ দাঁড়াবে কি বল॥
- ং তাত্তাব, বিশ্বাদের দৃঢ় শৈলোপরি।
 জীবন যাপন কর, আরোহণ করি॥
 ঘোরতর ভয়স্কর তর্দ প্রহারে।
 সে মহাদলের বল কি করিতে পারে॥

ঈশ্বর বিশাস।

- ১। প্রকৃত বিশ্বাস শুধু প্রত্যক্ষ দর্শন।
 ঈশ আরে অমরতাকরে নিরীক্ষণ।
- ২। ইহা কোন পুস্তকের মত নাহি হয়। প্রাচীন আবহমান কগাও তো নয়॥
- ত। নাকরে নির্ভর ইহাকখন প্রমাণে।
 স্বচক্ষে দর্শন করে মধান্ত না মানে॥
- বিজ্ঞান কি ইতিহাস হ'তে কদাচন।
 ঈশ্বরের ভাব ইহা না করে গ্রহণ॥
- ধ। তর্ক ইতিহণদের দেবত। আছে যত।
 তাদের নিকটে শির নাহি করে নত॥
- 😕। বেশবে সদা দে নিভা হৈছনা বিশ্বস্থামী।
- ৭। বলেন গভীর স্বরে বিনি "এই আমি"॥
- ৮। যদি কাল ধর তিনি স্দাই এখন। যদি দেশ ধর এই খানে অকুক্ষণ।

- হির চিত্রে করিলে নয়ন নিমালিত।
 অন্তর জনকে তিনি হন প্রকাশিত॥
- ১২। তথায় অরপেরপ নাপ্রী বরিছে।
 প্রক্রেশন জীবনের জীবন হইছে॥
 তবে স্ঞীবনী শাক পাইছে জীবন।
 কেমন সজাব ভবে ধরে এম তথন॥
 ভক্তিভাবে তথন তাংহারে প্রাক্রের।
 সোলানক রস্পিরে প্রমত অস্তরে॥
- ১০। নয়ন মেলিলো বাহা পদার্থ নিকরে। অলস্ত মহিমা তাঁর প্রকাশ করে॥ দেখাইলে দেয় ভরো তাঁহার সঞ্জার
- 😘। সারি নিক্ পরিপূর্ণ রামেছে ভাঁহায়॥
- ১০। এই বিগ স্থিরের বিশাপে মন্দ্র।
 (আমেনি উপোর ভাব কেমন গভীর॥)
 ভথায়ে একতি সভী ফুরভীর ভাবে।
 প্রেমেন্দ্র ২৬৫ মত তাঁর তার গানে॥
- ১৬ : অন্ত্রো উত্তেজিত হ'লে মহারাণ ভবে । যোগ দেয় উ:্র মেই পূজার সত্তর । উ:্র ২৪৭ গনে সদ্য করে সমাস্বরে ॥
- ১৭ । একপে বিশ্বাস নিধি অস্তরে বাহিরে । তাঁরে সার। জ্বলাত স্বরূপে বৈশ্বানরে । বেক্টিত হুইয়ে সদা অধিবাস করে ॥
- ১৮। এই সত্য শিধিবার অরণের নয়। তথু দরশন আর অনুভব হয়॥
- ১৯ প্রাণ প্রকৃতির সহ ওতর্পোত কলে।
 কো বিহরে অহরহ মনোহর কলে।
 পুথক্ কবিরে তবে দেই দারংখনারে।
 রাথিতে কে পারে বল এ ভব সংসারে।
- ২০ । ঠিক যেন ইহ'তে বিচাহ বিদ্যান । সে বেকে অন্তব হর মহা তেজস্থান॥ শিরা সব সকেজ হইতে উঠে ভাষ। আর ভাবে লোমাঞ্জিত হয় সর্ক্রকায়॥
- ২১। অতএব নির্জীব দুবস্থ দেবতার।
 বংহা আড়ধরে পূজা যতেক প্রকার।
 দেতো পূজা নহে শুধু কর্মভোগ দার॥
 কৈতনা নিকটতম প্রাংপর ধনে।
 আলা উপহার দানে পূজা এক মনে।
 ইহাই প্রক্লত পূজা এ ভব-ভবনে॥
- ২২। সদা দেখি সভাবের এইত নিয়ম। ক্ষতিকাছে থাকে যাথা তাই প্রিয়তম।
- ২০ । একে তাঁর চেয়ে কাছে আর কিছু নর । তাতে তিনি কেবল চৈতন্য প্রেময়য়॥
- তাত এব প্রাণ হ'তে প্রিয় প্রাণেশবে ।
 বিশাস জীবন আর প্রেম যোগ করে ॥
- ইব। তাঁর শহ করে ইহা সম্বন্ধ-বন্ধন।
 কুতেৰ পিতার সহ সম্বন্ধ সেমন॥
- ২৬। জগংকর্তার লাগি আপুন আন্তরে। স্মতনে এক বেগী নির্মাণ করে। "ম্ম প্রভু" "ম্ম পিতা' বলে নির্ভতরে।
- २१। विश्वादमत्र मभुष्यम् व्यक्तास्य नत्रन्।

এ সংসারে অহরত করে দর্শন্ম।
প্রাথনি।ব "ডুমি" তার অতি সার ধন॥
২৮। দর্শনের উজ্জাত। চিত্রের উক্ষ্তা।
উভয়ি সমান তার (দেখি গে স্ক্লিণা)॥
দেহেত্, ফ্রমে এই দুড় বোধা তার।

সংবাদ ।

জ্ঞান, প্রেম, প্রভায় সকলি এক।কারে 🛭

রক্ষমন্দিরের নিয়মিত উপাসক এবং আমাদের একজন
প্রাতন রাগ্ধ ঞাতুক বাবু মাববচন্দ্র নিংহ সম্প্রতি পরলোক্ষ্যী
গত হইয়াছেন। উপাসনার প্রতি তাঁহার নিষ্ঠা ও অকুরাগ
ছিল। কিন্তু ভংগের বিষয় যে আমরা তাহার সূত্রার পুকের
কোন সংবাদ পাই নাই। একত্রে এতদিন উপাসনা ধর্ম
আলোচনা করিয়া শেষ বিদায় লইবাব সময় ধর্মপথের
সংগারীদিগের সহিত দেখা বাজাং না হওৱা নিতাও
আক্ষেপের বিষয়। এক সময় আমাদিগেরে অনেকে অভাত
আক্ষেপের বিষয়। এক সময় আমাদিগেরে অনেকে অভাত
আক্ষেপের বিষয়। এক সময় আমাদিগেরে অনেকে অভাত
আক্রেপের বিষয়। এক সময় আমাদিগেরে অনেকে অভাত
আক্রেপের বিষয়। এক সময় আমাদিগেরে অনেকে অভাত
আক্রেপের বিরয়ি অগ্রাহা কবিত্রন, এখন আর দে অবসা
নাই, মরিবার সময় এখন উপস্তি হার্থাতে। জামে
প্রতির সম্বান্ধ একটু বিশেষ দৃষ্টি গানা আবশারু
প্রতির স্থানন্দ স্বরস্থাী লাহোর নগারে প্রতাহ সঞ্জাব

পি পিছত দ্যানন্দ সরস্থতী লাহোর নগারে প্রতাহ স্ক্যার সময় ধর্মবিষয়ে বজুতা করিতেছেন, প্রায় ছইশত । বাক আগ্রহ পূর্বাক নিয়মিতরূপে তাহা শুনিনেতে। কিন্তু টাহার বৈদান্তিক ধর্ম, জানের তর্ক মামাংসা ভিক্তিরিয় সর্বাধ্নন নাম পথী দিয়ের ভিত্তকে আকর্মন করিছে প্রার নাই। তিনি একটা আযাসমাজ স্থাপন করিয়াছেন ভাষাতে শিক্তিত ভক্তিপ্রার্থনী পাঞ্জানীগো যোগ দেন নাই। স্বামীলী কেবল বেদকে অভান্ত বলিয়া জানের ধ্যা প্রচার করিলে কৃত্তকার্যা হইতে পারিবেন এমন ব্যাস হয়ন নাই। বিশেষতঃ নানকের শিষাদিগোর মধ্যো, এপানে ভক্তি বিনয় মার্দেরা লোকেদের বিশেষ আদেরহীয় ভাইনি বেলাপে নিষ্দের সঙ্গে যদি ভাগ্রত পূর্ণ রামায়ণ মহাভাবনের সর্বাধ্য করিতে সম্প্রিটিয়া হইলে অনেকের ভিত্তাক স্বাধ্য রামায়ণ মহাভাবনের স্বাধ্য করিতে সম্প্রিটিয়া হইলে অনেকের ভিত্তাক স্বাধ্য করিতে সম্প্রিটিয়া হিলা

শ্রিণুজ অথেরনাথ গুপ্ত মহাশ্য মান্ত্রন হইতে পচাধা তথা ইইতে পুনরায় মৃঙ্গেরে আদিয়াছেন। মৃঙ্গের গবণ্যেন্ট ক্লে এবং জামালপুর বালিকা বিদ্যালয়ে আর্যাজাতির আচার ব্যবহার ও বৈদান্তিক ধর্ম বিষয়ে সম্প্রতি তিনি চুইটী বক্তৃতা করেন। তাহাতে অনেকে সন্তোষ প্রকাশ করিরাছেন। মুস্কের স্থানটীতে ধর্মের আন্দোলন দেশিয়া বোধ হয় এথানকার হিন্দু ও ব্যক্ষিগণের মধ্যে কিছু বিশেষ মন্ত্রাগ আছে।

শ্রীযুক্ত বাবু প্যারীমোহন চৌধুরী মহাশর ব্রহ্মমন্দিরের
আচার্যাের আটটা উপদেশ একত্রে মুলিত করিরাছেন।
এই উপদেশ ধর্মতত্ত্বে প্রকাশিত হয় নাই। পুস্তকের
মূল্য পাঁচ আনা করা হইয়াছে। ইহার উপস্বন্ধ হইতে
আচার্য্য মহাশ্রের অন্যান্য উপদেশ পুস্তকাকারে মুদ্রিত
হইবে প্যারী বাবুর এই উদ্দেশ্য।

গত ১৬ই জ্যেষ্ঠ শশিপদ ৰাব্য বিবাহ হয় নাই, হইৰার • কথা ছিল বলিয়া আমরা লিখিয়াছিলাম। ২১ জ্যেষ্ঠ এই বিবাহ হইয়া গিয়াছে।

এ ুপাশিক পত্রিক। কলিকাতা ৬ নং কলেজ জোরার ইতিয়ামরার যত্রে ৩২০ে জৈও জীমনমোহন রশিত ছার। মুদ্রিত ত্ইল।

ধশ্তত্ত্ব

স্থাবিশালমিদং বিশ্বং পাবিত্রং প্রক্রমন্দিরং।

65 জান্মলম্বীর্গ সভাং শাস্ত্রমনশ্বরং॥

বিশ্বাদোধর্মমূলং হি প্রীতিঃ প্রমন্ধ্রনং
স্থার্থনাশস্ত্র বৈরাগাং ত্রাকেরেবং প্রকীর্ত্রাতে॥

১১ ভাগ। ১২ সংখ্যা

১৬ই আষাতৃ শুক্রবার, ১৭৯৯ শক।

প্রার্থনা।

'(इ (अगगरा अमामिस मन्त्रअनाउ। देशत! জ্যাবিধি তোমার নিক্ট, তোমার জগতের নিকট এবং তোমার মানব সন্তানগণের নিকট কতরূপে কতভাবে উপকৃত হইলাম তাহ। বলিয়। শেষ করিতে পারি না। চিরজীবন সক-লের মেহ দয়। খ্রীতি ভোগ করিয়া জাবিত রহি-য়াছি। কিন্তু কেবলই লইলাম তাহার বিনিময়ে কিছ দিতে পারিলান না। তোমার প্রতাক দ্যাত্তেত জীবন বিক্রীত রহিয়াছে এবং চিরকাল থাকিবে, তাহার উপযুক্ত কৃতজ্ঞতা কথন যে প্রদান করিতে পারিব, তোমার গভার প্রেম, উদার করুণা দেখিয়া এবং স্মরণ করিয়া তাহার নথাৰ্থ মূল্য যে বুঝিতে পারিব সে আশাও নাই, কারণ তোমার বিন্দুমাত্র ভালবাসা যে হৃদয়-শ্বম করিতে পারে দে আর জীবিত থাকে না, আহ্লাদের উচ্ছাদে, কুতজ্ঞতা ভক্তির গুরুভারে সে মরিয়া যায়। কিন্তু এই স্বার্থপরতন্ত্র মানব-মণ্ডলীর নিকট যে উপকার পাইয়াছি, এখানে যত প্রকার প্রণয় ভালবাসা আস্বাদন করিয়াছি তাহার ঋণও কথন পরিশোধ করিতে সক্ষম ্হইব না। এত পাইয়াও হে চিরস্থদ প্রাণ-স্থা ঈশ্বর! তোমার এবং তোমার সন্তান-দিগের প্রতি মনের অভিযোগ বিনষ্ট হয় না।

দান গ্রহণ করিয়। করিয়। আমি নীচ হইরঃ
গিয়াছি, অন্যের উপর প্রত্যাশা করিয়। করিয়া
মন নিতান্ত বার্থপর হইয়াছে, এখন এই নিন্তি
করি যেন আর কোন প্রকার অভিযোগ এবং
প্রত্যাশা মনের মধ্যে জান না পায়। যে গণে
ড্বিয়া বহিয়াছি তাহা শোধ দিতে পারিলান না,
আবার কোন্মুখে ধণ করিব ? আশার্কাদ কর
হে মঙ্গলদাতা ঈশ্বর! এবং এক বিন্দু প্রেম দান
করিয়া আমার সঙ্কীর্ণ বার্থপর জদয়কে প্রসারিত
করিয়া দাও যেন আমি কিছু কিছু করিয়া ফিরা
ইয়া দিতেও পারি। কেবল লইব কিছু দিব না
ইহাতে মতুষ্যত্ব থাকিবে কিরুপে ? এমন শক্তি
সঞ্চারিত করিয়া দাও যাহাতে স্বতঃই আমার
হৃদয়ে নিস্বার্থ প্রীতি স্ক্রিদা জাগ্রং থাকে।

ভূত, ভবিষ্যৎ ও কত্ত্বান।

এক জন পাশ্চাত্য পণ্ডিত বলিয়াছেন, কাল সম্বন্ধে বিচার করিলে এই বলিতে হয়, ভূত ও ভবিষ্যতই বাস্তবিক কাল, বর্ত্তমান কেবল নাম মাত্র। উহা ভূত ও ভবিষ্যতের মধ্যবিন্দু, গণিত বিজ্ঞানের বিন্দুবং স্বীকার্য্য মাত্র, কিন্তু বাস্তবিক সন্থা বিরহিত। চিন্তা করিয়া দেখিলে ইহা যুক্তিযুক্ত বলিয়া প্রতীত হয়, কেন না যাহাকে বর্ত্তমান বলিতেছি, তাহার একাংশ

ভূতে অপরাংশ ভবিষ্যতে পর্য্যবদান হইতেছে। অদ্য আমরা এই কথার বিপরীত বলিতে চাই

বামরা বলি ভূত ও ভবিষ্যতই আত্ম সম্বন্ধে কল্পন।; বর্তমান বাস্তবিক। শুনিলে আপাততঃ সকলে বিশ্বিত হইবেন। যাঁহারা ভবিব্যতের জন্য এত ব্যগ্র, পারলৌকিক विशान लहेंग्न। याहाता এত ব্যস্ত, তাহার লোকায়তিক শাস্ত্রের কথা প্রচার করিতে ' প্রবৃত্ত হইলেন, একি বিশ্বায়ের ব্যাপার! আত্ম-দ্ধন্দে বর্ত্তমান ভিন্ন ভূত ভবিষ্যাৎ কল্পনা এ কথা বলিয়া আমর। লোকায়ত মতের অনুমোদন করিতেছি না, কিন্তু এমন এক গভীর সত্য প্রদর্শন করিতে যত্ন করিতেছিল যাহতেে বিশাস করিলে ! অমেদিগের জীবন মার এক মহত্র নৃতন বেশ भारत कतिरत ।

আমরা যাহাকে ভূত বলি তাহা এক দিন বর্তুমান ছিল, অদ্যাপিও বর্তুমান আছে। বাল্য কাল হইতে বর্তমান সময় পরাত্ত আমার জীবনে ণত বটনা ঘটিয়াছে, অদ্য আমি যাহা, তাহারই সমষ্টি। ভূগর্ভ খনন করিলে যেমন জানিতে পারা যায়, পুথিবী আগ্নেয়পিতেব অবস্থা হইতে কোন্ কোন্ অবস্থার মধ্য দিয়। বর্ত্মান অবস্থায় আদিয়া উপস্থিত হইয়াছে, যদি কেহ পৃথিবীতে আমাদিগের জীবন তেমনি করিয়া পাঠ করিতে সক্ষম থাকিতেন, অনায়াদে বলিয়া দিতে পারি-তেন, আমাদিণের জীবন কোন্ কোন্ অবস্থার মধ্য দিয়া বৰ্ত্তমান অবস্থায় আদিয়া উপস্থিত হইয়াছে। কেহ বলিতে পারুন আর না পারুন একথা নিশ্চিত, যে ভূতকালের সমূদায় বর্ত্তমানে মবস্থিত, এক দিন তাহা বর্তুমান ছিল এবং আজও তাহা বর্তুমান আছে। আমরা যাহা বলিলাম, তাহাতেই সকলে বুকিতে পারিতে-ছেন, আমরা ভ্তকে বর্ত্তমানে পর্য্যবসান করি-তেছি, বাহ্ ঘটনা সম্বন্ধে যাহা ভূত, আগ্ন সম্বন্ধে তাহ। বর্তুমান। পৃথিবীর আগ্নেয়পিণ্ডা-বস্থা বাছ সম্বন্ধে ভূত, কিন্তু উহার আন্তরিক সমুদায় পরিবর্তন সম্বন্ধে আজও বর্ত্তনান।

ভূত সম্বন্ধে যাহা বলা গেল ভবিষ্যং সম্বন্ধে

তাহাই বলা যাইতে পারে। আমি এবং আমার **Б**ञ्क्षार्थवर्टी व्यवसा वाज गाहा, त्महे मकत्नत সমষ্টি আমার ভবিষ্যং। ভবিষ্যং কি, না এখনও যাহ। উৎপন্ন হয় নাই, কিন্তু উৎপন্ন হইবা মাত্রই উহা বর্ত্তমানে প্রাব্দান হইবে। স্কুত্রাং আমরা দেখিতে পাইতেছি, যাহা ভবিদ্যুৎ, উং-পত্তি সম্বন্ধে তাহা বর্তমানের উপর নির্ভর করি-তেছে এবং উংপন হইব। মাত্র উহ। বর্ত্রমানে পরিণত হইবে। এইরূপে আমর। দেখিতে পাইতেছি, বর্ত্নানেরই পরিধি ক্রমান্বয়ে বিস্তৃত হইতেছে। ভূতকালের দিকে বভ্নান হইতে বর্মান, ভবিষাতের দিকে বর্ত্যান হইতে বর্ত্ত-মান, ভূত ভবিষাৎ হুইই স্তর্গ এক বর্তমান হইয়। পড়িতেছে। বাহ্ ঘটনা স্পঞ্জে অবশ্য ভূত ভবিষ্যৎ আছে, কেন ন। ঘটনা সকল অস্থায়ী ७ हक्ष्म, छेश मर्नामा अक · श्रकात घरहे. ना। প্রতি ব্যক্তির সম্বন্ধে আবার উহা চির্দিন এক প্রকার থাকে না, সেই ব্যক্তির ব্রুমান দারা উহ। সর্বাদ। নিয়মিত হইয়া থাকে। আজ বে ঘটনা আমার উপরে মেরপ ক্রিয়া উৎপাদন করিতে পারে, কলা সেই প্রকার করিবে এরূপ বলিতে পার। যায় না। কেন না আজ আমাকে যে ঘটনা হতাশাস করিয়া ফেলিতেছে, কল্য হয়তো আমি তাহাকে আমার আহার বল বৰ্দ্ধনে নিয়োগ করিতে পারি।

আমর। উপরে বাহা বলিলাম তাহ। বদি সত্য হয়, তবে এই এক সত্য আমাদিগের বিশাস ও জীবন সদক্ষে এক মহৎ পরিবর্তুন আনিয়। विभग्ने । উপন্থিত করিতেছে। বিচারিত হইল, ইহাতে আলা সমন্ধে ভূত ভবিষ্যৎ तरिल मा, तह मान १३८७ करमें तह गात उथान उहात पार्शिक गाँउ हहेल; বর্ত্তমান উহাতে অবিক্ষেদে বিদ্যোন রহিল। বর্তুমানে উহাব দৃষ্টি আবদ্ধ থাকিলে 'এবং বর্ত্তমানের যথোপযুক্ত ব্যবহার করিলে, উহার দৃষ্টি সঙ্কৃচিত হইল না, বরং উহার প্রকৃতি অনু-সারে কার্য্য কর। হইল। অন্যকার সন্থ্যবহার সদ্যবহার। কল্যকার (कन न

সদ্ব্যবহারের উপর কল্যকার সদ্ব্যবহার নির্ভর করিতেছে।

আধ্যাগ্নিক জগৎ সম্বন্ধে ভূত ভবিষ্যং এক বর্ত্তমানে পর্যাবদান হইলে আমাদিগের বিশাসেরও প্রকাও প্রিবর্তন উপ্রিত হইল। যাঁহারা বলেন, ত্রান্সেরা পাপের গুরুত্ব কিছুই অনুভব করেন না, ঈধরের আজা ইল্লজন করাকে লযু ও সামান্য বিষয় মনে করেন, ভূত ভবিষ্যৎ সম্বন্ধে এই এক মত তাঁহাদিগের সকল কথা খণ্ডন করিতেছে। ত্রান্সের। অনন্ত নর-কের অস্তিত্ব দ্বাকার করেন না, কেন না উহা সতঃই অসম্ভব, কিন্তু তাঁহার। ইহা দাঁকার করেন যে, যতই ঈধরের প্রেম ও আনন্দ অনুভূত হয়, ততই পুর্বাকৃত পাপের গুরুহ, মুণ্যুহ, এবং কদ্যা ভাব অনুভূত হইয়া লাক্ষ্তি, দক্ষ্চিত, ক্লিন্ট এবং নিজের হাঁনতার ভারে অবনত হইতে হয়। এই জন্য, যাহার। যত উন্নত, পূর্বাকুত পাপের বোধ তাহাদিগের নিকট তত উজ্জ্ল। কোন্ পাপ কোন্ চিহ্ন রাখিয়া গিয়াছে, তখন তাঁহারা বিলক্ষণ বুঝিতে পারেন। এবং যদিও এখন ঈশর্পেম, ঈশরভক্তি দারা দে পাপের ক্রিয়াকে স্থগিত করিয়াছেন, কিন্তু তাঁহারা যে क्रेश्रतत व्यवाधा इरेगाहित्वन, अवः स्मर् व्यवा-ধাত। জনা তাহাকে স্মহৎ ক্তিগ্রস্ত হইতে হই-য়াছে এই প্রতিবোধ বর্ত্তমান থাকাতে তাহাদি-গের সাধুভাবোথিত ক্লেশের পর্য্যবদান হয় না।

একটা বিষয় সম্বন্ধে প্রতিবাদিগণ কর্ত্ক
আমাদিগের আক্রান্ত হইবার বিলক্ষণ সন্থাবনা
আছে। যদি সকলই বর্ত্তমান হইল, পূর্বকৃত
সমুদায় বিষয় ফলরূপে বর্ত্তমানে বিদ্যুমান
থাকিল, এবং তাহা হইতেই ভবিষ্যৎ সমুৎপন্ন
হইল, অপ্রাদিকে তাবার সেই ভবিষ্যৎ বর্ত্তমান
হইল, তবে ইহার সঙ্গে সঙ্গে পূর্বকৃত পাপের
চিরম্থায়িত্ব এবং অনন্ত নরক ভোগ স্থিরীকৃত
হইল। আর যদি একথা বলা যায়, আমার,
জগতের ও ঈশুরের ক্রিয়াতে বর্ত্তমানের পরিবর্ত্তন হয় তবে আর অবিচ্ছেদে একই বর্ত্তমান
রহিল কি প্রকারে? তাহারাও কতক অংশ

ভূত ও ভবিষ্যং হইল। আমরা উপরে যাহা নির্দ্ধারণ করিয়।ছি, তাহার অর্থ ইহা নহে নে আম।দিগের কোন পরিবর্ত্ত হয় না। • যদি পরিবর্ত্তন না হয়, তাবে বর্ত্তমান হইটে বর্ত্তমান উত্থান কি প্রকারে সন্তবে ? পৃথিবীর আগ্নেয়-পিণ্ডাবন্থ। হইতে ক্রমিক পরিবর্তনের চিহ্ন তাহার অভান্তরে লফিত হয় বটে, কিন্তু তাহা বলিয়া পৃথিবী আজও আগ্নেরপিণ্ডাবন্ত একথা কে বলিবে ? আমাদিগের প্রক্রিত কার্য্য সকল আজ ফলরূপে আমাদিগেতে বিদ্যান আছে, এবং তাহা হইতে ভবিষ্যাৎ সমুৎপন্ন হইবে, ইহা বলিলে সেই কাৰ্য্য আজও আছে একথা বলা হইল না; তবে এই মাত্র বলা হইল যে, সেরূপ কার্য্য না করিলে বা না ঘটিলে, আজ এরপ হইত না এবং ভবিষ্যতও এরূপ হইবার সম্ভাবনা ছিল ন।। এখানে বলা আবশ্যক যে, যেমন ভবিষাং ভূতেরই পরিণতি, ভূত কারণ, ভবি-ষ্যুৎ কার্য্য, তেমনি ভূতকালীয় অপ্রকাশিত ও গুপ্ত কারণেও ভবিষ্ঠতে অনেক অপ্রত্যাশিত নূতন পরিবর্তুন ঘটে। ঈশ্বরের শক্তি গুচ়রূপে চিত্রের পরিবর্ত্তন সাধন করিয়া দেয় যাহার পূর্ব্ব কারণ ভূতকালের জীবনে কেহ দেখিতে পান না। দেব শক্তি এবং ওপ্ত কারণেই অনেক মহা পাপীর জীবন হঠাৎ পরিবত্তি হইয়া গিয়াছে। সে যাহাহউক, যদি আমি বাল্যকাল হইতে ঈশ্বরের বাধ্য হইতাম, আজ আমি ঘাহা আছি, তাহ। হইতে কত শত গুণে উন্নত হইতাম। সেই যে প্রথম অবাধ্যতা হইতে আমার ক্ষতি হইয়াছে, এ ক্ষতির গুরুরেশ ভার আমাকে নিত্য কাল বহন করিতে হইবে। ঈশ্রের অবাধ্য হইয়াছিলাম বলিয়া যে ক্লেশ এই জন্য সাধুগণের পক্ষে তাহা নিতান্ত যন্ত্রণাঞ্চ। যাহঃ হইয়াছে তাহা হইয়াছে আর তেমন করিব নঃ, বা হইবে না, যদি এই সান্ত্রনা তাহাদিগের না থাকিত, তবে উহা নিতান্ত অবিদহ্য হইয়া উঠিত এবং বর্ত্তমানে ঈশবেতে যে আনন্দ হুখ শাতি লাভ করিতেছেন তাহা উপভোগ তাঁহারা অক্ষম হইয়া পড়িতেন।

ঈশ্বর সম্বন্ধে সকলই বর্জমান, তাঁহার সম্বন্ধে ভ্ত ও ভবিষৎ নাই, এথানে সে কথার বিচার নিস্প্রোজন। কিন্তু আমরা যাহা বলিলাম তাহাতে এই একটা বিষয় স্পদ্ট দেখা যাই-তেছে যে ঈশ্বের কার্য্য বর্জমানে ভূত ভবিব্যতে নয়, কেন না ভূত ভবিষ্যং তাঁহার নিকটে একই বর্জমান, একথা আর চিন্তার অতীত বিষয় নহে, বরং যথার্থ চিন্তার সর্ব্যথা অনুমোদিত।

বৈজ্ঞানিক কুসংস্কার।

জ্ঞান প্রভাবে বর্ত্তমান শিশ্বিত দল এত বিচারপ্রিয় তর্কবাগীশ, পাণ্ডিত্যাভিমানী হইয়া-ছেন, তাঁহারা পুরাতন কুসংস্কার বিনাশের জন্য এমনি জ্রতবেগে প্রধাবিত হইতেছেন যে আর এক প্রকার নৃতন্বিধ সাংঘাতিক কুসংস্কার डांशामिशतक छेम्त्रष्ट कतिया (किलियांरह । ए ल-দশী অসার জ্ঞানগর্বিত লোকে আপাত প্রতীয়-মান কুসংস্কারের মধ্যে কেবল ভ্রম অসত্যই দেখিতে পান, যাহাতে চিন্তা ও দুরশিতার প্রয়োজন সহসা তাহাকে ভ্রমাত্রক বলিয়া সিদ্ধা उ করিয়া বদেন, তাহার মূলে কোন সত্য জ্ঞান পবিত্রতা ভক্তি প্রেম এবং সাধুভাব আছে কি ন। তাহ। অনুসন্ধান করিবার তাহাদের অবসর নাই। মতামত বিচার, যুক্তি তক, আপনার এবং দাধারণ জনগণের রুচিকর নহজদাধ্য ধর্মভাবে डांहारमत बर्गक विना वृक्ति अकाम পाय। কিঞ্চিৎ বৃদ্ধি শক্তি পরিচালনা দার। বাহ। হৃদয়-ঙ্গম হয়, তাহাই সকলের নিকট আদরণীয় ; স্থির বুদ্ধি দহকারে গভাররূপে চিন্তা করিয়া ধর্মমত अज्ञ त्लारक है अयुमकान कतिया थारकन, अवः সহজনোধ্য অযত্রসম্ভ,ত যে কিছু ধর্মজ্ঞান লব্ধ হয় তাহাও বিশ্বাদ ভক্তি নিষ্ঠা অনুরাগের দহিত কার্ব্যে পরিণত করিতে অল্প লোকেই অগ্রসর হন, হতরাং অসার তর্ক যুক্তি মতবিবাদ ধর্ম্মের প্রতি সাধারণতঃ অধিকাংশের অমুরাগ দৃষ্ট হইয়া থাকে। ভক্তি বিশাস প্রেম পবিত্রতা, ধ্যান যোগ বৈরাগ্য বিনয় সরলতা সত্যনিষ্ঠা,

চিত্ত সংযম ইন্দিয় দমন এ সকলের অভাব দূম-ণীয় নহে; পাঁচ মিনিট কাল উপাসনা করিতে বসিয়াও মন চঞ্চল হইতেছে,প্রতি দিন নিয়মিত-রূপে ব্রহ্মপূজার প্রতি আন্থ। নাই, মাদে মাদে বর্ষে বর্ষে মতের পরিবর্তন হইতে লাগিল, শুক ছদয়ে নীরদ ধর্মাকথা চর্বণ করিতে করিতে জীবন অবদন্ত হুইল, এ দমস্ত কুদংক্ষার নয়, যে হেতু ইহা সভ্যসমাজের নরনারীর দৃষ্টিতে बन्ताय वित्या (वाध इय ना, वतः भकत्न बकु-মোদনই করিয়া থাকেন। প্রতি দিন অধিক-क्र अशामनामि कदा, हेल्दि भामन ও मनः-সংঘ্রের জন্য কোনশাসন প্রণালীর অধীন থাক।, ধর্ম মতকে চির্দিনের জন্য সত্য বলিয়া বিশ্বাস ও ভক্তির সহিত অবলম্বন করা, সর্ল স্বভাবের বশীভূত হইয়া উৎসাহ অ**মু**রাগের সহিত পণ্রে মন দেওয়া, বিধাতার বিধাতৃত্ব, সাধুর মহত্ত্ব, माधरमत रकाम विराय अवाली वक्त निष्माणित অনুসর্ণ করা এই সকল মহা অনিটের মূল, সভ্যতা ও জান বিজ্ঞানের বিরোধী। এদিকে জানাভিমানে জীত হইয়। কত যুবা বিশাং ভ্রতির মীম: মতিজম করত নাস্তিকতার রাজে: কাল্লনিক উদারত' शिशा छेलनां इहेरलन, অসার পাঙিত্যের মোহজালে পতিত হইয়: চরিত্র হারাইলেন তাহাতে কোন বিষয় নাই। একণে অনেকের এইরূপ মত দাঁড়াইয়াছে। আধুনিক পৌত্তলিক পিতা মতে। গুরুজন যেমন বলেন, মদ্যপান কর, ছুক্রিয়াবিত হও, সহস্র নীতি বিগহিত কার্য্য কর, কিন্তু ব্রাহ্মসমাজে গিয়া নয়ন মুদ্রিত করিয়া বসিয়। থাকিত্র না। বিদ্যাভিসানী শুক বৌদ্ধদিগের মতে কুসংস্কার মূলক ভক্তি অপেক। শুর্ক ধর্ম-মত উৎকৃষ্ট। সংশয় অবিশাস অভক্তি শুক্ক জ্ঞান তর্ক যুক্তির মধ্য দিয়া যাঁহোরা ধর্মরাজ্যে আগ-ভাল বাদেন, তাঁহাদের কুসংস্কার অজ্ঞানতার প্রতি অত্যস্ত ভয়, কেহ প্রাচীন কালের কোন माधन প্রণালীর সার গ্রহণ করিলে ভাঁহাদের অতিশয় আশঙ্কা হয়, কিন্তু নান্তিকতা অবিশ্বাদে

দেশ উৎসন্ন হইলেও তাঁহাদের শান্তির কোন
ব্যাঘাত হয় না। এরপে জ্ঞানাভিমানের পরিণাম
মহা কুসংস্কার কূপে নিপতিত হওয়া ভিন্ন কিছুই
নহে। কুসংস্কার পরিত্যাগ করিতে গিয়া
কেহ অন্ধকার ও শূন্যের উপাসক না হন এই
এখন আমাদের প্রার্থনা। ধর্ম্মের গৃঢ় এবং সারভাগ গ্রহণ করিতে সহজে কেহ অনুরাগী হয় না,
যাহার উপর সহজে মতামত প্রকাশ করিতে
পারে, ভুল ধরিতে পারে, পাণ্ডিত্য প্রকাশ
করিতে পারে, তাহারই প্রতি অধিক উৎসাহ
দেখা যায়; কিন্তু এই অসার ধর্ম মনুষ্যকে পরকাল, প্রেম ভক্তি শান্তি পুণ্য হইতে বঞ্চিত
করে। সংসারের যেমন প্রগাঢ় মোহ, বুদ্ধিগত
ধর্মেতেও তেমনি ঘোর মোহ উপস্থিত হয়।

সাধুর রক্ষক স্বয়ং ঈশ্বর।

মুঙ্গলময় পরিত্রাতা ঈশ্বর যদি সাধুকে মোহ। প্রলোভন হইতে রক্ষা না করেন, তাহা হইলে মানব জীবন ধারণ করিয়া এই পৃথিবী তলেকোন ব্যক্তি পুণ্যপথে এক পদও অগ্রসর হইতে পারে না। মনুষ্য যতই কেন সাধু সচ্চরিত্র হউন না, তিনি সভাবস্থলভ তুর্বলতার অধীন; সড় রিপুর কোন না কোন একটার অল্লাধিক আধিপত্য তাহার উপরে আছেই আছে। সমুদ্য প্রলো-ভনে পর্নাক্ষিত হইয়া কোন ব্যক্তি ধার্ম্মিক হইতে পারে না। ধর্মরাজ্যের সেরূপ ব্যবস্থাও নহে। প্রলোভন বহু প্রকার, এবং তাহা বহু ভাবে মনুষ্য মনকে অধিকার করে। এমন সকল প্রলো-ভনের অবস্থা আছে যাহার ক্রিয়া স্থূল দৃষ্টিতে সহসা অমুভূত হয় না, কিন্তু অলফিত ভাবে গূঢ়রূপে উহা জীবনের মধ্যে পাপ রোগ আনিয়। (मग्र । यिनि मायाना अल्लाङ्ग्न रुठा प्रश्न रुन না, তিনি প্রলোভন রাশির সম্মুখে দ্বির থাকিতে পারেন না। যিনি প্রলোভন রাশিকে অতিক্রম করিতে সক্ষম হইয়াছেন, দামান্য প্রলোভনে বিবেকের নির্মলতা রক্ষা ক্রিতে পারেন নাই। এত প্রকারের প্রলো-

ভন এখানে আছে, এবং সে সকলের মধ্য পতিত হইবার এত গুপ্ত প্রকাশ্য পথ আছে যে, যদি পরমোপকারী ঈশ্বর তাহা কইতে আমাদিগকে অধিকাংশ সময় ুদূরে না রাথি-তেন, তাঁহার শাসনপ্রণালী প্রাকৃতিক নিয়-মাদি যদি ধর্মপথের অনুকূল না হইত তাহা হইলে একজন মনুষ্যও বাঁচিতে পারিত না। তাঁহার রূপাহস্ত পরিত্রাণার্থী ছুর্বল চিত্ত মানব সন্তানকে সর্ববদা মুক্তির পথে স্বর্গের দিকে পরি-চালিত করিতেছে। এই জন্য যত প্রকার প্রলো-ভনের অবস্থা ঘটিতে পারে তাহা ঘটে না, যদি ঘটিত তবে নিশ্চয় সকলের পতন হইত। আমরা যদি মনে করি সমস্ত কঠিনতর পরীকা প্রলোভনের মধ্যে চিত্তকে নির্বিকার রাখিয়া আন্তরিক রিপুগণের শক্তিকে পরাজয় করিব, কোন প্রকার বাহ্য বস্তুতে আকৃষ্ট হইবনা, অগ্নি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ঈশ্বরের সঙ্গে মিলিত হইব, (म (कवन कन्नना माछ। कन्ननावरन (य मकन প্রতিবন্ধক ও পরাক্ষার কথা মনে উদিত হয় তাহ৷ কার্য্যতঃ সংঘটিত হইলে কেহই চরিত্রকে বিশ্বন্ধ রাখিতে পারে না। আপনা হইতে স্বভা-বতঃ যে সকল বিপদ প্রলোভন উপস্থিত হয় তাহা দারাই একজন ধর্ম-পিপান্ত মনুষ্যের যথেক্ট পরীক্ষা হইতে পারে। জনসমাজের প্রচলিত ধর্মানীতির অবস্থা, মন্তুষ্যের ছুর্ববলতা, বাহিরের বিবিধ প্রকার প্রলোভন, এবং অন্তরের রিপু-দিগের চঞ্চলতা প্রত্যেক ধর্মার্থী, স্তাপ্রিয় মনুষ্যকে যে দকল পরীক্ষার অবস্থায় প্রতিনিয়ত আনিতেছে তাহাতেই কত কত বাঁর পুরুষের পতন হয়, কল্পনা প্রদূত অশেষ বিধ প্রলোভনত দূরের কথা। যাহারা ইচ্ছাপূর্বকে আপন। হইতে थालां इन यात्रमा करतः, वित्वहन। विश्वीन रहेश। বলপূর্বকি আপনাকে পরীক্ষার মাধ্য লইয়া ফেলে, তাহাদের পদে পদে পদস্থলিত হয় এবং পাপবিমৃক্ত হইবার তাহাদের কোন আশ: থাকে না । ঈশ্বরের আজ্ঞা প্রতিপালন কর, আপনা ছইতে যে বিপদ পরীক্ষ। আইদে তাহার মধ্যে বিনয় শিক্ষা কর এবং প্রার্থনা করিতে থাক,

রক্ষা পাইবে। ইচ্ছাপূর্ব্বক আপনাকে পরীক্ষায় নিঃক্ষেপ করা আর ঈশ্বরের বল শক্তি পরীক্ষা করা একই; ইহা কথন উচিত নহে। মনুষ্যগণও পরস্পরকে যেন কেহ কখন পরীক্ষার মধ্যে ফেলিতে চেন্টা না করেন। আমরা তুর্বল চিত্ত বা দবল চিত্ত ব্যক্তিদিগকে অনেক সময় পরীক্ষায় আনি, ইহাতে কত ব্যক্তির সর্ব্বনাশ হয়। দয়াময় ঈশ্বর যেমন তাহার সাধক সন্তানদিগকে পাপ প্রলোভন হইতে সর্ব্বদা রক্ষা করেন, আমাদেরও সেই রূপ করা উচিত। আপনি নিস্পাপ থাকিয়া অন্যকে পরীক্ষায় ফেলিব যিনি এরূপ মনে করেন তিনি আপনারও পতনের দ্বার মুক্ত করিয়া রাথেন।

কোল জাতির বিবরণ। (১২: পৃষ্ঠার পর।)

ভাইদের পক্ষে আর একটী ব্যবস্থা আছে। সেটী এরপ ভীষণ নয় বটে, কিন্তু অভিশর হণাজনক। প্রাম ওদ্ধা লোক জুটিয়া ঐ ডাইনকে সন্যুজাত বিষ্ঠা থাওয়াইয়া দিলে দোর যণ্ডিয়া যায়, এরপ করিলে বেগগ সহজে আরাম হর এই ইহানের বিশ্বাস। একেবাবে সমালারে পাঠানাই বিবি, লাবে কিছু দলা হইলে এরপ বাবহা হইতে পাবে। ইহারা ভূতের অন্তিক্তে অভান্ত বিশ্বাস করে। প্রামের মধ্যো অনেকেরই যে এরপ পোষা ভূত আছে এ বিসরে একবারে দুড় সংস্কার। ভূতেরা পূর্বাপ্রুষ্দিগের আহা। ভিন্ন আর কিছুই নহে। সেই ভূতকে সন্তুট রাগিবার জন্য ইহারা সম্বয়ে সম্বয়ে অনেক পশু ব্য ক্রিয়া থাকে।

কোলেবের স্থাজিক অনুষ্ঠানের মধ্যে তিনটা প্রধান—
নামকরণ, বিবাহ ও এ দ্ধা। সন্থান হউলো পিতা মাতার
কেবল আট দিন অশোচ হয়। এই অবভাকে বিদি বলে।
ঐ কয়েক দিন পরিবারের আরু সকলো বাড়ী হুইতে স্থানাভরে যায় এবং স্থামীই কেবল হার জন্য স্থতন্ত রন্ধন করে।
স্থানিকা গৃহে ভূত আদিয়া শিশুর অমঙ্গল পেষ্টা করে বলিয়া
ভ্রমন করেকটা পশু হন্ত্যা করিতে হয়। আট দিন নিরাপানে অভীত হুইলো পরিবারের সকলো আবার ঘরে ফিরিয়া
আইদে, কুট্রদিলের নিমন্ত্র হয়, একটা স্মারোহপূর্কক
ভোত দিয়া সন্তানের নামকরণ করা হয়।

সংধ্যর । তথ্য প্রথম সন্তানের নাম প্রায় পিতামহের নামে রাধা হয়। ত্রপরাপর সন্তানের নাম রাধিবার প্রণালী অন্যারপ। কোন পাত্রে জল রাখিয়া একটা নাম ত্মরণ করিয়া তাহাতে উরিদ্ ফেলিয়া দেয়, যদি সেটা ভাসে তবে ঐ নামটা রাধি- বার যোগ্য, আর যদি তাহা ডোবে তবে তাহা অগ্রাহ্য হয়। কোন অমুষ্ঠানে ধর্মেব বড় নাম গন্ধ থাকে না, কেবল হাঁড়িয়া (এক প্রকার মদ) বাওয়া, নুশ্গীত ও ভোজ হয়।

বিবাহটী সর্ব্বাপেকা সমারোচের অফুষ্ঠান। ইহাদের কন্যাগণের অধিক বয়সেই বিবাহ হটয়া থাকে। প্রায় যোল বংসর অতীত হ**ইলে**ই পাত্রী বিবাহের উপযুক্ত হয়। সোল হইতে ২২।২৩ বংসর পর্যান্ত কন্যার বিবাহের উপযুক্ত বরস। ইহাদের মধ্যে পণের প্রথা প্রচলিত আছে। কন্যার পিতাকে Sola of त्वांक पिट्ड ना शांतित्व शुक्र त्यत विवाह रखशा দায়। এই কারতে কোলেদের অধিকাংশ সুবভী রী অবিবা-হিতা। ইংরাজদের আমল হওয়া পর্যান্ত সাধারণ কোলের মধ্যে আর এত পণ দিবার রীতি নাই। এখন দশটা গোরু হটলেই বিবাহ হইতে পারে। স্থার নিভান্ত গরিব কোলেব ৰ টাকা পণ দিলেই চলে। বিবাহের পূর্ফের স্থা পুরুষের খুব ভাব হয়। বর কন্যা আপনারাই প্রস্পর প্রস্পরকৈ প্রক করে। তথ্ন উভয়ে উভয়ের নাম ধরিয়া ভাকে এবং গলা ধরাধরি করিয়া কথন কথন বেড়ায় ৷ কন্যা পাত্রের মন আক-র্ষণ করিবার জন্য কভ রক্ম ৮েষ্টা করে। এই সময়ে কে'ন রূপ কলম্ব ঘটলে ইহারা তাহা দোবের মধ্যে হরেন।। এ সময় কেহ যদি কোন সুবতী অধিব:হিলা স্থালোককে बहुल दन्य ! दश्मात दब्ल कुल, छ। शहरू कमा छिन्द्र दन्य হাঁ আমার রূপ আছে বটে, কিন্তু লাহাতে আমার লাভ कि १ हेशाटा पूरात भागत डेपयुङ नय १ यथन की প्कार्यक মন্যে প্রবয় সঞ্চার হয় তথন পুরুষটী আপন পিতা মাতাকে এই কথা জানায়। পিতা মাতাও আত্মীয় বন্ধু বান্ধবদিগকৈ কন্যার পিতার কাছে পাঠাইয়া দেয়। ভাষারা পবিবারটা কিরপ, পাত্রীব বয়স ও রূপ কেমন, এবং সঙ্গতি আছে কি না এই স্ব দেখিয়। আইদে। মনের মত হইলে বিবাহ স্তির হয়। বিবাহের দিন ফণ নাই, তবে কতক অমঙ্গল प्रक शहेना भूटका ना शहिदल है विवाद शहेदन भारत । विदा-হের দিন উপস্থিত হটলে কন্যাব গত সঞ্জিনী স্থালেংক মদ খাইয়া নাহিতে নাণিতে ও গান করিতে করিতে কন্যাকে লইরা পাত্রের গ্রামে গিয়া উপস্থিত হয়। মানোল ও চাকের स्यिष्ठे वाना देशनिगरक चारता छेश्माविक करता हैशता তো এখন ঘণ্টা কতক নাডিতে পাকুক, এদিকে বরের যত সমবয়ক্ষ সুবক সুবভী ও মাজীয় বকুব;ক্ষব পা∴কেুলইয়। ঐ রূপ নাচিতে নাচিতে ও গান করিতে করিতে কনারে मनदक অভার্থনা করিছে আইদে। যথন ছুই দলের মিল হয় তথন মহারে।ল উঠে, বোধ হয় গেন একটা প্রকাণ্ড যুক্ত আরম্ভ হইল। কিন্তু দকলই ক্রিম। পরে ছুই দলে এক হটয়া পূজার স্থানে গিয়া নাচিতে থাকে। তার পর বর কন্যা ভুটটী দক্ষিনীর কাঁবে চড়িয়া বদে এবং সমুদার দল তাহা-দিগকে বিরিয়া নাচিতে নাচিতে বরের বাড়ীতে যায় 🛊 **দেখানে প্রকাণ ভোৱের আ**রোজন থাকে, জালা জালা

মদেরও গোগাড় করা হয়। পরে ক্রমাগত স্তা আর গীত আর কিছুই নাই। এই সকল ব্যাপার শেষ হইয়া গেলে পাত্র পার্ত্তী পরস্পর পরস্পরকে এক এক গেলাস মন দের। আগে বর আপনার গেলাস হইতে কনাার গেলাদে একট্ মদ ঢালিয়া দেয়, কন্যাও আবার সম্রমেব সহিত ভাহাই করে। ঐ রূপ করাতে র্লী স্বামীর সহিত এক জাতি হটরা মার। এইরেপে পরস্পর এক শরীর হয়। দিন্র দান বিবা-হের সার কর্মা। সামী শেষে সহকে স্তীর কপালে সিন্দুর পরাইয়া দেয়। বিবাহের পর কন্যা তিন দিন বরের বাড়ীতে থাকে, প্রদিন প্রাচে কন্যা গোপনে প্লাইয়া আপন বাচীতে গিয়া উপস্থিত হয়। কন্যা দেখানে গিয়া আপন मिक्नोमिटगद्र निक्र शिकारमा विलिश विष्युत य प्रामि স্বামীকে ভাল বাদি না, আর ভাগকে কখন দেখিব না। अक्रम ना विलाल शीव शोवव थाएक ना, कावन अवनिन प्र পিতা মাতা মানুষ করিল উ'চাদিগকে ভুলিয়া একেবারে অপরিচিত পুরুষকে ভাল বাসাটা অতি অক্লতজ্ঞতার কায়। মেট অবধি কনা। আর খণ্ডর বাড়ীতে যায়না। পিতা মাতাকে ছাডিখা খণ্ডর বাড়ী যাওয়া অক্লতজ্ঞ ও নিলজ্জের কার্যথেএই রূপ কোল নারীদিলের বিশ্বাস। তবে সামী সদি বলপূর্মক লইয়া যায় ভাহাতে স্ত্রীব আপত্তি নাই। কিন্তু খণ্ডর বাড়ী হটকে জ্রীকে লট্যা বাটবার স্থামীর অধিকার নাই। একনা স্থামী ভাকে ভাকে ফেরে। ত্রী যদি কোপাও বেড়াইতে যায়, অথবা কোন মেলাতে যায়, ভবে নেই অবকাৰে ক্ৰীকে বলপূৰ্দ্ধক ধৰিয়া আপন বাড়ীয়ে লটরা গায় ৷ এ দমবের স্ত্রী পলাইয়া গাইতেও চেষ্টা কবে, কিন্ত মেটা প্রেমের ভান্। একবারে শ্বন্তরালরে নেলে আর কোন হ্যাক্ষামা নাই। যথন স্থাকি স্বামী বলপুর্বাক লইয়া যায় তথন জনপ্রাণী আর কেহ কাহাকে সাহায়। করে না। কখন কখন অধিক বলবভী স্ত্রী স্বামীর হাত ভিনিষা প্লায়। এরপ ঘটনায় স্থামী আপন বন্ধু বর্গকে পুনরায় সঙ্গে করিয়া আনে এবং স্ত্রীকে বাঁথিয়া লইয়া যায়। অপরাপর স্ত্রী পুরুষ ইহা দেখিয়া হানে এই মাত্র। কোলেদের মধ্যে সামী স্ত্রীর পরশ্বরের প্রব্য অভিশয় গাঢ়। পরক্ষার পরক্ষা**রের বাধ্য ও বিশ্বস্ত**। বিবাস হইলে আর वालिजात घटठे ना । वाक्यविक देशात्मत भटना बालिजात অতিশয় কম। কোল নারীসন বড় অভিমানিনী; এই কারনে প্রায় আত্মহত্যা করে। স্ত্রীলোকের মধ্যে আত্মহত্যাটা এদেশে বড় প্রবল।

কোলেরা মৃত শরীরকে বড় স্মানর করিয়া থাকে। কেছ
মরিলে তাহার দেহটাকে একটা বাক্ষের মধ্যে পুরিতে
হয়, কিন্তু পুরিবার পুর্বের ঐ শরীরকে স্থান করায় এবং বেশ
করিয়া ঘি মাধায়। পরে মৃত ব্যক্তির কাপড় গহনা অস্ত্র
শক্ত্র তাহার কাছে যদি মরিবার সময় টাকা কড়ি থাকে
তবে তাহাও ঐ বাক্ষের মধ্যে সাজাইয়া দেয়। যেমন

মেরেরা খশুর বাড়ী গেলে অনেক রকম জিনিধ পত্র সঙ্গে माकित्त श्रक्तित्र পाशेष्टिया मिटक द्य देशाता अ गुररावि সম্বন্ধে ঠিক সেই রূপকরে। বাড়ীর সমক্ষে একটী পিল্ মাজাইরা ঐ বাক্ষটী তাহার মধ্যে ফেলিরা দের। পর দিন প্রাতে ঐ সমন্ত ছাই পুঁতিয়া ফেল্লে এবং এক আর খানি হাড় কুড়িয়া লটয়া প্রধান শোককর্ত্রী—হয় মা, নয় স্ত্রী ঐ হাড় ঘরে ঝুলাইয়ারাথে এবং মাবে মাবে উহা দেখিয়া কাঁদিতে থাকে। যত দিন পর্য্যন্ত প্রকাণ একখণ পাথর যোগাড় করিতে না পারে ততদিন এরূপ করে, পাধর হস্তগত হইলে মৃত ব্যক্তির মারণার্থ তাহা বাড়ীর সমক্ষে भूँ **िश। द्राट्य। भूँ** जियाद ममत्र अक अञ्चष्ठान शहेश थाटक। গত আত্মীয় স্বজন থাকে তাহারা বাড়ার সন্মুখে উপতিত হয়। পরে ৩।^৪ জনে ক্রমাগত শোকস্চক বাদ্য বাজ:-ইতে থাকে আর আটটী বয়ন্তা কুমারী সেই সময় উপস্থিত হর। ঐ স্ত্রীলোক গুলি ছুই সার করিরা দীছোয়। এক দল অল রকম ভাঙ্গা থালি কল্সি আর এক দল মালা হাতে করে। পরে মাঝ থানে মা কিম্বা স্ত্রী মৃত ব্যক্তির অন্তি থানি 5িত্র বিদিত্র পিঁড়ির উপর রাখিয়া ভাগা মাণায় করিয়া চলিতে থাকে। সকলেই শোকার্ত্ত, গম্ভীর শব্দে বাজনাও বাজে, আর স্ত্রীলোকেরা কাঁদিতে কাঁদিতে বলে ''হার! দেথ সকলই শূন্য''। এই ভাবে ভাহার। দৃত ব্যক্তির আগ্রীয় স্কলন ও গ্রামের প্রত্যেকের ঘরে ঘরে ঘার ও আদ্ধকতী প্ৰতি বাড়ীতে পৌছিয়াই ঐ হাড় শুদ্ধ থালা থানি ঘরের সমকে নামায়। বড়ৌর লোকেরাঐ হস্তির সমক্ষে ঠাটু পাতিয়া বিশিয়া কাদে। প্রিয় বন্ধুর প্রতি এই তাহাদের শেষ স্নেহ প্রকাশ। মৃত ব্যক্তি গেখানে শিক্ষর করিতে গাইত, যে মাঠে কাব করিত, যে পুক্রিণীতে স্থ'ন করিত, যে বাগানে গাছ পুঁতিত সেই দব জামগায় তাহার। ঐ অন্থি থানি লইয়া যায়। তাহার পর সকলে ঘরে ফিরিয়া আদিয়া একটা গর্ভ করিয়া ঐ অন্থি খানি তাহাতে ফেলে এবং নানা বিধ ভাত তরকারী চাউল তাহার দক্ষে দেয়। ইহা সম্পন্ন হইয়া গেলে ঐ প্রকাণ্ড স্মরণার্থ সাথের থানি তাহার উপর বদাইয়। দেয়। পরে একটী ভেড়ে দিয়া কথা শেষ করে।

কোলেরা বড় আমোদপ্রিয়; ইহাদের সংসারে শোক ছঃখ বড় কম। সকলেই প্রায় চাদের কাম করে। সজারে পর ছবে আসিয়া একটু ইাড়িয়া খায়। পরে একটী হানে নিকটের মত স্ত্রী পুরুষ জমা হয়। গ্রীলোকেরা একটী লল হইয়া নাচে ও গান করে, আর পুরুষেরা ভার সঙ্গে বাজায়। প্রতিদিন রাজে ইহার। এইরপ আমোদ করে, অবশেষে নিদ্রা যায়। সমস্ত দিন পরিভামের পর এইটা ইহানের জীবনের প্রধান সুধ। নৃত্য বিষয়ে কোল মেয়েদের বিশেষ খণপনা আছে। নাচিবার সময় ২২।২০ হইতে ১২ বংসর পর্যান্ত প্রীলোক ক্রমে হাঁত ধ্রাধ্যি করিয়া দাঁড়ায়।

ভাষার দৃশ্যটী বেশ হয়, ক্রমে ক্রমে নিচু হইতে উচু হইয়া रयन अक्यानि जी जात्कित क्यांठे आठीत । अथरम शुक्ररवत्रा গান ধরে, পরে তাহারা অতি মিষ্ট বামাহ্মরে গান করে ও পা फरल । পा श्विन (रेम जारन जारन फरल, क्यन धन वत्म जावात क्रीं लाकारेश डिटर्र, कथन शतस्थात शतस्थातत কোমরে হাত জভার। কিন্তু সব এক সঙ্গে। বেশ নিরী-ক্ষণ করিয়া দেখিলে বোধ হয় যেন একটা জ্বলের ভরঙ্গ। বিশ পাঁচিশ জন স্ত্ৰীলোক যেন এক ধানা হইরা গিয়াছে। পা ফেলাতে বেশ সৌন্দা্য আছে, কোন রূপ অমিল वा विभक्षण। नारे। यक तकम शृहकार्या আছে एक तकम नाठ আছে। বিবিদের মত পোদাক পাকিলে ইহাদের নাচ সভ্য अभारकत जनामत्रीत दहेट । शादत ना । नाटइक भट्या कान রূপ অশ্লীল ভাব ভদী থাকে না ও দ্বীদলের ভিতর পুরুষ मिनि: पादत ना, देश अनारमात्र विषय विलाह दहेदव । সভা দেশের মৃত্য অপেক্ষা ইহাদের নাচ অধিক পবিত্র তাহাতে আর সন্দেহ নাই। ইহাদের গানের সুর মিষ্ট মন্দ নয়, তবে আমানের কাণ বাল্যকাল হইতে আর এক প্রকার সুর শুনিরা অভান্ত হইরাছে, সুতরাং কোল সুরের মধুরতা সহজে অসুভব করিতে পারে না। সুরের ভিতর অবেচ রকম রকম স্থ্য আছে, কিন্তু কেবল উচু নিচু ভিন্ন আর বড় বুঝিতে পারা যায় না। স্ত্রীলোকদের গলা বড় भिष्ठे। मर्क्त उर्दे भूकरषद श्रद्ध रमन श्राप कैं। किय কোল বামাগনের যেন স্বাভাবিক গীতি শক্তি আছে। অসভা জাতিমাত্রেরই স্থরের প্রায় একতা দেখা যায়। পেটুক্ প্রভেন আছে তাহাও যংসামানা।

জীলোকেরা বোধ হয় পুরুষ অপেক্ষা অধিক বুদ্ধিমতী भ कम्बंचम । मःभादतत्र अदनक काम हेशाहो कद्य । छोत्र ধয়ুক ও টড়ী ইহাদের প্রধান অস্তা। ধ্রুবিদ**াতে** ইহাদের ধেশ নিপুণতা আছে। হাতের এত বল যে বড় বভ গাছে বাণ মারিলে অর্থেক বাণ ভাহাতে বিদিয়া যায়। বহুদিন হউল কোন বাঙ্গালী কর্মচারী সাহেহবের সভ্যে মক-ক্ষলে যান। তিনি বেড়াতে বেড়াতে দেখেন যে এক পুরুরি-পীতে এক বয়তা স্ত্রীলোক উলঙ্গ হইয়া জল আনিতে আসি-য়াছে। ভাষাকে দেখিয়া বাঙ্গালীর কুৎসিত মন, স্তরাং হাদি আদিল। পানিক পরে মগা কোলাহল, কমিদনারের ভাষু দেরিরা মত কোল। ভীর ধরুক হাতে করিরা দাঁড়াইল। তথ্য অহুসন্ধানের পর জানা গেল যে এক বাবুর বিদ্যা প্রকাশ, হইয়াছে। কমিদনার, বিদেশী লোক জানেনা এই क्रथ नाना कथा दलिया छारामिट्यक निवादन कविटलन। কিন্তু ভাহার৷ বলিল আমর৷ মে বাণ ভুলিয়াছি ভাঙা অবার্থ, তবে ঐ বাবুকে গাছের আড়ালে দাঁড়াইতে বলুন, এই বাণ গাছে মারি। অগত্যা ভাষাতেই পথতে হুইতে হুইল। এমন বেগে তাবটা ছাড়িয়া দিল যে প্রকাণ্ড গাছ-টীকে প্রায় বিধিয়াছিল। বড়ভাগ্যের জোর তাই রক্ষা।

हेश्बाक्टाव अजादन अथन कालदम्य भटना कृष्टे नाविणी বিদ্যালয় সংস্থাপিত হইয়াছে। তাহাতে কেবল হিন্দি পড়ান হয়। কোলেদের চুইটী ভাষা আছে। ওরাও ও মুতারী। ওরাও ভাষাটী সাওঁতালি ও হিন্দু স্থানীতে মিশ্রিত; কিন্তু মুণারী প্রকৃত কোলেদের ভাষা। ইহাদের কোৰ বৰ্ণ মালা নাই, এজন্য লিখিবারও কোন প্রণালী प्रिचिट्ड পाश्रश गात्र ना। हेरात्रा जालनाटमत ভाषाटक হোডে। কাজী বলে। হোডো শব্দের অর্থ মানব আর কাজী শব্দের অর্থ ভাষা, অর্থাং মানবের ভাষা। ইহারা আপনাদিগকেই মাত্রুষ মনে করে। মুগারী ভাষার প্রণালী अदनकरो भःश्रुट इत भर । देशार ७७ वक वहन विवहन वर्ष-ৰচন প্ৰয়ান্ত বাবজুত হইয়া থাকে। এবং কর্ত্তার সহিত ক্রিরারও সম্বন্ধ দেখা সায়। কর্ত্তার বচনামুসারে ক্রিয়ার রূপের কিছু পরিবর্ত্তন হইয়া থাকে। কাল অনুযায়ী ক্রিয়ার ও রূপান্তর হয়। আবার ক্রিয়ার মধ্যে তিন্টী বাচ্যও আছে। যেমন ইনি নেল, ভানা, তিনি দেখিতে-ছেন, আর ইনি নেলে। তানা বিনি দৃষ্ট হটতেছেন।

বাঙ্গালা ভাষার মধ্যে কোলেদের অনেক কথা মিলিয়া আছে। উপোন দাদা, ইনি ইত্যাদি। উপোন, ক্লাটা শব্দে চার বুঝার। আমাদের পোনে কথাটা এক কম চার অংশ। উ বাদ দিলে একভাগ কম চার। অর্থাৎ পৌনে। ইনি—তিনি, ও দালা বড় ভাই। সংস্কৃতের মধ্যে দালা কথা ব্যবহৃত হয় নাই। অভএব ইহা যে কোল ভাষা হইতে লওয়া হইরাছে তাহাতে আর সন্দেহ নাই। বাঞ্লালাতে অনেক বস্তার নাম কোল ভাষাতে ব্যবহার করা হইরাছে। ইহার হারা প্রমান হইতেছে যে অসভ্য জাতিবের ভাষা ও আচার ব্যবহার পর্যন্ত আর্থা সন্তানদিলের মধ্যে আত্তে আত্তে কেমন প্রবিষ্ট হইয়া পড়িয়াছে।

```
কোল ভাষা।
আপু · · · পিতা
                     मा ... जन
                     मात्रे ... .. जभी
(काष) ... वानक
কুড়ি · · · বালিকা † দারু ... ... বৃক্ষ
रा ... ... श्रुश्र
                     তুমাস ... ... ঢাক
                      গপা ... .. কল্য (আগামী)
আড়াণ্ডি · · বিবাহ
वार्षि · · · · षाहे
                    + त्नाट्टा ... मार्ठ
বীক্ষ · · · · দাপ
                    † বর ... বর
न्लुक · · · लदग
                    🕇 कनिश्रं ... कन्या
বোঙ্গা · · ভূত
                      এনগা... মা
চিক্সি · · · পক্ষী
                      এতম্... ডানহাত
চিতাপে 💀 প্রাম্প
                      কোঙ্গিরে ... বামহাত
চণ্ড · · · মাস
                     কিচারি ... কাপড়
বোচোর · · বংসর
                      यौम ... .. दिकाश
বীর ... \cdots জন্সল
                     কুপুল... দর্শক
চিয়া... 🕶 কেনকি 🏻
                     कृला ... गाव
हुर्यो ⋯
           গোৰৎস
                     का ... ... नज्ञ, निरम्ध वाठक।
চুকা
           কল্সি
                     दशता.. ... त्रास्था
                     रश्त्रा · · · · कक्क्रश
   †††† ইহা সংক্ষুত ভাষা হইতে গৃহীত।
```

व्याहार्रात डेशरम्भ । কোমগর ত্রাক্ষসমাজ। व्यविवात ५० हे टेकार्ड ५१२२ भक । (वम अ श्रुवान ।

্র্দু জাতির ধর্মণাজ্বের ন্যার সমুদার ধর্মণাক্ত ভূট্টী क्षांन कारण विकल,—रवन अदर श्रान। धर्मनारखन अरे ভ্ৰুটী অক্ষের অৰ্থ কি ? বেদই বা কাছাকে বলে ? পুরাণ বা काहात्क वर्ष ? खाजिस्टिम अ मन्ध्रमात्र (अरम (वम अवर পুরাণ নানা অব্ধ ও আকার ধারণ করিয়াছে। কিন্তু ভাবিয়া দেখিলে ইহাই প্রক্রীতি ছইবে, যে বেদের অর্থ সকল প্রকার নৈস্থিক ব্যাপারের মধ্যে ঈশ্বরের সন্তা ও শক্তি উপলব্ধি করা এবং পুরাণের অর্থ মানবসমাজের ইতিহাসে केबारतत क्ल (मधा। (यम नमीत महत्रोरक, ममूरापत कीमन কলোলে, পর্বতের উচ্চ শিখরে, বিহাতের আভার ও স্থনীল আকাশের উজ্জ্ব নক্ষত্রপুঞ্জে ঈশ্বরের হস্তাক্ষর দেখাইয়া দেয়। পুরাণ বেদের ন্যায় নৈস্থিক ব্যাপার আলোচনা करत मा। श्रुद्राग (तर्मत मात्र व्याकामधामी मरह। श्रुद्राग অভি নিকটেই ঈশ্বের দর্শন পার। পুরাণ মনুষাজীবনেই ঐতিহাসিক দটনাস্ত্র ঈশ্বরে মঙ্গলহন্ত দেখিতে পার। বেদ অতি গম্ভীর। পুরাণ অতি মধুর। পুরাণের পূর্বের বেদের ইদয়। বেদ মনুষা জাতির শৈশব সন্ধীত। আমাদিগের আয়া পুর্বে পুরুষেরা প্রথম বেদগান করেন। বেদে সুর্বা, চকু, গ্রান্থ, নক্ষত্র, উষা, অ্বি, ইস্ত্র ও বক্ষাের সবিস্তার महिमा कीर्जन छ आजामना (मधा यात्र । मनुस्यात वेजिकारम केश्वत्वत्र व्याविकान, अकथा दिएम मारे। खाटमब्र मेर विकारण মনুষা বাছা প্রকৃতির সোন্দর্যো ঈশরের অনন্ত মহিমা ও পূর্ণতা উপলব্ধি করিল। ভাহার মন বিশিষ্ত ও স্তব্ধ ছইল। বেদের গন্তীর সন্ধীত রচিত ছইল। ক্রমে জ্ঞানের জ্যোতিঃ দিন দিন রুদ্ধি পাইল তাবং হৃদরের প্রেমকুত্ম প্রক্টিত হইতে লাগিল। ক্রমে মরুষা ঈশর দূরে লছেন, তিনি অতি নিকটে, তিনি অন্তরের অন্তরে, ইহা বুঝিল। কেবল জড় জগৎ যে ঈশবের মঙ্গল নিয়মে শাসিত তাহা ন্তে, ম্নোরাজ্যেও ভাঁছার তুল্য প্রভাপ। এছ উপ প্রছের রতিই যে ঈশ্বরের অন্তুলি-চালিত এমত নছে। মত্র-ষোর ইতিহাসও প্রতি পৃষ্ঠার তাঁহার পরিচর দেয়। এই বোধোদয়ই পুরাণের হৃষ্টি। কথিত আছে ঈশরের দল অবতার এবং প্রতি অবতাবের অন্তত কার্য্য কলাপ আরো-পিত কম্পিত ও বির্চিত হইরাছে। কিছ এখত পুরাণবাদী ত্রাক্ষ দশ অবতারে সন্তুষ্ট নছেন। তিনি জ্ঞানেন যে তাঁহার ঈশবের লক্ষ্ অবতার। তাঁহার ঈশ্বর य यूग विरमय वा वास्ति विरमय वा मत्यमात्र विरमस

ज्याल कि वर्ष कार्या वार्य कार्य कार्य সমরে সমরে প্রকাশিত হন। কখন স্বেহমরী জননী রূপে কখন দয়ার সাগার পিতা হইলা, কখুন সাস্ত্রনাকারী বন্ধুরূপে কখন চিকিৎসক, কখন পথপ্রদর্শক, কখন পিতা, কখন শিক্ষাদাতা গুৰু রূপে ভক্ত নিক্টে অবতীর্ণ ছয়েন। ত্রান্ধ অপরের নিকট পরাণ শুনিয়া ক্লান্ত থাকিতে পারেন না। তিনি নিঞ্জের জীবনে প্ররাণ পাঠ করিতে চাহেন। তাঁহার বিশ্বাস যে ঈশ্বর প্রতি জনের নিকট শুতম্ব প্রকাশিত ছয়েন। প্রভাক মনুষা চরিত এক এক খানি বিচিত্র পুরাণ আমু যাহার প্রতি পরিচেছদে ঈশ্বরের নাম ও হিতকর বিধান অর্থাক্ষরে অক্ষিত। ঈশর আমাদিগের কাছার নিকটে না অব-তীৰ্ণ হইয়াছেন ? পূৰ্বে আমরা ব্রাহ্মনমাজভুক্ত চিলাম না **যথ সমরে জীবনে কুবডে;স বহিল।** কোথ, হটুতে অংকর্ষণ শক্তি আসিল, হৃদয়কে টানিল, জাবনের ত্রেতি ফির্ছিয়। দিল, মন ভিজিল, ত্রাকা হইলাম, ত্রুকার মধুর নাম উচ্চারণ করিলাম, পরিত্রাণের জন্য প্রার্থনা আরম্ভ করিলাম। দেই দিন অব্ধি কত সত্য, কত কৰুণা উপভেগে করিলাম। হোর পাবও নারকী, অতি জঘনা চুক্তর্ম করিতে উদ্যত্ত, কে ভাছার হস্ত ধারণ করিল ? কে তাহাকে স্থমতি দিল ? কে তাহাকে পাপের পথ হইতে সত্যের পথে লইয়া গেল গ পথ কণ্টক-र्भा, हिलता बाख इदेवा शिक्ति, शिश्मात कर्य क्रक इदेल. কে তথন অশীতল বারি আনিয়া তোমার মুখে ঢালিয়া দিল গ এরপাঘটনা জীবনে কত হয় কাছার মনে খাকে? বাক্ষভাতঃ, তুমি ভোমার নিজের পুরাণ লেখ। কোন ঘটনা তুক্ত গোধ করিয়া ছুণজিয়া দিও না। জীবনের অতি সামান্য একটা ঘটনাও ঈশবের দ্যার পরিচায়ক। প্রতি দিনের সকল শুভ ঘটনা লিপিবদ্ধ কর। আজ প্রাতঃকালে পাখী তাকিল, প্রাণ কাদিল। আজ ভৃষ্ণার সময়ে শীতল জল পান করিয়া তৃপ্ত ছইলাম। আজ বত্দিনের পার কোন প্রেয় বন্ধুর সমাগম হইল। আরু কিঞ্চিৎ অর্থ লাভ হইল। আজ একটী সন্তান ভূমিষ্ঠ ছইল। আজ পুত্রের নাম করণ। আজ কন্যার বিবাহ। আজ ক্ষেত্রে শদ্যের শুভদায়ক ব্লুষ্টি পতিত হইল। আজ রকের প্রথম ফল ভক্ষণ করিয়া जुल इहेमाम। अममूनाम घटेन। क्रीवनश्रुतारण लिथिएड থাক ও মধো মধো তাছা পাঠ কর। ভোমার অতি যড়ের ধন; কারণ এই পুরাণে লিখিত ঈশ্বরা-বতারের কার্যা কলাপ অন্য কাছারও পুরাণে নাই। এই পুরাণ হত্তে লইয়া তুমি মুক্তকণ্ঠে বলিতে পার যে আমার দরাময় ত্রাণকর্তা আমার প্রতি বিশেষ অনুগ্রন্থ করিয়া আমার নিকটে বিশেষরূপে অবতীর্ণ হট্যা আমার প্রতি যে দরা প্রকাশ করিয়াছেন ভাছার রভান্ত এই পুরাণে निशिवक, खुउदार आमात शक्क रेस रे मर्का खर्क श्रुदान। যখন অবিশ্বাস মেঘ আসিয়া মনকে ঢাকিবে, পুরাণ পাঠ অবতীর্ণ হরেন তিনি এরপ বিশ্বাস করেন না; কিন্তু প্রত্যেক করিলেই ঈশরের প্রঞ্জ ক্রণা মনে পড়িবে ও অবিশ্বাস मृत करेंदि । यद्या यद्य अक्कादित दिन भाष्ठ व्यावनाकः। বেদ পাঠ অবভেলা করিও না। মধ্যে মধ্যে সংসার ভূলিয়া গিরা ভুলোক ফুলোকে ঈশ্বরের যে অনন্ত মহিমা দেশীপা-মান ভাষা আলোচনা করিয়া মনকে উন্নত করিতে ছইবে। কিন্তু পুরাণ ভক্তের বড় আদরের ধন। ব্রন্ধভক্ত কংন পুরাণ পাঠে বিরভ হন না। তিনি অন্তিম কালে পুরাণ পাঠ क्रिट क्रिट हेर्टमाक इन्ट श्टराट्नाक गमन क्टरन।

मध्राम्।

অব্যাত্রে প্রথম রবিবারে বামপুরছাট ত্রাক্ষসমাজের সাম্বাংসরিক উপলক্ষে কয়েক দিন উপাসনা নগারসংকীর্ত্ত-নাদি ছইয়াছিল। সমাজের অন্তর্গত রক্তনী বিদালারের अमङीते ছाত্রগণ देशाङ योग मिशाहिल। अधिक मीन নাথ মজুমদার মহাশায় এখানকার কার্ব। সম্পন্ন করিয়া বহরমপুর গিলাছেন।

ঞ্জিত্র গৌর গোবিন্দ বার মহাশর ঢাকা ব্রহ্মন্দিরে ''ধর্ম এবং বিজ্ঞান'' ''ধর্ম এবং নীতি'' ছুইটী বিষয়ে ইংরাজি বকুতা করিষাছিলেন ইউ পত্রিকায় তাহার সার মর্ম বাহির হইরাছে। ধর্মসক্ষে বৈজ্ঞানিক ভ্রম প্রদর্শন করা हेक्द्र हेक्क्सा - अधित वातू एका बहेटक महमन्त्रिक गमन ক্রিয়াছেন।

ঞ্জিত অংহার নাথ গাপ্ত মহাশার জামালপুর মুক্তেব ছইতে মতিছারী গিয়াছেল। <mark>তপায় ইতিপুর্বের একট</mark>ী সমক্তে প্রতিষ্ঠাত হইরাছে। তিনি মুক্তেরে থাকাকানীন তথাকার মোক্তার বাবু অধর লাল সেনকে প্রস্টাধর্ম হইতে ব্ৰাষ্থ্য আনিয়াছেন। ইনি প্রিণ্ড বয়স্ক, অপ্পাদিন। পুর্বের খুটীরান হইয়াছিলেন, পরে ত'হার ভ্রম বুঝিয়া এখন ব্ৰক্ষ ছইলেন। খুফীয়ান ছইয়া ব্ৰক্ষ হওয়। কিন্তু। जान्त्राय इर्राइया ध्रेकेमच ध्रवन करा इंबर्टक विटनम (भीटर কিছু নাই যদি যথ।র্থ ধর্মানুরাগ ভিতরে না থাকে।

জীযুক্ত বিজয়ক্লফ গোলামী মহাশার সপরিবারে বাগা-আঁচেড়া প্রানে বংস করিছেছেন। মতিক পরিবারস্থ প্রক্রোণ (यन এहे व्यतमद्भ किहू निका कदिश लग। उँ। हाएमद्र ज्ञान खु खु खु भ इहित्र ।

সমদশীর সম্পাদক ত্রন্মান্দিরের আচার্যা মহাশয়ের প্রার্থনা, ভাঁছার সাধন প্রণালী, কখন কখন ভাঁছার স্বভা-বের উপরেও উপহাস বিদ্রাপ করিয়া প্রবন্ধ লিখেন, কবিতা রচনা করেন ইহা দেখিয়া আমরা অভান্ত বাণিত এবং 🖯 ত্রংবিত ছইয়াছি। তিনি প্রার্থনার আবশাকতা অস্বীকার। करतम ना, जगह এक छरनद धार्थनाद कथा महेता निर्मातकर्भ পরিহাস এবং সমালোচনা করিতেছেন ইছা অপেক্ষা চুঃবের

প্রাটাদন ব্রহ্মানিরে এবং আচার্যা মহাশারের ভবনে উপাসনা করিতে যান আমরা কি মনে করিব তিনি কেবল প্রার্থনার ভুল ধরিতা আমোদ করিবার জনা আসিত্রা পাকেন গ অপবা যে দিন জিনি আমাদের সঙ্গে উপাসনা করিতে বসিবেন সে দিন অ:মরা মনে করিব " ঐ অমুক ? নোটবুকে প্রার্থনার কথা লিখিয়া লইতে আসিয়াছেন, স্বিধ্ন ! এরপ অবিখাস मस्म्दर्द हरक आमत्रा डाँशास्त एम्बिएड रेण्डा कृति ना। তিনিও প্রার্থনা করেন, অবশ্য তাগার মর্মণ জানেন, াবে বুলির অনুদারও অন্যায় বিচারে লোকের সরল প্রার্থনা কেন অ'নয়ন করেন ? এবং ভাষার প্রতি কেন্ট্রা এ প্রকার অভ্ৰন্ধা মুণা উপহাস, সঙ্গে সঙ্গে প্ৰাথীর সভাৰ চরিত্রে প্রযাম্ভ অহদার ভাব প্রদর্শন করেন ? ডিজান ও স্ক্রিস্থত প্রার্থনা কিরূপ ভাষার আদর্শ জগতের নিকট এদর্শন ক্রনন্ শুনিয়া ব্রাক্ষেদ্রের হাদয় শীতল হউক। তথ্য অ্যাচিক ভ্রমাত্মক প্রার্থনা আপনিই চলিয়া যাইবে। প্রার্থনা **সংবাদ পত্তের আমোদ প**রিহাস ও সমালের মার আতীত বিষয়**, অভএৰ অংশাদে**র বিনীত অনুবোধ কংছ বেন প্রোপ্নর লইয়া যেন ভিনি আরে উপহংস বিভগ ন, করেন।

প্রেরিভ।

জন্ধান্দ জীয়ুক ধর্মতন্ত্র সম্পাণক মহাকা

আমাদের অতি ক্রেন্ড প্রচারক পরিত শ্রিষ্ঠ পরেতি নাপ **ওপ্ত মহাশার গাঁ**ত কর্রন দিশ্যা গাঁধ এম গেল ও মুক্তেরে অবস্থিতি করিয়া বিচ্পল উৎস ধের মাছত পর গড়ার। করিয়া স্থানীয় ভস্তালকেদিগের চিত্ত হ ক্ষণ আগ্রেছিল। তিনি **এখনে আসেবেরি মূজের গ্রেগ্যা**ট করেছি বিভারত্য ভুইটী ও জ্ঞামালপুর বালিকা বিদ্যালয়ে হুংটা এজা ১৮ কটিন লা**ছেন। মুক্লেরে যে এ**ইটীবক্তা হয় ভিভেরে বিষয় এই ''আর্য্যপর্য ও আর্যা আচেরে সাবছার'' এটে '' ভ্রিক্রেয়ের ব এবং জ্ঞামালপুরে যে বক্তাভা ছ্টিটা ধ্যা ডাঙার বিষয় ভিল, ''रिविमिक सर्बा कि'' ? अवर ''र्याशपर्वा' । आश्वारम्य छ रेविमिक ধর্ম সভালে, যে **ড**ুটী বভাত ছাড়েছের মার **অর্থ সোম**-প্রকা**নের সংক্রেনে** বিব্রত ভাষারত আর্থনার্ক ভিনিন্দের अध्यक्तित्रचा अध्यक्ति अध्यक्ति वातुः य अभन उन्तर छ शांचीत्र ধর্মের উন্নতি হইলে ওঁহোরা ত্রাক্ষমাজ্যের একটী স্মৃদুত্র ভাব ব্যক্ত করিয়াছিলেন ভাষা অতি সাক্ষেণে এই স্কানে উলিপিত চইল।

আছোর বাবু বলিলেন যে ভারতগর্নের প্ররাতন শাস্থ ঋগাবেদ আন্দোচনা করিলে জানিতে পারা যাত্র যে গুলমতঃ আর্থ্যক্রাতির ধর্ম অনেকাংশে জ্ঞানমূলক ছিল। বৈদিক কালে গর্মজ্ঞান সহান্ধে যেমন গভিত্তি অংলোচনা ছইয়াছিল ভক্তিসম্বন্ধে সেরপাহর নাই। জানই ভখনকার প্রধান সাধন ও অবলঘ ছিল। জান ভিন্ন মুক্তি নাই, ইছা ভূয়ঃ ভূয়ঃ অনেক শাল্লে উলিখিত হইয়াছে। যদি চ এ জ্ঞানের অর্থ বিষয় সার কি হইতে পারে ? তিনি বংসারের মধ্যে যে তুই ৷ অধুনাতন প্রচলিত শুক্ক পাণ্ডিতা মূলক জাৰ নছে, ভুখাচ

ভক্তি যে জ্ঞানাপেক্ষা সাধকদিণের অধিক আদরণীয় ভাছা তথন বিশিষ্ট রূপে প্রচারিত হয় নাই। বেদকে অবলম্বন করিয়া দার্শনিক পণ্ডিতগণ অতি কঠোর জ্ঞানের থেরপ আলোচনা করিয়া নিয়াছেন, তাহাঁরা যদি ভাছার শতাংশের একাংশণ্ড ভক্তির দিকু দিয়া যাইদেন ভাছা হইলে ধর্ম লইয়া হয়ত নানা প্রকার বাদানুবাদ শুনিতে হইত না। জ নের উচ্চ শুক্ত শিখরে আরোহণ করিয়া কেছ বিবর্ত্তবাদ, কেছ প্রি-শামবাদ, কেছ অদ্বৈতবাদ প্রচার করিতে লাগিলেন।

শ্বীমান শক্তরাচার্যা সেমন অবৈত্যবাদ প্রচারক, মহামতি মাধবাচার্যা দেমনি বৈত্যবাদ প্রচারক ছিলেন। টাকাকার দিগের দোবে উভর ধর্মচোর্যার মতের স্ক্রম তাৎপর্যা বুঝিতে না পারিয়া পরবর্তী আচার্যোরা ধর্মজগতে নানা গোলবোগ ও বিবাদ বিসন্থাদের স্থত্র পাত করিয়া গিয়াছেন। শক্তরাচার্যোর এমন জনেক স্তেত্র আছে যদ্ধারা উভার দৈত্রবাদ বিশদ্রপে প্রমাণীকত চইতে পারে। শক্তরাচার্যোর জন্মাবার ২। ও সক্রম বহুসর পূর্বের উপানবদানিতে দৈত্রাদ সম্বান্ধ অনেক লোকে দেখিতে পাওয়া যায়। বথা '' বির্মানে পরে কোষে বিরক্তং ক্রম্ম নিক্রম। তচ্চুত্রং জেগাভিষাং জ্যোভিস্তদ্যদ্যবিদ্যাবিত্য। '' ক্রমবিহ ব্যক্তিরা শাহারপা, উজ্জ্বন ও শেক কোষ মধ্যে সেই নির্মান, নির্ম্বয়ব, জোভির জ্যোভি, শুল পরমান্থাকে উপলব্ধি করেন। (মাণ্ড্রোপ্রমিশ্ন)

নেদায়ের পরিণামবাদ ছইতে যেমন অধিনতবাদ উৎপ্র হঠাছে তেমন আবার পক্ষান্তরে বিবর্তবাদ ছইতে বৈত-নাদও উঠিয়াছে। প্রত্যক্ষবাদ লইয়া অধ্নাতন মিল্ ও বনত প্রভৃতি ইউরোপীয় দার্শনিক পণ্ডিতগণ যে আমাদের কতবিদা মুবকদিগকে ধর্মের প্রতি ঈর্বরের প্রতি এত উদাসীনা জন্মাইয়া দিয়াছেন, ভারতব্যে বহু শত বংসর পর্বে তাহার প্রচারে আরম্ভ হইয়াছিল। প্রত্যক্ষবাদিদের মত এই, যে চক্ষর্গোচর বাহ্মবস্তুই সার। তদ্ভির অপ্রত্যক্ষীভূত যে অন্য কোন বস্তু আছে তাহা তাহার। স্থাকার করেন না। মানুষ যে চক্ষ্ম দ্বারা দর্পণ ভির নিজের মুখই দেখিতে পার না সেই সামানা ইক্সিয়ের উপার এই দর্শনশাস্তরের ভিত্তি সংস্থাপিত। ইইাদের নিকট স্থাইস্ভাবসম্পার এই শুক্ল যেজ্বেদিয়ে শ্লাক আদরণীয় ছইবে কেন ?

'' অপ থে। বেদেদং মন্বানীতি স আত্মা, মনোংস্যা দৈবং-চক্ষঃ'' অর্থাৎ যে জানিতেছে আমি মনন করিতেছি, সেই গিংস্থা, মূন যে, সে ইছার দৈবচক্তু--ইছার অন্তশ্চক্ষমাত্র। আত্মাই মন দ্বারা অন্তরে দেখে।

চস্মা দারা আমরা যেখন বাছবস্ত দর্শন করি, আত্মা যে
চক্ষরণ চস্মা দিয়া তেমনি ভিতরে থাকিয়া বাছিরের পদাগুলি দর্শন করে ইহা প্রত্যক্ষ বাদিদের বুদ্ধিতে যোগায় না।
অবৈতবাদ হইতে ইট্যোগ আসিরাছে। পাতঞ্জন দর্শন
এই হট্যোগের স্কল তত্ত্বে অনুমোদন করেন নাই। কেবল

বৌদ্ধর্মাবদন্ধী ভিকু ও আমণী সম্পুদার ভটবোগের অনেক আলোচনা ও অবলম্বন করিয়াছিলেন ৷ এইরপে যথন গরের মধ্যে অভাত শুক্তা আদিরা পড়িল, অভি গ্রামের পরেই যেমন বর্ধাগমন হয় তেম্নি অতি কটোর সাধন ভক্তন ও জ্ঞানালে:চনার পরই ভক্তির গ্রে বরিষ্ণ হটবার উপক্রম ছইল। বৈদিক অ'চাহ্যকাল অভিক্রান্ত ইইতে না হইতে পোঁরাণিক কালের উদর হুংল। এই সমরে জ্ঞানপথ চাড়িয়া লোক ভক্তি পথালয় করিতে বাধ্য হুইল। এই সম্যে যে সকল ক্মধুর ভক্তিশাক্ত প্রণীত হত্যাছিল ভাষা পাঠ করিলে অবংক্ ছইতে ১র। জানেশাক্ত যেমন মনুষোর মনকে উন্নত করিবার চেষ্টা করিয়াছিল ভক্তিশাক্ত তেমনি মনুষ্যের ছদরকে ঈশ্বর প্রেমাররাগে উচ্চ্ সিত করিরাছিল। ভক্তি-শাস্ত্র অনেকণ্ডলি, তন্মধ্যে এই কএক থানি প্রধান;— ভিকিত্র, শাণ্ডিলাত্র, বিফুপুরংগ, ইমেন্তাগেবত, পুদুপুরাণ, মার্কণ্ডপুরাণ, নারদপঞ্চরে, ছরিভক্তি বিলাস, ভক্তিরস্ব মৃত্যান্ত্র, ভাগবতামৃত, ষ্ট্যান্দর্ভ, ঐশ্বর্য কাদ্যিনী, মাধুল কাদ্যিনী প্রভৃতি: অহৈতবাদ দিয়ণিও হৈতব,দ স্থ্ৰ ঈশ্বরোপাসনার বিধি দিয়া থাকে। দ্বৈতব্যদ্ধ ভক্তিশাক্তের ফল। দ্বৈতবাদ মূলক প্রশোপনিষ্দেই ভক্তিযোগের আরম্ভ লক্ষিত হয়। যথা—

তির জ্যোতি, শুল্র পরমান্তাকে উপলব্ধি করেন।

ত্বিলাপেনিষদ্

বিজ্ঞানান্তা পুক্ষঃ। সপরে আন্থানি সম্প্রতিষ্ঠিত। ওই
বিজ্ঞানান্তা পুক্ষঃ। সপরে আন্থানি সম্প্রতিষ্ঠিত। ওই
বিজ্ঞানান্তা প্রক্ষ দ্রম্ভী প্রতিষ্ঠা প্র

এই পৌরাণিক কালে ভক্তির ভাব মনুষোর মনে যভ ঘনীভূত হইতে লাগিল তভই ঈশ্বংকে দূর হইতে নিকটে অানিবার (চফা হইতে আরেভ হইল। এই সময় 'অবত্-ত্তের " কথা উঠিবে। অবতার শক্ষের প্রকৃত অর্থ ধরিতে গেলে ঈশ্বর সকল কালে সকল জঃতির মধ্যেই অবতী আছেন। উছোকে বিশেষরত্রপ প্রচন্ত অথবা গ্রহী দেহ ধারণ করিয়া পৃথিধীর হুঃখ মোচন কবিতে হয় না_। যিনি ইন্ছায় বিশ্বসংসার স্থাঠিও ক্ষে। করিতেছেন তিনি কখন ৰানক্রপা, কখন ব্যৱপা, কখন মৎস্যজ্পী, কখন বরাহরূপী না ছইলে চলে না, বেদ উদ্ধার হয় না, সংসাব পাকে না, ইত্যাদি যে স্ব উক্তি ইছা বিভ্যক মাত্র সংক্র নাই। অৰতীৰ্ণকৈ হয় ঈশ্বঃ কইতে মনুষ্য অৰতীন, না হয় **ঈশ্বর মরুষ্যের হৃদরে আবিভূতি বুঝায়। ''** যটসকতি " ঈশ্বর এক সময় পৃথিবীতে অবতীর্ণ হইয়াহিলেন, এখন কি তিনি পুণিবী ছ।ড়িয়া নিজিত আছেন গুনা। তথন বিনি যেমন ব্ৰহ্মাণ্ডের জনল অনিলে এবং ওয়াধি বনস্পতি গ্ৰাভৃতি

২। ঘনতরলা—কখন বেশ তাঁছার প্রতি আর্মজি ও কখন তাঁছাতে সম্পূর্ণ বির্জি। ইহাও ভক্তির বিরোধী। এই উপান্ পতনের ক্ষবস্থার সাবধান ছইতে না পারিলে

त्भानत्यात्भ भिष्ठत्व इत्र।

৩। বিষয়সঙ্গরা—এ অবস্থার মনের মধ্যে কখন বিধর প্রান্তর জন্ন ও কখন বা ধর্ম প্রের্ত্তির জন্ম লাভ হইরা থাকে। এ অবস্থান্ন সেই ধর্মরাক্তর প্রতি স্থির দৃষ্টি না রাখিতে পাািলে শতাংহক্তে মৃত্যু অনিবার্ধ্য সন্দেহ নাই।

৪। তরজরজিনী—এ অবস্থায় অনোর সেবা গ্রহণে ইচ্ছা হয়। আপুনারে অন্যাপেক্ষা বড় বেগে হওয়াডে শিষ্যাশিবার পূজ গ্রহণ করিতে মন সদাসর্বদা উৎস্কে হয়। ইছা হইতেই এগতে নরপূজা ও গুরুপূজা আরম্ভ হইয়াছে।

- ৫। বৃদ্ধিকপ্পা—এ অবস্থায় মন সংশয় ও সন্দেহ দোলায় আন্দোলিভ হইতে থাকে। একটা ছির পথ অবলঘন করিতে না পার্য়ে ঔদাসীনা অবলঘন করিয়া, থাকে।
- ৬। নির্মাক্ষমা—নানা নির্মেট মধ্যে মনকৈ আবিদ্ধ রাথা, একটা নির্ম চাড়িয়া অপার একটা গ্রহণ মতে হহার অর্থ হয়। জীকভ উদ্দেশ্য সিদ্ধ হয় না।

অহেতৃকি অথবা রাগানুরাগ ভক্তির লক্ষণ।

- ১। দীনতা। "প্রেম দৈন মূলতং" ভাগবত। আপে নাকে অন্যাপেকা দীন না জানিলে প্রকৃত ভক্তির উদয় হয় না।
- ২। কপা। কেবল নিজের সাধন নয় কিন্তু ঈশ্বের কুপানা ছইলে ভাঁছার দয়ার উপর নির্ভর না করিলে আছে-তুকি ভক্তির আবির্ভাব ছয় না।
- ০। বিখাস। "বাবধানবিরোধিতা" উঁছে,কে কোন ব্যবধানের মধ্যে না আনিয়া প্রক্রাক্ষ প্রতীতি করা যায়, ইছার উপর দৃঢ় বিখাস স্থাপন। বায়ু যেমন বিনা ব্যধানে অন্ধ্রুপর করে তেমনি তাঁছার সতা আমান্তির আত্মাকে বিনা ব্যবধানে কেননা স্পর্শ করিতে পারিবে ?
- ৪। দর্শন। প্রেমোশ্রতা। এই অবস্থায় ভক্ত ওঁছের হৃদয় রতনকে যথা তথা দর্শন করিয়া থাকেন অরে ওঁরে প্রেমে উল্লক্ত হইয়া উঠেন। তাঁহাকে না দেখিলে হৃদর তাঁহার জনা মাভিবে কেন? প্রণয়াস্পাদকে না দেখিলে কি প্রণয় উচ্চ সিত হয়?
- ৫। এই অবস্থা যেমন ঈশর উাছার ভক্ত সন্তান্ত্র ছাড়েন না ভক্তও উাছাকে তেমনি একদণ্ড ছাড়িয়া থাকিতে পারেন না। বিজেদে ভক্তের পক্ষে মৃত্যু তুল। তিনি সব ছাড়িতে পারেন, কিন্তু প্রণয় নিবন্ধন তাঁছার প্রাণবল্পত পরমেশ্বরকে হাদর মন্দির ছইতে এক নিমেধের জন্য অন্তর্ছিত করিতে পারেন না।

যক্তকণ এই বক্ত ভটি ছইরাছিল ততক্ষণ সভাস্থ সকল লোকে তাব ছইরাছিলেন। মধ্যে মধ্যে অবৈর বারু যে সমুদর অবণ প্রথকর স্থালত ক্লোকাবলী পাঠ ও ব্যাখ্যা করিরাছিলেন তাছা এখানে দিতে পারিলাম না। আপনার পারিকার উপদেশের মর্ম গুলি লিখিতেই এড়ু দীর্ম ছইরা পড়িল। জামালপুরে তিনি 'বোগাধর্ম'' বিষরে যে উপ-দেশ দেন তাছা ছয়ত বারান্তে আপনার পাঠকগণের গোচর করিব।

कामानश्रत। २०१मः ১৮१२

बिद्वहात्राम हत्छाशाधात्र।

তাৰৎ পদাৰ্থে অবতীৰ্ণ ছিলেন এখনও তেমনি আছেন। छक्ति সাধন मधुत्र সাধন, এইজন্য তৎকালে देश छित्र (कर्दे তৃপ্তিপুৰ্ব পাইন না। ভক্তির দক্ষণ ভাগবতে ক্ষিত হই-রাছে " অছেত্রাক্য ঝুবহিতায়া ভব্তি প্কধোত্তমে "। কোন टिकु अवनध्य ना कतिता मश्रक रा मन नेपरतत क्रमा लाना-রিড হর তাহাই ভব্তির শ্রেষ্ঠ লক্ষণ। শাণ্ডিলা সূত্র বচেন যে মনের যে স্বাভাবিক অনুমাগ তাছাকেই ভক্তি বলে। চকুরাদি ইক্রিয়গণ বেমন স্বাভাবিক সৌশর্ষে বিমুগ্ধ হয় **जामृश खळगात्भत्र समत्र मम बा**खादिक सेश्वरतत्र मंखर निवर সুম্বরং মুর্ত্তি দেখিবার জন্য ব্যাকুলিত হয়। ভাজি ছ^ই প্রকার। (১) বৈধিভব্তি অথবা সাধন ভব্তি। (২) অংহ-তুকি ভক্তি। বিধি অথবা সাধনানি অবলম্বন করিয়া যে ভक्तित छेमत इत्र जाहारक निधिज्ञीक नमा यात्र। अहे रैबभिভজির নয়টী লক্ষণ যথা—শ্রবণং কীর্ত্তনং বিফু স্মরণং, भागत्मवन्, व्यक्तिर, बन्मनर मागर मधामञ्जानित्वननर"। অর্থাৎ--

- > ঈশ্বরমাছাত্রা ত্রবণে ভক্ত সাধকের মন বাংকু-লিভ ছইয়া থাকে।
- ২। তাঁহার মাহাত্মা অবণে তৃপ্ত না হইয়া ভক্ত তাহ। অন্যকে শুনাইতে ব্যগ্র হন ।
- ৩। তৎপারে স্বরং তাঁছার ভাব পুনঃ পুনঃ স্বরণ করিয়। বল লাভ করেন।
- ৪। তাঁছার আদেশ বুঝিয়া তদমুসারে আপনি তাঁছার সেবক হন।
- ৫। কেবল তাঁছার কার্যোও বিব্রত না থাকিরা সনরে সময়ে তাঁছার ভাবে গদগদ ছইয়া তাঁছাকে অর্চনা করিতে থাকেন।
- ৬। তাঁছার যশঃ বন্দনানা করিলে তিনি আপনাকে ক্লতার্থ বোধ করেন না।
- ৭। দাসের নাায় আপনার স্বাধীনত। জাঁছার পদে উৎসর্গ করিয়া দীনভাবে তাঁছার বাধা মন্তকে বছন করিতে থাকেন।
- ৮। এইরপে যত ঈশ্বরের ইচ্ছার সহিত তাঁহার ইচ্ছার মিল হইতে থাকে তত তিনি তাঁহাকে স্থার ন্যার দেখেন। তত তিনি তাঁহার সহচর অনুচর হইতে বাগ্র হন।
- ৯। পরিশেষে তাঁহাকে পরমাত্রা জানিয়া ছদয়নাথ জানিয়া প্রাণাধিক জানিয়া তাঁছার নিকট সহজে জাত্র নিবেদন করিতে থাকেন, ভাবে বিহ্বল ছইয়া পড়েন।

ভক্তিযোগের ছয়টা বিরোধী অবস্থা আছে। ভাষা সকলের জানিরা রাখা উচিত।

১। উৎসাহমরী—অর্থাৎ লোকের প্রশংসার উৎসাহী

কণ্ডরা ইহা অত্যন্ত দূষণীর। এ অবস্থার মন পরমুখাপেন্দী

তির সম্বর মুখাপেন্দী হর না। স্বখ্যাতিতে উত্তেজিত ও

স্বধ্যাতিতে ভ্রোদাম হর।

ধশ্তত্ত্ব

স্থবিশালমিদং বিশ্বং পৰিত্রং ব্রহ্মমন্দিরং।
চেতঃ স্থনির্মালন্ত্রীর্থ সভাং শাস্ত্রমনশ্বরং॥
বিশ্বাদোধর্মমূলং হি গ্রীতিঃ পরমদাধনং
স্থার্থনাশস্ত্র বৈরাগাং ব্রাইন্ধরেবং প্রকীর্ত্যাতে॥

১১ ভাগ। ১০ সংখ্যা

১লা শ্রাবণ রবিবার ১৭৯৯ শক।

বাৰ্ষিক অগ্ৰিম মূল্য ২॥• মফঃসলে ঐ া০

স্তোত্র।

হে অনাদ্যনন্ত পরিপূর্ণ দর্কব্যাপী মহান্ পুরুষ! তোমার অসীম সতাসাগরে সমুদায় প্রাণী নিমগ্ন থাকিয়া স্থথে বিচরণ করিতেছে এবং তুমি অন্তর বাহিরে ওৎপ্রোত ভাবে অব-স্থান করিতেছ, আমি তোমাকে নমস্কার করি। তোমার গাড়ীয্য এবং মহত্ত্ব স্থারণ করিয়। হৃদয় মন স্তম্ভিত হয়, তোমাকে স্তব স্তৃতি বন্দনা করা আমার পক্ষে বাল্য ক্রীড়ার ন্যায়, হে মহাবল পরাক্রান্ত প্রচণ্ড প্রতাপশালী ঈশ্বর! তোমার বিষয় আমি কি বলিব ? তুমি দর্শ্বা-পেক। শ্রেষ্ঠ এই মাত্র জানি, কিন্তু আমার দে জ্ঞান কি তোমার অপরিমেয় ভাব বুঝিতে পারে? তুমি আমার বুদ্ধি শক্তিকে অতিক্রম অনম্ভ আকাশে বিরাজ করিতেছ তোমাকে নমস্কার। এই প্রকাণ্ড পৃথিবীর একটা সামান্য বস্তুর মধ্যে তোমার অনন্ত জ্ঞান কৌশল দেখিয়া বিশ্বিত হই, এমন কত কত পৃথিবী, কত চন্দ্ৰ, কত সূৰ্য্য, কত গ্ৰহ উপগ্ৰহ জ্যোতিকমণ্ডলী অসীম নভমণ্ডলে দিবানিশি ভাম্যমান রহিয়াছে, সকলের উপর আবার তুমি; তোমার অতলম্পর্শ গভীর তত্ত্ব দাগরে মগ্র হইলে আপনাকে আপনি হারাইতে হয়, কোন দিকে কূল কিনারা পাওয়া যায় না, তবে আর

তোমাকে আমি জানিব কিরুপে ? হে দেবাদিদেব অনন্ত গুণদাগর ঈর্মর ! তোমার চির
অপরিজ্ঞাত মহত্ব বৃদ্ধি মনের অগম্য জানিয়।
আমি তোমাকে অবনত মস্তকে বিনীত ভাবে
বারন্থার অভিবাদন করি। তুমি যেমন বহু
দূরস্থ আকাশে তেমনি আমার নিকটে, আমার
চারি দিকে পরিবেন্টন করিয়া রহিয়াছ, আমি
তোমাকে সর্বত্বে জানিয়া নিকটে দেখি, দেখিয়া
ভক্তিভরে প্রণাম করি।

প্রার্থনা।

হে পরমাত্মীয় চিরকল্যাণদাতা ঈশ্র!
সংসারসঙ্কটে পতিত হইয়া পুনঃ পুনঃ বিড়হিত
হইলাম, নিজের বল বুদ্ধি ক্ষমতা সকলই বিফল
হইয়া গেল তাহাও দেখিলাম, তথাপি ইচ্ছাপূর্বেক কোন বিপদে তোমার হস্তে ভার দিয়া
নিশ্চিন্ত হইতে কখন সাহসী হইলাম না। সেই
তোমাকে নিরুপায়ের উপায় চরমগতি বলিয়া
অবশেষে তোমারই চরণে শরণাপত্ম হইতে হয়,
কিন্তু নির্জের অসার বল পরীক্ষা না করিয়',
আপনার তুর্বল ক্ষন্ধে বিপদের গুরুভার না
লইয়া আর তাহা ঘটে না। যেখানে তোমাকে
বিশ্বত হই, মূর্থের ন্যায় স্বাধীনভাবে আপনাকে
আপনি রক্ষা করিতে যাই সেইখানে দেখি ঘোর

বিভূমনা উপস্থিত হয়। প্রাস্ত না হইলে তার তোমার নিকটে মহজে যাইতে চাই না। তোমাকে কাঠ্য করিতে দিয়া নিজে যদি আশায় বুক বাধিয়া বসিয়া থাকি, কোন বিদয়ে হস্তক্ষেপ না করি, তোমার ন্যায় ও মঙ্গল বিধানের উপর নির্ভর করি তাহা হইলে কোন বিপদ ঘটে না; মন্ত্র হকি বিপদভন্তন! কাব্যকালে তাহা মনে থাকে না, নিজের প্রভুত্ব ক্ষমতার দিকে সর্ব্বাথে দৃষ্টি পড়ে, স্থতরাং তেমনি পদে পদে ছুর্গতিও ভোগ করিতে হয়। হায়! কি গভীর মোহ, আমি কে যে তাই তোমাকে অতিক্রম করিয়া নিজবলে এই কণ্টাকাকীর্ণ ধন্মপথে নির্বিদ্নে চলিয়। যাইবং এখানে আমিস্ব কোথায়ং পরি-ত্রাণের রাজ্যে দকলই যে তুমি। আমি আমার নই তোমারই, যেথানে আমি অহস্কার ও পাপ যাহউক, ছুঃথে পড়িয়া হে (महेशाति। ্করুণাদিকু ঈশ্বর! অনেক শিক্ষা পাইলাম। এখন এই আশীর্কাদ কর নিজের উপর কিছু মাত্র নির্ভর আর না রাখি, যেন বুঝিতে পারি আমার কিছু নাই। আমার পক্ষে বাহা কিছু কবিতে হয় তাহ৷ তুমি করিবে, আমি কেবল তোমার ক্রোড়ে মস্তক রাখিয়া স্থা নিদ্র। মাইব। পাপী তুর্বল চিত্ত মানব হইয়। কি একাকী কথন জীবনের ভার বহন করিতে পারি > নিমেবের জন্য সে ভার মস্তকে গ্রহণ করিলে মস্তক চূর্ণ হইয়। যায়, চক্ষে অন্ধকার দেখিতে इत्। (य कान पर्वेगात इडेक,-- मण्यान दिशाम ব। সুথ সুংখে, তোমার হস্ত কেমন কার্য্য করে নির্ভয় চিত্তে তাহাই মেন বনিয়। বনিয়। দেখি, আর আনন্দ মনে তোমার মহিমা গুণ গান कति।

উन्नाम, পরিণাম, বিবর্ত্ত।

এই জগং কি প্রকারে সৃষ্ট হইল, একথা কৈছ বলিতে পারে না, অগচ এই কথার উত্তর দেওয়ার জনা নান। প্রকার দার্শনিক মত উত্তা-বিত হইয়াছে। উয়াম, পরিণান, ও বিত্তি এই

কয়েকটা কথার মধ্যে বিভিন্ন সময়ে এ সম্বন্ধে বে যে মত প্রচারিত হইয়া আসিয়াছে তাহা নিবন্ধ আছে। বিবর্ত্ত পরিণাম এ ছুইটা প্রাচান শব্দ। এ ছুই শব্দের সঙ্গে অনেকের পরিচয় আছে। উন্নাম শব্দটা নৃত্র। ইহা আধুনিক সময়ে পণ্ডিতের। স্থান্তির প্রণালী কি মনে করেন তাহারই দ্যোতক। উন্নামের ইংরাজি প্রতিশব্দ Evolution। উন্নাম, পরিণাম, ও বিবর্ত্ত এই ক্য়েকটা মত প্রপ্রের ইইতে নিতান্ত প্রভেদ।

বিবর্ত্তবাদ। যাহা স্বরূপতং তাহাকে ভ্রান্তি
বশতং অনারূপে দর্শন বিবর্ত্ত। বিবর্ত্ত শক্দের
প্রকৃত অর্থ বিপরীত ভাবে বর্ত্তমান বুঝায়। এক
ব্রহ্ম সত্য। এই যে সমুদায় পদার্থ দর্শন করিতেছি, উহা কিছুই নহে, এক ব্রহ্মেতেই
বিভিন্ন পদার্থের ভ্রান্তি হইতেছে মাত্র। যেমুন
ঘটাদি বিবিধাকারের বস্তু ফলতং কিছুই নয়, এক
মুভিকাই তভ্রদাকারে দর্শকের নিকট প্রতিভাত
হয়, সত্য কেবল মুভিকা, এ জগৎ এবং ব্রহ্মের ও
তাদৃশ সম্বন্ধ। ঈশ্বর সত্য, জগক্রপে তাহাকে
দর্শন, মুভিকাতে ঘটাদি বিভিন্ন পদার্থ দশ্নেব
ন্যায় ভ্রান্তি। রজ্বতে যে প্রকার সর্প ভ্রান্তি
হইয়া থাকে, ব্রক্ষেতে সেই প্রকার জগদ্যান্তি
হইতেছে। এই মতের নাম বিবর্ত্রাদ।

পরিণামবাদ। এক বস্তু অনা বস্তুরূপে পরিণত হওয়ার নাম পরিণাম। এই পরিণতি পূর্বব পদার্থের বিকৃতি, স্ততরাং উন্নামবাদ হইতে অত্যন্ত ভিন্ন। জ্থাকে দিব হইতে দেখা বায়, এখানে জুগ্নের পরিণাম দিব। এই প্রতাফ দর্শন হইতে পরিণামবাদের স্পৃতি হইয়াছে। পদার্থতত্ত্ব বিচার করিলে স্পৃতির আদিতে এক ভ্রম্ম ভিন অনা পদার্থ ছিল জ্ঞান এ কথায় সায় দের না। স্ততরাং যাহা দেখিতেছি তাহা সক লই রক্ষা, ভিমাকারে দর্শন জাতিমাত্র, বিবন্ধ বাদের ইহাই মূল। পরিণামবাদ জ্ঞানের সিদ্ধা স্তের উপর সম্দায় দিদ্ধান্ত না রাখিয়া যাহা প্রতিদিন প্রত্যক্ষ হইতেছে, তাহার উপর আপ-নারে সিদ্ধান্ত সংস্থাপন করিয়াছে। আমরা দেখিতেছি, এক বস্তুহইতে আর এক বস্তু উৎপ। হইতেছে। এই উৎপত্তি হুগ্ধ হইতে দিধ হইবার দদৃশ। স্থতরাং পরিণামবাদের দিদ্ধান্ত এই, সমুদায় পদার্থের একটা আদি মূল আছে, তাহার আর কোন মূল নাই, উহা স্বয়ং অবস্থিত। উহা হইতে যত কিছু আমরা পদার্থ দেখিতেছি সক-লই ক্রমান্বয়ে একের পর এক করিয়া ভিন্না-কারে পরিণত হইয়াছে। এই মতে নিরাধরত্ব সেশবর তুইই আছে। যাঁহারা সেশববাদী তাহারা ঈশবের শক্তি মানেন। এই শক্তি এবং ঈশব এক, যেমন তুগ্ধ হইতে দিধ পরিণামের ন্যায় ঈশবের শক্তির পরিণাম এই জগং।

এইটা আধুনিক পণ্ডিতগণের উন্নায়বাদ। মত। এমতেও এক বস্তু হইতে অন্য বস্তু প্রসূত হয় সিদ্ধান্ত বটে, কিন্তু এ উৎপত্তি বিকার নহে উন্নতি। যাহা প্রথমে অতি সামান্য এবং কৃষ্ণ ছিল তাহ। ক্রমিকোন্ডেদে শ্রেষ্ঠ এবং মহতুর হইল। স্নতরাং আমরা দেখিতে পাই-পরিণামবাদ এবং উন্নামবাদ ফলতঃ একই। কেবল এই পরিণতি উতি কি অব-নতি, যিনি যাহা বলিবেন তদকুসারে মতের প্রভেদ, এ প্রভেদ সামান্যনয়। কারণ বৈজ্ঞা-নিক দৃষ্টিতে জগতের অভ্যন্তরে বহুদূর প্রবেশ না করিলে ইহার এক মত হইতে অন্য মতে গমন অসম্ভব। মূলাবন্ধা পরিত্যাগ বিকৃতি, ইহা সহজে প্রতীত হয়, কিন্তু সমূদায় পরিণতি উন্নতি, ইহ। বৈজ্ঞানিক অনুসন্ধানে অনেক দূর অগ্রদর না হইলে সিদ্ধান্ত হওয়া স্থকঠিন।

আমর। উপরে যে তিন প্রকার দার্শনিক মত উল্লেখ করিলাম, কেহ কেহ জিজ্ঞাস। করিতে পারেন আমরা ইহার কোন্টার অনুমোদন করি। আমরা বলি উহার কোন একটা মত সতোর পূর্গাবয়ব প্রকাশ করে না। স্টির আদিতে এক ব্রহ্ম ব্যতীত আর কিছু ছিল না, ইহা জ্ঞানের দিস্কান্ত, এ সিদ্ধান্তকে আমর। অপসিদ্ধান্ত বলতে পারি না। কিন্তু ব্রহ্ম স্টিশক্তি বিরহিত এ কথায় আমরা সায় দিতে পারি না। বেদোর স্থিশিক্তি সাঁকার করাতে আমর। দিওঁার মতে আসির। উপস্থিত হইলাম। এই শক্তি হুইতে চেতন ও আচেতন উভয়ই সমুৎপ্র। এই চেতন ও আচেতন পদার্থ কালে চেতনা চেতন জগদ্ধে পরিণত হইরাছে। এই পরিণতিতে মূলাবস্থা ত্যাগ হইরাছে বটে, কিন্তু উহা উন্নতির দিকে অবনতির দিকে নহে। ন্তরাং শেয়োক্ত উন্মবাদ্ও আমাদিগের সিদ্ধান্ত মধ্যে আসিয়া পড়িতেছে।

এ মতে অদৈতবাদ, জড়বাদ বা একারুবাদে নিপতিত হইবার সম্ভাবনা নাই। ঈশ্র ভিন মার কিছু নাই, তত্তির যাহা কিছু দৃষ্ট হয় নকলি ভ্রান্তি ঈদৃশ অদৈতবাদ; অথবা হাচে-তন মূলপ্রকৃতি ভিন্ন আব কিছু নাই, ভাহা হইতে সমূদায় উৎপন্ন হইয়াছে, ঈদুশ জড়বাদ ; অথবা এক আত্মাই মূল, যাহা কিছু দেখা নাই-তেছে, সকলি কেবল তাহার প্রতিবোধ মাত্র, ঈদৃশ একাত্মবাদ এ সকল হইতেই আমরা রফিত হইতেছি। যথন ত্রিবিধ পদার্থ সহজ বিশাস অনুসরণ করিয়। প্রথম হইতে স্বীকার কর। হইল তথন আর বিবাদের ভূমি রহিল না। মনে কর, যদি আমরা এই মতের অনুসরণ করিয়া বলি মনুষ্য ত্রিবিধ অবস্থার মধ্য দিয়া ক্রমে দেবত্বে উত্থিত হয়, তাহা হইলে জড়বান অথবা অদৈতবাদে নিপতিত হইবার সম্ভাবনা নাই। জ্রণাবস্থায় মনুষ্য জড়প্রধান, তংপরে পশু প্রধান, তৎপরে মনুষ্যপ্রধান, পরিশেদে দেব প্রধান, এ কথাকে যদি আমরা এইরাগে প্রকাশ করি, জড় হইতে পশুর, পশুর হইতে মনুষ্যুত্ব, মনুষ্যুত্ব হইতে দেবজু সমূংপল্ল হয়, তবে একথা বলা হইল না যে সমূদায়ই জড়। কেন না আমরা প্রথম হইতে জড় এবং চেতনকে সর্ব্বথা ভিন্নরূপে স্বীকার করিয়া লইয়াছি। তার यिन জिজ्ঞान। इस, জড़ इदेरिक পশু उत्त (उन বলা হইল ? এই জনা, যে তখন জড়ই স্ফ্রিয় থাকে, মনুষ্য আপনাকে আপনি তখন জানে না জডের সেবার পশুষ ক্রমে উন্তিন হইতে খাকে। •ছড আমাদিগের শরীর। জ্রেণের ক্রমিক উম্ব-তিতে সভাবতঃ শুরীরই বর্দ্ধিত হইতে থাকে, তথঁন পশু ও ম সুষ্য নিদ্রিত। ক্রমে যথন চেতন। সহকারে শ্রীইরর অনুসরণ করা হয়, তথন প্রুর জাগরিতাবস্থা, মনুষ; তথনও নিদ্রিত। পশু ভাবের উৎপত্তি কোথা হইতে ? জড় শরীর হইতে। কেন না জড় শরীরের অভাব পূরণ করিতে গিয়া পশুত্বের উৎপত্তি। আমরা এই পশু ভাব দ্বারা পরিচালিত হইয়া অনোর সঙ্গে মিলিত হইয়। থাকি। প্রথমাবস্থায় এই মিলনে পশুই প্রধান থাকে। পরস্পরের সন্মিলনে পশুর চরিতার্থ করিতে গিয়া পশুরের বেগ কিছু কিছু হ্রাস হইয়া আইসে। কেননা তাহা না হইলে অন্যের দ্বারা পশুত্ব চরিতার্থ অসম্ভব হইয়া পড়ে। ইহাতে যাহা পূর্কো পশুত্ব ছিল, তাহাই মনুস্যত্ত্বে পরিণত হইতে আরম্ভ করে। স্তরং বলিতে হইবে পশুত্ব হইতে মনুষোর উৎপত্তি। এখানেই মন্তব্যের উন্নতির পর্য্যবসান হয় না। যতই মনুষ্ত্ব বাড়িতে থাকে, ততই ম্মুয়ের সম্মুখে এক আদর্শ প্রকাশ পাইতে পাকে। যতই দে এই আদর্শ অনুসরণ করিতে থাকে, ততই তাহার দেবত্ব প্রাপ্তি হয়। এই আদর্শ স্বরং ঈশর। মনুষ্যুত্তের উন্নতি সহ-কারে মনুষ্য এই আদর্শের উচ্চত হইতে উচ্চত ভাব হৃদ্যুপ্তম করিতে পারে এবং ক্রুমেই তাহার উচ্চত দেবত্বের সোপানে আরোহণ হয়। ঈশ্র এত দিন তাহার দঙ্গে সঙ্গে ছিলেন না তাহা নহে, মনুষ্য পশুর ছাড়িয়া মনুষ্যুৱে আরোহণ করিয়া ভাষাকে বুঝিতে পারিল এই মাত্র। তবে আর এখানে অদৈতবাদের সম্ভাবনা রহিল কোথায় ? জড় শরীরে যদি মনুষ্য প্রথম হইতে নিদ্রিত না থাকিত, তবে তাহাতে চৈতনোর সম্ভাবনা ছিল না, পশুত্ব মকু-দ্যত্ব ভাব পরিণত হইত না। মনুষ্য দেবত্বই বা কোথায় লাভ করিত যদি প্রক্ষুটিতনেত্র হইয়া আপনার মধ্যে পূর্ব্ব হইতে বিদ্যমান ঈশরকে দেখিতে না পাইত ?

ধর্মের সহজ ও নভ্যাবস্থা।

মানব সমাজের বর্ত্তমান উন্ধতির যাবতীয় মূল উপাদান এক সময় আদিন মনুষ্যদিগের মধ্যে অপ্রক্ষুটিত ভাবে ছিল, ক্রমে তাহা বিক-শিত হইয়া বিচিত্র শোভা দৌন্দর্য্য বিস্তার করিয়াছে। স্বভাব সম্ভূত ঘটনা নিচয়ই ক্রমে বিশুদ্ধ ও পরিবদ্ধিত হইয়৷ সভ্যতার আকার ধারণ করে, ফুতরাং স্বভাবকেই সভ্যতার ভিত্তি-ভূমি বলিতে হইবে। কতকগুলি বিষয় আছে যাহার মূলগত আদিম ভাব কাল সহকারে এক-বারে অদৃশ্য হইয়া যায় আর তাহার চিহ্ন মাত্র থাকে না। যে সকল সম্রান্ত পরিবারের ধনী সন্তানেরা এখন শুল্র ফুন্দর ভদ্র শ্রী ধারণ করিয়া সভ্যতার উম্ভক্তি অনুসারে জীবন যাপন করিয়া থাকেন তাঁহাদের বাহ্য শোভা সোন্দর্য্য একবারে হঠাৎ এরূপ হয় নাই। এক শতাকী পূর্বেই হাদের যে সকল পূর্বে পুরুষ ছিলেন তাঁহারা যদি পুনরায় এখন অবতীণ হন তাহা হইলে উভয়ের মধ্যে কোন প্রকার সোদাদৃশ্য নয়নগোচর হইবে না। এখন স্তদ্যা স্তবিদ্বান হই-য়াও তথাপি জাতিগত স্বাভাবিক লক্ষণকৈ কেছ বিনাশ করিতে পারেন নাই। আপাততঃ যাহ। আধুনিক সভাতার অভিনব ফল বলিয়া মনে হয় তাহার অভ্যন্তরেও অপ্রিবর্তনীয় আদিম ভাব অনুসন্ধান করিলে পা ওয়। যাইতে পারে। সভ্যতা কৃত্রিম, স্বাভাবিক ক্রিয়া সকল মার্জিত বৃদ্ধির সাহায্যে উহাকে সঙ্গঠিত করে, মূলদেশে অয়ত্র-সন্তুত স্বাভাবিক ক্রিয়ার স্লোতঃ সহজ গতিতে চির দিন প্রবাহিত না থাকিলে সভ্যতা রক্ষা পায় না। সভাবকে বিনাশ করিয়া যে সভ্যতা ও উন্নতি হয় তাহ জীবনশূন্য বিনাশশাল[°]। বৰ্ত্তমান সময়ে বিজ্ঞান এবং শিল্প সম্বন্ধে যেরূপ উন্নতি হইয়াছে তাহারভিতর আদিম কালের কোন চিহু এখন দৃষ্ট হয় না। স্বভাবের অতীত না হইলেও কাল সম্বন্ধে ইহাদিগকে সম্পূর্ণ স্বতন্ত্র এবং নৃতন বলা যাইতে পারে, কিন্তু ভাষা সম্বন্ধে সেরূপ ক্থনই হইতে পারে না। প্রাকৃত এবং ও সংস্কৃত

ভাষা এত্নই দঙ্গে দঙ্গে চলিতেছে। সংস্কৃত ভাষা য**তই কেন উন্নত ও বিস্তৃত হ**উক না, ইহা দারা মনের চির উন্নতিশীল ভাবরাশি কথন প্রকাশ হইতে পারে না, প্রাকৃত ভাষার প্রয়োজনীয়তা চিরকালই থাকিবে। প্রাকৃত ভাষা চিরকাল সংস্কৃতকে পোষণ করিয়া আসিতেছে এবং করিবে। স্ত্রী পুত্র ভ্রাতা ভগিনী মাতা পিতা পরিবেষ্টিত পারিবারিকে সমাজে কোন ব্যক্তি সংস্কৃত ভাষায় কথা ক**হি**য়া এবং শুনিয়া কি কগন পারিবারিক ভৃপ্তিম্বধ লাভ করিতে পারে ? প্রকাশ্য সভায়, ভদ্রমণ্ডলী মধ্যে এরূপ সভ্য ভাষায় কার্য্য চলে, কারণ সেখানে প্রেমের গ্রিন্টত। স্বাভাবিক আত্মীয়তা নাই, স্বতরাং সভ্যতার মানদত্তে শব্দ সকল তোল করিয়া ব্যাকরণের কঠিন শাসনের অধীন হইয়া মনের ভাব প্রকাশ কর। যাইতে পারে। যাঁহাদের বহু দিনের অভ্যাস হইয়াছে তাহারা স্বভাবের সংস্কৃতক দূর যোগ রাখিয়া অনুর্গল সংস্কৃত ভাষা ব্যবহার করিতে পারেন, কিন্তু সকল এবলায় সকল প্রকার **আন্তরিক ভাব তদ্যা**রা কখন প্রকাশিত হইবে না। ক্বিতা রচনা করিতে হইলে প্রাকৃত ভাষার প্রয়োজন হয়। প্রেমাম্পদ বন্ধুর নিকট হৃদয়োচ্ছুদিত সরল ভাব ব্যক্ত করিতে হইলে স্বাভাবিক সহজ ভাষা চাই। ইহা দ্বারা কি এই সিদ্ধান্ত হইতেছে নাযে, বেগানে সরলত। স্বাভাবিকতা অকুত্রিমতা সেই খানেই প্রাকৃত ভাষা আপনা হইতে আসিয়া উপস্থিত হয় ? ভাষা মনের ভাব ভিন্ন আর কিয়ুই নহে, মনে যখন ভাবোদয় হয় তখন ব্যাক-রণের সূত্র ধরিয়া কিম্বা ভাষাবিজ্ঞানের অধীন হ্ইয়া হয় না, সহজে বিনা যত্নে হ্ইয়া থাকে। শংস্কৃতের যতই কেন <u>এরিদ্ধি হউকনা, প্রাকৃতের</u> দঙ্গে স্বভাবের যোগ, স্বতরাং স্বভাব যতদিন থাকিবে প্রাকৃত ভাষার গৈ রব ও আবশ্যকতাও ততদিন থাকিবে ৷

ধর্ম দম্বন্ধেও ঠিক এইরূপ। ধর্মের নীতি অনুষ্ঠান ও জ্ঞান বিভাগের প্রচুর উমতি দাধিত হইতেছে এবং হইবে এ দকল সভ্যতার নুতন বিধ রুচির সহিত মিলিত হইয়। স্তমভ্য ও জ্ঞানপ্রিয় ধর্মসমাজের মন সম্ভক্ত করিবে, কিন্তু বিশাদ ভক্তি প্রেমের আদিম তাবকে ইহ। কথনই অতিক্রম করিতে পারিবে না। যদি বলপূৰ্বক অতিক্রম করিতে যায় তবে আর ধর্ম থাকিবে না। ভক্তির দুর্ল্পেনীয় উচ্ছাদ, প্রেমের অপ্রতিহত প্রমত্তা এবং বিনয়ের দান ভাবকে সভ্য করিতে গেলে নব-র্ঘাপের চৈতন্য দাস বাবাজীর মস্তকে ইংল্ডীয় শিরোভূষণ পরাইলে যে রূপ শোভা হয় সেই-রূপ অদ্ভুত শোভা হইবে। প্রেম ভক্তি বিনয় প্রভৃতি ধর্মের প্রধান অঙ্গ সকল স্বয়ং ঈশ্বর হইতে সভ্য হইয়া জন্ম গ্রহণ করিয়াছে। উনবিংশ শতাব্দীর অদার ধর্মহীন সভ্যতা তাহাদিগের আর কি দৌন্দর্য্য রদ্ধি করিবে ? ঈশ্বর যেমন পুরাতন হইয়াও চির স্থন্দর, প্রেম ভক্তি বিশাস-কেও তেমনি জানিতে হইবে। সভ্যতার কঠিন হস্ত ভক্তির কোমল অঙ্গকে স্পর্শ করিতে গেলেই উহা আর ভক্তি থাকিবে না আর এক প্রকার বিকৃত দামগ্রী হইয়। উঠিবে। যেমন প্রাকৃত ভাষা চিরদিন সংস্কৃত ভাষার সঙ্গে সঙ্গে থাকিয়া উহাকে পরিপোষণ করিবে; তেমনি ধর্ম্মেরজ্ঞান নীতি অনুষ্ঠানকে স্বাভাবিক প্রেম ভক্তি বিশ্বাস চিরদিন জীবিত রাখিবে। ভক্তির স্থানর স্বাভাবিক ভাব যদি না থাকে, ধর্মবিজ্ঞান নীতিশাস্ত্র, অনুষ্ঠান পৰাতি লইয়৷ আমরা কি করিব? ধর্মশাস্ত্র ওধর্মানুষ্ঠানের যতই কেন উন্নতি হউক না, আদিম কালের ভক্তি বিশাস তাহার সঙ্গে সঙ্গে অবিকৃত ভাবে না থাকিলে ধর্মা কেবল একটা স্থন্দর শিল্প কার্য্যের ন্যায় হইয়া প্রদশন ক্ষেত্রে থাকিবার উপযুক্ত হইবে। এই ভক্তির দঙ্গে প্রাকৃত ভাষার চির বন্ধুতা, যেখানে ভক্তি সেথানেই প্রাকৃত ভাষা, এক অপরকে ছাডিয়া থাকিতে পারে না। একণে যাঁহারা ভাষার দোৰ ধরিয়া আন্দোলন করিয়া বেড়াইতেছেন তাঁহারা এদিকে যেন একবার দৃষ্টি করেন। ভক্তি যেমন খদভ্য প্রগল্ভা তাহার ভাষাও তেমনি দহজ এবং স্বাভাবিক। প্রেম স্বয়ং

हित्रकारलत उमाम, जाशांक यमि मं कतिरंज প্রয়াস পাও তবে সে আরো উম্মত্ত হইয়া পথের ধূলিতে বিলু্থিত হইবে। খাঁহাদের ভিতর ভক্তির ত্মাবির্ভাব হইয়াছে কিমা যথন যথন হয় তথন যে ভাষ। তাঁহাদের মুখ হইতে বাহির হয় এই যথেষ্ট। অনেক সময় ভাঁহারা পাগলের মত কি বলেন সাধারণে তাহা বৃঝিতেও পারে না। ফলতঃ ভক্তির ভাষা চেষ্টার ফল নহে, ভাবের তরঙ্গ বিশেষ, তাহার অর্থ বুঝিতে হইলে সেই ভাবের মধ্য দিয়। যাইতে হয়। কোন দাধু বলেন "বোবায় বলে কালায় শুনে" ঠিক কথাই তিনি বলিয়াছেন। এ রাজ্যের ভাষা ও বুদ্ধি স্বতন্ত্র, ঈশারায় मकल कार्या इरेशा यात्र । ज्ञानाम अवः मःमात মোহান্ধদিগের নিকট ইহা বাস্তবিকই প্রহে-লিকা বং। বর্তমান সভ্যতার জ্ঞানপ্রধান ধর্মের মধ্য হইতে যদি ভক্তি বিশ্বাস বিনয় প্রেম দুর করিয়া দাও তবে আর সরল গ্রাম্য ভাষা শুনিতে হইবে না, কিন্তু তাহা পারিবে না, ইহার অভ্যন্তরে অনন্ত শক্তি ঈশ্বর আছেন। আম্য ভাষা এবং ভক্তি উভয়ই সভ্যতার উপর চিরকাল প্রভুত্ব করিবে। স্থসভ্য জানী যুবক ইহাদের আধিপত্য দেখিয়। হয় শরণাগত হ্ইবেন, জ্ঞান সভ্যতার গর্ব্ব পরিত্যাগ করিবেন, না হয় দূরে গিয়া চিরদিন জ্ঞান সভ্যতারূপী সংসারের পূজা করিবেন। কিন্তু ধর্ম্মের আদিম অপরিবর্ত্তনীয় ভক্তির পদধূলি সভ্যতার উচ্ছল মুকুটের উপর চিরদিন শোভা যেমন স্বৰ্গ সংসারের উপরে, তেমনি ভক্তি সভ্যতার উপরে অনম্ভ কাল বিরাজ করিবে।

বৈরাগ্যের দীনতা এবং মনুষ্যেগ্রের মহন্ত্র।

ধর্মাত যতই কেন উচ্চ গভীর এবং বিশুদ্ধ হউক না; সাধন ভজনের প্রণালী, ধর্মাচার্য্যের উপদেশাবলী যতই কেন সহজ, হৃদয়গ্রাহী ও मतम विलया (वाध रुष्डेक ना, जीवरन वितारगात মহত্ত বিনয়ের দীনতা না থাকিলে তদ্বারা কাহারো মনকে আকর্ষণ করা যায় না। ধর্মপ্রধান ভারতবর্ষে সভ্যতার জ্ঞান গর্বিত ধর্ম कान कारल ज्ञान পाইरव ना। शृष्ठेशमा এই জন্য এখানে স্থান পাইল না, ব্রাহ্মধর্মও সেই জন্য এথনও সাধারণ্যে অনাদৃত রহিয়াছে। ধর্মের জন্য কে কি সহ্ করিয়াছে, কোন্ বস্তু পরিত্যাগ করিয়াছে এ দেশের লোকে অগ্রে তাহাই দেখে, মতামত তাহার পরে বিবেচ্য। বস্তুতঃ এ দেশেই কি আর অন্য দেশেই বা কি, দীনতা ত্যাগম্বীকার ধার্ম্মিকের প্রধান লক্ষণ বলিয়া পরিগণিত হয়। বর্ত্তমান সময়ের কঠিন ন্যায়পরতা সম্ভ্রমপ্রিয়তা, আত্মাদর এ পথের বিষম প্রতিবন্ধক। দীনতা বিনয় আত্মবঞ্চনার নামান্তর বলিয়া অনেক সময় প্রতীয়মান হয়। কেন না ইহার গৃঢ় দারিদ্র্য কফ জনসমাজে পুর-স্কৃত হইবার নহে। ধর্মের জন্য এক ব্যক্তি মহা কক্টে দিনপাত করিয়া অবশেষে লোকের অগো-চরে প্রাণ পরিত্যাগ করিতে পারে অথচ তাহার জাবনের একটা ঘটনা কেহ জানিতে নাও পারেন। ঈদৃশ স্থলে দীনতা অবলম্বনের প্রলো-ভন কি আছে ? অভাব পক্ষে একটু প্রশংসার প্রত্যাশা যদি থাকে, তাহা হইলেও স্বার্থের দাস মানব অভিমান ছাড়িয়া বিনয়ী হইতে পারে। এই জন্য ধর্মসমাজের বহুল আড়ম্বরেব মধ্যে প্রশান্ত দীন ভাব অতি অল্লই পরিলক্ষিত হয়। मी**नाञ्चा ट्टेटल गलू घाटञ्जत ट्यांतर विनक्ट ट्**या, वाक्र ব্যবহার প্রকৃতি নীচ হইয়া বায়, পরাধীন হইয়া জীবনযাত্রা নির্বাহ করিতে হয় এই সমস্ত এ পথের বিভীষিকা। সাংসারিক ভাবে বিচার করিতে গেলে ইহার মীমাংদা হইয়া উঠে ना। य राक्टि धन উপार्ब्जन कतिरव ना, নিপুণতার সহিত বিষয় কার্য্যে লিপ্ত থাকিবে না, দিবানিশি কেবল ধন্ম ধন্ম করিয়া বেড়াইবে, সে নিজে সপরিবারে চিরদিন রেশ ভোগ করিবে. কেবল তাহা নহে, পুরুষ পরম্পরায়

তাহার পরিবার মধ্যে মূর্থতা দরিদ্রতার স্রোতঃ প্রবাহিত হইতে থাকিবে। তাহার পুত্র পৌত্র প্রভৃতি ভাবীবংশগণ নীচ অনাথ বালকের ন্যায় ছরাচার হইয়া যাইবে। এ কথার কোন উত্তর নাই, যেব্যক্তি ঈশবের পানে চাহিয়া কার্য্য করিবে পৃথিরীর মুখাপেক্ষা করিলে তাহার চলে না। সহত্র অভাব দত্ত্বেও বিশাসী স্বীয় মহত্ত্ রক্ষা করিতে পারেন, যেহেতু অভাব হ্রাস করিবার তাঁহার ক্ষমতা আছে, এবং অনেক বিষয়ে বঞ্চিত হইয়া তাহা সহ্য করিতেও তিনি সম্পূর্ণ সক্ষম। তিনি দরিদ্র কিন্তু নীচ নহেন; দীনাত্মা সেবক, কিন্তু অন্থির মতি মানব সমাজের চঞ্চল প্রবৃত্তির দাস নছেন। যাহার ধৈর্য্য সহিষ্কৃতা আছে সে দুঃখী হইয়াও চিরকাল মহত্ত্বের উচ্চ শিশরে বাদ করে। ত্যাগদ্বীকার, দহিষ্ণুতা, জিতেন্দ্রিয়ত। যাহার অঙ্গের ভূষণ সে লক্ষপতি ধনী, মহাপ্রতা-পশালী নরপতি অপেক্ষাও স্বাধীন এবং স্বর্থী। যিনি যথার্থ বৈরাগী তিনি সংসারকে পদতলে নিঃক্ষেপ করিয়া বসিয়া আছেন। এবং ঘটল পর্ব্বতের নাায় অবিচলিত থাকিয়া সকল প্রকার দারিদ্র্য অপমান অমান বদনে বহন করিতে সংসারের নরপতিগণ যেখানে সহস্র লোকের প্রাণ নাশ করিয়া দেশ নগর জয় করে, বিশ্বাদী বৈরাগী দেখানে আপনার প্রাণ দান করিয়। চিরকালের জন্য সত্যের বিজয় পতাকা উড্ডীন করিয়া চলিয়া যান। यथार्थ বৈরাগ্যের অক্ত্রিম দীনতাই প্রকৃত মহত্ব। বিনয় আর মহত্ব উচ্চ অর্থে একই কথা। যাঁহারা উদার হইয়। সকল সহ্য করেন তাঁহাদের ন্যায় মহৎ প্রকৃতি গৌরবান্বিত বীর পুরুষ আর কে আছে? •

্ৰ এমামহোম্ন।

ৰজ্বত মৰ্মদের প্রিয়তমা ছবিতা ফাত্যার গর্ভে আদির ছব পুত্র হয়। জোষ্ঠ পুত্রের নাম হোল্প, কনিষ্ঠের নাম ৰোসেন ছিল। উভয়েই মাতামহ ও পিতৃ গুণের উত্তরাধিকারী হইয়াছিলেন। হজ্বত আলী কুফা নগরে শিব্য কর্ত্তক নিছত ছইলে * কুমার হোক্স মুসলমান সম্প্র-দায়ের এমাম (আচার্য্য) হরেন। ইনিই দিতীয় এমাম। ইনি লোকপূজা প্রশাস্তাত্মা, প্রিয়দর্শন্ন পুরুষ চিলেন, কিন্দু হুঃখের বিষয় স্বীয় জনক অপেক্ষা ইনি আত্মীয় ও অনুবর্ত্তী-গণ কর্ত্তক অনেক গুণে অধিক ক্লেশ ধঁরণা পাইয়া নিহত ছন। বিশ্বহিতৈয়ী সংলু নিঃস্বার্থ ধার্মিক মভাপুক্ষরাণ জগতের দেবা করিতে গিয়া পাপাসক বিষ্ট্রী লোকের নিকটে যে কিরূপ নিষ্ঠুর ব্যবহার পাইয়া থাকেন ধর্মরাজ্যের এই সকল ইতিহাসে তাহার প্রমাণ দেদীপামান। দেশ, কাল, জাতি ও সমাজ ভেদে উৎপীতন অভ্যাচারের প্রকারভেদ হয় মাত। কিন্তু ভ্রদয়ের শোণিভপাত না করিয়া কোন দেশে কোন মছাপুরুষ মছাকার্য্য সাধন করিতে পারেন নাই এবং পারিবেন না! অদ্য আমরা ছোম্বের নিদাৰুণ ক্ৰেশ যন্ত্ৰণা ও ছত্যা বিবরণ সংক্ষেপে প্ৰকটন कदिएकि। आगामीएक स्थारम्बद प्रथ्य विश्व मन कदवना প্রান্তরে ঠাছার নিধন রক্তান্ত বিরুত করিবার ইচ্ছা রছিল।

আলী পরলোক গমন করিলে কৃষ্ণ নগরে চল্লিশ সহভ চলিশ সহস্র লোক হোম্বের নিকটে ধর্মদীকা গ্রহণ করেন ! দমক্ষের ভদানিত্তন সভাট হোজের বিষম বিদ্বেধী ছিলেন। তিনি এই বিবরণ প্রবণ করিয়া তাঁছার বিকল্পে ৪০০০০ সৈনা প্রেরণ করেন। হোক্র সেনাবাছ সমাগ্র দেখিয়া শিষামণ্ডলী সহ নগরের বাছিরে উপস্থিত হন, ভাঁচার ৪০।৫০ সহস্র শিষা ছিল, শক্র সেনা কর্ত্তক আক্রান্ত হইয়াও তিনি স্বীয় অনুবর্ত্ত গণকে অস্ত্রধারণে কোন মতে অনুমতি দান করিলেন না। তিনি বলিলেন যে আমি সম্ভাব, শান্তি, সংমিলন চাই। বিবাদ বিচ্ছেদ শোণিতপাত নয়। সেই সময়ে বিপক্ষ সৈনাগণ অবাধে ভাঁছার পট মণ্ডপ আক্রমণ করিয়া সর্ববন্ধ লুঠন করে। তাঁছার বদিবার আদন ও অক্লের উত্তরীয় বদন পর্যান্ত কাড়িয়া লইয়াযায়। তিনি অখা-রোহণে মলাইন নামক স্থানের অভিমুখে যাত্রা করেন। পথে এক ছুরাত্মা স্বযোগ ক্রমে তাঁছার উক্লেশে ছুরিকা আঘাত করে। তিনি তাহাতে অভান্ত ক্লেশ প্রাপ্ত হন। মদাইনে পঁত্ছিয়া চিকিৎদা দ্বারা কিছুদিনের মধ্যে আরোগ্য লাভ করেন। পরে আত্মীর বন্ধুগণের নিতান্ত অমত ও অনিচ্ছা সত্ত্বেও নিজে উদ্যোগী হইরা কতকঞ্চলি বিশেষ অন্ধীকারে দমক্ষের সভাটের সঙ্গে সন্ধি বন্ধান বন্ধ হন। সন্ধি স্থাপনের কিয়ৎ দিনান্তর দমক্ষের প্রধান প্রধান লোক পুনর্বার ছোম্বকে হতা৷ করিবার যভযন্ত করে ও তাছার যথোচিত আয়োজন করিয়া কতকগুলি চুর্দান্ত লোককে বদোরা নগরে হোল্লের অনুগামীগণের বিৰুদ্ধে পাঠাইয়া দেয়। তাহারা তথায় গিয়া বিজনীযোগে হোম্বের আট জন অনুবর্ত্তীর শিরদেছদন করে। অবশিষ্ট লোক পলায়ন করিয়া

^{*} বিগাত ১৬ই ক্লৈষ্ঠের পাত্রিকায় এই রতান্ত বির্ভ ছইয়াছে,।

মেদিনা নগরে কুমারের আশ্রয় গ্রহণ পূর্বক সমুদায় রভান্ত নিবেদন করে। আশ্চযোর বিষয় এই যে বুমার ছোম্বের প্রতি যাহারা এই সকল অত্যাচার করিতেছিল তাহারা তাঁহার সমধর্মী মুসলমান খৃষ্ঠান বা হিত্দী নহে। ছোল্ল অসা-ধারণ প্রাধান্য লাভ করিলেন। লক্ষ্ণ লাক তাঁছার অনুগত হইতে চলিল। এই জন্য তাঁহার অপরাধী হুরাত্মারা কেবল ঈর্ষা প্রণোদিত হইয়া তাঁহার প্রতি এরপ আক্রমণ ও অভ্যাচার করে। যাহা হউক ছোক্ল বিবাদ শান্তি ও কুশল বিস্তারের উদ্দেশে আবহুনা নামক এক ধর্মবন্ধকে সক্ষে লইয়া দমস্ক রাজধানীতে চলিয়া যান এবং তথার পুনর্বার সন্ধি বন্ধনান্তর খনেশে যাত্রা করিয়া পথে মোসল মামক নগারে এক বন্ধুর ভবনে আভিপ্য স্বীকার করেন। বন্ধ বাছে অনেক সমাদর ও যত্ন প্রকাশ করেন, কিন্তু গোপনে সে তিন বার ছোল্লের খাদ্য এব্যের সংক্ষ বিষ মিশ্রিত করিয়া দেয়। এই উপায়ে ছোম্বের প্রাণ বধ করিবার জন্য দমক্ষের কোন হুরাত্মা তাহাকে অর্থ দার। বশ করিয়াছিল, কিন্তু তিন বারই ডাছার যত্ন বিফল হয়। হোল্ল বিষ মিলিত দ্রুবা ভোজন করিয়া অত্যন্ত ক্রেশ বস্তুণা পাইয়াছিলেন, অক্তু ও ত্র্বল ছইয়া পড়ি-য়াছিলেন, কিন্তু কোন অলেকিক উপায়ে প্রাণ রক্ষা করিতে সমর্থ হন। চতুর্থ বার স্থভীত্র বিষ প্রযোগে হোম্বের প্রাণ সংস্থারের চেন্টা পাইবার সময় উক্ত বন্ধু মুসলের শাসনকর্ত্তঃ কর্ত্বক প্লভ গুলাপদণ্ডে দণ্ডিত হয় ৷ আশ্চর্যোর विवय এই, य वसूत दिशम इहेर्न ७ मि लब्छ। शहिरन ভাবিরা ভাষার এই ভয়ানক তুর্বাবছারের বিষয় কুমার ছে: অ অয়ং কাছারও নিকটে ব্যক্ত করেন নাই।

অনন্তর হোল্ল বিষ জীর্ণ কল্ল শরীরে মদিনার প্রত্যাগমন করেন। মর্দান নামক এক ছ্রাত্রা মদিনার ভদানীন্তন শাসনকর্ত্ত: ছিল। সে বাছে ছাম্মের প্রতি শ্রন্ধাও অনুরাগ यर्थके व्यम्मि कदिङ, किन्छ जन्नदर निवम निवाभी हिल ७ গোপনে তাঁহার শিধন উপায় অনুসন্ধান করিতেছিল I একদা সে ইস্থনীয়া নাম্নী আপনার এক দাসীকে ধন লোভে বলীভূত করিয়া হোক্ষের সহধর্মিণী আব্দার নিকট পাঠটেয়া (पत्र। इंक्नीशा मर्नाटनद निकानूम: दत्र आस्पाटक वटन যে দমক্ষের প্রম রূপবান্ ধুবরাজ এজিন্তোমার অকৌ-কিক কান্তি লাবশ্যের বিবরণ অবণ করিয়া উন্মতপ্রায় হুইয়াছেন। তুমি তাঁহার সহিত সমিলিত হুইলে তাঁহার প্রিয়তম। সহধর্মিণী ও এক প্রকাণ্ড সাম্প্রাক্তার প্রধানা মহিবা ২টতে পারিবে। তোমার স্থান ক্রার জন্য তিনি লালারিত হইয়া সমুদর সংখ আমোদ বিসর্জন করিয়। বসিয়াছেন। তোমার দর্শনের উপর তাঁছার জীবন সম্পদ নির্ভর করে। ইছা শুনিয়া ঐশ্বর্গ্য স্থপাভিলাবে আস্মার মন চঞ্চল হইল। অন্তরে হুরাশার অনল প্রদীপ্ত হইয়া ভাঁছার জীবনের পবিত্র ভাব, ছোল্ল সমন্ধীর প্রবার সম্পত্তি সমুদর

পরিকাররপে দুয় করিল। সে মহাব্যাঞ হইয়া জিজ্ঞাসা করিল ইন্মনীরে! কি উপারে আমি দমক্ষে যাইয়া প্রিয় যুবরাজের সঙ্গে সমিলিত ছইতে পারি, বলিয়া দেও ! সে বলিল ছোক্স জীবিত থাকিতে তাছা অসম্ভব। কিঞ্ছিৎ বিষ আনয়ন করিয়াছি, ইছা ছারা ছোম্বের প্রাণ বধ কর। তাহা হইলে অবিলয়ে মনোরথ সফল হংবে। ইস্থনীয়া এই কার্য্য করিয়া চলিয়া গেল। অনন্তর আম্মা **সেই** বিশ্বর কিয়দংশ সরবতের সঙ্গে মিশাইয়া হোল্পকে খাইতে দিল। হে:স্ল সরবত পান করিয়াই উদরের বেদনায় অস্থির হুইয়া পড়িলেন। ভাঁছার সর্বাঞ্জ অবসর ছইতে শাগিল। তিনি তৎক্ষণাৎ হজরত মহম্মদের সমাধি মন্দিরে গিঃগ ভূমি বিলুঠন পূর্ব্বক আরোগ্যের জন্য প্রার্থনা করিতে পাগি-লেন। কথিত আছে তাহাতেই তিনি আরোগ্য লাভ করেন। তদবধি আস্মার প্রতি হোস্কের বিষম সন্দেহ হয়। তিনি তাছার সংসর্গ পরিত্যাগ করেন। এই ঘটনার কিয়ং দিনান্তর পুনর্ব্ব র পাপীয়সী আন্মাকোন কৌশলে খোমা करलत मर्झ विष मिमावेत। खामीरक चावतावेताहिल। উক্ত আছে যে তিনি পূৰ্বোলিখিত উপায়ে সেবারও রক্ষা পান। কিন্তু জ্ইবার বিষ সেবনে তাঁছাত্রশরীর অত্যন্ত দূৰ্বল ও ভগ হইলা পড়ে। জল বায়ু পারিব**ভ**ন করিয়া স্বাস্থ্য লাভের জন্য ভিনি পুনর্বার মোদল নগবে গমন করেন। সেখানে কিছুদিন অবস্থিতি করিলে শরীর কথঞ্চিৎ স্থস্থ ও প্রকৃতিস্থ হয়। তিনি যতদিন মেনেনে ছিলেন তথাকরে জনা মুম্ভিদে নিয়মিডরূপে আচার্যের কার্য্য করিতেন। একটা অন্ধ্রপ্রাণদিন ভাঁছার সঙ্গে নমাজে যোগ দান করিত ও তাঁহার উপদেশ ও প্রার্থনানির সময় অনেক কাঁদিত। হোক্ষ তাহার প্রেমবিগলিহভাবে মুগ্ধ হন। সেই অন্ধ্র যে ছুক্টের শিরোমনি ও উংহার প্রাণ সংহুরে উদাত, পূর্বে তিনি কিছুই বুঝিতে পায়েন লাই। বংঞ্ **ত্রত্বকে এক জন ঈশ্বরপ্রে**মিক লোক জানিয়া ভাষাকে আপ্যায়িত করেন। অন্ধের হত্তে সর্বদ।একটা বংগস্ত্র পাকিত। একদা হোস্ন কোন কথা প্রসক্তে অন্যামনক সাছেন, অন্ধ অদূরে ভাঁহার পাখে দ্ঞারমান, তখন দে ভোমের শব্দ লক্ষা করিয়া অন্ত্র ফলক ভাঁছার শ্রীরে সংলগ্ন পূর্ব্বক বিদ্ধা করিয়া দেয়, হোম্ম আর্ত্তনাদ করিয়া উঠেন। অক্ষের এই ব্যাপার দেখিয়া সকলে চমৎকৃত হয়, ও তাহাকে ধরিয়। প্রহার করিতে উদ্যোগ করে। তখন হোক্ষ বলিলেন, এই ব্যক্তিকে "ছাড়িয়া দেও, তাছার বাছা চক্ষুর নার অন্তশ্চকুও অন্ধ; মে রূপাণাত্র'। স্কলে ছোলের অনুরোধে তথম ভাছাকে ছাড়িয়া দেয়। কিন্তু পরিশেষে তাছার প্রাণ দণ্ড হয়। এদিকে বর্ষার আখাতে ছেম্ম নিদাৰুণ যন্ত্ৰণার ছুটকট্ করিতে থাকেন। জীংনে নিরা**শ হইয়া পড়েন**। চিকিৎসক আহত স্থান পরীক্ষা. করিয়া বলে যে এবিষাক্ত অজ্ঞের আঘাতে শরীরে বিষ সঞ্চা-

রিও ছইয়াছে। সেই বার চিকিৎশকের অনেক যতু চেষ্টায় আরোগ্য লাভ করিয়া মদিনায় প্রভাগ্যম করেন। দেখানে ভিন্ন গ্রহে পাকিতেন, পারীর মুখ অংলোকন করিতেন না। অনুজ কুমার ছোমেন, ভগিনী ও কন্যাগণ, স্কাদ: নিকটে শাকিতেন। এদিকে বিষংৱা স্বরূপা পাণীয়সী আক্ষ স্বামীর প্রাণবধ করিতে না পারিয়া মহা উৎক্ষিতা। একদ মদ্বির সেই যম কিছরীস্কল্প কিছরী মদ্বি হইছে কভক-গুলি মণিময় আভেরণ লইয়। যুবর।জেয় উপচৌকন বলিয়া আব্দাকে উপভাব দের এবং ভৎস্থে গোমকে খাওয়া-बंदीत क्रमा किथिए कोरक हुन क्षमाम करता। जासित्न हेन्-ঢৌকন পাইয়া আবার ব্যক্তনতা আরও রন্ধি চইল। একদিন নিশাথ সময়ে যখন সকল লোক নিদ্রিত, কাল ভুজ্জিনী অংশা ওপ্তভাবে হোমের শ্রনাগার অভিমুখে চলিয়। যায়। এক্মাভিশ্যা বশ্তঃ গুড়ের দ্বার অবারিত त(य) ७६१ (इस) म अगारा एम अध् खादन शुक्त क তেত্রের পাশীয় জলের সোরে।ছীর মধ্যে ছীরক চুর্গ স্কল নিঃক্ষেপ করিয়া প্রাস্তান করে। কিয়ৎক্ষণ পরে ভোক্ত পিপায়া-শুল কঠে জাগারিত হুংয়া সেই জল পান করেন, ভাষার আগবহিত পরেই খারজ ও ভাগিনীকে সম্বোধন করিয়া কাদিলা উচ্চেন। ভাই! ভবিনি। এবার আরে বাঁচিব না আমারে ইছলোকের জন। বিদয়ে দেও। এই শেকে দর্শন, পরিলোকে সাক্ষাৎ হন্দে, আমার জন্য প্রার্থনা করিও। এই বলিয়া প্রিয়তম অনুজ্ঞাক ক্ষেত্র ধারেণ ক্রিয়া ক্রীর্ষেত্র লাহিতিলয়, ভাবে পান্ত পদা মাগ্মারক মক্ত্রাভিক্তিমান ্ করিতে পারিবিলেন। দাকণ কেন্দ্রাত উচ্চার মর্ব্বাঙ্গ চুর্গ ছইরা ম্টেটে লাগিল। তুই ভাই কাঁদিয়া বাকিল। অশ্লক্ত ছণজনে অভিসিক সংযুক্ত লাগিলেন। তে'সেন প্রনঃ পুরঃ গ্রাক্তর চরণ ধারণ করত মিন্তি করিতে লাগিলেন। পল দলে।, কোন্ নিষ্ঠুর সুধায়, দল্ধ। তেমের সজে এই ধার-ছার করিল ? কাছার প্রতি সন্দেহ হয় ? ছোক্স এরপ বিচিত্র প্রকৃতির লোক ভিলেন যে, তিনি কিছুতেই তাহা বলিলেন না। এই মাত্র বলিলেন যে ঈশ্বর তালাকে **ত্তমে**র শাস্তিদান করিবেন। আমার বলিবার প্রয়োজন নাই। ঈখরগতপ্রাণ কুমার ছোক্স ভয়ক্ষর ক্রেশ যস্ত্রণার পার মদিনা অন্ধকার করিয়া চির নিদ্রায় খালেছত ছইলেন। চতুর্নিকে গ্রহাকার **গ্রনি ও ক্রন্দেনের** রোল উঠিল। স্ফল লোক সেই মহাত্মার শোকে আকুল হইলা পড়িল। এদিকে মূদনি ভাবিল যে এক্ষণ আক্ষা মদিন(য় গাকিলে প্রব্নত বিবরণ প্রাক্তাশ হুইয়া পড়িবে, আমাকৈ হয়তে। বিষম বিপদে পড়িতে ভটুৰে, এই ভাবিষা কান্দাকে বাছির করিয়া দনকে পাঠাইয়া (দন। দমকের অনেক লোক ছোম্বের হত্যা সংবাদ শুনিয়া শোকাকুল ১য় ও আংমা করুক এই নিদ কণ ঘটনা হইয়াছে জানিয়া সভাট ্তাখকে অনুস্ত অপমা-নিত ও লাপ্থিত করিয়া সমুদ্র পুলিনে নির্বাসিত করেন। সে

েশহ অনুভাপ:নলে দয় হয় ও তথায় প্রাণ প্রিভাগা করে।

ব্রান্স বন্ধর পরলোক গ্রম।

মান্দের প্রমোগকারী বন্ধু এবং ক্ষেণাপদ প্রিম নাজা বাষ্ক ভুবনকক দিংহ প্রায় বংসরাবি উংকা বাবিতে নিভান্ত কার্ন লাইছা গভ ১৯ শে অন্ত চ্চান্দের প্রায় গাট ঘটিকার সন্ধান চুক্ত রোগ মহলা হইছে মুদ্ধ হইছা গর লাট ঘটিকার সন্ধান চুক্ত রোগ মহলা হইছে মুদ্ধ হইছা গর লোক গনন কবিয়াছেন। ইহার জাবন হিছিছে দিনের নহে, কিন্ধু এই অল্ল সন্ধার মধ্যে তিনি মেরপে স্বায়লিই, ৩০ বিভার মহিত প্রাথমত মাছ রাজ্যমাজের মেনা করিছা গৈয়াছেন গাহাতে ইংগামত একজন স্বাধ্বরের দীনায়া সেবক না বলিয়া থাকিছে পারি না। ভুবনের প্রমেরা, নিজার্থ বৈরাগ্যের ভাব এবং বর্মানিই। আনাসের অল্লক্রীয় ছিল, এজন্য এই মারু মুবার সংখ্যিপ্ত জাবন ব্রহান্ত আন্বান্ধ মুবার সংখ্যিপ্ত জাবন ব্রহান্ত আন্বান্ধ মুবার সংখ্যিপ্ত জাবন ব্রহান্ত আন্বান্ধ মুবার সংখ্যিপ্ত জাবন ইন্ডান্ড আন্বান্ধন্ত আন্তর্ম লান্ধন হিছিল। বির্বাহন আন্তর্ম লান্ধ রিহান আনিহন প্রায়িক্ত প্রায়িক হাছিল। বির্বাহন প্রায়িক প্রায়িক হাছিল। বির্বাহন প্রায়িক প্রায়িক হাছিল। ব্যাহন করিছা গ্রাহন প্রায়িক প্রায়িক লান্ধ রিহান প্রাক্ষিত প্রায়িক।

জুবনের নিবাস ভবলী জেলার অন্তর্গত ভাস্তাভার নিকট গুড়েপ প্রামে। हेनि ছাত্রাবস্থারেই র লব্দার প্রতি শ্রেদ্ধ হিত হল বিৰালিয় ভাগে কবিফ কলিক্তে গ্ বিষয় ক'ষ্য করিছেন্। তিনি এক্ষে ব্লিগ্র মার ভ্রান্ লোকের। ভাষাকে তথা ফইরত বিদায় ক্রিয়া দেয়। এর রন্ত পুর কোন অস সংখ্যা লোক করেন্। প্রে যথন ''র(জনিকেত্ন্^স সংভ(পিত হয় *২কালে তিনি আৰে কলেকটা উংস্থী সুৰার সংখিত তথাৰ ব্স করেন া কিছু দিনাওও বিষয় কর্মো বীভস্পাহ ১ইলা নিকেংনের ভার গ্রহণ করেন। জুবন মথেট্ট উৎসাহের ৮৪৩ নিজেতন বাদী একো যুবকদিলের দেব। করিছেন। এখন্য কেবল নিধ্যথ ভাবে পরিভাষ করিছেন ভাহা নছে, নিজের কিঞ্চি মঞ্জিত অর্থ ছিলা আহাও ইহাতে বায় করিয়া ক্ষতি মহা করেন। কিছু দিন নিকেবনের কাহা করিছা প্রচারকাংয়ালেরের অধ্যক্ষ মহাশ্বের সহকারী প্রেন্নিস্জ হন। কংগ্রই ওঁছেরে জীবন ছিল, কংগ্রুকরিতে করিতেই দেহ পুত্ত করিলেন। যথাগ দেবকের ন্যায় তাঁহার উৎস্থ ছিল। আমেৰা বাৰম্বাৰ বলিয়াও অভিবিক্ত প্ৰিভাম হইতে তাঁধাকে প্রতিনির্ভ করিতে পারি নাই। এখন আম্বা ধুঝিতেছি মে ভুবন জীবন দিবার জন্যই একাংয়ে এনী হুইয়াছিলেন। কা্য্যালয়ের অধিকাংশ কাফ্য তিনি কবিতেন, ভূছাণীত স্কলের সেবা করিছেন। নিজের হুথ সার্থের প্রতি কিছুমাত্র দৃষ্টি ছিল্না, কাহাকে জানিতে দিতেন ন। কিরুপ ক্রেশে জীবন কাটাইছেন। দেখিলে বেব হুইত যেন এব্যক্তির পৃথিবীতে আর কেংনাই। বাড়ী

আপেনি না খাইয়া জনাকে খাওয়াইতেন। পরিভাবে কলাপি शवासूचे हित्तन ना। अख्यकः भवीव भीन अवः कुर्त्रत हित, জ্থাপি কখন অল্ন, হইয়াবসিয়া থাকিতে দেখা যায় নাই। বশ্মণাহদ এবং আগুরিক ভেছস্থিতা তাঁলার ছিল, এইজনা এবং সুবাপ্রকৃতি বশ্বঃ কখন কখন উদ্ধত এবং উগ্রাভাব প্রকাশ পাইছ, কিন্তু অভিপ্রায় উদ্দেশ্য অতি উচ্চ চিল। ত্যাগ-তীকার এবং কঠোর ধর্মনিষ্ঠা ভূবনের বিশেষ ধর্মালক্ষণ। যে ভাবে डिनि भत्रन сভाकन कहित्छन, द्विष्टल व्यायाद्वित मस्नै কেশ হটত, কিন্তু তাঁহার মূবে সংসাধসম্বন্ধে কোন অভিসাধ অভিযোগ ভূনা ঘটেত না। আপুনাকে বঞ্চিত ও গোপুন রাখিষা সমূদার কর্ত্তব্য সমাধা করিবেন, ভজ্জন্য কোন প্রকরে অভিমান ছিল না। কেহ তাঁহোকে গ্রাহা করুক না করুক আপনার কার্যা তিনি করিতেন। আহার সম্বন্ধ প্রসামা এবং অভিরিক্ত পরিভাষে সাংঘাতিক রোল উংপন্ন আঃবোলোর জন। কিছু দিন জামালপুরে থাকেন ভাতাতে বিশেষ উপকার না হওয়ায় গত মাঘোৎসবে এখনে অনেদন ৷ দে অবস্তাটেও কাজ করিষ৷ গিরতেছন ৷ ইদুর্না পরিভাষ করিতে নিষের করিলো বলিতেন যদি না বঁড়ি এবার উৎসবটা ভোগ করিয়া লই। উৎসবের পর বাটী অমন করেন এবং সেই খানেই জীবনের শেধ দিন গত হয় | বয়ংক্রেম আটেটিশ বংগর অ:শাজ হটয়াছিল। শেষ মুচূর্ত্ত পর্যাস্থ মত্যও অতি শাস্তভাবে হইরাছে। ্না স্থাপন্ত <mark>ছেল প্ৰা</mark>ব্যক্তি প্ৰকাশ কবেনানাই। তিনি পুরাবানের ন্যায় শেষ জীবন করিবাহিত ক্রিয়া বিশ্বাস এবং প্রেয়তে দেহ প্রিত্যাগ ক্রিলেন। কিন্তু কংয়কটা শোকদ্ধাবিধ্বাচির দিনের জন্য ভুঃখের যালেরে ভাষিতে লাগিল ⊨ প্রাচীনা মাতা আছেন, তিনি আরও চারি পাড়েটা সন্তানকে বিদ্রজ্ঞান দিয়া একমাত ভুবনকে লইয়া ছিলেন, সে ভুবনও ওঁহোর ভশ্নজনৰে পুনরাস ছঃস্থ শোক্ষেল বিদ্ধ করিব। প্লায়ন ক্ষিল। ব্যক্ষা মন্ত'নবিহান৷ স্থা বর্তমান, তঁহার ভাবীকেশ পার্ব কবিলে জনয় বিদীপহিয়। ইহাবাদীত আরে একটাবিধবা জাঃবধু ঘবে আছেন। এই ভিন্টী জনাথা বিধ্বা এখন তেঁহেরে লোকে ছঃখে দক্ষ হইতে লাগিলেন। স্থন সমর্গ ছিল তথন ভুবন সকলের সেবা কবিলেন, কিছ অংপনি যথন বেগে যত্ত্বনায় শ্যাংশায়ী রহিলেন তথন ক্রচারো দেবা গ্রহণ করিলেন না : নিংস্থার্থ ভাবের দৃষ্টান্ত ভিনি দেখাইয়া গেলেন, আমর। মৃত্তে নায় রহিল।ম, এক-

দিন ভংল কবিরা দেবা করি**ছে পারিলাম না। শে**ষ কালে

ক হার সঙ্গে দেখাও হইল না। আমর। ঠাঁহার নিকট নিতান্ত

অবরাবী প কিলা এখন এই পার্পনা করিতেছি, ফাঁহার মেব স

ভাহার জীৰন সাথকি হইল তিনি ভাহার প্রলোক গত

গিয়া এক হপ্তাহ কালও কখন থাকিছেন কি না সংলহ।

क्षेत्र क्षेत्र क्षेत्र क्षेत्र व्याप्त विश्व हिन्दी विश्व विदेशक शकी के देनिक यहना कृत कथ न । ब्यायदा व्यायादनक वर्षकार्यंत्र अवस्य जिकाक पाना वाटारण कवावर शहिनारम ব্রিটাদিলের সাংসারিক ক্লেশ নিবারণ কয়। ভূবনের প্রতি কুতজ্ঞতা প্রকাশ করিতে পারি এমন ক্ষমতাও ডিনি আমা-দিগকে দিন। মৃত্যুর কিছু গুর্কে ভূখন উাগার প্রা^{ট্}না জননী:ক এই বলিয়া প্রবোধ দিয়া গিয়াছেন, যে 'ঝা, ভুনিত অনেক শোক পাইরাছ, আমার শোকও মহা ১ইবে, কিব জবের জনা ভাবিত হইও না, আমি জোমার জনেক ছেলে রাখিয়া গেলাম। ভূবন যে আমার ঈশবের দাদ, দে কে পায रतल '*। এই विलिया छै। शांव भाग कें। मिद• एछन। कार्यन ও মরণে ভূবনের এই ধ্যানিষ্ঠা ও দুড়্মার দুরীয়ে ববং প্রদেবার নিস্থার্থ ভাব আমাদিনকে অনেক শিক্ষা দিয়া বেল। এইরপ বিশ্ববেদ্ধে নৃত্যু আমাদের প্রার্থনীয়। ভুৰনের নিকটত্ব বন্ধুগণকে আমবা উচচার প্রবিধারত বিধবাগনের আবস্থার প্রতি কিঞ্ছিৎ মনে:যোগ করিতে অন্ত-বোধ করি। ইতিমধ্যেই করেকটা সক্ষণ রাজ কিছু কিছু **प्रियाद्यम** ।

ভারতবর্ষার বুক্সানিদর। আচার্যোর উপদেশ।

धान।

ब्रविवाद, २०१ (भोत, ५१%) सक्त।

সাধদনৰ আহলি উচ্চ অবস্থা বালে। গামে নিয়া লোগীর ব্যাপার নছে। সাধনের পথে অনেক দূর অগ্রাসর না **হইলে ধ্যানম্পৃহা জন্মেন্য। গ**ান কারৰ কেন্ত্র গাব্য ধনা, প্রার্থনা দ্বরো কি আরোর কংমনং পর্ভয় নাপু যোগী ঋষিরা ধানি করিতে চল ককন, তেখের জামার জনা ধাানের কি প্রয়োজন গু এ সকল কথা ছারা শিল্প ভোণীর সাধকের। ধাংনের অনাবলাকত। প্রদর্গন করেন। (যমন অনুনক গুলি পুষ্প কেবল প্রবৃত্তের উচ্চতর ভুনে দেখা যায়, নিম্ন স্থানে দেখা যায় না, তেমনি গান-পূজ্প কেবল উচ্চ শ্রেণীর ক্রকগুলি সাধকের জীবনেই আপোন প্রক্ষাটিত হয়। ভাঁছ।দিগের পক্ষে ধনন করা স্বাভাবিক। ধান-স্তা কখন ভয় ধ যখন মনুষা আপোনপক ভিজ্ঞাস। করে, এই যে তুমি ঈশংকে এত ডাক, অস্থূলী নিক্ষেশ করিয়া কি বলিতে পার, এই আমার ঈবর 🔈 মনুষ্য যখন পারিত্রংশের জনা ব্যাক্ল হয়, তখন জীনদু, ঈশ্বর্কে প্রত।ক ভাবে না দেখিলে ভাছার কিছুভেই শান্তি হয় না। ঈশ্বরকে দর্শন করিবার জনা তাছার প্রাণ কাঁদে, ভাঁচাব প্রেমণারি পান করিবার জন্ম অন্তর ভ্ষিত হর ওঁ(ছার দর্শন-লাভ করে তথন দীপ্ত শিরার গভিষেক হয়। এট ব্যাকুসভার অবস্থায় যাছার৷ যথাপ নিরাকার ঈর্রে বিশ্বাস স্থাপন করিতে পারে না ভাঙারা কম্পিত দেবতার পুত্ৰল নিশাণ করিয়া স্থ স্থ ঈশার-দর্শন-স্পৃচা চরিতার্থ করে। এই জন্মই পৃথিবীতে পোত্তিকভার কৃষ্ঠি হয়। ত্রাদাগণ, যুগার্প ঈশ্বরকে প্রত্যক্ষ রূপে দর্শন এবং ধ্যান করিয়া ভোষরা যদি এই অভাব মেন্ন না কর, ভোষাদি

গাকেও এক দিন পৌত্তলিক ছইতে ছইবে। মমুষ্টের মন স্বাহারতঃ এমন একটা লোক চায় যাঁচার আত্রার আহণ অপনা বাঁছাকে ধারণ করিয়া স্বন্ধির ছইতে পারে, বঁ,ছার জীশাদশল্মে মন্তক রাখিয়। নির্ভঃ ছটতে পারে এবং বঁছোর শ্রীমুখের দিকে তথকাইয়া প্রাণ শীতল করিতে পারে। জন্মর, ঈশ্বর বলিয়া দশ বৎসর কাঁদিলাম, অগচ কোন বস্ত ধারণ করিতে পারিলাম না, অন্তরে বাছিরে খুনা পরিছাস কৰিছে লাগিল, এই অনস্বায় কেছই ধর্ম জীবন লাভ কিংতে পারে না। কিন্তু যখন আন্তরে এট খুনাতা বেদে ছর তথ্য ধ্যান আরেস্ত'ছর। চারিদিকে রাশি রাশি বিষয় বৈভৰ বৃত্তিরাছে সভা, কিন্তু পরিত্রাণার্থীর নিবটে এ সমস্ত অসার এবং মিধা।। উ। ছার প্রাণের মধ্যে এই অনন্ত ক্ষি একটী প্রকাণ্ড খূন্য এবং ভয়ঙ্কর অন্ধকার বোধ হয়। এই (य म्राह्याभ देका भारत-म्लुक: क्याहिश (मरा। मन अहर बिहालाह, अञ्चय ऋखावड्र हेन बिहाकीरहा शक्तभाष्टी। যখন এই ধানি-স্পৃত্বা প্রবল্ভর তথন মন আপ্রা আপ্রি ममञ्ज म!कांद्र अग९ शक्रिजाम कविशा (महे (घःद्र अञ्चकाद-মা নিরাকার অন্তর্জাকে প্রবেশ করে। জলের ভিত্রে নিময় ভটলে যেমন সমস্ত শরীর জলে পরিপূর্ণ ভয় সেই রূপ িরাকার ব্রহ্মদানেরে ময়, ছইলে আজার পূর্ণবন্ধা হয়। শুনা ছব্টে জলে অবভ্রণ করিলাম, জলে সমস্ত ভক্ত পূর্ণ ভর্ল, একটী পদার্থ স্পর্গ ভর্ল: সেইরপ যথন অসতা হুইডে সভাসরপ ব্যান্ত সভাসাগারে প্রারেশ করিলাম ভগনট শুক শুনা সংকাশ প্রেমময়ের আবিভিবে পূর্ণ। সংকাশ প্র ভটল, ক্রমাণত সাধন মারা শুনা পূর্ণ ঈশ্রের অস্তিত্ত পরিণত ছইল। তখন আবার শ্রা পরিছাস করিতে পারে না, শ্রের মৃত্যু ছইয়াছে। শ্রের প্রিবর্ত্তে পূর্বত্তা আসি-হাছেন। ভানেক দিন ঈশ্বের নাম গ্রীপ্তন করিলাম, আ নক প্রণে উভার স্থান স্থাতি এবং আবংগ্রনা করিলাম জানেক ৰাধ উভাৱ নিকট প্রার্থনা করিলাম, তথাপি মনের শুনা ভাব দূব ছটল আ, জাবিতে যাই সব শুনা দেখি, এই অংকঃ সভাত কাটকর। এই সম্যেটখন একটী সভাবস্তু লগভ করিবার জন। আকুল ধ্য়। এই অংকুন্তর্থনান ম্পূতার উৎপত্তির কারণ। সহজ বিশাস এবং মনেংবিজ্ঞান উভ্যত এক-বাকা চইযা বলিতেচে, সতোর সভা এক জন অংক্রেন। সভা কি প্দার্থণ য'চা পদার্থ ভাচাই সভা। ত १ (कन 4 के मंडा श्रांत्रण कदा यात्रा नः ? এই (य मर्क्सशाशी, সাধাণত সভা, চক্ষু কেন ইছা দশন করিছে পারে না, এবং বৃদ্ধি কেন ইছা অনুভব করিছেপারে নাং সমস্ত আক্রেশ এট পূর্ণ সভা বিদায়নে, অন্তর বাছির সমস্ত দিক্ এই পরম পদার্থে পরিপূর্ণ, তথাপি কেন শুনা বেংধ হয়? এই ভয়ন্ত্রর শুনালোধ নান্তিকভার অবস্থা। বিশ্বাসীর নিকট ত্র আকাপ খুনা নছে, ইছা ঈশ্বরের বর্ত্তমানত।য় পরিপূর্ণ। উ'ভার নিকট সভা করতল নাস্ত। সভা-পরারণ যোগী, ধামশীল বিশ্বাসী সক্ষত্রই এই সভা দর্শন করেন। তিনি কি জানুৱে, কি বাছিরে, কেংগাও খুনা দেখেন না। খুনা-বেষ্দ কৰে। ভয়ানক যদ্ভাগার অবস্থা। এই অবস্থায় কেছই অধিক ক্ষণ থাকিতে গাবে না। এই খুনা যমুগার উত্তপ্ত অ মু' হয়ত কণ্পনার মাশ্রেয় গ্রেছণ করে, নতুবা সভাবতঃ নিরণকার ব্রহ্মসাগরে নিমগ্ন হয়। যথন ইছা যগার্থ ঈশ্বরকে ল্যাভ করে তথ্মট প্রক্লক ধার্যের জনশ্বনি হয়। একোর সত্ত্ব। সমুক্তৰ কৰাই দামে। ত্রন্ধের আবির্ভাব পরম পদার্গ। যে দিন এই আবিৰ্ভাৱ অনুভৱ করিতে পারি না সেই দিন চারি দিক্ খুনা জ্ঞান হয়, মন নিজ্ঞেজ এবং বিষয় হয়।

এইরপ শ্নাজ্ঞান এবং পাপ করা প্রায় উভয়ই স্মান। কেননা সভা ভইতে বিচ্ছিন্ন চইয়া পাকুটে অসভা এবং পাপের অবস্থা। হস্ত স্থারা যেমন জড় চরণ ধারণ করী য'স, তেমনি আত্মা দ্বারা নিরাকার ঈর্ষারের নিরাকার চরণ ম্পার্শ করা যায়। আমরা যেমন পরম্পারের মুধ চফু দেখি, তেমনি ঈশ্বরের প্রেমমুণ এবং প্রেমস্ফু দেখা यात्र। (मधा यात्र এके कथा यमि विनय्तः ना ५ %, অভতৰ করা যায় এই কথা ব্যবহার করে। যোগা ত্রগ-দর্শন অথবা ব্রহ্ম্যান করেন অর্থাৎ প্রম সভ্য ব্রহ্মকে **অবুভব করেন। ভিনি আহ্বাদের সন্থিত চীৎকার ক**রিয়া বলেনঃ—" আমি এই সভা ধারণ করিয়াছি, এই সভো আমার প্রাণ পূর্ণ চইরাছে।" কেবল গ্রামশীল মনুষ ই দৃঢ়তার সহিত ঈশ্বরের এইরূপ পরিচর দিতে পারেন। তাঁছার প্রাণ অতি সহজে বন্ধরপ অগাধ জলে মগ্ল ছয়। ঈশ্বর তাঁহার করতলনাস্ত প্লত বস্তু। ধ্যান-প্রায়ণ যোগাই সমস্ত আত্মা একময়। যাঁছারা সরোবরে অবগাস্থন করেন ভাঁছারা যেমন বুঝিতে পারেন, যে ভাঁছাদের সর্বাঙ্গ জলময়,. তেমনি বাঁছারা গান করেন তাঁছারা অনুভব করিতে পারেন তাঁহাদিগের প্রাণ ব্রহ্ম-সম্ভায় পরিপুর্ণ। যখন এই প্রকরে অমুভব দারা বলি "ঈশ্র আছেন" তথনই একত ধান আরম্ভ হর ৷

मध्वाम ।

গত ২২শে আষাত্ন বহুস্পতিবার হুইতে কেন্ধানিক বৈ অতিরিক্ত উপাসনা কার্য আরম্ভ হুইলাছে। এক ৭ ১ইতে সপ্তায় হুইবার উপসনা হুইবে। বুহুস্পতিবারের উপাসনা, উপদেশ সাধকদিগের সাধনপ্রণালী শিক্ষার পক্ষে বিশেষ উপযোগী। আসরা আশা করি কতকগুলি নিহিত্ত সাধক নিয়মিতরূপে ইুহুতে যোগ দান করিলা ধ্যোর গভীব তহু শিক্ষা কবিবেন। শুনিবারে গৃডিগ্রা গৃতে গান করেন হাত্রো ইতাতে ইজ্যা কবিলে অনায়াসে যোগ দিতে পারিবেন

জীগুরু গিরিশচল ধেন মহাশ্য চাকং রাজ্যমগ্রের আচাষ্য জীগুরু বঙ্গুলু বায় মহাশ্যের অন্তর্পিত কালে ভাহার কাষ্য করিতেছেন। তিনি তথাকার মুকলমনে দিগের জনা গত সোমবারে উদ্ভাষায় একটী বক্তা করিয়াছেন। বঙ্গবাবু মৈমনসিংহ জঙ্গলবাড়ী অঞ্চলা প্রচারাথ বহিগত হটায়ছেন।

প্রেরিত।

শ্রেদাক্ষে উন্নুক্ত ধর্মাত্ত সম্পাদক মহাশ্য সমীপেষ্

মহাশয় ! তাপেনি আমার নামে যে অভিযোগ করিয়ালিলন আমি তাহার পাত্র নহি। এক্ষমন্ধিরের আগ্রামান পাত্র নহি। এক্ষমন্ধিরের আগ্রামান পালারের প্রার্থনা ও সাধনপ্রশালী প্রভৃতি লইয় সমন্ধী-সম্পাদকরপে কথনও উপহাসাদি করা হয় নাই। বরং সমদ্ধীতে আমার লিখিত প্রবন্ধে যেথানে যেথানে উত্থেন নামের উপ্রেথ দেখিবেন সেইখানেই গভীর জন্ধার পরিচ্যু পাইবেন। আপানি যে প্রবন্ধানিই গভীর জন্ধার প্রবিচ্ছার লিয়ে লেখারের নিয়ে আলার লিখিত নহে। এবং দেই জনাই তাহার নিয়ে লেখাকের নামের আলার আলার বিভিন্ন হয়াছে। লেখাকের ঠিক অভিপ্রায় কি জানি না, বোধ হয় তিনি আচার্যা মহাশারের প্রার্থনার ভাষার প্রতিভ্রামান না, বাধ হয় তিনি আচার্যা মহাশারের প্রার্থনার ভাষার প্রতিভ্রামান এই বলিয়া যদি প্রের জনা প্রার্থনা প্রিভ্রায় করিতে হয় ভাষা

হ ^ত েশ নিজের জনা প্রার্থনাও ছাড়িকে হয়। আমি প্রের
কন্য প্রার্থনা করা দিতান্ত কর্ত্তব্য মনে করি এবং ভাহাতে
কিছুমান দোধ দেখিতে পাই না। ভবে সমদশীতে দুর্মা সম্ব-
ক্ষীয় সকল প্রকার মূভ প্রকাশ হটবার নিয়ম। ভাহাতে
জামার কোন হাত নাই। এই সমদশীতে এমন মুখ্ত
প্রকাশিত হইয়াছে আমি নিতাও এ:তিপুর্ব বোরে সংহার
প্রতিবে করিয়াছি। এই সম্বশীতে একাদকে বাবুরাজ-
্ধুলবৈহেণ কর এবং অপ্রাদিকে বাবু কছণজ বায় প্রভৃতি
সকলের মত প্রকাশিত হইষাছে। আমি নিজে প্রচারক
ন্হ'শ্যুদ্ধিতকৈ লিখিবার জন্য অনেক বার অনুবেশ্য করিয়াছি,
তাহার যদি এখনও অমুগ্রহ করিয়া লেখেন এবং সে
শকল কথা ধৰি অংমার মতের নিভাস্ত বিরুদ্ধ হয় তাহাও
তান পাইবে। আছেছ। বলুন দেখি, এক জন বাক্ষ্মনে
মনে প্রার্থনিরে আবেশকেত। মানেন না, তাহার প্রেক মনের
কথা মনে বাৰিয়া অৰিখানী ২ইয়া থাকা ভাল কিখা প্ৰকাশা
শ্বে ভাষার উত্থাপন করিয়া অপর বন্ধুলিতার স্থারা ভাষার
মীম পাকরিলে লওয়া ভাল। সকল মতে যে সকলের
প্রক। থট্রে এরপে নব, ভবে যে বিধ্যে সংহার সন্দেহ
মাছে, ভাহার √বম্বে হইলে সভ্য নিদ্ধারণেরই স্কুবিধা হয় ∈
ু পুনি হাবিভ ইইলাম যে আপান লোকের নিকট আমে।কে
এটকপ ভাবে দীক্ত্কুরটেলেন দে লক্ষ্মাল্যের আংগ্র
মত শবের প্রতি চেনা ক্রম্যুর নিভান্ত বিদেষ এবং উচ্চেক
অপ্রত ক্রিবরে জনা সংকল ক্রিয়েট আমি লেখনী ধরি-
ষাছে ্তাঁহাৰ প্ৰতি আনাৰ কি ভাৰু ভুগে বলিবৰে প্ৰচাত
জন নাই, কিন্তু আমি ভাৰি ঠাঁগোৱ প্ৰতি আমোৱ বিষেচ্ছৰ
কুরণ কি ৪—ভিনি আমোর কেনে অপকার করেন নাই যে
উত্তরে প্রতিকেপ্ত জ্বিবে স্জিনি অন্ধ্রে স্থতক জেকে
নন যে তাঁহোর পুদার্দ্ধি দেখিল। থিংসা ছাঝাবে । তবে ম.মি.
্ শিত বাবৰ আহাৰ চৰ্বৰ কৰিব কৰিব লাভি ৰাণ্ডিক কৰিব লাভি ৰাণ্ডিক কৈছিল। কিবলৈ এইজন) যে যে প্ৰকাৰ নাঙে ছনিওঁ
্যতিকে এইরপুন্ন হয় - এইরপুকর(তে স্ফি ছাণ্নার)
ार्यस्य ज्ञान्त्रः । चार्यार्यस्य अस्ति । अस्ति । अस्ति । - विद्यालक्ष्मित्रं अस्ति ।
এবলটা দেবিয়া এত বিরক্ত হটর হছন কভাবেল যদিও একট্র
• ২দিকতা আছে, কিন্তু ভাগা হৈ আমন্ত্ৰে লিখিত তইগ্ৰেছ
একপ বলা যায় না মনে করুন রক্মন্দিবের ভুগুণনা,
্লা বিভিন্ন সমূহ কৰে। কৰা সমূহ এক প্ৰতিষ্ঠা । - লিংলিবৈ কেংন অঞ্চ মূদি কে নুউপাসকের ভালেন। লাতে বি
्राप्त । प्राप्त विकास प्राप्त विकास कार्य । इंडिंग्ड क्षित्री तेशी कि क्षेत्र सम्बद्ध । सम्बद्धी संस्कृतिक ।
The second secon

ভারতবর্দীয় ব্রাহ্মসমাক্ষের প্রচারকার্দ্যালয়ের সাহায্যার্থ দান প্রাপ্তি স্বীকার। भा बरर जून क्षाना

মাদিক দান সংগ্রহ। ——ীবুজ কর্লকাগেল সেদা, (গড়াক্) – ,, अमग्रक्षात (घणा, स्मार्भकृत । । । ,, देकलाम-स्युद्धान, ,, भत्रहत्व दश्व জয়গোপাল ফেন্ ,, देवकुर्यनाथ समन ₹. ্, অক্সমুক্ষ্টের র স .. इ.स्ट्रन्य(न तम्ब , . इंग्रक्क दर म 2 | 1 × 2 2 , । बाबलाइक् स्मन, बाउटा 👣 তারকরাথ সভ

और्क वार्ष्ठभूमी के याल (माकामा		بير. ا
্, , গোপারিকাসেন মুখননিংহ		٥,
,, ,, লক্ষ্মীকান্ত দাস বিশ্বনাথ		٤.
_{>>} মৃতিল লে শিল	•••	110
ু, ,, ^{ন্ত্র} াকৃষ্ণ হাজরা		١.
,, , नूशानःस भविक		И.
) ,), भारविष्य भिर्द	•••	17
\ » » সীৰ্ব\শ্ৰাস্ত	• • •	٥
,, ,, ব্যস্তকুমার গ্রহ	* *	7.
্য চুড়াচরণ ফেল মাণিকগঞ্জ		2
১, ১ মংগ্রেমণ্ড মৃত্রিক	•••	4
्रे क्राप्ति । अस्ति । अस्ति । विभागात्रिकार ।	•••	₹.
্ শ্রীমণী সন্প্রভাবসূ	•••	*.
একটা বন্ধু	•••	÷ [] .
্ গ্রাপ্তাপ্ত শ্রেষ্ট্র	• • •	2:1:
কৈরের রাজ্যমন্ত	• • •	ł>
ভেজপুৰ একিম্মাল		۶ .
বিশেষ ভিক্ষা।		
ি শীসুক বাবু প্রদন্তক্ষার পোষ মে'ডপুকুর	•••	21
,, , देकन्। संस्कृत्यम क्र		\$.
্য ্য সানন্থ চক্রবলী স্করগর	***	•
আনুষ্ঠানিক দান।		-
क्षेत्रक रात् तामलाल मादा (मेटाकारक		2
,, 🦸 লক্ষাকাজ্যাস, বিশ্বগ	• • •	
এককালীন দান।		•
े जी दक्षियादु गहमाधा दशाय, वालाक ताम		
 अक्षेत्रका स्थापन स्यापन स्थापन स्यापन स्थापन स्थाप	•••	2
) 33 33 44 (Wide \$18) 1 49)	• • •	*4*
ें के भूरी कियादानी बलाहु के लिखाद		23
हरेके भारता।		
শেপ্টেম্ম র অসম্ভ		5
প্রার্থয় ।	• • •	٠
ইতিক বার সূত্রিমধন সাম		
ি দ্রান্ত বৈলাগেল সেন, মে ভপুকর	• • •	21.
্ বিহারেললে ঘোষ, হারা	•••	÷
পুর লিবিজ্ঞা বন্ধান	• • •	211.
বিদ্যালয়র সংক্রিসমূল্যে	•••	٠ , ١٠
ব কিপুর বা কাদ্য(জ		2
হ জাবিবাল - ঐ	•••	₹ ;.
तः विष	••	\$ n
প্রচন্ধা ঐ	•••	
শুভক্ষোর দাম।	•	ί,
ही पूछ चानू देक शामा स्मान दमन दमा छुन् हुत		
ভারতব্যাঁর ব্রহ্মমন্দির সংস্কারার্থ নিল্ল লিখিত		
দান কৃতজ্ঞতাব সহিত কাঁকুত		ଅଧ
(গত প্রকাশিকের প্র।)		
ভিনুক্ত বাবু রাজকুমার ওংগ, চট্টগ্রাম	· · · ·	>
,, 🕠 চড়ীচরণ মির ই.লার	•••	₹. 18
. বন্য লীংক		* ·

है। युक्त दोई कक्कप्तक्रमार मञ्जूमरात এই পাঞ্জিক পাত্রক। বালকাতা তলত বতনজ কোনোর ইভিয়াম মিরার যালে তহবে জাবাছু এমানিকোচন রাকিত ছার। মুদ্রিত হত্তা।

...

,, ,, वसभ म्ंौ हम्,

प्रश्नावत माम, मामुकि

ধৰ্মতত্ত্ব

প্রবিশালমিদং বিশ্বং পরিত্রং ব্রহ্মমন্দিরং।
চেতঃ প্রনির্মানন্ত্রীর্থ সভ্যং শাস্ত্রমনন্তরং ॥
বিশ্বাসোধর্মমূলং হি প্রীতিঃ পরম্যাধনং
স্বার্থনাশস্ত্র বৈরাগ্যং ব্রাক্ষেরেবং প্রকীর্ত্তাতে॥

১১ ভাগ। ১৪ সংখ্যা

১৬ই আবণ দোমবার ১৭৯৯ শক।

বিধিক অত্যিম মূল্য ২॥• মকঃসলে ঐ ৩।•

व्यार्थना।

হে প্রাণের প্রিয় দেবতা, হৃদয়ের ঈশ্বর আমি অবিশ্রাম্ভ কেবলপ্রার্থনা করিয়া এই পাপ-জীবনের সকল অভাব পূর্ণ করিব। প্রার্থনাতেই আমি জাঁবিত থাকিব, প্রার্থনাতেই আমি বিচ-রণ করিব, প্রার্থনাই আমার জীবনের অমপান হইবে। আমি বিপদ পরীক্ষার সময় সজল নয়নে ব্যাকুলান্তঃকরণে তোমার চরণ ধরিয়া প্রার্থনা করিব, এবং স্থথ সোভাগ্য সম্পদের কালে তোমার ঐ সহাস্য বদনও চির প্রসন্ম নয়-নের দিকে চাহিয়। আনন্দাশ্রু বিসর্জ্ञন করিতে করিতে গভীর কুতজ্ঞভারে প্রার্থনা করিব। অজ্ঞান ও সংশয়ান্ধকারে পতিত হইয়া যুখন মন চঞ্চল, বিশ্বাস বিচলিত হইবে তথন প্রার্থনা করিয়া দিব্য জ্ঞানালোক লাভ করিব, নিরাশার সময় প্রার্থনা করিয়া আশার জ্যোতিতে জ্যোতি-भान हरेत। প্रार्थना जामात विभएनत वसू, मन्भ-দের স্থা, প্রার্থনা আমার গুরু এবং প্রার্থনাই অমার মক্তির শাস্ত্র। প্রার্থন। করিতে করিতে নিদ্রা যাইব এবং প্রার্থনা করিতে করিতে শয্যা হইতে গাত্রোত্থার করিব। পথে চলিব প্রার্থনা করিতে করিতে, এবং ঘোর পরীক্ষাপূর্ণ কার্য্য-ক্ষেত্রে প্রার্থনা করিয়া বল শক্তি উদ্যম উৎসাহ লাভ করিব। রোগে শোকে দেহ মন অবসন্ন

হইলে প্রার্থন। রূপ মহৌষধ পান করিয়। শান্তি লাভ করিব। প্রার্থনার গান সর্বদা রসনায় গান করিব, প্রার্থনার কবিতাহার গাঁথিয়া পরিব। কোন্ প্রার্থনা তুমি গ্রাহ্য করিবে না করিবে তাহা জানি না, হে বিচারপতি ঈশ্বর! তোমার ন্যায় বিচারে যে প্রার্থনার যে ফল দিতে হয় তাহা দিবে আমি তাহার জন্য ভাবিব না। আমি কেবল অবিশ্রান্ত প্রার্থনা করিব। তুঃখীদীন জনের প্রার্থনা তুমি প্রবণ কর ইহাই আমার পক্ষে যথেষ্ট। তুমি শুনিতেছ আমি বলিতেছি ইহাতেই আমার প্রমানন্দ। দকল কার্য্যে প্রার্থনা আমার দহায় হউক, আমি দিবা নিশি অবিশ্রাস্ত প্রার্থনা করিয়া জীবন কাটাইব, এবং প্রার্থনা করিতে করিতে চক্ষের জলে ভাদিব এবং অন্তিমে প্রার্থনা করিতে করিতেই এই জীবন পরিত্যাগ করিব। অনাথ দরিদ্র জনের একমাত্র সহায়! এইরূপ অবিশ্রান্ত প্রার্থনা করিতে আমাকে শিক্ষা দাও। প্রার্থনার অক্ষয় কবচে আরত থাকিয়া আমি যেন নির্ভয় হই। কিন্তু হে দীনবন্ধে! প্রার্থনা যেন সরল হয়। যে প্রার্থনা করিতে না করিতে হৃদয়ভার লঘু হইয়া যায়, তুমি স্বয়ং আসিয়া যাহা শ্রবণ কর, যে প্রার্থনা দারা সাধুরা সকল শত্রুকে পরাজয় করেন সেইরূপ. স্বর্গীয় জীবন্ত প্রার্থনা আমি শিক্ষা করিতে চাই।

এক প্রার্থনাই আমার সকল রোগের ঔষধ হইয়া থাকুক।

गृ ह रेवताहगात निभृ ह शूतकात।

যাহার বাহ্ বেশ দর্শনে লোকের চিত্ত विमुक्ष इय, वाका नवरन श्रान मन উদাস इहेश উঠে, তাহার বস্তু কেমন মনোহর তাহা সহজেই হৃদয়ঙ্গম হইতে পারে। বস্তুতঃ বৈরাগ্য জিনি-ষ্টী অতীব স্থব্দর, মহৈশ্বর্যাশালা নরপতি হইতে পর্ণকুটীরবাদী দরিদ্র পর্য্যন্ত সকলের মনকেই কোন না কোন অবস্থাতে ইহা প্রবৃদ্ধ করে। সহসা কোন জনশূন্য প্রান্তরস্থিত রৃক্ষতলে উপবিষ্ট কোন বৈরাগীকে একতন্ত্রী সহযোগে মগ্নভাবে হরিগুণ সঞ্চীর্ত্তন করিতে দেখিলে काशात मन ना छेठा हैन इस ? विषय विकासत निशी-ড়িত, তুরতিক্রমণায় সংসারজালে বদ্ধ হস্ত পদ শ্রান্ত মানব আত্মীয় পরিবারগণের ছুর্নিবার্য্য বাসনানলে বিদগ্ধ হইয়া যখন তরুতলবাসী সর্ববত্যাগী বৈরাগীর নিশ্চিন্ত জীবন দর্শন করে তখন সে কাদিয়া বলে, '' প্রাণ হয়েছে আকুল, বিরুহে চঞ্চল, না দেখে সেই জীবন স্থায়।" বৈরাগ্যের কঠোর ত্যাগস্বীকার, জীবনব্যাপী কষ্ট সহিষ্ণুতা প্রার্থনীয় হউক না হউক, আসল সামগ্রীটা দকলেরই প্রিয়। কিন্তু ইহা যতই বাহিরে প্রকাশ হইয়া পড়ে ততই ইহার মধুরতা বিলুপ্ত হইয়া যায়। আহা! ঐ ধার্ম্মিক পুরুষ সাধু यूवा मंश्मादतत मकल छत्थ जलाञ्चलि नियादिन, কোন বিষয়ে উঁহার স্পূহা নাই, অহকার অভি-মান কাহাকে বলে ত্বাহা উনি জানে না, ঠিক যেন মাটির মানুষ। এই কথা বলিয়া বৈরাগীকে সকলে সেবা করিতে লাগিল, ক্রমে তরঙ্গরঙ্গিনী হইয়। উঠিল। অন্তরে বৈরাগ্যের নিগৃঢ় জমাট বাঁধিতে না বাঁধিতে উহা বাহিরে বাহিরে অমনি তবে কি বাহিরে বিলাদের **व्या** श्रिल । কপট পরিচ্ছদ ধারণ করিয়া গোপনে গোপনে বৈরাগ্য সাধন করিতে হইবে ? হাঁ, বরং তাহাও জ্বোঃ, কিন্তু অন্তরশূন্য বাহ্ বৈরাগ্য

কদাচ প্রার্থনীয় নছে। কথিত আছে মহাত্মা কবীরজী একদা কোন বেশ্যার সঙ্গে করিতেছিলেন, ইহা দেখিয়া তাঁহার শত্রুগণ তাঁহাকে বাদদার নিকট সমর্পণ করে। কবীরের প্রচহন্ন অলোকিক দেব ভাব সন্দর্শনে ভীত এবং লক্ষিত হইয়া শেষে তাঁহাকে বিদায় দিতে বাধ্য হন। অবশ্য এতদূর আমরা করিতে বলিনা, কিন্তু ধর্ম্মের জন্য যত কিছু কফ বহন করা যায় তাহা যত গোপন থাকে ততই মঙ্গল-দায়ক। বৈরাগ্য সম্বন্ধীয় সহিষ্ণুতা ত্যাগস্বীকার আত্ম বঞ্চনা যে পরিমাণে গৃঢ় হয় দেই পরিমাণে ইহার পুরস্কারও নিগুড় হইয়া থাকে। প্রেমময়ের প্রেমের অমুরোধে তাবৎ বহন করিতে হইবে, সহ্য করিতে হইবে, কিন্তু তাহা যদি অপরকে দেখাইয়া এবং বলিয়া বলিয়া বেড়াই তবে যে লোকের নিকটই ইহার যথেষ্ট পুরস্কার লওয়া হইল ? লোকে যদি বৈরাগীর কচ্টের कथा मकल है जानिया (करल, जिनि कज विषद्य বঞ্চিত থাকিয়া সহু করিতেছেন সে সমুদায় যদি ক্রমাগত বন্ধুগণের দহামুভূতি আকর্ষণ করিতে থাকে, তবে তিনি গোপনে ঈশবের নিকট আর কি পাইবেন ? পৃথিবী যদি বৈরাগ্যের পুরস্কার দেয় এবং তাহাতে যদি বৈরাণীর মন সন্তুক্ত হয়, তাহার ছঃথ ব্যাকুলতার ভার লযু হইয়া যায় তবে স্বর্গে আর কি প্রত্যাশ। রহিল ? অনেক व्यविभागी कलाकलवांनी वटल (य श्रुट्यंत नार्म य मकल लाक लाग मिग्रारक, जवः यত लाक ধর্মভয় করে তাহার প্রধান কারণ লোকের স্ব্যাতি অথ্যাতি। সাধারণতঃ বাহ্য বৈরাগ্যের প্রতি ধর্মার্থীগণের যেরূপ দৃষ্টি তাহাতে এরূপ দিদ্ধান্ত কিছু বিচিত্র নহে। বৈরাগ্যের যথার্থ রসাস্বাদন যতদিন না হয় তত দিন লোকের প্রশংসা একটা প্রধান পুরস্কার বলিয়া বোধ থাকে। কিন্তু এপ্রকার হইলে বৈরাগ্যধন্ম একটা কৌশলময় ব্যবসায় হইয়া উঠে, স্বভরাং স্বার্থপরতা যাহা বিনাশ করাই বৈরাগ্যের উদ্দেশ্য তাহা ভিন্নাকারে याग्न । যে ধার্ম্মক বৈরাগ্যব্রত অবলম্বন করিয়া সরল হৃদয়ে প্রাণপণে বিবিধ ক্লেশ কফ সহু করিতেছেন, তাঁহার সমুদায় চেন্টা এবং ত্যাগদ্বীকার যে নিঃস্বার্থ ইহা অন্ততঃ তাঁহার নিকটম্ব আত্মীয় ব্যক্তির। বিশ্বাস করে এটা তিনি প্রত্যাশ। করেন। তাঁহার চরিত্রে কোন কপটতা নাই, যাহা কিছু তিনি করেন ধর্ম্মের জন্যই করেন, ইহাতে কেহ যেন অবিশ্বাস অশ্রানা করে ইহা তাঁহার প্রার্থনীয়। কিন্তু অনেক সময় প্রত্যা-শার বিপরীত ঘটে। এক ব্যক্তি কপট বেশে হয়ত বহু লোকের শ্রা ভক্তি আকর্ষণ করিতে পারিবে, তাহার জঘন্য দোষ থাকিলেও তংপ্রতি লোকে উপেক্ষা প্রদর্শন করিবে, একজন যথার্থ সত্যপরায়ণ নিহ্নপট সাধুকে তাহার৷ প্রতারক বলিয়৷ নির্যাতন থাকিবে। সাধুর মহত্ত চির দিন অনাদৃত থাকে না, কিন্তু হঠাৎ তাহা সাধারণে বুঝিতে সক্ষম হয় না। তাঁহার উচ্চতম বিশুদ্ধ অভিপ্রায় সক লও পৃথিবীতে অনেক সময় প্রতারণা, নির্দোষ পুণ্যামুষ্ঠান দকল ক্ত্ৰিম ভাণ্ বলিয়৷ ব্যাখ্যাত হয়। এইথানেই বৈরাগীর চরম পরীক্ষা, কিন্তু ইহার ভিতরেই আবার তাহার নিগৃঢ় পুরস্কার। তিনি কাত্র হৃদয়ে সজল নয়নে পরের মঙ্গলের জনা প্রার্থনা করিতেছেন, দেশের হিতের নিমিত্ত পরিশুম করিতেছেন, লোকে বলিতেছে এ স্কল কেবল প্রতারণ', তুরভিদ্দ্ধি চরিতা-র্থের উপায়। এইখানে যিনি রক্ষা পাইলেন তিনিই স্বর্গরাজ্য অধিকার করিলেন। কিন্ত এইরূপ সঙ্কটে পড়িয়া অনেক সংলোক মানব স্বভাবের স্বাভাবিক মহত্বের প্রতি অবিশাসী হইয়। আপনার দাধু দক্ষয় পরিত্যাগ করে। অতএব গোপনে বৈরাগ্যের কন্ট সকল বহন করিয়া গোপনে গোপনে সে ছঃখের ভার ঈশবের নিকট উপস্থিত করিতে হইবে, এবং তিনি গোপনে হৃদয় দেখিয়া গোপনে ও প্রকাশ্যে পুরস্কার দান করিবেন। বৈরাগ্যের স্বৰ্গীয় প্ৰতিভা যে একেবারে লুকায়িত থাকিবে তাহা নহে; কিন্তু এমনি সরল ভাবে তাহা বাহিরে প্রকাশ পাইবে যে তাহাঁর ग्रा

কিছু মাত্র ক্বত্রিমত। স্থান পাইবে না। তাহ।
স্বতঃই লোকের হুদয়কে আকর্ষণ করিবে।
সে স্বর্গীয় সৌরভ কি প্রাচ্ছন্ন থাকে ? যখন
প্রেমের প্র্ন্পাটী বিকসিত হইবে তখন বৈরাগ্যের স্থাময় আন্তাণ তাহাঁ হইতে আপনাপনি বাহির হইয়া পড়িবে, অসময়ে ক্রিম
উপায়ে সে ফুলের কলিকাকে যে বিকসিত করিতে যায় সে নিজেও গদ্ধ পায়না
অন্যেত পাইবেই না। এইজন্য প্রথমে এভাবটী অন্তরে গোপন রাখাই জ্রেয়ঃ। ভিতরে
ভিতরে বর্দ্ধিত হইয়া আপনিই একদিন বাহিরে
দর্শন দিবে। যখন মনে হইবে প্রেমময়ের অন্থরোধে এইটা সহু করিলাম, তখন যে শান্তি
অন্তুত হইবে তাহা অভিশয় মধুর। লোকের
প্রশংসা প্রবণে কি তেমন স্থখ হয় ?

উপাসনাতত্ত্ব।

[প্রার্থনা।]

প্রার্থনা উপাসনার একটা প্রধান অঙ্গ। প্রার্থনাই ঈশ্বর লাভের একমাত্র উপায়। প্রার্থীর নিকটেই ঈশ্বর আপনার দতা প্রকাশ করেন, '' য:মবৈষণুতে স্তদ্যৈষ তেন লভ্য রণতে তকুং স্বাম্॥" ''যে সাধক প্রার্থনা করে, সেই তাঁহাকে লাভ করে। প্রমাগ্না এরূপ সাধকের সন্নিধানে আত্ম স্বরূপ প্রকাশ করেন।" ঈশরের এই অঙ্গীকার 'ভক্ত ডাকিলে আসিব আমি ' সমুদয় দেশের এবং সমুদয় কালের ভক্তেরাও একবাক্য হইয়া ঈশ্বরকে এই কথা বলিতেছেন 'কাতর প্রাণে যে ডেকেছে পেয়েছে তোমায়।' বাস্তবিক যদিও ঈশ্বর সর্ববিবাপী এবং আমাদের অত্যন্ত নিকটে ও অন্তর্তম প্রাণের মধ্যে বর্তুমান তথাপি তাঁহার জন্য আমাদের প্রাণ না কাঁদিলে আমরা ভাঁহার দর্শন লাভে বঞ্চিত থাকি। 'প্রাণ যদি চাহে তোমারে তুমি থাকিতে কি পার দূরে ?' সরল ভাবে তাঁহাকে চাহিলে তিনি আা দূরে থাকিতে পারেন না। তিনি বলেন ্য জন ভালবাদে

यामारत, চাহে मन्नल यस्तत, यामि कि शाति, কথন ছেড়ে থাকিতে তারে ? 'তিনি দর্শন দিবার জনাই প্রতেক মুহুষ্যকে স্মষ্টি করিয়াছেন; যখনই কেহ তাঁহাকে দৰ্শন করিবার ব্যাকুল হয়, তৎক্ষণাৎ তিনি তাহার নিকট প্রকাশিত হন। তিনি প্রতীক্ষা করিয়া আছেন কথন তাহার কোন সম্ভান তাহাকে ডাকিবে। ধন্য সেই ভক্ত! যিনি এইরূপ কথা বলিতে পারেন 'প্রাণ হয়েছে আকুল, বিরহে চঞ্চল, না হেরে সে জীবন স্থায়'। 'আমার আত্মা क्रेश्ट्रत बना, े जीवन क्रेश्ट्रत जना वाक्ल হইতেছে, কবে আমি ঈশ্বরের সম্মুথে উপস্থিত হইব ?' 'মুগ যেরূপ জলাশয়ের জন্য তৃষ্ণার্ত হয় হে ঈশ্বর! আমার আত্মা সেইরূপ তোমার জন্য তৃষিত হইতেছে।' ঈশ্বরকে লাভ করিবার জন্য এরূপ অন্থির হওয়াই প্রকৃত প্রার্থনা। প্রার্থনা শরীরের ক্ষুধা তৃষ্ণার ন্যায় আত্মার একটা গভীর বৃত্তি। যখন ঈশ্বকে লাভ কর। আত্মার পক্ষে নিতান্ত আবশ্যক হয় তথনই এই প্রাথনা বৃত্তি পরিচালিত হয়। যত দিন অন্তরে অসার নীচ ভোগ বাসনা থাকে তত দিন ইহা निर्जीव था क। यथन मन्त्र्र्ग्तरि विषय्र इरथत তৃষ্ণা নির্বাণ হয়, যখন অন্তর সর্বত্যাগী হয় তথনই কেবল মনুন্য এইরূপ বলিতে পারে, "ঈশ্বরের নিকট আমার এই একটা মাত্র ভিকা যেন তাঁহার আলয়ে যাবজ্জীবন বাস করিয়া আমি তাঁহার সোন্দর্য্য দর্শন করি এবং তাঁহার মন্দিরে তাঁহাকে অনুসন্ধান করি।" "আমার এই বাসনা করহে পূরণ। যে দিকে ফিরাই আঁথি সে দিকে তোমারে দেখি, হৃদয় মন্দিরে সদা পাই দরশন। না চাহি বিষয়স্থপ, চাহি তব প্রেমমুখ তা হলে যাইবে হুঃখ, আনন্দে হব মগন।"

যাহার অন্তরে এইরপে ঈশ্বরের অভাব অনুভূত হয়, তাঁহার অন্য অভাব থাকে না। তিনি ঈশ্বরকে লাভ করিয়া পূর্ণকাম হয়েন। বস্তুতঃ যিনি ঈশ্বরের প্রয়োজন অনুভব করেন, তিনিই কেবল চির্মুখী। "এই লও আমার

প্রাণ মন এই লও আমার দর্ববিধন, আর কিছ ধন চাইনা পিতা কেবল তোমার খ্রীচরণ—" যথন মনুষ্য সম্পূর্ণরূপে আত্মেচ্ছা পরিহার করিয়া ঈশ্বরাধীন হইতে অভিলাষ করেন তথনই কেবল তিনি ঈশ্বরের ঐচিরণে এইরূপ আত্মো-পহার দান করিতে পারেন। "হে ঈশ্বর, তোমারইচ্ছা পূর্ণ হউক" ইহাই প্রার্থনার বীছ। বস্তুতঃ আমাদিগের স্বাধীন ইচ্ছা ভিন্ন আমাদের নিজের আর কিছুই নাই। যতই কেন আমর। আমাদের বল বৃদ্ধি প্রেম পুণ্য ইত্যাদির অহঙ্কার করিনা, ঈশ্বর স্বয়ং সে সমুদায়ের অধি-काती। এই জনাই ভক্ত বলেন, 'कि मिर्य পুজিব তোমায় হেন কি ধন আছে, দবে ধন পাপ মন অপবিত্র রয়েছে।' যিনি এই মন অথবা এই আয়েচ্ছাকে ঈশ্বরের অধীন করিতে পারেন তিনিই ধন্য। কেহ কেহ ঈশ্রের ইচ্ছা অথও, স্ত্রাং তাহাপূর্ণইই-বেই হইবে, তবে প্রার্থনার প্রয়োজন কি গ প্রার্থনার দ্বারা কদাচ ঈশ্বরের ইচ্ছার পরিবর্তন হয় না, ঈশ্বর কোন ভক্তের প্রার্থনার বশাস্ত হইয়া আপনার ইচ্ছার বিপরীত আচরণ করিতে পারেন না। এসকল কথা আপাততঃ যুক্তি-মূলক বোধ হইতে পারে; কিন্তু যিনি প্রার্থনার মূলতত্ত্ব জানেন তাঁহার পক্ষে এসকল নিতান্ত व्यमात कथा। कात्रण (य व्यक्ति नेश्वरत्त हेम्हा পরিবর্ত্তন করিবার জন্য প্রার্থনা করে তাহাকে ভক্তি কি আমর৷ বলিতে পারি ? ''ঈশ্বর ভক্তবাঞ্চা কল্লতরু " তিনি ভক্তের বাঞ্ছাই পূর্ণ করেন। তিনি তাঁহার ইচ্ছার বিরোধী পাষ্টের বাসনা পূর্ণ করিবার জন্য কাহারও নিকটে অফীকার 'যাচঞা কর, তোমাদিগকে करत्रन नाहै। দেওয়া হইবে; অন্যেষণ কর, তোমরা প্রাপ্ত হইবে; আঘাত কর, তোমাদের জন্য দার উন্মুক্ত হইবে, 'এমন কে আছে যে তাহার সন্তান তাহার নিকট রুটী চাহিলে সে তাহাকে প্রস্তর অথবা মৎস্য চাহিলে, দর্প দিবে ? যদি পৃথিবীর অসাধু লোক হইয়া তোমরা তোমাদের সন্তানদিগকে উত্তম বৃস্তু সকল দান কর তবে

যিনি তোমাদের স্বর্গন্থ পিতা তাঁছার নিকট প্রার্থনা করিলে তিনি কত অধিক পরিমাণে ভাল দ্রব্য দান করিবেন ?" ঈশ্বর নিজ মুখে বলেন 'ভক্তিভাবে ডাক্লে আমি রইতে পারি কৈ ? আমি ভক্তের অধীন, আমায় জানে দবে চির দিন ভক্তকে দেখিলে আমি আনন্দিত হই।' বাস্তবিক ভক্ত তাহাকে যাহা বলেন তিনি তাহাই করেন। ভক্ত যেমন তাঁহার ক্রীত দাস, তিনিও ভক্তের আজ্ঞাবহ, তিনি ভক্তবাঞ্চা পূর্ণ না করিয়া কোন মতেই স্থান্থির থাকিতে তাঁহার ভক্ত-বাৎদল্য তাঁহাকে পারেন না। এইজন্য ব্যস্ত করিয়া রাখিয়াছে। তিনি শিবং, তিনি প্রত্যেক সন্তানের মঙ্গল আকাঞ্জা করেন. এবং কার্য্য দারা তাহার মঙ্গল বিধান করেন। জঘন্যতম পাষ্টের প্রতিও তিনি নির্দিয় ব্যবহার করেন না। পাপী জগতের উপকার করাই তাঁহার নিত্য ব্রত। তিনি কাহারও অকুশল কামনা করিতে পারেন না। ভক্ত ঈশুরের এই কোমল প্রেম-প্রকৃতি বিশেবরূপে হৃদয়ক্ষম করিতে পারেন, এই জনাই তিনি আশাপূর্ণ হৃদয়ে পাপী জগতের পরিত্রাণ প্রার্থনা করেন। नेषरतत এই শিবদরতে বিধাসই প্রার্থনার জাবন। ঈধর মঙ্গলফরূপ তিনি পাপীকে উদ্ধার করিবার জন্য নিজেই পাপার বন্ধু হইয়া-ছেন, এই সত্যে বিখাস না থাকিলে কেহই व्यार्थना कतिर् भारत ना । रयमन शारनत मूल মন্ত্র 'দত্যং' তেমনি প্রার্থনার মূল মন্ত্র 'শিবং'। ধানের সময়ে ঈথর বলেন 'আমি আছি' প্রার্থ-নার সময় তিনি বলেন 'আমি পাপা ব্যক্তিরও गश्रमाका ज्या कति।' यिनि देशरतत अरे गन-লাভিপ্রায়ের সহিত যোগদান করিয়া প্রার্থনা করেন তিনিই প্রায়ত ভক্ত অথবা প্রায়ত যোগী ্রবং ভাহারই প্রাথনা পূর্ণ হয়। ঈশর সর্বা-শক্তিমান, স্ত্রাং ডিনি যে দকল প্রাথনা পূর্ণ করেন তাহাতে অলৌকিক ক্রিয়া সকল সম্পন্ন হয়। অন্ধ দেখিতে পায়, বধির শুনিতে পায়, মৃত পুনজাবিত হয়। প্রার্থনার সফলতা দেখিয়া ভক্তেরা আনন্দ মনে বলেন 'নাথ! তোমার

প্রসাদ বারি কি গুণ ধরে। বাক্যে নাহি বলা যায়, স্মারণে নেত্র ঝরে। ভারু সাহদা হয়, পাতকীর পাপক্ষয়, অজানীর জানোদয়, অদাধু জন তরে' কত অসাধ্য হইল সাধন, দেখে অবাক্ হলাম না সরে বচন; ভুমি ছুঃখাঁকে কর ধনা, মূর্থকে কর জানা, তাত জানিহে, কর পাপাকে পুণ্যবান্ দিয়ে প্রীচরণ।' হে গুরু কল্লতরু, সকলি সম্ভবে তোমারি নামে। নিমেধে পাতকা যায় পুণ্যধামে।'

উদারতা ও বিশ্বাসের স্থিরতা।

সকল স্থান হইতে আদ্রপূর্ব্বক সত্য গ্রহণ করিব, জাতি বা ব্যক্তি বিশেষের প্রচারিত বলিয়া তাহার প্রতি বিদ্বেষ নয়নে দৃষ্টি করিব না; এবং বিরুদ্ধ ধর্ম মত ও অনুষ্ঠানের প্রতি সহিষ্ণু হইয়া ত্ৰুটি ছুৰ্বলত। সত্তেও সকলকে প্রেমের চক্ষে দেখিব, এই জন্য আমরা উদার-তার পক্ষপাতী হইয়াছি। ব্রাহ্মধর্ম এক সময় স্ক্রীর্ণ হিন্দুর্নীমার মধ্যে আবন্ধ ছিল, ঈশ্বরের শ্রশন্ত পুণ্যক্ষেত্রে কোথায় কি রক্ন নিহিত আছে তাহা সে জানিত না, জানিয়াও চিনিতে পারিত না। "ভারতবর্ষীয় ব্রাক্ষদমাজ" স্থাপনের পর সে স্ক্রীর্ণ প্রাচীর ভগ্ন হইল, বিবিধ ধশাগ্রন্থ হইতে নানাবিধ বহুমূল্য সত্য তাহাতে সন্নিবিউ হইল। পরে বিদেশীয় সাধু মহাত্রা-গণকে কিরূপে ভক্তি শুরা প্রদান করিতে হয়, সকল দেশের ধর্মাত্রাদিগের সঙ্গে কিরূপে ঘনিউতা সম্পাদন করিতে হয় তাহা আমরা শিক্ষা পাইলাম। এই সময় হইতে সমস্ত মানব-জ।তির মধ্যে ধয়ের যেখানে যে ভাব উত্ত হইয়াছে তাহার প্রতি আমানের অনুরাগ র্কি হইয়াছে। ভ্রান ভক্তি সদত্মতান সহয়ে যিনি যাহা বলিয়া গিয়াছেন কিন্তা দুটাত প্রদর্শন করিয়া-(इन जरममूनायंहे आभारनत माहाया कतिन। উদারতার প্রসাদে আমরা এই অমূল্য অধিকার পাইয়াছি। কিন্তু আমরা উদারতার পক্ষপাতী হইয়া কি কোন প্রকার স্থির ভূমিতে চিরকাল শাকিতে পাইব না ? ইহা দারা বায়ুনিঃক্ষিপ্ত ভূষের ন্যায় কি আমরা অস্থির ভাবে যথা ইচ্ছা তথা ভ্রমণ করিব ? কখন না, তাহা হইলে আমা-দিগকে যথেচ্ছাচারী ইহতে হয়, অন্ধ উদারতার মধ্যে পড়িয়া প্রাণ হারাইতে হয়।

কেহ কেহ মনে করেন ধর্ম ও নীতির মূল সত্য হইতে শেষ পৰ্য্যস্ত সমুদায় যাহা কিছু আছে তাহা বিচারাধীন। চিরদিন তাহা লইয়া তর্ক বিতর্ক चात्मालन कतिरा हहेरत, ना कतिरल भक्षी-র্ণতা দোষ ঘটিবে। আমরা বলি, অস্ততঃ বিশ্বাসী বলিয়া যাঁহারা ধর্মজগতে নাম স্বাক্ষর করিয়া-ছেন, তাহাদের কতিপয় মূল সত্যের প্রতি দৃঢ় নিষ্ঠা থাকা নিতান্ত আবশ্যক। যাঁহারা বলেন আমরা সত্য ন্যায় পবিত্রতা ঈশ্বর পরলোক প্রার্থনার প্রয়োজনীয়তায় সম্পূর্ণ বিশ্বাস করিয়াও ঐ সকল সত্যের বিরোধীদিগের সঙ্গে তর্ক বিতর্ক করিব, জ্ঞান যুক্তি ন্যায় শাস্ত্র দিয়া তাহাদের ভ্রম বুঝাইয়া দিব তাঁহারা তাহা দিন, কিন্তু চিহ্নিত বিশ্বাসীদিগের মধ্যে এ সকল সত্য লইয়। যদি চিরদিন তর্ক বিতর্ক চলে তবে সে ধর্ম্মের নিতান্ত ছুরবস্থা বলিতে হইবে। যাহার। নাস্তিক মত পোষণ করিবার জন্য জ্ঞানগরিমা প্রদর্শন করিতে আদিবে, বাক্কৌশল বিস্তার করিবে, সত্যকে মিথ্যা, মিথ্যাকে সত্য বলিবে, বিশাসী দলভুক্ত ত্রাহ্ম তাহাদিগের সঙ্গে তর্ক कति एक भारतम ना। धर्मा कि अकी वाक् यूक ? না, বিদ্যা বুদ্ধি পরিচয় দানের উপলক্ষ ? অবি-খাসী নাস্তিকের সঙ্গে আবার তর্ক কি ? ব্রাক্ষ হইয়। কেহ যদি ঈশ্বরের অস্তিত্ব, পাপ পুণ্যের ভেদাভেদ, প্রার্থনার ফলোপধায়িতা অম্বীকার করত নাস্তিক বিদ্যার পরিচয় দিতে অভিলাষী হন, তবে তাঁহার ব্রাহ্ম নামের অগ্রে আর একটা বিশেষণ যোগ করিয়া দিতে হইবে। নিরীশ্বর-বাদী ব্রাহ্ম, প্রত্যক্ষবাদী ফলাফলবাদী বা নিয়ম-বাদী ব্রাহ্ম, এইরূপ ভিন্ন ভিন্ন বিশেষণ আবশ্যক। একজন বলিলেন, ঈশবের বিধাতৃত্ব শক্তি নাই, পরলোকে বিশ্বাস ভ্রম, প্রার্থনা করিলে কিছু হয় না, অধিক সংখ্যক মনুষ্যের যাহাতে অথ

হয় তাহাই নীতি, মদ্যপান ব্যভিচার, চৌর্য্য, বারবণিতার সহিত আমোদে যদি জনসমাজের কোন অমঙ্গল না হয় তবে তাহাতে পাপ নাই, এ বিষয়ে আমি যুক্তি ও অকাট্য প্রমাণ দিতেছি, ক্ষমতা থাকে তোমরা থণ্ডন করিয়া আমাকে পরাজিত কর। এম্বলে কি আমরা তাঁহার দঙ্গে তর্কযুদ্ধে প্রবৃত্ত হইতে পারি? তর্ক করা বিচার করা এক প্রকার বাক্ চাতুরী; কোশল ও যুক্তি ছারা সত্যপক্ষ সমর্থ নকারী-কেও নির্বাক্ করা যাইতে পারে; বিশাসী ব্রহ্মোপাসকের পক্ষে কি এ কার্য্য শোভা পায় ? ঈশবের নাম রুণা লইলে যদি পাপ হয় তবে ইহাতে আরও মহাপাপ হইবে। এরূপ রুথা বিচারে প্রবৃত্ত না হইলে যদি অমুদার সঞ্চীর্ণ হৃদয়, কুসংস্কারী ভীরু বলিয়া তিরস্কৃত হইতে হয় তাহাও প্রার্থনীয়, তথাপি নাস্তিক . কিম্বা যোর অবিখাদীর সঙ্গে ধর্মবিষয়ে রুথা তর্ক कतिरव ना । याशास्त्र विश्वास्त्रत खित्र जूमि ना है, এবং যাহারা পুনঃ পুনঃ আপনার মূলভূমিকে পর্যান্ত পরিত্যাগ করে, বিশ্বাসী ব্যক্তি কেনইবা তাহাদের দঙ্গে বিচারে প্রব্র হইবেন ? তাঁহার কি আর অন্য কোন সংকার্য্য করিবার নাই ? যিনি কোন ব্যক্তির উপাসনা প্রার্থনা স্তব স্তুতি লইয়। ব্যঙ্গোক্তি ও নানা প্রকার আমোদ পরিহাস করেন এবং তাহার মধ্যে ছুই একটী व्यमः नाम वाका वा वाक्रित जून (मथाईया (मन, তাঁহার সঙ্গে কেবল সেই ব্যক্তি তর্ক করিবে যে প্রার্থনা মানে না, প্রার্থনার পবিত্র গান্ধীর্যা যাহার কথন হৃদয়ঙ্গম হয় নাই ; বিশ্বাসী সাধক ঈশরের প্রিয় সেবক তাহাতে কর্ণপাতও করেন না, যদি করেন তবে সে কার্য্য ভদ্রতা ও নীতি-বিরূদ্ধ এবং দেবনিন্দ। বলিয়া তাহার প্রতিবাদও করিবেন, কিন্তু তর্ক করিবেন না। বলেন আমি তোমার প্রার্থনা লইয়া ব্যঙ্গ করি-লাম, তোমার উপাদনা স্তব স্তুতির ভুল ধরিলাম, তুমিও আমার দঙ্গে সেইরূপ আচরণ কর, আ मार्क युक्ति তर्क् ठेकां ७, काहात क्रय हम राज्या যাউক। ভাঁহার যদি কিছুমাত্র ঈশ্বরভক্তি থাকে

তবে তাহার অন্তিমকাল উপস্থিত হইয়াছে বলিতে হইবে; কেন না যে নিজে প্রার্থনা উপাসনা স্তব স্তুতি করিয়াছে, অমুতাপ ও ভক্তির জলে কথন ভাসিয়াছে ঘোর বিকারগ্রস্ত না হইলে আর তাহার মুখ হইতে এমন দেবনিন্দা বাহির হয় ন।। তিনি যদি ক্রমাগত বাচালের न्याय প্रार्थन। लहेया পরিহাদ করেন, প্রথমে তাঁহার হস্ত ধরিয়া বিনয় করিতে হইবে, তাহার পর চরণ ধরিয়। কাঁদিতে হইবে, ইহাতেও যদি তাঁহার দয়া না হয় এবং দ্রবল দেখিয়া তিনি যদি আরও আক্রমণ করেন তবে দে দেবনিন্দাকারী ভীরু ব্যক্তিকে বিশ্বাসী জগতের বাহিরের লোক মনে করিয়। উপেকা করিতে হইবে। খাঁহার। ঈশ্বর পরকাল সাধুভক্তি, পাপ পুণ্য প্রভৃতি বিষয়ে বিশ্বাস স্থির রাখিতে চান তাঁহারা কল্লিত উদারতার মোহজালে পতিত হইয়। যেন কাহার প্রার্থনার প্রতি ব্যাক্ষোক্তি না করেন। যাঁহার। এ সমস্ত মূল বিষয়ের উপর তর্ক বিতর্ক করা উদারতার চিহু মনে করেন তাঁহাদের সঙ্গে কেহ যেন কথন ধর্মসম্বন্ধে কোন নিগু ় কথা হঠাৎ না কহেন। মূল সত্ত্যে দৃঢ় विश्वामी न। इहेरल ४५ (कवल मात्रशिक अंवस् মাত্র হইয়া থাকে। ধর্মের উদার বিস্তৃত ক্ষেত্র আছে, দেখানে মুক্তভাবে বিচরণ কর, কিন্তু ঈশবের পবিত্র বেদীর সম্মুখে চিরদিন মস্তক নত করিয়া রাখিতে হইবে। ব্রাহ্ম হইয়া ত্রাক্ষের প্রার্থনা লইয়া যদি পরিহাস করিল তবে ধর্মের বন্ধন ওশাসন আর কোথায় থাকিল ? এই জন্য আমরা বলিতেছি, প্রাগুক্ত কয়েকটী সতা যেন সমালোচনার অতীত স্থানে আমাদের মস্তকের উপরে দর্বাদা অবস্থিতি করে। ইহার শাসনাধীনে থাকিলে সকলেরই প্রাণ রক্ষা হইবে, নতুবা উদারতার স্রোতে কর্ণহীন তরণীর ন্যায় কে কোথায় ভাসিয়া যাইবেন তাহার ছিহ্নও পাওয়া যাইবে না। যে উদারতা সত্য প্রিয়তা ও ঈশ্বরভক্তিকে অতিক্রম করে তাহাকে যথেচ্ছা-চারিতা বলে।

ধর্ম পু চারকের পরীক।।

প্রাচীন কালের সাধুরা ধর্মের নামে যে সকল কন্ট সহু করিয়া গিয়াছেন তাহার সঙ্গে जूलना कतिरल धक्कशकांत्र मौधकिंगरात विश्रम পরীক্ষা কন্ট যন্ত্রণা কিছু নয় বলিলেই হয়; তথাপি ব্রাহ্মসমাজে সময়ে সময়ে যে সকল ঘটনা সংঘটিত হইয়াছে এবং তাহার মধ্যে দয়া-ময় ঈশবের করুণার স্পষ্ট চিহ্ন যাহা লক্ষিত হইয়াছে বিশ্বাদীর পক্ষে তাহা সামান্য নহে। সম্প্রতি :লা শ্রাবণে আমাদের কোন বন্ধু যে ঘোর বিপদে পড়িয়া ছিলেন তদ্বান্ত পাঠ করিলে অনেক ব্রাক্ষের ভক্তিভাব উত্তেজিত হইবে। বিষয়টা অতি গভীর এবং পবিত্র; ধর্মরাজ্যের একটা জীবন্ত ঘটনা, এই জন্য আমরা উক্ত বন্ধুর পত্র খানি অবিকল প্রকাশ করিতে বাধ্য হইলাম। তাঁহার রুচি ও ইচ্ছার সম্পূর্ণ অমুমোদনীয় না হইলেও ত্রাহ্ম বন্ধুগণের উপ-কারার্থ ইহা উদ্ধৃত করা গেল।

''প্রির বন্ধ। আজ আপনাকে প্রণাম ও আনিক্রন করি। আমি পরদোক হইতে ফিরিয়াআসিয়াছি। বাস্ত-বিক পৃথিবীর নিকট তো আমি বিদায় লইয়া ছিলাম, আমার দে মোহনিত্রা ভাঙ্গাইল কে? আমায় আবার পৃথিৰীর ক্লোড়ে আনিল কে? আমি ধূলি অপেকাও অসার, আমি অসারের অসার, এই হুই কথা আমার হৃদরে রক্তের সহিত লিখিত থাক্। আমি তো সকলের নিকট 'হইতে বিদায় দইয়া ছিলাম, আবার আমায় পত্র লিখিতে বসাইল কে? আমার পাগল মম এখন প্রের সধার কথা শুনিতে ভালবাদে, ভাঁছার কোন কথা বলিতে গোলে আমার হৃদয় ভাবের তরকে ও নয়ন অঞ্চল্লে ভাসিয়া যায়, এজনা সে কণা আর কাহাকে? বড় বলিতে ইচ্ছা হয় না। লিখিতে গোলে চক্ষের জল, খেতে বসিলে চক্ষের জল, উপাসনায় বসিলে চক্ষের জল। আমি অকর্মণা ছইয়া পড়িয়াছি। এত দিন আমি কত লেখা পাঠাইতে পারিতাম। আমি একা বসিয়া থাকি আর সেই সুখের তরক্ষে ভাসি, কিছু দিন এই রূপে যাইবে। এথানেও আসি-ডাম না, কেবল অন্ধীকার করিয়াছিলাম বলিয়া। এ এাপারটা বড় বলিতে ইচ্ছা করে না, বলিতে গেলে শারী-রিক এক প্রকার ক্লেশ হয়, ও মন কি অদ্ভুত ভাবের ভিতর মগ্ল ছয় তাহা আর প্রকাশ করিতে পারি না। যেখানে এই ঝাপার হয় সেই স্থানটী ছাপরা ছইতে নয় ক্রোশ

অন্তরে। ভাছার নাম ইস্বাপুর, বিখ্যাত চেংরের গাঁ। পরে শুনিলাম আমি সাম্পনি গাড়িতে আসিতেছিলাম। কভকট। খোড়ার গাড়ির (মন্ত বংহলে টানিয়া থাকে) ঠিক সন্ধার সময় এখানে উপস্থিত ছইলাম। আব কোন প্রথিক त्रहिल ना, এবং সেখানে যে এक। कि शंकत शांकि शांक ना ভাহার বেশ প্রমাণ পাওয়। গোল। কেবল স্বামিই একা সেথানে থাকিলাম। দোকানদারেরা দোকান তুলিয়া চলিয়া গেল। সরকারী রাস্তার উপর গাড়ি খানি রাখা গেল এক ধানি ভাড়িও মদের দোকান আছে তাহাতেই জন ক্রেক লোক থাকিল, আর একটা Leter Box খাম্বার উপর ঝুলান রছিয়াছে। এখানে ডাক রনারদের একটা আড্ডা আছে, তাহাদের জন্য এক থানি ঘরও দেখিলাম। সে দিন রবিধার বলিয়া গাড়িতেই সামাজিক উপাসনা করা গেল। আপনার নিয়মিত সায়ং ক্ত্যাদি সমাপন করা গেল। কিন্তু মনের ভিতর এক প্রকার অজ্ঞাত আশক। হইতে লাগিল। কেমন যেন আপনাকে নিরাপদ मत्न इहेन ना। ब्राजि यथन २। ১० টা वहेर गाड़िब ৰিশ হাত তফাত এক ক্ষেতে বসে জ্বন তিনেক লোক কি পরামর্শ করিতে লাগিল। ঐ ঘটনাতে আমার মনে নানা প্রকার চিন্তা আসিল। আবার ভাবিলাম হর তো পথিক লোক বসিয়া আছে মিধ্যা আশকা করিতেছ কেন? অব-শেবে জল খেরে শুইলান। কিন্তু বুক্ হুড় হুড় করিতে লাগিল, আবার তাঁহার নাম ও সহবাস ক্ষরণ হওয়াতে সে দুর্কল-ভাটী চলির। গোল। খানিক বুম হইল, কিন্তু মশার ক।মড়ে ষুমটী ভাঙ্গিয়া গেল। এইরপ হুই ভিনবরে তলা আসি-তেছে আবার জাগিতেছি। কিন্তু তাড়ির দোকানের জটলা আরে ভাঙ্গেন।। অবশেষে শেষ বারে যখন সুম ভাঙ্গিল তখন প্রায় রাত্রি ছুইটা ছইবে। চারিদিক্ অন্ধকারে আচ্ছন্ন, নিশীপ সময়, প্রকৃতির নিজন্ধতা, কুকুর গুলো ঘেট গেট করিয়া ডাকিতেছে। আমি সেই সময় উঠিয়া ৰণিলাম। মনট। খুব ভাবের তরক্ষের ভিতর ভুবিয়াগেল। বেশ গোয়াছিলমে যে তাছা আর নিজে কিছু ধলিতে পারি না। সম্ভোগ করিতেছি এমন সময় একটা ডাকোতে হাঁকে উঠিল; महमा जातात मन (म ताका इदेह कि तिता जामिल, मर्या-শরীর ডে'ল হইলা আদিল। সেই হাঁকে বেগে হয় জন[া] বলিব না, কেননা তালার উপযুক্ত নই। খানিক পরে ১০। ১২ লেকি ডাকাতি রক্ষের হাঁকে দিতে। দিতে ভ'ড়ির লোকানের নিকট আসিল। সেই হাঁকে বাস্তবিক পেটের পীলে চম্কে যার। আমারে মন সম্পূর্ণ অসহার ছইরা ভরে ছাপে তঁ ছাকে ধরেণ করিতে প্রব্র ছইল। খানিক একার। শিষ্ঠারের স্থিত দর্থেরকে ডাকিতে लाशिलाम। কিছু পরে ভাঁহাদের মধ্যে গোলমাল উঠিল, কেছ কেছ ক্রমণেত গালি লিভেছে, কেছ বা মাটীতে আক্ষালন করি-তেতে ও লাঠিব স্বারো ভূমিতে আখাত করিতেছে, আবোর কেছ ঠাটা করিয়া বলিতেত্তে, 'শোলা ছোট্টাছ্যায়, ছাম্ একেলা এক লাটিচে শির তোড় দেকে"। খানিক পরেই

একজন ৰলিয়া উঠিল ''বাস্ আবি সোটো আউর একজন বলিল? হাঁ আউর ক্যা আবি লোটো আউর মার্ডালো এই কথা শুনিবা মাত্র আমি অভিন হইয়া গেলাম, জীবনের সমুদায় আশা ভরদা পরিভাগা করিয়া তাঁহার ক্রোড়ে গিয়া লুক্কায়িত হইলাম। উঃ! আর বলিতে পারিনা, ভয় হুঃখ স্তভাসে সর্ব্বশরীর কাঁপিতে লাগিল ; এক-বার ভাবিলাম আমি চীৎকার করি, আবার ভিতর হুইতে কে বলিয়া উঠিল দূর অবিশ্বাসী ! অবশেষে চারিটী কালা-ন্তক যমের মত চেহারা, প্রকাণ্ড লাঠি ছাতে করিয়া গাড়ির কাছে চারিদিকে দাঁড়াইল। একজন ডাকিতে লাগিল 'আরে वत्नात्रान् 'रागाष्ट्रात्रान्तक धे तम्रान वत्नात्रान करक छेटा। ইছার মধ্যে দল হইতে আর একজন লোক আর এক গাঁরের লোক ডাকিচে লাগিল, কেবল এই কথা**টা** বুঝিতে পারিলাম "ত্শিয়ার রছো"। আমার মন তথন উন্মত প্রায় ছ^{ট্}য়া**ছে,** বড় সংজ্ঞানাই | সেই অবস্থাতেট আমি তাহাদি-गर्क दिलाएं लागिलाम, कि बिताहि मत कथा मत्न नाहे, যাহা আছে তাহা এইরপ ভাবের। দেখ, আমি সেরপ বাবু নই, গাড়ি দেখে ভোমর। মনে করিতে পার আমার নিকট অনেক টাকা কড়ি অংছে, কিন্তু আমি কোন চাক্রি করিনে, কেবল ভগবানের নাম করে ও ভজন করে বেড়াই, ভবে যাহা ষাছে তাহা তোমরা লইয়া যাও। এই কথা বলিতে বলিতে আমি হু হু করিয়া কাঁদিতে লাগিলাম। "তু দয়লে দীন (ই) তু দানী হৌ ভিগারী' আর "চাকুর ঐ দোনাম ভোমার" এই ছুই হিন্দি ভজন গাইয়াছিল।ম। এই ভজন গাইতে গাইতে কখন যে গজনে হইয়। ছিলাম। তাহাও গামি জ্যান না। শেষে আমার বাহিরে যে কোন অবস্থা ভংগাড়ে তাছা আরে মনে হিল না। প্রিয়সখার সহবাস ও দশনি সুধার মধ্যে মন ভূৰিয়া গিয়াছিল। প্রথম যখন ঐ রূপ ভাব হয় তথন আমার গাড়োয়ানকে তাকিলে ইচ্ছা হয় নাই, ভায়ে হুঃখে আমি ভাঁছার নিকট এমন ভাবে হার! পরলোক হইতে কিরিয়া আ'সিলাম। আমি আ'র আপনতে ছিলামনা। অংমি আর উংহার প্রেমের কথা আর দেখি কোন গোলমাল নাই। আমার বরদে এমন কারা কাদি নাই, প্রাণের দারে যেন ছেলে মানুষের মৃত হইয়া গিরাছিলাম। হার! কি হুন্দর ভাব। এমার ভার আর আমার প্রকাশ করিতে ইচ্ছা হয় না, যেন গোপনের ধন গোপনেত রাখি। খানিক পরে এক জনবলিতেছে ''আরে উরে। ভকৎ হাার' বাস্তবিক আমার জীবনের মূল্য নাই, সকলই ওঁছোর, কেবল পাপ আমার । আপনাদের চরণ ধূলিরও উপযুক্ত নহি। আমি এবত ধারণের কোন উপস্কু পাত্র নছি। কি জানি আমার কেবল এই কথাই মনে হয়, ভাঁহার প্রেম আমার সর্ব্ব শরীরের

রক্ত, উঁহার পদধূলি আমার মন্তকের ভূষণ, আপনাদের
চরণ ধূলি আমার চক্ষের অঞ্জন। আমি আর এ পৃথিবীর
বাস্তবিক উপযুক্ত হইলাম কৈ ? বাস্তবিক সে সেবা করিলাম
কৈ। সকল বন্ধুদিগকে আমার প্রণাম দিবেন, আমি তাঁহাক্রির আলীর্কাদ অভিদাষ করি। আমি তাঁহাদের অম্পর্শীর,
এ অপবিত্র জীবনের পোভা আপনার), অমার মরনের জল
এখন খামার কে ? তবে এই পর্যান্ত রহিল। কি আশ্চর্যা!
আমার কিছুই অপহত হর নাই ?"।

আপনার

* * *

शास्त्रज ।

্ মুদ্রাসকল পরীক্ষিত হউক, তাহা হইলে কুটীর ধারী তপস্থিগণ অন্য কার্যোর অহুসরণ করিবে।

আমার এই পরামর্শ যে বন্ধুগণ সমুদার কার্য্য বিসর্জন করিয়া স্থার কুঞ্চিত কুন্তল আশুর করেন।

সহযোগী রন্দ পান পাত্র দাতার চিকুর অবলম্বন করি-য়াছেন, ভাল, ভাঁছারা স্থায়ী হইবেন।

সংস কবিতা ও বংশিধনি যোগে স্ত্য করা স্থের ব্যাপার, কিন্তু যে স্ত্যে কোন স্থার হস্ত ধারণ হয় তাহাই উৎক্ষা।

্বৈরংগোর বাছবল সংসংরের রূপবানদিগোর নিকট প্রকাশ করিও না, এই দলের এক এক জন বীরেই এক এক দ্বৰ্গ অধিকার করে।

কাকের লজ্জা নাই, তজ্জনাই পুল্পের উপর পদস্থাপন করে, বোল্বোল্দিগের উচিত যে অঞ্চল যোগে কণ্টক ধারণ করে।

বত্কাল হইতে তত্ত্বদলীগণ তোমার পথ ধূলিকে চকুর অঞ্চন করিবার জন্য তোমার গাম্য বর্ত্ত মন্তক স্থাপন করিয়া আছেন।

হাক্ষের প্রতি প্রধান পুরুষদিগাের সহামু-ভূতি নাই, যদি পার ইহাদের নিকট হইতে চলিরা গিয়া একান্ত আঞ্চল কর।

এছানে সহত্র কথা কেল স্ত্র অপেক্ষা স্ক্রাঃর বটে, যে জন মন্তক মুগুল করে সেই যে বৈরাগ্য ভব জানে ভাছা

নেত্রনীরে নিমগ্র ছইয়াছি, উপায় কি করি ? গভীর জলে সকলে সম্ভরণ জানে না।

যিনি সুবর্গ উৎপাদন করিতে জানেন, অখচ দরিছে-দশাপর, আমি এরূপ পুথত্যাগী প্রমত্তের সাহসের দাস।

ভূমি অষক্রীনী দরিক্রদিণের ন্যার পারিঅমিকের প্রভা-শার সেবা করিও না, সথা স্বয়ং দাস প্রভিপাণনের প্রণালী জানেন।

বন্ধুগণ ! সধা, ছাক্ষেক্তের জ্বন্ধকে শিকার করিতে চাছেন, বেনপক্ষী মক্ষিকা শিকারে উদাত।

কোপার এরপ প্রকৃষ্ণ প্রমন্ত সহযোগী, যে ভাঁছার অনুথাছের শরণাপন্ন হট্যা একজন দিয়া ছাদ্য প্রের্থমক আকাজ্যা জ্ঞাপন করিতে পারে।

যদিচ প্রেমমার্গধর্মর দিগের সঙ্কেত ভূমি, কিন্তু বে জন বুঝিয়া চলে, সে শক্তর উপর জয়লাভ করে।

পান পাত্র বিষাদের পথে প্রাচীর স্বরূপ, ইহাকে হন্ত-চ্যুত করিও না, করিলে শোক প্রবাহ ভোমাকে স্থানচ্যুত করিবে!

উদ্যানপাল! ভোষাকে বে হেমন্ত ঋতুসন্বন্ধে উদাসীন দেখিতেছি, খেদ সেই দিনের জন্য, যে দিন হৈমন্তিক বারু ভোষার স্থান কুসুম ছরণ করিবে।

জ্বগতে দম্ম নিডিডনর, তুমি নির্ভর ছইও না যদিচ অদ্য ছরণ করে নাই কিন্তু কদ্য ছরণ করিবে।

আমার হৃদরে আমি যে সকল গুণ জ্ঞান চরিশ বৎসরে সঞ্চর করিরাছি, ভর পাইতেছি যে সেই প্রমন্ত চকু তাহা সম্পূর্ণরূপে হরণ করিবে।

হাকেজ! বদি তাঁহার প্রমন্তনেত্র তোমার প্রাণ আ-কাজ্কা করে গৃহকে খূন্যকর, তাহাকে দেও লইরা যাউক। প্রাতঃসমীরণ নিখাস সৌরভ বিকীর্ণ করিবে, বর্ষীরসী পৃথিবী পুনর্বার যুবতী হইবে।

কুসুম প্রিয়পদার্থ, তাহার সহবাসকে পরম লাভ বলিয়া স্বীকার করিও, সে এই পথে উদ্যানে স্বাগমন করে ঐ পথে চলিয়া যাইবে।

বোদবোদ যে এই বিরহ শোকের অত্যাচার বছন করিদ দে পুষ্প নিকেতন পর্যান্ত আর্ত্তনাদ করিয়া গমন করিবে।

হুদর ! অদ্যকার আনন্দ কল্যকার জ্বন্য রাখিও না, কল্য কে ডোমার জীবন সম্পত্তির প্রতিভূ হইবে।

মস্জিদ হইতে প্রালয়ে আগমন করিয়াছি বলিয়া দোষী করিও না। উপদেশের সভাদীর্ঘ, সময় চলিয়া যাইবে।

সকল স্ফীর ধনসম্পত্তি বিশুদ্ধ আরুত্রিম মছে, আনক স্ফীর শিকানামক বৈরাগ্য বস্ত্র অনলে দম্ম ছঙ্য়ার উপ-বক্ষ।

পরীক্ষা ভূমিতে আনরন করিলে উত্তম হর, তাহা হইলে যাহার) মিশ্বাচারী তাহাদের মুখ মলিন হইবে।

যাছারা সম্পদ সুথে প্রতিপালিত, তাহারা স্থার পথ অবদম্বন করিতে পারে না। প্রেমিকতা হুংখ সহিষ্ণু প্রমন্তর্গাণেরই বটে।

নীচ সংসারের জন্য শোক কত করিবে। সুরাপান কর, থেদের বিষয় যে জ্ঞানীর ছদয় চিন্তাকুল থাকে।

যদি সেই রূপবান পান পাত্রদাতার হভে সুরা থাকে,

ভবে স্বাৰণিক্ পূজার জাসন বৈরাগ্যের বেশ দরবেশ ্ছইতে আছণ করিবে।

ভারতব্যা য় ব্সামন্দির।

আচার্য্যের উপদেশ।
[ঈশ্বরের বাণী এবং মনুষ্য ভাষা।]

রবিবার ২৫শে আষাঢ়, ১৭৯৯ শক।

কথিত আছে ভাষা আত্মাকে বিদাশ করে; কিন্তু ইছাও সত্য ভাষা ধর্ম-জীবন গঠন করে। ভাষা প্রাণ বধ করে ইছা যদি সতা হয়, ভাষা প্রাণ দেয় ইছাও সত্য। ভাষার বল, ভাষার জীবন, ভাষার পবিত্রতা বুঝিতে আমা-দিগোর অনেক বিলম্ব আছে। অনেকে বলেন ভাষা পরিত্যাগ কর, কেবল অন্তরের ভাব অবলম্বন করিল অর্গে প্রবেশ কর। ইহা অমূল্য কথা ; কিন্তু ভাষার ভিতর দিয়াও স্বর্গে যাওয়া যায়। কোন্ ভাষার কথা বলি-তেছি ? সংস্কৃত ভাষার কথা। প্রকৃত বিশ্বাসী স্বভাবতঃ সংস্কৃত ভাষার পক্ষপাতী। আধুনিক বাঙ্গলা ভাষা তাঁহার চক্ষের বিষ। কেননা তিনি জ্ঞানেন এই নিক্নয়ট• ভাষার উপরে পরিত্রাণ নির্ভর করে না। মুক্তির ভ'ষ', সংক্ষত প্রাচীন ভাষা। ভক্ত যিনি তিনি চিরকালই সংক্ষত ভাষার আদর করেন, কেননা সংস্কৃতই মূল ভাষা, বাঙ্গালা অমুবাদ। সংস্কৃত দেব-ভাষা, বাঙ্গালা মহুষা ভাষা। একটা চিরকাল আছে, অপরটী আজ কালের। একটী সারপূর্ণ, এবং স্থকোমল, অপরটী আপান্ডতঃ চাক্চকাময়, কিন্তু অসার। একটা শুনিবা মাত্র প্রাণ সঞ্জীবিত এবং হৃদয় সংক্ষৃত হয়, অপরটা নির্জীব এবং হুর্বল। সর্ব্বভই এই ছই ভাষার বিরোধ। কেন বিরোধ হয় ? দেবভার সঞ্চে চিরকালই অস্থরের বিবাদ। ঈশ্বর বলিলেন আমি সংস্কৃত বলিব, মনুষ্য বলিল আমি সংক্ষত বুঝিতে পারি না। ঈশ্বর বলিলেন প্রেমের ভাষা, ভাঁছার হৃদরের ভাষা: কিন্তু অপ্রেমিক মুষ্য তাহা গ্রহণ করিতে পারিল না। এই জনা প্রাচীন সংক্ষত ভাষা বিরল হইল। সেই ভাষা মলিন হইয়া আধুনিক নিক্ষ্ট বাঙ্গালার আকার ধারণ করিল। অবিখাদী মনুষা বলিল আমি ঈর্বরের সংক্ষৃত কণা বুঝিতে পারি না; কিন্তু সামি যুক্তি দারা বুঝিরাছি যে এক জন ঈশ্বর আছেন। অতএব ঈশ্বর যেগানে 'আমি বলিতেছি ' বলিরাছেন, মনুবোর নির্জীব বান্ধালা ভাষায় তৎপরিবর্তে 'তিনি বলিতেছেন' বাবহার হইয়াছে। ঈশ্বর বলিলেন 'বৎস, আমি ভোমাকে আমার নিকটে বসাইতে চাহি' মনুষ্য বলিল আমি ঈশ্বরের এই সংক্ষাত কথা বুঝিতে পারি না; কিন্তু আমি ধর্ম বৃদ্ধি দারা বুঝিরাছি, আমাদের

সকলেরই ঈশ্বরের নিকট যাওয়া উচিত। এই রূপে ঈশ্বর-ৰাণী, দেব-ভাষা ৰিক্লত ছইল, সংক্ষত ভাষা চলিয়া গোল, মতুদ্যের নিকট ৰাজালা ভাষা প্রচলিত হইল। এই জন্যই পৃথিবীর এই ঘুর্দশা। প্রাচীন শাস্ত্রে লিখিত আছে, ঈশ্বন্ধ ছকার করিরা বলিলেন " আমি আছি।" এই চুইটী শব্দ সংক্ষত ভাষা। আধুনিক অবিশ্বাসী জগতে এই ভাষা বুঝিতে পারে না। এখানকার গ্রন্থে আর দেই জীবস্ত "আমি 'লাছি।'' এই কথা নাই " আমি আছি '' ইহার পরিবর্ত্তে নিক্লফ্ট বাঙ্গাল: ভাষায় অতএব ''ভিনি আছেন'' নিৰ্জীব শব্দে এ সকল কথা লিখিত হইয়াছে। আধুনিক ভাষা নিজীব, অপদার্থ, ইহা দারা প্রজ্বনিত উৎসাহপূর্ণ বিশ্বাস জমে না। পূর্বকার প্রাস্থে লিখিত আছে, ঈশ্বর হুদয়ভেদী সংক্ষত শব্দে বলিলেন " আমি আছি।" এখন মনুষা সে কথা বলিতে সাহস পার না। এই জন্য পৃথিবী অধোগতি প্রাপ্ত হইতেছে। যদি ঈশ্বরের ভাষা সজীব পাকিত। তবে পৃথিবীতে এরপ ভয়ানক নান্তিকতা, অবিশ্বাস স্থান পাইতে পারিত না। ঈশ্বরের জীবন্ত সংস্কৃত ভাষা শুনিলে আমা-দিগের সংশয় অভক্তি দূর হইত। যথনই ঈশ্বর বলিতেন '' সন্তান, দ্বার খোল, আমি তোমার প্রাণমন্দিরে প্রবেশ করিব' তোমার ভয় নাই, আমি আছি, তোমার হৃদয়ের মধ্যে এক খানি আসন দাওত আমি বসি।" তখনই আমা-দের মৃত প্রাণ সচকিত হইয়া উঠিত, তথন আমরা বলিতে পারিতাম পিতার মধুর ভাষা শুনিয়া হৃদয় জুড়াইল, মৃতপ্রাণে নবজীবন সঞ্চারিত ছইল। দেখ ভাষাতে কিনা হয় ? এই জন্য প্রারম্ভেই বলিয়াছি অসার নির্জীব ভাষা যেমন আত্মাকে বিনাশ করে, জীবস্ত ভাষা ভেমনি ধর্ম জীবন গঠন করে। ঈশ্বরের সংক্ষত ভাল ভাষা না শুনিলে কেছই প্রকৃত জীবন লাভ করিতে পারিবে না। যদি ঈশ্বরের কথা শুনিতে না পাও তবে কিরুপে জানিবে যে ঈশ্বর জীবস্ত এবং তিনি কথা কছেন; অতএব তোমা-দিগকে অনুরোধ করিতেছি কখনও বলিও না ভাষা কিছুই নহে। ঈশ্বরের ভাষা মনুষ্যের ভাষা হটতে স্বতন্ত্র। ''আংমি'' যিনি বলেন ডিনিই ঈশ্বর। 'ডিনি' যিনি বলেন তিনি কম্পিত, মৃত ঈশর। যিনি জীবিত আছেন দেই ঈশ্বর আত্ম পরিচয় দিবার সময় 'তিনি' বলিবেন কিরপে? কে মন্দিরে দণ্ডারমান হইরা সাহস পুর্বাক বলিতে পারে ঈশ্বর আত্ম-পরিচয় দিবার সময় 'তিনি ' এই শক্ষ ব্যবহার করেন? কোন্ মনুষ্য বলিতে পারে বলুক এই বিস্তৃত সভাতার মধ্যে ঈশার আর ''আমি আছি" এই কথা বলেন না। কোন্ পাষত ঈশ্বরকে মৃত বলিয়া এই রূপে তাঁছার অপমান করিবে ? ভক্তগণ, ভোমরা কি জাননা যে ঈশ্বরের সমুদর কথা আমি বলিয়া আরম্ভ হয়? ঈশ্বরের কথা চিরকাল সংস্কৃত ' আমি।" ° তিনি আপনার সম্বন্ধে আপনি কিরপে তিনি এই নিজীব

শব্দ ব্যবহার করিবেন ? ঈশ্বরের ভাষা পরিত্যাগ করিয়া যদি মনুষাের নিজাঁব ভাষা প্রহণ কর তবে ভাহার তুর্গক্ষে মরিবে। সরল বিশ্বাসী হইলে সহজেই ঈশ্বরের জীবন্ত ভাষা বুরিতে পারিবে। "আমি সহজে মিলিত হই পাপীর সনে।" "আমি পাঁচ জন ভক্তকে এক স্থানে দেখিতে ভাল বাদি।" "পাপী কাতর প্রাণে ডাকিলেই আমি তাহার নিকট প্রকাশিত হই।" এ সকল সহজ্ঞ কথা। এসকল কথাই শুনিতে ইচ্ছা হয়। আমার ভোমার বে কতক গুলি ভক্ম পাণিভারের মৃত কথা আছে সে গুলি গঙ্গাজলৈ বিসর্জন কর। ঈশ্বরের সংক্ষৃত বিক্ত করিও না। ঈশ্বরের ভাষার বাঁচিয়া ঘাইবে। ঈশ্বর সহজে 'তুমি আমি' এই ভাষা ধর, এবং ' তিনি আমি' এই মৃত ভাষা ছাড়। বাপের সঙ্গে ছেলের কথা সহজ্ঞ। ঠিক সহজ্ঞ কথা শুন। অতএব ভক্তগণ ঈশ্বরের ভাষাকে প্রিয় বিলিয়া রক্ষা কর, পরিত্রাণ পাইবে সেই ভাষা ছারা।

আচার্য্যের উপদেশ

[इच्छेनात मध्य नेश्वतत्र कृणा ।]

রহম্পতিবার, ৫ই আবণ, ১৭৯৯ শক।

महत्व छेनामन व्यापका धक्ती घटेना नज़। क्रेश्वत व्यामानितात कीवत्न यादा यहान जादा वह मुना। नेश्वत দরাময়, এই কথা কত বার শুনিলাম; কিন্তু তাঁহার দয়া যথন একটা ঘটনায় প্রকাশিত হয় ভাহাতে আম্বা যে শিকা পাই রাশি রাশি উপদেশের দারা তাহা হয় না। এই জন্য আমরা জীবন পুস্তুকে যাহা শিক্ষা করি তাহা অমূল্য এবং শিরোধার্য। ঈশ্বরের সঙ্গে আমাদের প্রত্যেকের নিকট যোগ। ঈশ্বর প্রতি দিন আমাদিগের প্রতিজনের সঙ্গে মধর ব্যবহার করেন। তিনি আমাদিণের প্রত্যেকের মন্তকে যে শ্বেহরটি করিয়াছেন তাহার সহস্র ভাগের এক ভাগ ও যদি স্মরণ করিয়া রাখি আমাদের প্রাণ কখনও কঠোর ছইতে পারে না। ভক্ত প্রতিদিন নিজের জীবনের ঘটনা-বলীর মধ্যে উজ্জ্বল নয়নে ঈশ্বরের হস্ত দর্শন করেন। তাঁহার হৃদয় সভৃষ্ণ নয়নে প্রভাক্ষাকরিয়া থাকে যে কথন তিনি দেখিবেন, ঈশ্বর আসিয়া এই ঘটনা ঘটাইলেন, তিনি এই বিপদ প্রেরণ করিলেন, তিনিই আবার সেই বিপদ ছইতে তাঁহার দাসকে রক্ষা করিলেন। ভক্তের চক্ষে সমস্ত জীবন কবিছ। ভক্তির অভাব হইলে পদ্য গাদ্য হয়। ভক্ত সর্বাদাই আপনার প্রাণ ছইতে নব-প্রস্ত প্রেম পুষ্প তুলিয়া ঈশ্বরের পাদপদ্ম পূজা করেন। যদি ভক্তের প্র:ণ শুক্ষ হয় তবে তিনি ঈশ্বরকেও আর স্মন্দর এবং প্রেমপুর্ণ দৈখিতে পান না। তাঁহার শুক্ষ চক্ষে ঈশ্বরও শুক্ষ প্রস্তর বলিয়া বোধ হয়। স্মতএব যদি ঈশবকে চির স্থানর

বলিয়া বিশাস কর তবে জীবনের ঘটনার মধ্যে তঁ/ছার প্রেম দর্শন কর। ভক্তির সহিত এইরপ কথা বলিতে শিক্ষা কর প্রেমময় ঈশ্বর আমার জন্য এই করিয়াছেন. তিনি আমাকে এইরূপ বিপদ হটতে রক্ষা ক্রিরাচেন। সম্প্রতি তোমাদের একজন প্রচারক ভাতা ভরানক বিপদ হইতে রক্ষা পাইয়াছেন। এই ঘটনা দ্বারা ঈশ্বর আমাদি-ণের প্রতি তাঁহার নিণ্ড় প্রেমের পরিচয় দিয়াছেন। তাঁহার দাসের জীবন রক্ষা করিয়া তিনি তাঁছার প্রেমের একটা স্তম্ভ রক্ষা করিয়াছেন। এক জন সামান্য প্রচারক, ভোমাদের দাদ, ধর্ম প্রচারের জন্য উত্তর পি≃চমাঞ্চলের এক স্থান হটতে অন্য স্থানে যাইতেছিলেন। ঈশ্বইট তাঁছার লক্ষ্য, ঈশ্বরই তাঁছার পথ প্রদর্শক, ঈশ্বরই তাঁছার রক্ষা কর্ত্তা, কথন কোন বিপদ ঘটিবে তাহা কিছুই তিনি জানিতেন না। অপরিচিত স্থানে যাইতেছিলেন, পৃথে দ্বিপ্রহর রাত্রি হইল, দ্স্যুরা আদিরা তাঁহাকে দ্বেরিল, দৃত্য নিকটে আসিয়া উপস্থিত দেখিয়া হিন্দি ভাষাতে তিনি ঈশ্বরের নাম কীর্ত্তন করিতে লাগিলেন। ছঃখেতে, নিরাশাতে অবসন্ন হইয়া গ্ন করিতে করিতে মূস্ফিত এবং অচেতন হইয়া পড়িলেন। দেই বিপদ হইতে রক্ষা পাইয়া তিনি তাঁহার বন্ধুদিগকে এই পত্র লিখিয়াছেন:-

"অামি কাল রাত্তে পথে বড় বিপদে পড়িরাছিলাম, উঃ সে ঘটনা স্মরণ করিলে এখনো আমার হৃদর ভয়ে আতকে কাঁপিরা উঠে, প্রভুর রূপার কথা মনে ছইলে আমি আর চক্ষের জল সম্বরণ করিতে পারিনা। ইসবাপুর নামে একটা স্থান আছে, ছাপরা হইতে নয় ক্রোশ। কাল সন্ধ্যাকালে যথন সেখানে পৌতিলাম তখনই মনে মনে কেমন সন্দেহ ছইতে লাগিল, সেটা চটী ৰকম স্থান নয়, **धवर वेकम मकम (मर्ट्स (वांध इहेल (यम (गालर्यार्श**व জায়গা। লিখিতে আমার গা কাপিয়া উঠিতেছে, শর্ক-শরীর ডোল হইতেছে। রাত্রি যখন এই প্রহর হইবে এমন সময় ডাকাতি রক্ষের হাঁক শুনিতে পাইলাম। একে একে লোক প্রায় > । ১৫ জুটিয়া গেল, চারিদিকে নিস্তর্জা ঘোর অন্ধকার, আর কেবল আফ্রারই গ্রাড়ি রহিয়াছে, মুশ্র কামতে ঘুম না হওয়াতে অমনি জাগিয়া উঠিলাম। লোক গুলো বদে গজরাকে, মার্টিতে লাঠি মারিতেছে আর গাল গালি দিতেছে এমন সমা একজন বলিয়া উঠিল "বাস্ আবি লোটো আউর মার ডালো' গাড়োরান ঘুমিমে ছিল বলিয়া আমি আর তাহাকে উচাইলাম না, ভাবিলাম বিধা-তার হাতে নির্ভর করিয়া যে উপার আসে তাহাই অবলহ-নীয়। ৪ জন প্রকাণ্ড জোয়ান লম্বা লম্বা লাঠি ছাতে করিয়। গাভির নিকটে আসিয়া উপস্থিত হইল। আর একজন ডাকাতি হাঁকে পার এক আমের লোক ডাকিতে লাগিল। আমার মন হঃখে, ভারে, ত্রাদে ও হতাশে তাঁহার ভিতর

(यमे मुक्रांत्रिक करेन, क्ष्मक जामात्र किंदू काम जाहर, তথ্য আমি এক অন্তত ভাবে হত ভম্ম হইয়া এই ভাবে ভাছাদিগঁকে বলিভে লাগিলাম দেধ আমি চাক্রিও করিনা ७ (मक्रभ रावू ९ वहि, जामि (करन छशरातिक नाम करते ९ ভক্তৰ করে বেড়াই, আমার কাছে বড় কিছু নাই, গাহা चार्छ जाहारे नरेत्रा यारेख भात । धरेत्रभ वनिष्ठ वनिष्ठ আমি ছিলি ভল্প গাইতে লাগিলাম। আমি কেঁলে আচ্ছন্ন হইরা গোলাম। আধ ঘণ্টা সংজ্ঞা বিহীৰ হয়ে এক্লপ कैंक्टिड केंक्टिड उसन कडिएड मागिमान। छाहांत्र शत কি হইল আর জানিনা। অমুপরুক্ত দাসের প্রতি প্রত্র **43 मना (कम ? 43)न वीजांडि (य मन शांगन इत्र, आमात** আরু কি তাঁছার সেবাতে জটি হইবে ? এখন তাঁছার চরণ भम्ब क्रज़ारेश ध्रति, क्षीवनिंहा मातिशा (मधात्मरे द्रापि । जान-मात्र जानीक्वामध क्रमा कि जात्र जुनिएउ भाति ? बच्चगरणत শুভ কামনা কি জার অতাহা করিতে পারি ? তাঁহাদের চরণের ধলি হইরা থাকি। আমি আর ভাঁছাকে ছাড়িব ना ; अपन मर्मन अवात मरखारा कति नारे। विशम् ! जुनि আয়ার হৃদয় বন্ধু, প্রিয় স্থাকে এত ভাল বাসিতে আরতো কেছ শিখাইতে পারেনা।"

এरेक्स कड शांत कड ममात्र (क्षममात्रत्र रख विरागव রূপে আমাদিগকে রক্ষা করিতেছে। তাঁহার একজন দাসকে ভরাবক দমাদিগের হস্ত হইতে রক্ষা করিয়াছেন **এই ঘটনা স্মরণ** করিয়া আমরাত ক্রডভ হইবই; कि क्व करन इंड इरेडा काल इरेल इरेट मा। धरे বটনা হটতে আমাদিগকে উচ্চতর শিক্ষা লাভ করিতে ছইবে। বাছাতে মনের দস্য সকল পরাস্ত করিতে পারি अयम माधन व्यवस्थन कडिएउ इंटेर । उत्त उरस्के मह्म নর্ম দেবিরা, ব্রহ্মভক্তের মুখে দরাল মামের গান শুনিরা দস্মারা পদারন করিল: কিন্তু পাপ দস্মার হস্ত হইতে রকা পাওয়া আরও আশ্চর্যা ব্যাপার ৷ মনের চুর্ফান্ত विश्वमित्तव विकित्तां मर्मात यथन खान निवान इत उथन পিতা, মাতা, ভাই, ভগনী, জ্রীপুত্র কেছই রক্ষা করিতে পারে না তথন কেবল ছরি নাম ভরসা, কেবল রসনা महात्र। প্রলোভন রূপ দল্য সকল ভোমাকে বধ করে আর কি, যখন সাধক, এরপ বিপদ দেখিবে তখন কেবল इति नाम कद्र, मिथिट्र नाम क्तिएंड क्रिट्ड म्यूम्य भाभ দক্ষারা চলিয়া গিরাছে। হার, দরালের কত অনুতাহ!! धमन श्रम्ब महाम श्रदायदाङ आह दावाह एमिश मारे। पि ध्यहता तक्रमीएउ यथन खाउनारक तक्रा करत धमन चात কেছই ছিলনা তথন তাঁছারই দক্ষিণ বাহ ভাতাকে সেই ভয়ানক মৃত্যু হইতে রক্ষা করিল। ঈশবের মত ভাল लाक जात कह नारे। जामानितात कि कठिन मन, अमन व्यार्गत व्यित्रजम नेषंत्रत्र नारम देश मिलन मा !! ''य নাম বল্ডে বল্ডে প্রাণ গোলেও ভাল থাক্লেও ভাল "

मिहे मार्म जाबारमत यस माजिम मा। जेचेत जाबामिशारक এখনত কেন বাঁচাইয়া রাখিয়াছেন ? তাঁহার বুঝি এই ইচ্ছা र्य अरे शावश मलारमता जातक निम कडक ध्यापन विकास (मधूक १ अथम ७ वर्त मारे (कम खान छारे १ अरे समा (य मेचंत्र मिथिएं हाम व्यामात्मत व्यान शाकिएं व्यामाता नहान नास बांखि किना। यनि वनिष्ड भाविषाम " (इ ल्यानवर्सक मेथ्र, वावि छायात्रहे इहेनाम, छामात्र शत गतास वरेनाम।" जावा स्टेरन जीत्स् मांडेरकत जाकिमक paits affences said. Il alle paintes au विकास करियातम् अस्ति । विकास क्षिप्रे कार्यातः अस् स्वादक नावस्य वास्ति नात्रस्य नात्रस्य स्वादक स्थानम् করিলাম ভাষার বিনিমনে ভূমি কি কুডজভা আমুগার্কী দিবে मा ? जामारमत छविवार जीवमणी अथन अ भाग तकितारह তাহার কাগজ এখনও অনিধিত রহিরাছে। ঈশার দরা করিয়া ঐ কাগজ গুলি অধিকার করিয়া লউন। যদি ঈশ্বর ধাকেন ভবে শ্বভঃ ছুই চারজন লোকও পৃথিবীকে দেখা-ইবে যে ঈশ্বর দ্বিপ্রহর রাজিড়েও দক্ষ্য এবং পাপের হস্ত हरेट डॉहांब मानमिश्वतक ब्रक्ता करतन। जान्तर्गन, विनव করিও না, জগৎকে দেখাও যিনি পাণীর বন্ধু ভাঁছার সুন্দর **ध्यम मुभ मिथित काँ मिए हेम्हा** करत ।

সংবাদ।

'' ভারত সোভাগাঞ্জবং চট্ট্রাম বান্দ্রমাজের ইতি-इंड " नामक अक्र थानि चूंचे शूखक क्ष्मकात करमक উৎসাহী ও বন্ধপরারণ বান তীযুক্ত বানু রাজেশর গুপ্ত প্রণরন করিরাছেন। ইহাতে বা**ন্ধর্ম ভারতের সৌ**ভাগ্য এই বিষয়ে একটী প্রবন্ধ এবং ভখাকার সমাজের ঐতিহাসিক বিবরণ বিরুত হইয়াছে। ঈশ্বস্তক্তি প্রণোদিত হইয়া ব্রাশ্ব-ধৰ্ম নৰজন বিনি বাধা কিছু লিশিবৰ করেন ধৰ্মের সাহিত্য ভাগেরে তাহা সাদরে ছান পাইবার উপাযুক্ত। ঈদৃশ অংশ মুল্যের ক্ষুদ্র প্রস্তুক সভাধর্ম ও বিশাস ভক্তি প্রচারের वित्नव डेनरवागी।

" আছ ক্রিরা" ইহাতে বরাহনগর নিবাদী এবুক বাবু শশিপদ ৰন্দ্যোপাধানের মৃত জ্রীর আজোপদক্ষে বে সকল ৰক্তা প্ৰাৰ্থনা লোক পাঠ ও ব্যাখ্যা হয় ভাৰাই ইহাতে সন্নিৰ্বেশিত হুইনাছে। ইহা দ্বার। প্রদোক গভা জীর প্রতি শশি ৰাবুর যথেষ্ট জজা অযুরাগ প্রকাশ शारेब्राइ

বিজ্ঞাপন।

निद्यम्न ।

ছয় মাদের অধিক গত হইল, ধর্মতব্রের অধিকাংশ বিদেশস্থ গ্রাহক মহাশয়গণের নিকট অদ্যাপিও অগ্রীম মূল্য পাওয়া যায় নাই। তাঁহা-দিগের নিকট হইতে শীঘু যাহাতে মূল্য পাইতে পারি এমন মমোযোগী হইতে অমুরোধ করি-তেছি। পত্ৰ লিখিয়া আমাদিগকে অনৰ্থক ব্যয় করিতে না হয়।

ধশ্তত্ত্ব

শ্ববিশাদমিদং বিশ্বং পবিত্রং ব্রহ্মন্দিরং।
চেতঃ স্থানির্মানতীর্থ সভাং শাল্তমনশ্বরং॥
বিশ্বাসোধর্মমূলং হি প্রীতিঃ পরমসাধনং
স্থার্থনাশস্তু বৈরাগ্যং ব্রাক্তেরং প্রকীর্ত্যাতে॥

১১ ভাগ। ১৫ সংখ্যা:

১লা ভাদ্র রহম্পতিবার ১৭৯৯ শক।

ৰাৰ্ষিক অগ্ৰিম মূল্য ২॥• মফ:সলে ঐ ৩।•

প্রার্থনা।

হে ভক্ত হৃদয়বিহারী প্রসন্ন বদন পর্মেশ্র! তোমার গৃহ প্রবেশের গৃড় নিদ্দিষ্ট পথ বাহির করা এবং তাহ। চিনিয়া রাখা বড়ই কঠিন দেখি-তেছি। অদীম অদৃশ্য রাজ্য, কোথায় দিয়া কথন लहेशा यां उठाहा रात थारक ना। अहे जना অনেক সময় বুরিয়া বুরিয়া বেড়াইতে হয়, পথ-হারা হইয়া ইতস্তঃ ভ্রমণ করিতে হয়। ভক্তগণকে তুমি সে পথ চিনাইয়া দিয়াছ। ভাঁহার। সেই পথ অবলম্বন করিয়। স্থানে তোমার অভিমুখে গিয়া माँ ज़िश्चित्र, একটা স্থন্দর নাম ধরিয়া ডাকিলেন আর তোমার দার উদ্যাটিত হইল, তুমি আপনার সিংহাসন প্রান্তে তাঁহাদিগকে বসাইলে, নিজ দেখাইলে, আশাপূর্ণ অনুপম রূপ লাবণ্য স্মধুর বচনাবলী শুনাইলে, তাঁহারা মোহিত হইয়। গেলেন, সংসারের কথা আর তাঁহাদের মদেও রহিল না। তাঁহারা যে তোমার সৌন্দর্য্য রদে তুবিয়। আনন্দে সন্তরণ করিবেন তাহার আর বিচিত্র কি। আমি চঞ্চল চিত্ত অমুরাগ-বিহীন, তাহাতে আবার সংসারের দিকে টান বিলক্ষণ আছে, তোমার পূজা করিতে আসিয়া ক্রমাগত পার্থ পরিবর্তন করি, নানা দিকে মুখ ফিরাই, ভিন্ন ভিন্ন নাম ধরিয়া তোমাকে ডাকি, স্কুতরাং উত্তর পাইনা। কোনু পথ ধরিয়া কোথায় माँ **ज़ि** हो। को न पूर्व हहेशा कि नाम विनया তোমাকে ডাকিতে হয়, তাহা আমাকে বলিয়। দাও যে আমি ডাকিবা মাত্র তোমার পাইব। হে অন্ধের পথদর্শক দ্যাময় ঈশ্বর! আমি শুনিয়াছি এবং বিশ্বাসওহয়,তোমাকে যথা বিধানে ডাকিলে কেহ নিরাশ হইয়া ভগ্ন মনে ফিরিয়া যায় না। আমি যে বার বার ফিবিয়া আসি.পথ চিনিতে পারিনা, সে কেবল নিজকর্ম দোষে, নতুবা তোমার নিয়মত কখন অন্যথা হইতে পারে না। হে কুপাসিদ্ধো! এখন এই মিনতি যে একটা নিৰ্দ্দিষ্ট নাম একটু নিৰ্দ্দিষ্ট স্থান দেখাইয়া দাও, নিত্য নিত্য যথন ইচ্ছা হইবে তথন আমি ভক্তির গৃঢ়পথ দিয়া, সেই স্থানে উপ-স্থিত হইব এবং সেই নামটা ধরিয়া তোমাকে বার বার ডাকিব আর তোমার স্বর্গের দৃত আসিয়া দার খুলিয়। দিয়া আমাকে একবারে তোমার নিকট লইয়া যাইবে। বিভ্রান্ত চিত্ত পথিকের ন্যায় আর চির দিন রুথা ভ্রমণ করিতে পারি না, দিনও ক্রমে শেষ হইল এখন আর বিলম্ব সহা হয় না। আমি চক্ষু মুদ্রিত করিয়া থাকি ভুমি তোমার অলোকিক কূপা কৌশলে আমাকে গম্যস্থানে লইয়া গিয়া উপস্থিত কর। এবং এমন বোধ শক্তি দাও যাহাতে স্বভাবতঃই বুঝিতে পারি আমি ঠিক তোমার অভিমুখে আছি।

প্রেমোলাস।

প্রমন্ত মন বড় ভাবুকের পক্ষপাতী, সে ভাবু-কের সঙ্গে থাকিতে ভালবাসে, ভাবুক দল ছাড়া হইলেই যেন তাহার জীবনের তেজঃ ও ক্মৃত্তি বিলুপ্ত হয়। যেন বলি কেন, বাস্তবিকই ভাঁহার मृष्ट्रा। कञ जन्नाञ्चानी तम्था राम, दम्र करियात নয় তো একটু কোমল হৃদয়। কিন্তু প্রকৃত ভাবুকতার নিকট দিয়াও কেহ যায় না। স্বতরাং ব্রহ্মজ্ঞানীরা তাঁহার সহবাস স্থথ সম্ভোগ করিতে প্রায়ই বঞ্চিত থাকে। ভাবুক মন প্রিয় স্থার সহবাসের নিম্নতর গভীর দেশে অবতরণ করেন। সেখানে জীবনের অত্যন্ত মিষ্টতা, তথায় স্থধা রাশি সঞ্চিত। ব্রহ্মজ্ঞানি! তুমি কেবল পাঁচ রকম স্বরূপ চিন্তা ও প্রার্থনা করিয়াই শেষ করিলে, কিন্তু আসল হুখ টুকু ভোগ করিতে পারিলে না এইজন্য তোমার ধর্ম কঠোর হইয়াছে, তোমার উপাসনায় তাদুশ রস নাই, প্রিয়তমের সহবাসে প্রাণটা রাখিতে তোমার প্রবৃত্তি হয় না। কাজেই তাঁহার হত্তে জীবনটা ছাড়িয়া দিয়া নিশ্চিন্ত হইতে পার না ৷ ব্রহ্ম কুপাতে যদিও ব্রহ্মজ্ঞানীর অন্তরে ভাবের উদয় হয়, কিন্তু সেই ভাবের দঙ্গে দঙ্গে হৃদয়টা তাঁহাতে সঁপিয়া দিতে ইচ্ছা হয় না। অন্তর্টা এমনি পার্থিব জ্ঞানে গর্বিত যে ভাঁহাকে ভুচ্ছ করিয়া আপনার দিকটা বজায় রাখিতে একান্ত অভিলাষ হয়। স্বতরাং কেবল প্রেম শাস্ত্রের গভীর মর্ম্ম অবধারণে বঞ্চিত থাকিতে হয় তাহা নহে, সে পথেই হৃদয় বিচ-রণ করে না। এই জন্য এখনকার ব্রক্ষপ্রানী বা দিন দিন কঠোর নীরস ভাবের মধ্যে ডুবিয়া যাইতেছেন ও অবিশ্বাদের স্রোতের ভিতর ভাসিয়া যাইতেছেন। প্রেম শান্তের काथाय ? यथन अवरतत इटङ ममूमग्र कीवनंगी অপিত হয়, তথনই প্রেমাকুরের উদ্গাম হয়, এই অবস্থাতে ভাবুকতা জমে। প্রকৃত ভাবুকতা कि ? जेचरतत रुख मर्द्यय ममर्भण कतिरम তাঁহার স্বভাবের মধ্র আকর্ষণে হৃদয় আরুষ্ট হয়, সেই আকর্ষণে অন্তরে ভাবের উচ্ছাুাস

হয়, সেই উচ্ছুদিত অবস্থাকে ভাবুকতা বলা ঈদৃশ অবস্থাতে প্রিয়তমের দর্শনের জন্য মনে অত্যন্ত ব্যাকুলতা জন্মে, হৃদয়কে অস্থির করিয়া ভুলে। যত অস্থিরতা তাঁহার প্রকাশ ঘনতর ও গুঢ়তর হয়। প্রকাশই তৎকালে জীবনের সমুদয় মিইতা হয়, के अकाग है इतराइद अकर्षण इरा। के अकाग है আত্মার পুণ্যের চন্দ্রমা হয়, ঐ প্রকাশই মনের मकल में कित जाशांत इय़। এই मময়ে পুণ্য, वल, ব্যাকুলতা, আকর্ষণ সব ঘনীস্থৃত হইয়া ভাবের তরঙ্গে একীভূত হইয়া যায়। এই ঘনীভূত অব-স্থার নাম পরিণত ভাবুকতা। এরূপ ভাবুকতা না হইলে আবার হৃদয়ে গুঢ়তম প্রেম সঞ্চারিত হয় না। এই ভাব যথন প্রবল হয় তখন সাধক সমুদয় শরীর মন তাঁহাতে ঢালিয়া দেন। তদ-বস্থায় কি যে এক অপূর্ব্ব স্থােদয় হয় তাহা আর প্রকাশ করা যায় না। প্রেমিকের এই অবস্থাতে প্রেমোল্লাস আরম্ভ হয়। ল্লাস প্রেমিকের পক্ষে অতিশয় মধুর পদার্থ, ইহাতে তিনি পাগলের মত হইয়া বেড়ান। তখনু তিনি যাহা দেখেন তাহা দর্শন মাত্রই কাঁদিতে কাঁদিতে বলিয়া উঠেন, এই কি আমার প্রিয়-স্থার নিদর্শন ? আহা! কি স্থথের অবস্থা, যে সে কারণে হৃদয়ের মন্ততা জন্মে। সর্ববদাই হৃদয় বিগলিত ও প্রেমরদে মগ্ন, দকল বিষয়ে বিচ্ছিন্ন ও এলোমেলো। বাহিরের জগতে বড় চৈতন্য ও হুঁস্থাকে না। কথন কথন এমন ভুল হইয়া যায় যে তাহা অপর লোকে দেখিলে হাসিয়া মরে, কিন্তু তাহা কি বড় কেহ টের পায় না। তবে কে জানিতে পারে ? ঐ পথের পথিক এপ্রমিক ভাবের মানুষ বড় চিনিতে পারেন। তিনি দে রূপ লোক দেখিলেই থানিক স্তম্ভিত হইয়া তাহাকে (पिश्वास्त्र विश्वास्त्र विश्वास्त्र प्राप्त क्रिक्त क्रांचित क्रिक्त क्रिक क्रिक्त क्रिक्त क्रिक्त क्रिक ধারে তাঁহার নয়ন বারি পতিত হইতে থাকে। ইহা কেন হয় আর বড় কেহ বুঝিতে পারে না। আবার হাস্যরসে জগৎ যেন পরিপূর্ণ হয়। মুছু-র্ত্তের মধ্যে ভাঁহার এই পরিবর্ত্তন। সর্ব্বদাই কে এক জুন কাছে, ভাঁহার মনকে ভুলাইয়া রাখে

কে ? কি এক মায়া পাশ তাঁহাকে আবদ্ধ করে त्य ठाहात चात वर्गना हम ना। अहे चवसार छ মনের ভিতরে নিয়ত এই কথাটার আন্দো-লন উঠে, কৈ এখনো আদিলে না যে? আমর ্যে সব অন্ধকার ? ও হৃদয় নাথ! আমার একি বিপদ ঘটিল আমি ভাবের তরঙ্গ হইতে যে চক্ষু ছুইট। তুলিতে পারি না। আমি এমন সামর্থ্য-হীন হইলাম কেন! এই কথা বলিতে বলিতে তিনি হাসিয়া গড়িয়া পড়েন, উল্লাদে মগ হয়েন। কেবলই আনন্দের হিল্লোল, কেবলই প্রেমের উলাস। তাঁহার সকলই মিফ, সব মধুর। এই প্রেমিকের দঙ্গ পৃথিবীতে ছুর্লভ। এই রূপ যাহার ভাগ্যে দঙ্গ হয় দে জীবন্মুক্ত, দে যে কি, তাহার আর অভিধান নাই। তবে ব্রহ্মজানীর ভাগ্যে কি এই রূপ অবস্থা আদিবে ? ঈদৃশ জীবনে তো আসিবে না। যদি ইহার পরিবর্ত্তন হয় তবে এই স্বর্গের মুখ সম্ভোগ সম্ভব হইতে পারে। कि ইश ना श्रेल যাহা হউক, এখন ব্রাক্ষের প্রাণ বাঁচে ? কথনই বাঁচে না। কিন্ত এ পথের পথিক কেহ হইতে চাহে না, এই জনাই তো ত্রক্ষজানীর অন্তরে প্রেমও নাই স্থও নাই, প্রকৃত মত্তাও নাই। তবে এক-বার সকলে প্রেমিক ও মত্ত হও, হৃদয়বল্লভের প্রেম দর্শন মাত্র মানুষকে পাগল করিয়া তোলে এই সার কথা জানিব, দেখিলে না তাই মজিলে না। যদি দেখিতে, তবে নিশ্চয় বলিতে পারি মরিতে, দাঁড়িয়ে নাচিতে, হাদিতে মত্ত হইতে।

জীবনের অব,ক্ত ধর্মভাব।

সাধক যতক্ষণ সবশে থাকেন ততক্ষণ তাঁহার রসনা ও কর্ণ ঈশবের অনির্বাচনীয় মাহাত্ম্য বর্ণন ও প্রবণ করিতে প্রান্তি বোধ করেনা; কিন্তু যথন প্রগল্ভা ভক্তির উচ্ছােদে তাঁহার আপাদ মন্তক প্লাবিত হইয়া যায়, বৃদ্ধি বিবেক বাক্শক্তি তথন আর আপনাপন কার্য্য সাধন করিতে সক্ষম হয় না। বাহিরের সমস্ত

ধর্মকোলাহল নির্ত হইয়া ভিতরে জ্লন্ত অঙ্গা-রের ন্যায় পবিত্র ব্রহ্মাগ্লি তথ্ন গম গম করিয়া জ্বলিতে থাকে। মহাপ্লাবনে হেমন দেশ নগর ভাসিয়া যায়, ঘনীভূত ব্রহ্মানন্দ রস হৃদয় হইতে উথলিত হইয়া তেমনি সাধকের জীবনকে পরি-পূর্ণ করত উপরে ভাদিয়া উঠে। আপনাকে আপনি ভুলিয়া গিয়া যিনি এইরূপে প্রকাশ পান তাঁহার জীবন জীবন্ত ধর্মপুস্তক, তাহার একটা পরিচ্ছেদ পাঠ করিতে না করিতে ঘোর অবি-খাসী শুষ্ক হৃদয় মানবের মনেও ভক্তি প্রেম অজ্ঞাতসারে সংক্রামিত হয়। আগ্নেয়গিরির অভ্যন্তর দর্বাদাই অগ্নিয়, কখন তাহা প্রভূত বেগে উর্দ্ধে উত্থিত হয় কথন বা ভিতরে ভিতরে জলিতে থাকে। ব্রহ্মগত প্রাণ সাধকের জীবন তদ্রপ। তিনি সময়ে সময়ে এমনি স্পাদ্ধীন নির্বাক্ হইয়া অন্তর রাজ্যে ত্রহ্মপ্রেম সাগরে মগ্ন হইয়া থাকেন যে তখন বলিতেও তাঁহার ইচ্ছা হয় না, কেবল অবি-চ্ছেদে গভীর যোগের আনন্দ শান্তি তিনি সম্ভোগ করেন। কিন্তু তথনও তাঁহার সেই বাক্য-হীন মুখমণ্ডলে প্রেমের জ্বলন্ত জ্যোতিঃ উদ্রা-দিত হয়, আনন্দ বিকদিত আস্য এবং প্রশান্ত নয়ন যুগল অলোকিক ধর্মশাস্ত্র প্রচার করে। এই অব্যক্ত গভীর ঘন আনন্দ পাপীর মন পরি-বর্তনের পক্ষে যেমন অব্যর্থ মহোষধ এমন আর কিছুই নহে। ধর্মপ্রচারক বহু শাস্ত্র আলোচনা করিয়া তর্ক বিতর্ক করিয়া রাশি রাশি বাক্য ব্যয় করিয়া সহস্র লোকের মধ্যে এক জনকেও হয়ত প্রকৃত ধর্মপথে আনিতে পারিবেন না, কিন্তু ভক্তের অব্যক্ত ধর্মভাব অলক্ষিতভাবে লোম কৃপের ভিতর দিয়া পাপীর অন্তরে প্রবেশ করত বিপ্লব আনয়ন করিবে। জীবন যখন ধর্ম প্রচার করে তথন রসনাকে আর বহু বাক্য ব্যক্ত করিয়া ক্লেশ পাইতে হয় না, একটা নিঃশ্বাসই তথন যথেক। প্রেমোশত চৈতন্য কয়টী কথা বলিয়া-ছিলেন ? মতামত, ধর্মশাস্ত্র তাঁহার কোথা ? একবার হস্তোভোলন করিলেন, বলিয়া মত্ত মাতঙ্গের ন্যায় হুস্কার রব করিলেন,

র্মেদিনী কাঁপিয়া গেল, হরিনামের গুণে পাষ্ড मलन इहेल, मल मल लाक छाँहात अन्ठाउ পশ্চাতে ছুটিতে লাগিল। একবার প্রেম বিগ-निত ভাবে অশ্রুজন বিসর্জন করিলেন, ধূলায় লুপিত হইলেন, অমনি শত শত লোক কাঁদিয়া বক্ষন্থল ভাসাইল। যাহাকে তিনি একবার প্রেম-ভরে আলিঙ্গন দান করিলেন, একবার সহাস্য প্রসম বদন ফিরাইয়া কোমল নয়নে যাহার পানে চাহিলেন, মধুর স্বরে ছুইটা স্নেহপূর্ণ অমৃত কথা কহিলেন সে জন্মের মত কৃতার্থ হইয়া গেল। তাঁহার আদরের মুফাঘাত যে পাইল, চুইটা কঠিন কথা যে শুনিল সে আপনাকে ধন্য মনে করিল। তাঁহার অন্তরস্থিত ভক্তি অন্যেতে সহজেই সংক্রামিত হইত। যাহাদের সঙ্গে মিলিয়া তিনি একবার হরিসঙ্কীর্ত্তন করিয়াছেন, আমোদে মাতিয়াছেন, হাত তুলিয়া নৃত্য করি-য়াছেন তাহারা সে স্থথ আর জন্মে কথন ভূলিতে পারিল না। কেবল অব্যক্ত ভালবাসা এবং অব্যক্ত ধর্মভাবে তিনি 'এই বঙ্গদেশকে মাতাইয়া গিয়াছিলেন।

मिर्वाना वन।

জগতে প্রায় সকল বস্তুরই হ্রাস র্ক্তি আছে।
এই হ্রাস র্ক্তি অথও নিয়মে সম্পাদিত হয়।
সর্কত্র উত্থান ও পতন আছে। সকলের সম্বন্ধে
উত্থানও চির উত্থান নহে, পতনও চির পতন
নহে। যত দিন মনুষ্য আপনার জীবনের ভার
আপনার হাতে রাথে, জয় পরাজয় উত্থান পতন
তাহার সম্বন্ধে চিরসম্ভব ব্যাপার। কেহ মনে
করিলেই সে তথনি আপনার জীবনের ভার চিরদিনের জন্য সম্বরের উপর অর্পণ করিলেন তাহা
নহে। কোন বিপদ বা বিম্ন দারা আপনাকে
পরিবেন্তিত দেখিয়া অনন্যোপায় হইয়া মনুষ্য
বলিল, "হে ঈয়র! আজ হইতে আমি আর
'আমার' বলিবার কিছু রাখিলাম না; সকলই
তোমার চরণে অর্পণ করিলাম।" দেই বিপদ
চলিয়া, গেল, আবার সংসার অনুকৃল হইল,

মনুষ্য যাহা কিছু অর্পণ করিয়াছিল, আমায় নয় বিলয়াছিল, পুনরায় তাহা স্বহস্তে তুলিয়া লইল। ফলতঃ সে ঈশ্বরকে কিছুই অর্পণ করে নাই, বিপদ তাহার মুথ দিয়া আত্মার্পণের কথা বলাইয়াছিল। সে তথন আপনার ছিল না পরের ছিল, স্থতরাং তাহার অর্পণ যেমন, ঈশ্বরও তেমনি তাহার প্রার্থনা প্রাহ্য করিয়াছেন। যথন কোন ভয় বিপদ নাই, বরং পূর্ব্বাপেক্ষা সমুদায় বিষয় অনুকৃলই সেই সময়ে কোন ভাবান্তর দারা প্ররোচিত হইয়া নহে, কিন্তু স্বীয় গভীর অপদার্থ তা দেখিয়া মনুষ্য যে স্বতঃ আপনাকে ঈশ্বরের চরণে চির দিনেরজন্য বিক্রয় করে, এই বিক্রয়ই বিক্রয়। এবং এই বিক্রয় ঈশ্বরের নিকট প্রাহ্য। দেবিল্যে বল তথনই সাধকের জীবনে প্রত্যক্ষ অনুভূত হইতে থাকে।

আধুনিক বিজ্ঞানবিদ্গণের ধর্মের বিরুদ্ধে চিংকার উত্থাপনের এই একটা বিশেষ কারণ। তাহারা বলেন, দর্বনত্র এই নিয়ন দেখিতে পাওয়া যায়, যে যে পদার্থের রচয়িতা, তাহার দেই পদার্থের প্রেষ্ঠতা অনুসারে শ্রেষ্ঠতা হইয়া থাকে। ধর্মে ইহার বিপরীত। নন্দ্র্য যতই আপনাকে নীচ হইতে নীচ জ্ঞান করিতে পারে ততই দে তাহার স্রক্তাকে গোরবাপিত করিল মনে করে। তাহারা জিজ্ঞাদা করেন মনুদ্য যদিমনুষ্যক্রের মহত্তে দর্বাথা আপনাকে দর্ব্বোচ্চ মনে করে, তবে কি ঈশ্বরের গৌরবের কিছু অপহরণ করা হয় ? তিনি কি আমাদিগকে নীচনা করিরা গৌরবান্বিত হইতে পারেন না ?

যাঁহাদিগের অঙ্গ মাত্রও একটু আধ্যাত্মিকতা আছে, তাঁহারা বিলক্ষণ বুঝিতে পারেন, এ প্রশ্ন কোথা হইতে উথিত হইতেছে। যাঁহারা আপন আত্মার উন্নতির সোপান পরস্পরায় উত্থান করেন নাই এপ্রশ্ন তাঁহাদিগের মন হইতে উৎপন্ন। যে বিজ্ঞানবিকাণ এই প্রশ্ন উথিত করেন তাঁহাদিগকে আমরা জিজ্ঞাসা করি, তাঁহারা যদি আপনাদিগকে বাহ্য প্রকৃতি সম্বন্ধে জ্ঞানের উচ্চ মীমায় আরু হইয়াছেন মনে করিয়া আরু অজ্ঞের ন্যায় প্রকৃতির চরণতলে

আপনাদিগকে সংস্থিত না করেন, তবে কি তাঁহাদিগের প্রকৃতির নিকট হইতে নৃতন জ্ঞান
লাভের সম্ভাবনা থাকে ? প্রকৃতি তাঁহাদিগকে
গর্বিত ক্ষাত দেখিলে আপনার প্রস্তের পত্র
অবরুদ্ধ করিবেন। তাহার পর তাঁহাদিগের
মস্তিক হইতে যাহা কিছু বিনিঃস্তে হইবে, তাহা
ত্রিমান সমুদ্রের কেন রাশি ও উত্থিত বংশ্যগণ
কর্ত্ক অনার অপদার্থ কল্পনা বলিয়া দূরে পরিহার্যা।

তামি হীন অকিঞ্ন ভূত্য। প্রশংসা ধন্যবাদ তােমার, সমুদার সম্পাদ্ তােমারই প্রসাদের ফল।

ষধন দেখিতেছ, তোমার হস্ত শত্তাচরণে প্রার্বত,
ক্ষিত্রা দোষ ও মিথা কথনে রত, ইক্সির সকল কুপ্রবৃত্তির
ক্ষমুগত, তথন প্রত্যাদেশ কোথা হইতে লাভ হইবে ?

পান ভোজন পরিধানে ছাহার স্বেচ্ছাচারিতা, তাহার ক্রমবস্থা পশুর অবস্থা।

ঈশর গুণাসুবাদ হুদ্বে ধারণ কর, সংসারকে হস্তে রাখ, গুণাসুবাদ রদনায়, সংসার হুদ্ধে তুমি এরপ হইও না।

বিশ্বাদীর দর্শন অন্তর্জোতিতে হর, যে হেতু অধ্যাত্ম শোক অদৃশ্য। অন্তর্জোতিও অদৃশ্য, অদৃশ্য বস্তুযোগেই অদৃশ্য বস্তুকে দেখিতে পাওয়া যায়।

হে লোক সকল! কি হইয়াছে ? যাহা আছে, তাহা হইতে তোমুরা বিমুধ থাক, খীয় প্রভুর অভিমুধীন হও, ইহ প্রলোকে ঠাহাকে ছাড়িয়া তোমাদের গতি নাট।

যদি এই করেক দিন সংসারে অল্লবরের অভাব হয়, তুমি ক্লেশ ও অনশনে আক্রান্ত হও, দৈর্ঘ্য ধারণ কর, শীলু এই দিন চলিরা মাইবে, পারলৌকিক সম্পদ্ উপনীত হইবে।

ক্কপণ, অলস ও বিষয় এই ত্রিবিধ সোকের কল্যাণ হইবে না।

সাধনা কর, তুমি অতাগামী লোকদিগের এক জন না হইতে পারিলেও কথন তাঁহাদের সহকারী হইতে পারিবে।

এমন দিন নাই যে ঈর্থর বলেন না যে, হে আমার ভূতা! গোল, লাস গোল, বংসর গোল তবু লে সুখের দিন নিকট ইহা তোমার সঙ্গত নহে যে আমি তোমাকে মুরণ কম্পি আরা ইল না হা এই সংসার সকভূমির মধ্যে আমার ভূষি

তুমি আমাকে তুলিয়া থাক; আমি তোমাকে আহ্বান করি, তুমি অনোর গৃহে চলিয়া যাও; আমি তোমাকে বিপদ্ হইতে রক্ষা করি, তুমি পাপে যাইয়া লিপ্ত হও। হৈ মনুব্য সন্তাম! কলা বিচারের সময় হখন আমার নিকটে উপত্তিত হইবে, তখন কি উত্তর দান করিবে ?

নীন প্রবৃত্তির মৃত্যু বা হইলে জ্বর কখন জীবিত হর না।

যিনি স্বীর প্রস্তুত্তির উপর কর্তৃত্ব করেন তিনি প্রির হরেন
ও অব্যের উপরও কর্তৃত্ব লাভ করেন। কথিত আছে, যিনি
স্বীর দেহের রাজা, তিনি অন্যাসকল দেতেরও রাজা। গদি
তৃমি আপনাকে পরাজিত কর, কখন কোন শত্রু তোম কে
পরাজর করিতে পারিবে না। যাহার উপর প্রবৃত্তির
আধিপত্য তিনি বিনষ্ট হরেন।

পাঁচটা বস্তা রত্ন অপেক্ষাও উৎকৃষ্ট। দীনতা বাহা সম্পদ্দান করে; কুণা বাহা ভৃপ্তিদান করে; শোক বাহা আনক্ষদান করে; বীরত্ব যাহা শতুকে প্রেম দান করে।

জ্ঞানবোগে যে জ্বর কঠিন, তাহা অন্য জ্বর অপেকা অধিকতর কঠিন। বিজ্ঞান কঠোর জ্বদরের লক্ষণ এই যে তাহা কৌশল ও কুচক্র জালে বন্ধ থাকে, স্বীর বৃদ্ধি কেশিল ঈশ্বরে সমূর্পণ করিতে পারে না।

সকল বিষয়ে হৃদয়ের নির্লিপ্তি ও ঈর্বরেতে শান্তি প্রকৃত ধর্মা।

সমুদার পদার্থ সম্বন্ধে নির্তি, সর্ব্বহেণভাবে ঈশ্বরে প্রত্যা-ক্লিউ একতা 4

ভূষিত চিত্তের খেদোকি।

ছে নাধ! হে প্রাণস্থা! কোথার তুমি আর কোথার ব্দামি। আমি সংসারের ছুরভিক্রমণীর মোহচক্র ভেদ করিয়া ভোমার নিকটে দিবাালোকে বসিয়াতব মুখচজ্র निदीक्रां थांग भौजन क्रांबर धरे विनिष्ठा मान मान क्र আশা করিলাম, কিন্তু দেখ কোথা তুমি আর কোথা আমার সমুখে রাশি রাশি জঞাল ভোমাকে ব্যবধান করিয়া রছিয়াছে কেমন করিয়া আমি ভোমার নৈকটা অসুভব করিব? কত সাধ ছিল যে তোমার রূপের গভীর সাগরে মগ্ন ছইয়া তোমাতে সম্ভরণ করিব, সাক্ষাৎ প্রভাক্ষ বন্ধুর ন্যায় ভোষাকে সন্তোগ করিয়া সর্বাদা সুধ হিলোলে ভাসিব, দিন রাত্রি ঐ পবিত্র রত্ন বেদীর তলে পড়িয়া ধাকিব, আর ফ্রিরিয়া আসিব না; এখন যেমন সংসারের ব্যাপার সকল প্রত্যক্ষ বোধ হইতেছে তুমি তেমনি **उच्चनक्राम आमात नत्त्रत मन्त्राच वित्रांक क्रित्र, द्यम**त কখন খূন্য থাকিবে না; কিন্তু ছে ছদরবল্লভ ! কোখার (महे डेक्ट प्यांना चात्र (कांशात्र क्योगत क्योगत। शिन, मांग शिन, वर्मत शिन उबू तम म्राथत मिन निक्षे

ঞাণ কেমন করিয়া তৃত্তি লাভ করিবে ৷ আমার আশার বস্তু তবে কি কম্পনা ছইরা থাকিবে? হার! কি অসার विवदत्त, र्ह्मश कार्या, जमर्च जानारन जामि जूनिता वहि-রাছি। ভোষার ভাবের জমাট ছদরের ভিতরে সর্বাক্ত ना शांकित्न (व आयात्र मकनरे मूंना (वाथ रत। जायात्क मृद्र त्राथित्रा कि महेत्रा आमि शाकित ? मश्मात्र आमारक खेलहाम कंदिरज्ह, शृथिनीत स्माह त्राल जामारक नहेता कोड़ा करिएउएइ, जामि विधिमण्ड वात्रचात नाष्ट्रिक इरेनाम, **এ** इर्गम अवना मत्था (इ मीननत्सा ! आमानाका त्थावन করিরা, ভোষার ঐ মনোহর প্রেমমুখ প্রকাশ করিরা জাষার ভৃষিত চিত্তকে শীতল কর। ভোষার উদ্দেশে 🖰 চ্চ ধর্মনিয়ম, মৌথিক ধর্মকথা লইয়া আর কত দিন कीरम शादन कतिर ? मत्नावाक्षा पूर्न कतिता ज्यामात व्यामारक मञ्जीविक कर । जक्तरांग मरण लहेता धकवांत जामात ज्ञालक अमीख डेब्बन इंडे। जामारक प्रचान, আমি দেবিয়া হতচেত্ৰ হুট, বাস্থ সংজ্ঞা হারাইয়া যোহিত হটরা ক্ষণকাল পড়িয়া থাকি। হে ব্যাকুল চিত্তের শাস্তি-वाति ! निकारि जानिता मधुर अखग्रवागी सनावेत्रा स्वर-হস্ত আমার তাপিত মন্তকের উপর রাধিয়া হুঃধ সন্তাপ বিদ্রিত কর।

জীব গোসামী এবং অবৈতবাদ।

মহান্ত্ৰা হৈতনের শিষাগণ মধ্যে রূপ, সনাতন এবং জীব অভি প্রান্ত্র । কথিত আছু হৈতনাদেব সনাতনকে ভক্তিত ধ শিক্ষা দেন। রূপ ঐ তত্ত্ব উল্লেখ্য নিকট ছইতে লাভ করিয়া আছে লিপিবদ্ধ করেন। জীব এই সকল আ মুর চীকা এবং বাদিগণের নিরসন কনা বহু আমু রচনা করেন। বইসক্ত তথ্যাপা অভি প্রান্ত্র আমু । সম্প্রমান্ত্র এই সম্প্রতাপ্ত্রের অনুব্যাপ্যা। এই অনুব্যাপ্যা। এই অনুব্যাপ্যাওত তত্ত্বসক্ত ভগবংসক্ত পরমান্ত্রসক্ত এবং ক্রমসক্ত এই চারিটা সক্ষর্ত সম্প্রতাপ্ত্র অনুব্যাপ্যা। বহু অনুব্যাপ্যাওত তত্ত্বসক্ত ভগবংসক্ত পরমান্ত্রসক্ত এবং ক্রমসক্ত এই চারিটা সক্ত সম্বন্ধে যুক্তি প্রদর্শন করা ছইয়াছে। সমুদান বেদান্ত স্থানি মান্ত্র বাধ্যা করা ইহার আন্তর্নিক উদ্দেশ। সর্বান্ত্র সম্বাদিনী অভি সহক্র আমু নছে। বেদান্ত এবং বেদান্ত-দর্শনে হাছার বিশেষ দৃষ্টি নাই, ওাছার সম্বন্ধে বলিতে পারা যায় ও আমু অবৃদ্ধ। অন্তিবন্দ বগুন করিতে গারা ইছাতে যে সকল যুক্তি প্রদর্শন করা ছইরাছে, আমরা ভাছারই কোন কোন অংশ এম্বনে উদ্ধৃত করিলাম।

অধৈতবাদিগণের মত তিবিধ। এই তিবিধ মত এইরূপে বিচারিত হইরাছে।

প্রথমমতবাদীরা বলেন, অবিদ্যা জীবকে আজর করিয়া অবস্থিতি করে। জীব বস্তু, পুতরাং অবিদ্যাও বিবিধ। অবিদ্যা এবং জীব অনাদি। ব্রশ্বকে অজ্ঞানের বিব্রু করাতে শুক্তি ব্যরণ অভিবশতঃ রঞ্জরণে প্রতীত

হয়, এমণ্ড সেইরপ জগজপে প্রতীত হন। অন্যো এ ছলে এই বলিরা দোব দেন যে, এম্ব সজ্ঞানের বিষর হইরা লীবর অর্থাৎ অন্তু ডাদি অভিযানসুক্ত হরেন ইহা অন্তর্গামি-আুতি বিক্র। যদি অজ্ঞানজন্য এম্ব লীবর হুইলেন, তবে তিনি অজ্ঞান হুইলেন। অজ্ঞান হুইলে তাঁহার আর অন্ত-র্বামিত্ব হহিল কোধার? অন্তু ডাদিই বা তাঁহাতে কিরপে সম্ভবে? স্তরাং স্থারের অন্তু ড না হুইরা প্রতিক্তীবের অন্তুত হুইল। জীব বহু এবং প্রতি জীবানুসারে অবিদ্যাপ্ত বিবিধ। ইহাতে প্রত্যেক জীবের কম্পানানুসারে জগংক বহুবিধ হুইরা পড়ে। ফলতঃ মারাব্দির চৈত্রা স্থার নহেন, মারা ক্ষরাজিত।

" অত্র জীবত্তং চাবিদ্যাক্ততেমেবেতাবিদ্যাদীনামনাদিছে হপাবিদ্যারা জীবাশ্রমহাযোগাৎ, অন্ট্রার তদ্যোগাচ্চ। বীজরক্ষাদিবদজ্ঞানপরম্পারয়া জীবপরম্পারাজম্মনি চ জীব-মাাদান্তবত্ত্বক প্রতিজ্ঞান তৎপার্থক্যকা প্রস্তুতে।"

এ মতে জীবত অবিদ্যাক্ত। অবিদ্যাদির অনাদিত্ব হইলেও অবিদ্যা জীবতে আত্রর করিরা থাকিতে পারে না। শুলিতে রক্তত ভ্রান্তি বা রক্ত্যুতে সর্প ভ্রান্তি ঘটলে এই অজ্ঞান কথন রক্ত্যু বা সর্প আত্রর করিরা থাকে না, এ অজ্ঞান অপরের। বীজ হইতে রক্ষ রক্ষ হইতে বীজ এইরপ অজ্ঞানপরম্পরতে জীবপরম্পরাক্তম হইলে জীবের আদ্যন্তবন্তা এবং প্রতিজ্ঞান পার্থক্য হইল।

ষিতীয়মতে চৈতনোর অবিদান প্রতিবিশ্ব ঈশার, চৈতনোর আভাস জীব। এ চুইই রজ্মু ও সপের নারে মিখান। সম্প্রিতে সমুদার বিলুপ্ত হয়, উপানে জীব পূর্বে মুকপ হয়। ঈশারসম্বন্ধেও এইরপ বলা যাইতে পারে। অপারে বলেন এমত ঠিক নয়। করেণ ইছাতে জীবের নাশই মোক্ষ হইয়া পাডে।

"অত্র চ নিতামেন বেস্কুসন্থারিনা। অবিদার। আঞ্রন নিরপণাশকাজং তদবস্তমেন। ঈশ্বরকর্তৃত্সক্জেন্ত্রাদিসং-শ্বাদস্ত বেদান্তম্ব প্রভাগে এব সাংগ্যাস স্বাদ্য

এম্বলেও যিনি জ্ঞাত তাঁহার সন্দার আজ্ঞার কি নির-পণ হওরা পূর্ববংই অশক্য থাকিল। বেদান্তে ঈশ্বর সম্বন্ধে কর্তৃত্ব সর্বজ্ঞহাদি যাহা উল্লিখিত হইরাছে তাহাও ইহাতে প্রলাপ হটতেছে:

তৃতীয়মতে অবিদ্যা সত্ব, রজ ও তমঃ এই ত্রিগুণাত্মিকা এবং ব্রন্ধাঞ্চিতা। আবরণ ও বিক্ষেপ শক্তিযোগে এই অবিদ্যা মালা নামে অভিহিতা হল। অবিদ্যার আবরণ-শক্তিতে চৈতনোর প্রতিবিশ্ব জীব, বিক্ষেপশক্তিতে চৈতনোর প্রতিবিশ্ব ঈশর। এই প্রতিবিশ্ব দ্বের আমি অজ্ঞানী আমি সমুদার জগতের অক্টা এই অভিযান উপদ্থিত হল। শুদ্ধ অপ্রকাশ ব্রন্ধে অবিদ্যাসম্ভ্র বিক্ষা নহে। কারণ মধ্যাহ্ন সমরে সূর্গা উজ্জালভরেরপে বিদ্যামান থাকিলেও পেচকের নিক্ট সকলই অন্ধার প্রতীত হল। বিদি সাক্ষী ভিনি

অবিদ্যাবিনাশক নভেন, ছনি স্থবির ন্যার প্রকাশক ম'জ। অবিদাবিন শ প্রমাণর্ভিদ্বর। সাধিত কইরা পাত্ত। व्यविष्ठा क्षेत्रदेव वर्षा व्यवद्यान करते । कोरवद व्यवृक्षेत्रांजः উহার অত্বরতঃ ত্যোগুণের প্রত্যেকের অ'নিকো স্থিতি, च्यि এवर ध्यमग्र इहेग्रा थात्क। अत्या वर्णन हेहा अबू का । কারণ অবিদ্যা অনাদিকাল ছইতে ত্রন্ম ভিন্ন অপর কংছার আজিত। নছে। অনিদাই জীনাদি দৈও বস্তু কম্পনা করি-मार्छ। यथन कीवामित পরিকপ্পক আর কেছ नार, उथन आध्रत छेका जानित नागत को नामिश्रतिकण्यान छेत्रात स्वाखा-বিক গুণ হইল। সুদ্ধরাং আর ভাছার উচ্চেছদসন্তাবনা লাই। এমতে এক শক্তিমান্ নহেন এবং ভট্টিল অন্য কোন ৰম্ভ অথবা শক্তি সহত্রে শক্তিমান্ নাই। সূতরাং স্বাভাবিকত্ব আরোপিতত্ব অধবা তটন্থত্ব ইহার কিছুই সম্ভব হইল না, অত্যন্ত অভাব উপস্থিত হইল। কারণ ত্রন্ম শক্তি-मान् ना इरेल रुक्तांकि खडावडः इरेट शाद्र ना। उम वाजितिक जना भागर्थ ना शाकित्न जारताभ मस्तर ना। কেননা শুক্তিতে রক্ত ভাস্তি রক্ত বলিয়া কোন পদার্থ ना शाकित्म इत्र ना। जगजा का का ना शाकित्म **उप्प उाषात्र जास्त्रि कित्रत्थ करेट्र १ मस्किम्श्टक व्यवस्थन** ক্ষিয়া শক্তি স্ফাদিতে প্রব্র হইলে চেতন অচেত্রন इरे नरेश की वानि एकि मळन शाय। (यश्रान भक्ति সম্বন্ধে শক্তিমান্ নাই সেধানে ভটক্তা অৰ্থাৎ চেতনা-চেত্ৰন উভয়ভাবপ্ৰাপ্তি অসম্ভব। শুদ্ধ বন্ধ পদাৰ্থে শ্বতঃ প্ৰতিবিম্ব হয় অথচ ভাঁহায় কম্পানা বা কৰ্ডাদি কিছু मारे এ কথা বলিলে প্রতিবিশ্ব ছইতে পারেনা। কারণ ছটানা পড়িলে প্রতিবিদ্ধ হয় না। কিন্তু যখন বিশুদ্ধ ব্ৰশ্ব কম্পনাদিশূন্য তখন কম্পনাতেও অব্যবহিত চ্টা সম্বন্ধ ছইডেছে না ৷ ব্ৰেল অধিদ্যাসম্বন্ধ হইলে তবে তৎপ্ৰতিধিয জীব ছইতে পারে, আর এক দিকে আবার জীব ছইলে তবে ঈশবে অনিদ্যাসম্বন্ধ কম্পিত হইতে পারে। স্মতরাং পরক্ষরাজ্ঞর দোষ উপস্থিত হইল। ব্রহ্ম এবং জীব এক পদর্থে। পেচক যেমন মধাক্সেন্থ্যসত্ত্বেও অন্ধকরে দর্শন করে তেমনি জীব অবিদ্যাযোগে ব্রহ্মকে জগৎ বলিয়া দর্শন करत। जीर यमि धरेत्रात्भरे मिक्ष भारेन, তবে আর তাহাকে প্রতিবিম্ব প্রতিপাদন করিতে প্রয়াস নিক্ষন। জ্ঞানবানে দেখিতে পাওয়া যায় এবং সন্তবে। যিনি স্বয়ং জ্ঞান তাঁচাতে অজ্ঞানতা নিভাস্ত বিকল্প কথা। মরীচিকায় যজ্ঞা জল দৃষ্ট হয়, এছলে দেইরূপ কপেনাময় উপাধিতে প্রতিবিশ্ব ছইয়া থাকে এ কথা বলা যাইতে পারে मा। আকি:শের একাংশে স্থারাশ সহ এক হইয়া ভাহার অধাৰ-ছিত্ত ছটাতে প্রতিবিশ্ব হয়। নিরবরৰ ত্রন্মে সেরপ প্রতিবিশ্ব ষ্ট্যার সন্তাবনা কোথায় ? আবার এই উপাধি যখন নিরূপ, ভখনতো একেবারেই প্রতিবিশ্ব হইবার সম্ভাবনা রহিল না। में) इ महकारत अक हरेशा ज्यविष्ठ है हे उनारक किर कान मिन

প্রতিধিয় বলিয়া ভণলাদ্রত করে না। কোন হাতে কিছুব প্রতিবিশ্ব পড়িলে অন্যে তাহা দেশিরা ধাকে। এ ছনে बरमत थाजिनिय कीन स मेथता अहे बैंम अनः उर्थाजित्यत ज्राष्ट्री (क ? यनि (कह मिट्स चौकात कृता यात्र उटा उहात জড়ত্ব কেন হইল না ? যে বস্তু স্বরং প্রতিবিদ্ব সে আপিনার উপাধি কম্পনাও করিতে পারে না বিনাশও করিতে পারে ना। ऋडताः खोरकर्क्क श्रमागळानदाता उद्भापि व्यविमा किक्रां विमये बरेरव ? डेशांधि विमाना ए पूर्वत कथा, প্রতিবিশ্ব এবং বিশ্ব শ্বতম্ম দেখিতে পাওয়া গোলেও প্রতিবিশ্ব वार्खिक (काम भाषां वे मह। कारण श्रे जिन्ह विन्छे इहेल ৰিম্ব বিনফ্ট হয় না এবং প্ৰতিবিদ্ধ জোতির আন্তাস মানু। স্বন্ধ বস্তুতে দৃষ্টি নিপতিত হংলে সেই স্বন্ধ হংতে চকুতে একটা জ্যোতির আভাস আগত হয় এই আভাস প্রতিবিদ্ধ বস্তুত: কোন পদার্থ নয়। যদি তাই হইন তবে প্রতিবিশ্ব জীব বেমন অপদার্থ তাছার মোক্ষও তেমনি यशमार्थ।

मःवान।

ক্ত প্রতাপচক্র মজুমদার মহাশয় সিদ্ধু হায়দোবাদ যাইবার পথে বোম্বাই প্রার্থনাসমাজে একটা বক্তৃতা করেন এবং উপাদনা করেন। বোম্বাই হইতে অর্থবপোত হোগে গত শুক্রবার হায়দ্রাবাদে পৌছিয়াছেন।

আমর। শুনিরা আহলাদিত হইলাম বাঁকিপুরের মৃতপ্রার রাহ্মসমাজটী ডাক্তার প্রসন্মকুমার রাষের মত্রে পুনরার জীবনের চিক্ত প্রদর্শন করিতেছে। ডাক্তার রার তথাকার আচার্য্যের কার্যাভার প্রহণ করিয়াছেন। দৈর্য্য ও আশার শহিত তিনি এই কার্য্য সম্পন্ন করিয়া চঞ্চল মতি সামহিক রাহ্মদিগের অস্তরের দৃঢ্ভা বর্জন করুন।

গত ১৭ই ভাদ্র বারিষ্টার শ্রীযুক্ত বাবু আনন্ধমোহন বস্বর নবকুমারের নামকরণ উপলক্ষে স্থানীয় সমস্ত প্রাহ্মগণের নিমন্ত্রণ হইয়াছিল। শ্রীযুক্ত বাবু রাজনারায়ণ বস্থু উপাসনার কার্যা করিয়াছিলেন এবং শ্রীযুক্ত বাবু শিবনাথ শান্ত্রী প্রার্থনা করিয়াছিলেন।

অদ্য হইতে ব্রহ্মান্দিরের উপাসনা সন্ধ্যা সাত ঘটিকার সময় আরম্ভ হইবে।

মান্ত্রাজ হর্ভিক্ষ নিবারণের জন্য মফস্বল ব্রাক্ষ্যমাজের সভাগণের উৎসাহ অনুরাগ এবং পরিপ্রমের সফলতা দেখির। আমরা পর্মানক লাভ করিয়াছি। অনেক স্থানে আশার অভিরিক্ত দান সংগৃহীত হইরাছে। কোনু কোনু ব্রাক্ষ্য-মাজের দ্বারা কত টাকা সংগৃহীত হইরাছে তাহার তালিকা নিয়ে প্রকাশ করা গেল। এই টাকার মধ্যে জন্যান্য ধন্মা বলম্বিগণের প্রদেব দানও জনেক আছে।

গয়া আক্ষমমাজ ৪২টাকা

মভিহামী ... गासिभूद ... (महाईन ... **अ**रप्रे • क्यात्रथानी ... वर्तम्भूब ...

174	94 1		।।विभ	I GGF						
ণ । এককালীন দান।										
	এ যুক্ত ৰাৰু কেদারদা থ র		<u></u>	21						
	,, ,, পণ্ডিত বসন্তরাদ,		•••	one.						
	,, , बहुमनि (चार			R						
	,, क्यांत्रमाथ (प, म	াছোর	***	414						
	একজন বন্ধু	868	***	51						
1			-	>>)40						
	ওভকর্মের দান।									
	জীয়ক বাবু দহিন্দক চ্কাবর্ডী ডেলপুর 🙃									
,	श्रीत्थ्य ।									
.		N	•							
	রামপুর হাট ব্রাক্ষ্যাঞ্	***	•••	6 ·						
	বহরমপুর ঐ ভাগদপুর ঐ		••	b ,						
		्राः शासाम्बद्धाः सम्बद्धाः		, 8 ,						
1	क्रि वृक्त बाबू बाथानाव्य हत्येशीशाशात्र सूत्रनिमायाच									
	,, ,, জয়গোপাল সেব মতিহারি বালসমাজ	•••	•	کر عدد						
		•••	• • •	,						
	জীবুক বাবু মাধবচ্জু রায়		***							
	জারাত্বতুগণ চালাপ্রত বহ	***	***	بغ						
	দানাপুরছ বন্ধু এদাহাবাদ বাব্দসমাজ	•••	•••	> ,						
	मत्र्या व	•••	•••	e.						
		•••	•••	ķ."						
	মোকামছ বছুগণ	***	•""-	3						
ত্রক্ষমন্দির সংস্কার জন্য দান সংগ্রহ।										
		লড়ের পর।)								
	बिश्क बाबू बनारें हता (मन, व	গাঁকিপু ৰ	• • •	φ,						
	» », গঙ্গাচরণ শেন	• • •	• • •	>						
	,, ,, शंकारशाविक वक्ती,	बेट्याब	•••	÷¢						
	, , कत्रत्भाशान त्म्म	•••	,,,	æ• *						
			_	34						
										
বিজ্ঞাপন।										
	নৃতন গ	ধুন্তক।								
30	भागनाव्यगंनी	•••	•	18						
4	ষাচার্ষ্যের উপদেশ	•••	• • •	1/9						
-	ाराभूक्य	•••	•••	19						
9	চারত দেভিাগ্য	•••	•••	4						
9	পাসনাত্ত্ব	•••	***	19						
5	ोजिमाना	•••	•••	19						
1	वदनमनिद्राव छेकि	•••	•••	η), ,						
5	Sermons and Essays	•••	•••	14						
•	ভারত্ববীর ব্রাশ্সনালের	প্রচার কার্ব্যাল	त्त्र वात	वा ।						
			. ,	-						

			. "	4		
বাগজাচড়া	70	•••	,.			>>140
	•••	•.••	Ø. "	ভভকর্মের চ	त्व ।	
Process of the second	717		3. "	জীবুক বাবু মহিমচক চক্ৰাবৰ্ডী	ভেলপুৰ	R . 1
ब्रायश्वहाँ	,	Ours -	र् अक्टिकिटलेड		·	
ইহা বাতীত আৰম্ভ অনে						
ছারা সংগৃহীত হইয়াছে ও হই	एक रहे। व्य	9) 4	and the state of the state	.,,	7 . •,	
वर मृही खु जुसूमत्रन क्यून।				वहत्रमभूत धे	•	
ভারতবর্ষীয় আক্ষাসমানে	ত্র প্রচার ব	गर्या	नरप्रत	ভাগলপুর ঐ		8,
সাহায্যার্থ দান	প্রাপ্তি স্বীকা	ब ।	बै बुक बाबू बाथानवस व्हालाशांत्र युवलियांच 🤏			
মাহ জুলাই এ				,, ,, अत्रत्गाशान त्रम	•••	۰. کې
জীবুক ভাকার প্রস্কুর্মার	রায়, বাঁকিপুর	· 	345	মভিহারি বা ন্স্যাল	•••	RY
জীবুক বাবু প্রসমূক্ষাত বো		•••	٤,	अध्यक बाबू माधवहन्त्र द्वांम	•	
STATUTE CHE			2,	জারাত্বভুগণ	*** *	,, 9,
	•••	•••	3,	मानाश्रवच्च वक्क	•••	,, þ,
fatered washing	•••	•••	N.	वनारावान उपम्यान	•••	•
Servettetin cun	•••)•/ 	मदर्का औ	•••	··
रेजनके नाथ रखन	•••	•••	₹\	নোকাম্ছ বছুগণ		. 2
	 Herein Gr		-	- W - W-		48
Separa sta	ii. Alaembii	.	991	ত্রক্ষমন্দির সংস্কার জ	ন দেৱি সং⊲া	**
	· · · ·	••	2/		•	< i
			3/	(গভ প্লকাশিড়ে		
,, ,, नेवडठल मह	•••	•••	¥.	🎒 যুক্ত ৰাৰু বলাইচন্দ্ৰ সেন, বাঁকি	,	16
, , গোপালচন্দ্র মন্ত্রিক ,, ,, মতিলাল শীল	٤,		31	্য ,, গন্ধাচরণ শেন		5 ,
• •	3/	•••	; ;	,, ,, शकांदशांविन नमी, ब्रेट्	भाव …	7
,, इदिमान अमानि	3/	•••	21	,, ,, जन्नत्रांशिन (मन	•••	α· .
,, ,, मुस्ट्यानाथ नम्मन	3/	•••	31			34
্ সং ম্ভেলনাথ মলিক	19	•••	1.			
,, ,, ভারকনাথ দত্ত	19	•••	H.	বিজ্ঞাপৰ	Ŧ 1	
,, ,, स्थानहस्य महिक्	2/	•••	\$119	নৃতন পুস্ত	7	
,, ,, ज्वश्वक्रक शान, मका	मा	•••	M	डेलामनाव्यनामी	•	. 19
,, ,, इर्जामाम बाब, ঢाका		•••	4	व्याहार्रात्र छेशाम्	•••	1/9
,, পার্বভীচরণ তথ্য পু	শৈরা	•••	÷ 0/	महाश्रुक्व · · · · ·	***	. 19
এমতী অৰ্থ প্ৰভা বস্থ	•••	•••	8/	ভারত দেখিলাগ্য	***	. 19
🖷 মতী অর্ণনতা দে, লাছোর	•••	•••	3/	উপাসনাডম্ব	•••	. 19
কোনগর বাবস্যাল	•••	•••	, #\	নীতিদালা		. 19
(ভক্তপুর এ	***	•••	8/	नवदनमनिद्राव छेकि	•••	ا داره
रात्रा दाचग्याञ	•••	***	381	Sermons and Essays	•••	14
, •-		•	Seine	ভারতবর্ণীর ব্রাশ্যসালের প্রচা	ৰ কাৰ্যালয়ে এ	
			• • • •	Andere Ber ber bei beite bei Erie		

अई शांकिक शिक्का क्लिकाछ। • नर कटनेक क्लिबात शिक्तान निवात बुटक बता आदिन क्लिमिनटमाहम तक्कि बाता मूखि है देशी।

ধশ্তত্ত্ব

স্মবিশালমিদং বিশ্বং পবিত্রং ব্রহ্মন্দিরং।
চেতঃ স্মনির্যালন্তীর্থ সভাং শান্তমনশ্বরং।
বিশ্বাসোধর্ম্মনং হি প্রীতিঃ পরমসাধনং
স্মার্থনাশস্তু বৈরাগাং ব্রাক্তরেবং প্রকীর্তাতে।

১১ ভাগ। ১৮ সংখ্যা।

১৬ই আশ্বিন সোমবার ১৭৯৯ শক।

বাৰ্ষিক অঞ্জিম মূল্য ২॥০ মফঃসলে এই ৩০

প্রার্থনা।

900

হে জনয়দশী অন্তর্যামী ঈশর! তোমার নিকট মনের ভাব প্রকাশ করিবার জন্য কিছু ভাবিতে হয় না। এখানে কোন প্রকার ভুল ভান্তি নাই। আমি বিশুদ্ধ যুক্তিসলত ধর্ম-মতের অমুসারী হইয়া অন্তরের যথার্থ বাসনা পরিকার ভাষায় তোমাকে জানাইতে পারি আর না পারি সে জন্য কোন আশহার কারণ শর্ণাগত দাদের আন্তরিক অভি-তোমার অভ্রান্ত জ্ঞানালোকে স্বভঃই প্রকাশ পাইতেছে। মতের ভ্রম, অনুষ্ঠানের ক্রেটি, কিম্বা বাক্যের অস্পস্টতা তুমি দেখনা; সাধকের বিদ্যানৈপুণ্য, জ্ঞান বুদ্ধির প্রাথর্য্যও তুমি আহ্য করনা ; কিন্তু স্বাভাবিক নিয়মে অন্তরের গৃড় ভাব সহজে বুঝিয়া লও। যাহার ইচ্ছা সাধু, কার্য্যগত এবং মতগত ভ্রমে তাহার কি করিবে ? কোন্ পথ ধরিয়া কি প্রণালীতে সে তোমার সমিধানে গিয়া পোঁছিবে তাহা ভুমি শ্বরং বলিয়া দাও। সরলহদয় ত্বিত-চিত্ত সাধক চিরকাল ভ্রম কুংস্কারে পড়িয়া পাকিবে না, ভূমি একদিন তাহাকে সত্যের আলোক দেখাইয়া অমৃতধামে লইয়া যাইবেই যাইবে। এই জন্য ভুল ভান্তিতে আমি ভয় क्ति ना। यनि थान जामारक ठाय, दूमि कि

অজ্ঞানতার জন্য আমাকে উপেক্ষা করিবে? আমার অন্তরে অকুত্রিম ভাব হউক, আরু আমি অন্য কিছু চাহিনা। আমার অনুরাগ ব্যাকুণতা যেখানে, তোমার স্নেহপূর্ণ মাতৃহস্ত সেইখানে, কোন প্রকার ব্যবধান নাই। প্রার্থনা করি, তোমাকে পাইবার জন্য আমার হৃদয়ে যথার্থ ভাবের উদয় হে ভাবদর্শী প্রাণের দেবতা! আমার জীবনের গতি তোমার অভিমুখে যেন সর্ব্বদা অবস্থিতি করে। আমি তোমার প্রেমমুখের পানে চাহিয়া অভ্রান্ত আকার ইঙ্গীতে তোমাকে মনের কথা বলিব। অথবা আমি কিই বা বলিব। আমার বলা এবং তোমার ওনা এক সঙ্গেই হইয়া যায়। কেবল এই চাই যেন সেই ভিক্ষার দীন ভাবটী হয়। সেই অব্যর্থ প্রার্থনার ভাব, দীন ভিশা-রির ভাব আমার অন্তরে আনিয়া দাও। আমি ইঙ্গীতে তোমার দঙ্গে আলাপ করিব। হে জীবনবন্ধভ! আমার যাহা হওয়া উচিত তাহা যেন হই, প্রকাশ করিবার কোন প্রয়োজন কারণ তোমার নিকট কিছুই গোপন थाकिरव ना।

যোগেতে লয়।

হিন্দুশান্ত্র সাগর সমান, ইহা সন্থন করিতে পারিলে অভি হুমধুর অমৃত রুসের আহাদন

লাভ করা যায়। যাঁহারা দেবপ্রসাদ লাভ করিয়াছেন তাঁহারা ঈশ্বর প্রেরিতভাবে শাস্ত্রের গভীরতম প্রদেশে প্রবেশ করিয়া অমূল্য সত্য-রভু উপলব্ধি করেন। ভাবুক মন নব নব ভাবে প্রেমকুস্থমকে প্রক্ষ্টিত করিয়া সেই चामि कवित्र हत्रशांत्रविम चर्कना करत् । भकार्थ প্রতিপাদক জ্ঞানী শান্তের গৃঢ় মর্ম্ম অবগত इट्रेंट शाद्र ना, कार्र जोशनारमत इस्तन পাপাসক্ত বৃদ্ধিই তাহাদের নেতা ও আলোক। তবে স্বৰ্গীয় আলোক ও দিব্যজ্ঞান যাঁহাদের নিকট প্রকাশিত হইয়াছে, তাঁহারা অভিনব ভাব সঞ্চয় করেন। পুরাতন সত্য হইতে নৃতনত্ব বাহির করা এবং পুরাতনকে নৃতন বেশে জগতের নিকট প্রকাশ করা মহাজ্ঞন ভিন্ন আর কাছারো ক্ষমতা নাই। তবে প্রকৃত রসজ্ঞ কে ? যিনি ভাবসাগরে মগ্ন হইয়। ঈশ্বরের অলোলিক ব্যাপার প্রত্যক্ষ দন্দর্শন করত স্বয়ং তথায় निष्णम इरेग्रा थारकन। এथन वाखव প্রস্তা-যাউক। বনায় অবতরণ করা হিন্দুশাস্ত্র लायब मा कि श्रकात श्रवातिक रहेन अवः কিরূপ গভীর তাৎপর্য্য ইহাতে নিহিত রহি-য়াছে তাহা হৃদগত হইলে ধর্মের গৃঢ় ভাবের মধ্যে দকলেই প্রবেশ করিতে পারেন। ভারতের পুর্বতন যোগারা অমূর্ত্ত চেতন জগতে নিয়ত বাস করিতেন; তাঁহারা মূর্ত্ত জগংকে ছায়া কল্পনা বলিয়া পরিহার করিতেন; কারণ মূর্ত্ত জগতের অন্তিত্ববোধ থাকিলে যোগপথে সমূহ ব্যাঘাত ঘটিয়া থাকে। বাহ্য পদার্থ অন্তশ্চক্ষুর জ্যোতিকে প্রছন্ন করে, এই জন্য যোগী মাত্রেই এই দৃশ্য বস্তুকে বিলোপ করিয়া ফেলি-তেন। ইহা দারা এরূপ প্রমাণীকৃত হইতেছে ना त्य पृष्ठ वञ्च नारे, किन्छ त्यांशिपित्शव त्यांश-নিবিষ্ট চিত্তের নিকট মূর্ত্ত জগতের বোধ তিরো-হিত হইত। স্থতরাং তাঁহাদের নিকট বাহ্য ব্দগতের জ্ঞান বিলোপ হওয়। আর তাহার অন্তিত্ব না থাকা সমান বলিতে হইবে। যোগ मांधानत नित्रमरे थरे, अधाम थरे अकाछ স্ষ্টিকে ধ্বংশ করিয়া প্রলয়ের অন্ধকারে বাহ্য

আকাশ ও হৃদয়াকাশ আচ্ছন্ন করিয়া ফেলিতে হয়। এই জনাই যোগিবর মহাদেবকে প্রলয়-কর্দ্তা বলিয়া থাকে। বাস্তবিক সৃষ্টি স্থিতি প্রলয়-কর্ত্তার গুঢ় তাৎপর্য্য অবগত হইলে মনে বড় আনন্দ হয়। সেই চিন্ময় প্রমাত্মা ইচ্ছায় বিশ্ব স্থজন করেন, প্রেমেতে পালন করেন, এবং অলোকিক স্বর্গীয় আবির্ভাবে সাধকের সন্নিধানে এই দৃশ্য জগংকে তিরোহিত করেন। কারণ তাহা না হইলে সেই স্থন্দর মনোহর দর্শনের অন্তরায় ঘটে। যেহেতু আত্মা আর পরমাত্রা উভয়ে পরস্পর দাক্ষাৎ দম্বন্ধে আবদ্ধ, মধ্যে জগংরূপ আবরণ থাকিলে ত্রন্মের মুখ প্রচহন থাকে। সেই মুখ আবরণ খুলিয়। দিলেই সাধকের নিকট প্রকাশিত হইয়া পূর্বতন সাধকেরা স্থুথ তুঃখের হস্ত ইইতে मूक इरेवात जनारे वाश পদার্থের অন্তিম অম্বীকার করিতে বাধ্য হইতেন। কিন্তু ইহার অন্তিত্ব স্বীকার করিয়া হুখ চুঃখকে পরাস্ত করিয়। প্রলোভন পরীক্ষাকে পদানত করাই প্রকৃত মহৎ কার্যা। যাহা হউক, যোগিবর মহাদেব যোগবলে সংসারকেও জয় করিয়া-ছিলেন। তিনি আপনার উরুদেশে ভগ-বতীকে বদাইয়া ত্রন্মে চিত্ত সমাধান করি-তেন, অথচ তাঁহার চিত্তবিকার হইত না। কারণ, সমস্ত প্রবৃত্তির উত্তেজক যিনি তাঁহার সহিত পবিত্র সম্বন্ধে আবদ্ধ হইয়া বৈরাগ্য ও পুণ্যের আলোকে স্বয়ং তিনি আলোকিত ছিলেন, মতরাং তাঁহার নিকট জগৎ সৎসার বিলুপ্ত र्देशाहिल। त्यार्शित ममून्य विरयत लग्न र्य, এই কথাটীর গুঢ় তাৎপর্য্য কেমন প্রকাশিত হইল। যাঁহারা প্রকৃত ধ্যানে মগ্ন হইতে ठाट्य, उारामिशक ক্রমে ক্রমে জগৎকে थलरात व्यक्तकारत बाष्ट्रम कतिए हहेरव। পরে সেই পরম বস্তু লইয়া অসৎ পদার্থকে পূর্ণ করিতে হইবে। ইহাই যোগ শাস্ত্রের. বিধি। . হিন্দুশান্ত্রের প্রলয় মতটীর যথার্থ গৃঢ় ভাব ও মধুরতা অমুভব করিলে যোগ সাধন তত কঠোর বলিয়া প্রজীত হয় না।

অন্যের উপাসনায় যোগ দান।

অন্যের উপাদনায় যোগ দান করিয়া ভক্তি-পূর্বক উপাসনা করা সামাজিক উপাসনার মধ্যে একটা গুরুতর পরীক্ষার বিষয়। বারিক আদর্শের অমুগামী হইয়া দশজনের সঙ্গে यिन अकरज जम्म कित्र हम जरव अक-জনের উপর উপাচার্য্যের ভার দিতেই হইবে। তাঁহার প্রতি যদি উপাসনার ভার দিতে হয় তবে প্রত্যেক উপাসককে তাঁহার ভাবের অমু-সরণ করিয়াও চলিতে হইবে, তদ্তির সামা-জিক উপাসনা হইতে পারে না। কিন্তু কার্য্যতঃ এই বিষয়ে অনেক ব্যাঘাত জন্ম। পান্ত সমস্ত সময় একজনের কুত আরাধনা প্রার্থ-নার সঙ্গে সঙ্গে চলা বড় সহজ নহে। এই জন্য পরস্পারের মধ্যে সচরাচর বিচ্ছিন্ন ভাব লক্ষিত হইয়া থাকে। এক যোগে এক ভাবে উপাসনা কেবল উন্নত হৃদয় পবিত্র চরিত্র ভক্তমণ্ডলীর মধ্যেই সম্ভব। তুমি আমি যে মণ্ডলীতে বদিয়া উপাসনা করি, কিম্বা উপাচার্য্যের পদে নিযুক্ত इहे. त्मशात विव्हिन ভाবের অভাব নাই। কেহ অন্ধনিদ্রিতাবস্থায় মধ্যে মধ্যে যোগ দান করিতেছেন, কেহ নয়ন মুদ্রিত করিয়া মনের मर्द्या वार्गिका कार्याालर यत चात छेन्द्रा कित्रा দিয়াছেন, কেহবা উপাচার্য্যের বাক্য বিন্যাদে বিরক্ত চিত্ত হইয়ানিজের ভাবেই উপাদনা করিয়া যাইতেছেন। বাহিরে এক বোধ হইতেছে, কিন্তু ভিতরে সকলে ভিন্ন ভিন্ন দলে বিভক্ত, কেহ কাছাকে প্রভাবিত করিতে পারিতেছেন না। গুইটা ভাবে সামাজিক উপাসনায় যোগ দেওয়া যাইতে পারে। এক পারিবারিক ভাবে মিলিত হইয়া সাধারণের পিতা গৃহদেবতা ঈশ্বরকে পূজা করা, দ্বিতীয় উপাসকমণ্ডলীর সাধুভাব দর্শনে এবং আচার্য্যের উপাসনা উপদেশাদি শ্রবণে একাকী আনন্দিত হওয়া ও ধর্মশিক্ষা করা। শেষোক্ত লক্ষ্য যদিও ব্যক্তিগত, কিন্তু উপেক্ষ-ণীয় নহে, বরং একটা শ্রেষ্ঠতর প্রার্থনীয় বিষয়। প্রথম উদ্দেশ্য পারিবারিক বন্ধনকে দৃঢ়ীভূত

করিয়া একত্রে পুণ্য প্রেম উপার্চ্জন করা, দিতীয় উদ্দেশ্য তাহার সঙ্গে থাকিতে পারে, কিন্তু তাহা একমাত্র মুখ্য উদ্দেশ্য কথন স্কৃইতে পারেন।। কিন্তু অনেক সময় এমন ঘটে যে এতন্ত্ৰয়ের কোনটাই সংসিদ্ধ হয়না। কেহ লোকভয় বা ভদ্রতার অমুরোধে, কেহবা স্বতমভাবে নিজ লক্ষ্য সম্পন্ন করিবার জন্য নির্দ্দিক্ট কাল সমাজ মন্দিরে বাস করিয়া চলিয়া যান। এই সকল কারণে ব্রহ্মোপাসকদিগের মধ্যে পারিবারিক প্রীতিবন্ধন চিরদিন শিথিল হইয়া রহিয়াছে। নিজ নিজ অভ্যাস ও ক্রচি এই বিভিন্ন ভাবকে ক্রমাগত পরিবর্দ্ধিত করিয়া আসিতেছে. কোথায় কতদিনে এবিষয়ে পরস্পারের যে সহা-মুস্থৃতি হইবে তাহা ত্বির করিয়া উঠা যায় না।

প্রত্যেক ব্রাক্স যদি এমন প্রত্যাশা করেন যে তাঁহার কুত উপাদনায় সকলে হৃদয়ের সহিত त्यांग नान कतित्व, छेशानभानि खावन कतित्व, তাঁহার এক গুণ ভাবকে শত গুণ করিয়া দিবে. অথচ তিনি কাহারো প্রার্থনা উপাসনায় যোগ দিতে অনুরাগী হইবেন না, প্রত্যুত উদাসীন ভাব প্রদর্শন করত স্বাতন্ত্র্যাবলম্বন করিবেন, তাহা হইলে কেমন করিয়া ভাতৃপ্রেম রুদ্ধি হইবে ! "অন্যের নিকট তুমি যেরূপ ব্যবহার প্রত্যাশা কর, তাহার প্রতি তোমার দেইরূপ করা উচিত' এখানেও এই প্রাচীন নীতির অনুসর্ণ করিতে হইবে। সকলেই যে আচার্য্য হইয়া উপাসনা করিতে অভিলাষী হন তাহা নহে, হইলেও দাধারণের ইচ্ছা ও অভিপ্রায়ামুদারে তাহা চরি-তার্থ হইবে। কিন্তু যিনি স্বাভাবিক ধর্মানুরাগের বলে সে পদ প্রাপ্ত হইয়াছেন, কিন্তা অপর পাঁচ জনে তাঁহাকে তৎপদে মনোনীত করিয়াছেন কিম্বা সময়ে করেন ভাঁহার উপাসনায় যোগ দেওয়ার জন্য অভ্যাদ করা চাই। অত্যন্ত ক্রচিবিক্তন্ধ হইলেও ঈশবের অনুবোধে, তাঁহার সমাজের কল্যাণের অনুরোধে তাহাতে যোগ দিতে হইবে। আবার যিনি উপাসকমণ্ড-লীর হৃদয়কে ঈশবের দিকে পরিচালিত করিতে অসমর্থ, অর্থাৎ যিনি সরলভাবে ব্যাকুলতারু সহিত উপাসনা করিতে পারেন না, অপরের ভাবকে আপদার মধ্যে লইয়া প্রতিনিধির ন্যায় প্রার্থনা করিতে জানেন না, কেবল নিজের কোন বিশেষ অভিক্রচি ও ভাবের অধীন হইয়া উপাসনাদি करतन डाँशत भएक रतनी धंशन ना कताहै मन-লের বিষয়। পক্ষান্তরে উপাসকমণ্ডলী ব্যক্তিগত বিৰেষ ভাব পরিত্যাগ করিয়া দেবছ ও ওম্প্রয়া-ষের অনুরোধে আচার্য্যের ভাবে ভাবুক হইলে প্রেম সন্তাব বিস্তার হইতে পারে। সামান্য লোকিকতা রক্ষার জন্য এ কথা আমরা বলি-তেছি না, নিজ নিজ অহঙ্কার চুর্ণ করিবার জন্য এরপ প্রণালী অবলম্বনীয়। অন্যের হৃদয় বিনিঃ-স্ত প্রার্থনা স্তব বন্দনা, ধর্ম্মোপদেশকে যদি আমি সমাদর করি তাহাতে সত্যেরই মহিমা মহিমান্বিত হইবে। এবং আমি যদি প্রত্যাশা ও ইচ্ছা করি যে অন্যে আমার সঙ্গে যোগ দিয়। উপাসনাদি করুক, তবে ইহা দারা সে আশাও সফল হইবে। সর্বাদা যে রুচির বিরুদ্ধেই আমা-मिशरक रयांश मिरा इटेर जाहा नरह, हेहार ज উপকারও যথেষ্ট আছে। আপনার অভিনান পরিত্যাগপূর্বক বিনীতভাবে অন্যের পশ্চাদ্গামী হইলে অনেক শিক্ষা লাভ হয়, কারণ অধীনতা-তেও আরাম আছে। ইহাতে কাহারো মহত্ত্বের হানি হয় না, কিন্তু হৃদয় বিনম্র ও প্রশস্ত ভাব ধারণ করে, তদ্ফান্তে অন্যের জীবনও বিনম হয়। অতএব আপনার গুণ গরিমা বিশ্বত হইয়া দীন ভাবে শ্রদ্ধা ও সম্রমের সহিত অপরের উপাসনায় যোগ দান করিবে। যিনি আচার্য্যর উন্নত পদবীতে উপবেশন করিবেন তিনিও যেন সকলের সেবক বলিয়। আপনাকে মনে করেন। কোন প্রকার অস্বাভাবিক কি অসরল ভাব যেন তাঁহার কার্য্যেতে প্রকাশ না পায়। যাহাতে সকলের উপাসনা হয় তাহার প্রতি তিনি বিশেষ দৃষ্টি রাখিবেন। সাধারণের অস্ততঃ অধিকাংশের ভাবের প্রতিনিধিত্ব করিতে না পারিলে আচা-র্ষ্যের কার্য্য সম্পন্ন করা যায় না। আচার্য্য ও উপাসক উভয়েই উভয়ের ভাবের সমভাবী हरेए एक एकी करतन। অন্যান্য সকল

যোগ অপেক্ষা উপাসনার যোগ প্রধান। দলবন্ধ হইয়া একত্রে বাস করা রুধা হয়, বন্ধৃতা
হাপনের চেফা নিক্ষল, যদি পরস্পরের সঙ্গে
উপাসনায় যোগ না হয়। জীবনের সার উপাসনা, তাহাতেই যদি যোগ এবং সহামুভূতি না
থাকে তবে প্রেমের বন্ধন কিরূপে হইবে ? অতএব একের উপাসানায় অন্যে যোগ দিয়া সকলে
এক হদয় হইতে চেফা করুন।

যৌবনের ধর্মোৎসাহ।

यूवा बाक्रामिएगत रयोवन कारलत क्लस्ड উৎসাহ উদ্যম, সংসাহস বীরত্বের কথা স্মুর্ণ হইলে অন্তরে এখন ও জীবনের সঞ্চার হয়। সত্য-প্রিয়তা, নীতির বল তখন যথেট ছিল। সন্মুখ-সংগ্রামে, শত্রুমগুলীর মধ্যে পরিবেষ্টিত হইয়া এক এক জন সন্বিবেকী ভ্রাহ্মযুবা যেরূপ পরা-ক্রমের সহিত ধর্মের মর্য্যাদা রক্ষা করিয়াছেন, প্রথম প্রথম সত্ত্যের অমুরোধে তথন তাঁহারা যে সকল কফ বহন করিতেন, নির্ভয়ে আয়ুমত প্রচার করিতেন তাহা ধর্মের ইতিহাসে আদরের সহিত স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ হইবার উপযুক্ত। সত্যের জন্য कार्यानस्य अङ्ग ज्राज्य তিণ্ডা, পরিবার মধ্যে আত্মীয় গুরুজনের সহিত বিরোধ, উপবীত চ্ছিম, পৌত্তলিক ক্রিয়ার প্রতিবাদ, জাতিভেদ ও দূষিত দেশাচারের উপর খড়র্গ হস্ত এসকল সংবাদ এখন আর প্রায় প্রত হওয়া যায় না। এক একটা মত রক্ষা করিবার জন্য তখন কতই না আগ্রহ অমুরাগ ত্যাগম্বীকার প্রকাশ পাইত! বিবেকের বিরুদ্ধে সত্যের বিপরীতে ৈচলিতে হইবে বলিয়া কত ব্যক্তি বিষয়কার্য্য পর্য্যস্ত ত্যাগ করিয়াছিলেন। বিন্দুমাত্র অস-ত্যের প্রশ্রম দেওয়াও তথন মহা কন্টকর বোধ "শির দিয়া তো রোনা কিরা" এই কথা মূল মন্ত্র ছিল। বিপদ পরীক্ষা তথন যথেক্ট ছিল, নবাসুরাগী ত্রাক্ষা যুবকেরাও নির্ভীক চিত্ত ছিলেন, হুতরাং ধর্মবল লাভ করিয়। অনেকে व्यथनत रहेग्राहितन। গান্তীগ্য

এখন অধিক, গোপনে সাত্মিকভাবে অনেকে ধর্মসংগ্রামে প্রবৃত্ত আছেন, কিন্তু তেমন তেজম্বিতা দৃষ্ট হয় না। অবশ্য এক দেশ-দর্শিতা, এবং যৌবনস্থলভ ঔদ্ধতা ভাবে তথন তাঁহারা পরিচালিত হইতেন, প্রাচীন ধর্মের এবং পুরুষ পর পরাগত দামাজিক আচার ব্যবহারের मात গ্রহণে অসমর্থ ছিলেন, দৈর্য্য ও উদার্যা গুণ না থাকিলে যে সকল ক্রটি ও দোষ ঘটে তাহা ঘটিত, লোকনিন্দা, সাংসারিক ক্ষতি, আগ্নীয় স্বজনের আক্ষেপ ও ক্রন্দনের প্রতি দৃষ্টি ছিল না; অনুর্থক লোকের বিরাগভাজন হইয়। ক্লেশ পাইতেন: কিন্তু সেরূপ তেজম্বিতা, সত্যান্তরাগ, সাহস না থাকিলে এতদুর পর্যান্ত नमार्ज्य उन्नि इडेंग ना। वर्त्यान नमर्यत শান্ত গদ্ধীর ভাবের সহিত তখনকার উৎসাহ উদ্যম না থাকিলে অনেকেই পুনরায় অল্পে অল্পে হিন্দু দাগরে বিলীন হইবেন। দেখিতে দেখিতে কত উৎসাহী ত্রাক্ষ অসত্য উদার মতের পক্ষপাতী হইলেন। থাঁহার। এক সময় একটু মাত্র মিথ্যা কপট হার ভয়ে কত কফ্ট পাইয়াছেন, কালবশে সংসারের শাতল বায়ুর প্রভাবে তাঁহারা এখন এমন শিথিল নিরুদ্যম এবং প্রবীণ হই-য়াছেন যে, যে রাশি রাশি মিথ্যা ব্যবহার কপট-তাচরণ করিতেও কুণিঠত নহেন। যত দিন যাইতেছে, বয়োরদ্ধি সহকারে সন্তানাদির দায়িত্ব ভার মন্তকে পড়িতেছে ততই যেন দেহ মনের বল বীর্য্য ক্ষয় হইয়া আদিতেছে। এখন সকলে প্রাচীন হিন্দু ভাব ও আচার ব্যবহার ধর্মানুষ্ঠানাদির এমন উদার ব্যাখ্যা করেন, মত-বিরোধী সম্প্রদায়ের সঙ্গে মিশিবার ইচ্ছা এমনি প্রবল যে, তাঁহাদের নিজের অস্তিত্ব স্থির রাখা ্মহা কঠিন ব্যাপার হইয়া উঠিয়াছে। শান্ত ধীর প্রবীণ বিজ্ঞ আক্ষা হইয়। সকলের সঙ্গে যত দূর সম্ভব সন্তাব রাখা প্রার্থনীয়, ধর্মের অনুরোধে যেথানে যাহা কিছু সাধুভাব পাওয়। 🕨 যায় তাহা লইতে হইবে, কিন্তু আপনাকে ব্ৰাহ্ম, কুসংকার অপবিত্রতা পৌতলিকতাঘাতক ব্রাক্ষ • বলিয়া যেন সকল সময় স্মূরণ থাকে। কেবল

শান্ত শিক্ত এবং গম্ভীর হইলে, চলে না, খুগির ন্যায় তেজস্বী এবং উদ্যমশীল সাহদী হইয়। সত্যের রাজ্য প্রতিষ্ঠিত করিতে ইইবে। অধিক উদার, অধিক শান্ত, শিক্ত হওয়া মৃত্যুর প্রতিক্তি। বর্তুমান সময়ে এইরূপ শিক্তিতা অনেকে শিক্ষা করিয়াছেন। তাঁহাদের কুদৃকীন্তে কেহ সত্য বিঘাতক যেন নাহন।

ঈশ্বর ভক্তাধীন।

বেদের ঈশ্বর সভন্ধ, উদাদীন; প্রাণের ঈশ্বর ভক্তাধীন।
"অহং ভক্তপরাণীনো হান্ধভন্ত ইব দ্বিল্প" এ উল্পি
প্রাণের। ভক্তাধীন ভগবান্ এ প্রচলিত কথা পৌরানিক
ভক্তগণই বলিয়া থাকেন। গিনি সমুদ্র বিশ্বের স্রষ্টা,
যাহার অঙ্গুলি নির্দ্ধেশে প্রকাণ্ড প্রকাণ্ড গ্রহ নক্ষত্ত আকাশেশ
ভ্রমণ কবিতেছে, যিনি ইচ্ছা করিলে এক নিমিষের মধ্যে
সম্বায় প্রস্কাণ্ড কোথায় বিলয় পায়, তিনি স্বধীন এ কেমন
কথা গ গে দৃষ্ট দেই স্বধীন, যিনি দুষ্টা হিনি স্বধীন হইবেন
কি প্রকাবে গ ভবে ও পৌরানিক কথা ও প্রচলিত কথা
কি স্বস্কাণ্ড বে কোন কথা সাধারণো পরিগ্রীত হর,
ভালার মূলে কোন সভ্য নাই ইণ্ডা কিরপে নির্দ্ধান করা
যাইবে। কোন একটী বিষ্কের মধ্যে ভাস্ততঃ সতোর স্থাভাস
না দেখিলেও সাধারণে কখন ভাহা গ্রহণ করে না। স্বশাই
এ বিষ্কের মধ্যে এমন সভ্য আছে, যাহার জনা সাধ্কগণের
নিক্ট এ কথার এত আদর।

ঈশ্ব স্থাদীন অসম্ব এ কথা কে অস্থীকার করিবে গ কিন্তু সাধীন সভস্ত এ কথার ভার্য কি স্বেচ্চাচার ? স্থেচ্চাচরণ এবং পূর্ণতা এ তুয়ের একতা সমাবেশ কি সম্ভবপর ? এখন এক প্রকার ইচ্ছা করিলাম, প্রক্ষণে অন্য প্রকার ইচ্ছা कतिलाम, निरमर्थ निरमर्थ मुहूर्ल्ड मुहूर्ल्ड हेफ्कात প्रतिवर्लन হইতে লাগিল, এই কি পূর্ণতার লক্ষ্য ? ইহার বিপরীত কি পূর্ণতা নহে ? যিনি পূর্ণ তিনি ছিরদম্বর। তাঁহার দক্ষরের कथन পবিবর্ত্তন হয় না, কেননা যে সঙ্কল্ল পু∙িতাহার পরি-বর্ত্তন শিচ্ছোজন। তদ নিষ্পারোজন কেন বলিতেছি, পরিবর্ত্তন অপুর্নিচালেটাকক এবং উন্মত্ততা। আদৃষ্টবাদী বলি-বেন যিনি নিজের সঙ্কলের নিকট ইচ্ছার নিকট বন্ধ, তিনি আৰার স্বাধীন কিরূপে ? আমরা জিজ্ঞাসা করি স্বাধীনতার অর্থ কি ? আপনি আপনার অধীন অন্যের নহে এই কি স্বাধীনতার অর্থ নহে ? ইচ্ছা এবং ব্যক্তি এইইকে আমরা সভন্ন মানি না। এ হুইকে সভন্ন মানিতে গিয়া রুখা ভর্ক উপন্থিত হইয়াছে। ঈশ্বর যাহা করেন পূর্ণাভিপ্রায়ে করেন তাঁহার ইচ্ছা পূর্ব. সুতরাং তাহার বিপর্যায় ছটে না। তিনি আপনাকে আপনি খণ্ডন করিতে পারেন না, ইহাুকে যদি অম্বতন্ত্রতা বলে, আমরা ঈশ্বরে ঈদৃশ অম্বতন্ত্রতা বীকার করি ৷ ক্ষার হিরদ্ধন, তাঁহার ইচ্ছার ব্যতিক্রেম হয় না, তবে তিনি ওঁকের অধীন ইইলেন কি প্রকারে ? "বলে কুর্বন্তি মাং ভক্তাা দংপতিং মুংগ্লিরো গণা" এইতো আমরা ঈশবের ভক্তবশবর্ত্তী ইইবার কারণ দেখিতে পাইতেছি। কোন্ রী আমীকে বলীভূত করেন ? যিন পতির অমুবর্ত্তিনী। যিনি পতির ইচ্ছার বিপরীত আদরণ করেন, তিনি কি কথন আর পতিকে আপেনার করিতে পারেন ? যেখানে ইচ্ছার ইচ্ছার মিল, দেখানে পরশার পরশ্পরের বলীভূত। এ বলীভূতভার অম্বতন্ত্রতা কোখার ? যদি ভক্তের ইচ্ছা ঈশবের ইচ্ছা এক হয়, ভক্ত যদি ঈশবের ইচ্ছাবিরোধে ইচ্ছা না করেন, তবে ঈশব উ্তাহার বশবর্ত্তী ইইবেন, ডক্তের ইচ্ছা পূর্ণ করিবন, এ আর একটা বিচিত্র কথা কি ? বরং এরপ না করাই ঈশবের প্রকৃতি বিরুদ্ধ।

মত দিন আমাদিগের ঈর্বরের দক্ষে ইচ্ছার বিরোধ, আমরা কথন তাঁহাকে বশবর্তী করিতে পারি না। যদি আমরা তাঁহার হই, তিনিও আমাদিগের বশবর্তী হটবেন। যে পরিমাণে আমরা তাঁহার বশবর্তী, তিনিও সেই পরিমাণে আমাদিগের বশবর্তী। যেখানে আমরা তাঁহার বশবর্তী নই, তিনিও সেখানে আমাদিগের বশবর্তী দহেন। আমাদিগের গে ইচ্ছাটী তাঁহার ঈচ্ছামুগত সেটি যদি তিনি পূর্ণ না করেন, তবে তিনি আপনাকেই আপনি খণ্ডন করিলেন। ভক্তাধীন ভগবান একথার অর্থ এই, ভক্ত ভগবানের ইচ্ছার অন্থবর্তী, কথন তাঁহার ইচ্ছার বিপরীতে এক পদও অগ্রসর হন না, সকলই তাঁহার ইচ্ছার উপরে রাধিরা দেন, স্তরাং এখনে বিরোধ নাই বিপিরাই তিনি ভক্তের অধীন।

আমরা যাহা বলিলাম সাধারণে তাহা বলিবে না।
তাহারা বলিবে ডক্ত যাহা ইচ্ছা করেন ঈবর তাহাই পূর্ণ
করেন। ডক্ত ইচ্ছা করিলে ঈবর তাঁহার নিজ নিয়মও বওন
করিতে বাধা হন। সাধারণে একথা বলে কেন প যদি
ভ্রান্তি কোথাও থাকে এই পানে ভ্রান্তি অবস্থান করিতেছে।
সাধারণে বাহিরে যাহা ঘটে তাহাই দেখিয়া থাকে। কেন
ঘটল, তাহার কারণ তাহাদিগের নিকট পুচ্ছয়। যিনি ভক্ত
তিনি ঈবরের অভিপার বুলিতে সক্ষম। তিনি যাহা বলেন
যাহা করেন নিজ প্রভুব অভিপ্রার বুলিরা করিয়া থাকেন।
যবন লোকে দেখিতে পার ভক্ত যাহা করেন যাহা বলেন
ভাষা অসিদ্ধ থাকে না, তাহারা অবাক্ হর এবং বলে অহো!
ঈবর এই ব্যক্তির অধীন! কির ভক্ত জানেন তিনি নিজ
প্রভুব অভিপ্রার বুলিরা অমুক কার্য্যের অমুষ্ঠান করিয়াছিলেন, অমুক কথা বলিয়াছিলেন তাই তাহা দিছ হইরাছে।

ভারতবর্ষায় ব্রহ্মমন্দির।

আচার্য্যের উপদেশ।

২**৫লে ভাত্র র**বিবার ১৭৯৯শক। পর ভবনে ও নিজ ভবনে বাস।

প্ৰিবীতে কেহ গ্ৰহবাসী কেছ গ্ৰহ-বিছীন। মন্তক আক্রাদন করিবার জন্য শরীর রক্ষাকরিবার জনাঈশ্র প্রসাদে কেছ কেছ গৃছ লাভ করিয়াছেন, কৈছ কেছ গৃছ-विद्याम करेता व्यवत्था व्यवत्था मिल्म प्राप्त आहम জমণ করিয়া বেডাইডেছেন। গুছে বাস করিলে এক স্থানে পরিবার লইরা স্থাধে বাস করা বায়, গৃহ বিছীন হইলে কেবলই ভ্রমণ করিতে হয়, কোন কার্যা অবধারিত রূপে করিতে পারা বায় না। গছে বাস করিলে গুলবাসের ক্রথ হয় কিন্তু এ সুখেরও ভারতমা আছে। কত গৃহ গৃহ বটে কিছ গৃহ হইরাও বাসা। কেছ কেছ নিজ ভবনে বাস করে. কেছ কেছ পর ভবনে বাস করে। কেছ পিত্রালয়ে স্পরিবারে বাস করিয়া নির্মলন্তবে ভোগাকরে, কেছ পরের যরে ৰাস করিয়া কিয়ৎ পরিমাণে গৃহস্থ অনুভব করে কিন্তু বাসার কন্ট থাকে। আপন খরে স্বাধীন অবস্থার বাস করিয়া একজন স্থুখ পায়, আরু একজন পরাধীন অবস্থার পর ভবনে বাস করিয়া হঃধ সহাকরে। যদিও পর গৃহে সুধ সম্ভোগ হর কিন্তু পরাধীনতা জনা সমরে मधार यञ्चण अधिक : सम यत क्रां जिल्ला या देवांत स्वमा देव्हा ক্রে। বর আপনার না হইলে, পিতার ভবনে পরিবারের আশ্রম না হইলে, পান্তি নিকেডন না হইলে যথার্থ ত্থ হয় না। আজ এ বাড়ীতে কাদ ও বাড়ীতে, আজ এ পাডায় काम ७ পाड़ात वाम, এ ध्वकात खीवत्व विश्वक द्वाती मूध मख्य नाइ, शाही सूर्य क्विम निक्रख्यान वाम क्रिट्स दहा। পরাধীন, আজ কোন ছানে কোন দেখে কোন অঞ্চলে यादेव किहूदे चित्रजा नाहे, अखित हत्क मूथ अण्य दृःध অধিক।

ধর্মরাজ্যেও বাসা আছে, বাটী আছে। সপরিবারে
পিতার ভবনে বাস অথবা ধর্মসাধনের জন্য বাসাবাটীতে
বাস এ হই এখানে দেখিতে পাওয়া যায়। সৃাধনের মূল্যস্বরপ কিছু টাকা দিল, ধর্ম সাধন করিতে লাগিল, জীবন
দ্বির হইয়া আসিবার উপক্রেম হইল, অমনি সে ছাম ও
গৃহ পরিত্যাগ করিতে হইল। বেখানে নদী আছে, স্রম্য
উদ্যান আছে, বন্ধু আছে, সেখানে গেল। করেক দিন বেশ
ভাল লাগিল, তৃতন বাসায় ধর্ম সাধন আরম্ভ করিল, তুই
মাস মধ্যে আবার সকলি পুরাতন হইল। অন্য পলীতে
বাস করিল, আবার সে ছামও পরিত্যাগ করিল। গৃহ,
পরিবার, সন্ধী, জীবনের কার্যা, কোন কিছু সাধনেরই
দ্বিরতা নাই দৃঢ়তা নাই, সকল বিষরেই চিন্তচাঞ্চল্য।
কথন নদীকুল, কথন ব্লক্তল, কথন বহু সন্ধী আজ্বর

कतिन, कथम वा अकांकी निर्द्धाम वाम कतिए नागिन। সৰ ছাড়িয়া পাঁচ দিন কেবল পুত্তকই পড়িতে লাগিল; ত্বাস একবারে পুস্তক না দেখা সার করিল। এ সকল বাসা বাটীর ধর্ম! বভক্ষণ কচি, ধর্মসাধন ডভক্ষণ। আৰু এক প্ৰণাদী গ্ৰহণ করিল, কালে উহা পরিতাক হইল। **४ व्याप्त क्रिक क्राप्त कामा करेंद्र वामात्र, तम्म क्रेंट्ड त्मर्ट्स** আম ছইতে আমে পর্যাটন করিতে লাগিল, কিছুই ভাল লাগে না। পিতার ভবনে প্রেম গৃলেন্তে বাস করিলে যেরপ স্থিরচিত স্থিকুখ হয় সেরপ হইতেছে না। কখন পরিবারের ভাব মনে পড়ে না, পাঁচ জ্বনকে বন্ধু মনে क्य ना। मत्न क्य अरे अथन आहि जाश्वातक्र हिम्या याहेव। ইছাতে দৃঢ়তাবা আস্কি জ্বোনা, স্থায়ী সুখ হয়না। এক বাসার দশ জন বাদ করে, অপচ তাছারা যেন এক এক এক জ্বন এক এক বাসায় বাস করিভেছে। মন্দিরে এক শত জন একত্তে বসিয়া উপাসনা করিল, সকলের পক্তে মন্দির বাসাবাদী। সকলে আসিয়াছে পরে আবার চলিয়া যাইবে। পিতার ভবনে ভাই ভগ্নী ক্রী পুত্র বন্ধু বান্ধব मकरन मिनिता मेचेरात शृक्षा कतिन, मः मात्र शानन कतिन, कि का कारक अ का ज़िता यो है (व ना, मर्काना निकटि शाकित्व, ৰিপদ হু:খ মৃত্যু কিছুতেই ছাড়িবে না, শেষ ক্ষণ পৰ্যাস্ত সকলে একত্র থাকিবে, ইছাই স্বাভাবিক যোগ। বাসা-বাটী লোকারণা, কিন্তু কিছু কালপরে দেখিতে পাইবে मकरल अरमण अरमण हिनता याहेर्य, रक्ट जांत्र अकज পাকিবে মা। বাসার আলাপ পশুপক্ষীর আলাপের ন্যায় ক্ষণস্থারী। স্থাধর রক্ষ রোপণ করিলে ভাছাতে কিছু ফল ছয় না। সকলে মিলিয়া এমন উপাসনা করিল পরক্ষণেই **(मध (कइ कोशांकि कि कि ना । मक्त मिनिया कोशां** করিল, যাই কার্যা শেষ ছইল কে কোথায় পলায়ন করিল। ৰাসার ভাৰ এইরূপ কিন্তু ৰাড়ীর সেরূপ নয়। বাসাগৃহ-वाजीत क्रीवम बन्नपार्शिवाजीत क्रीवम ज्ञाम महा धर्मन जादेम जामता शृद्ध श्रित इदेश थाकियात यञ्च कतिय। धक স্থানে ৰাড়ী প্ৰস্তুত করিয়া চিরদিন অনন্তকাল ভাছাতে পাকিব। কিরপে সাধন করিব, কাছাদের সঙ্গে একত্র বাস করিব, কাছারা আপনার লোক এ সমুদার ছির করিয়া লই নার উপায় স্থির করিব। প্রাতে উঠিবার সময় আলোচনা করিব ঠিক গৃছে বসিয়া আছি কি ৰাসায় আছি। এখানে কি বাণিজ্যের অনুরোধে মিলিত হইয়াছি না ইছারা সকলে ষ্ট্রের লোক বাড়ীর লোক। বাছাদের সঙ্গে একত্র বাস করিতেছি, ভাছাদের প্রতি মন টানে কি না? সহজেই বুঝা যার, সহজেই সিদ্ধান্ত করা যার আমরা এখানে বাসার ঞ্জাছি কি চিরস্থারী বাটীতে বাস করিতেছি। জার যেন কেছ বাসার বাস না কর, এ পাড়া ও পাড়া করিয়া না বেড়াও, সকলে স্থির হইয়া গৃছে প্রবেশ কর। ভাল করিয়া গৃহ সাজাইয়া আপনার বাড়ীতে বাস কর, আর পরিবর্তন **ब्हेंट्र मा। अथन मिल श्रंह वाम कित्र मिटलंत मरमार्**त्र

থাকিব, নিজ আত্মীয় বন্ধ জনকে ডাকিয়া ভাষার সক্ষে বোগ ছাপন করিব; সেই গৃহে ছির ছইরা বসিয়া সকলে একত্র গৃহসাধন বরিব।

বালগণ একবার সকলে ভাবিরা দেখ ভোমরা সকলে কোন দিকে ষাইভেছ। ভে:মরা ত্রনের চরণপদ্মে স্থির ছইরা বাস করিতেছ কি না ? একবার স্থির ছইরা ভোষাদের প্রেম ভক্তি ব্রন্ধে অর্পণ কর, নিজ গৃহ ঠিক করিরা জীবন ছির কর, সেখানে নির্কিন্নে চিন্তা ধ্যান পূঁজার প্রবৃত্ত হও। আপনার হুর ৰক্ষঃস্থূলে বিদ্ধ করিয়া রাধ, বাহাতে চঞ্চলতা না হর তাহাই কর। আজ এক রপ লোকের সঙ্গে মিলিভ হইলাম, কাল আর এক রূপ লোকের সঙ্গে মিলিত ছইলাম আর যেন এরপ না খাকে। আপন গৃছে শান্তি সম্ভোগ কর, বন্ধু বান্ধবের সঙ্গে জনস্ত কালের জন্য মিলিভ ছও। এ গৃহে তক্ষর প্রবেশ করিতে পারিবে না, শান্তি ক্ষর হইবে না। পুনোর ধরে শান্তির चरत चित्र बरेवात रहको कत्र, हिख्डाक्षमा कीवरमत हाक्षमा যাছাতে না পাকে ভাছাই কর। দেখিলেই যেন লোকে বুৰিতে পারে ইনি গৃহবাসী। ইহার সব স্থির হইরাছে ধনের সঙ্গতি হইরাছে। ইনি শাস্তি সম্বল করিরাছেন, আমন্দ সঞ্চর করিরাছেন। আর এখর ছইতে ঈশারকে বিদার করিয়া দিব ভাছার সম্ভাবনা নাই। আর এখন ইনি পরাধীন পরের দাস নছেন, পিতার অনস্ত গৃছে বাস করিতেছেন। সকল ভ্রান্ম ভ্রান্তাগণ বাসা পরিত্যাগ কর। পিতার গৃছে বাস করিরা বাহাতে স্বর্গধাম বৈকুঠধাম ইহকাল পরকাল এ ভেদ না পাকে ভাছা কর। ইংলোকেই ব্রহ্মপদতলে ব্ৰহ্মকপ্পত্ৰসূদে গৃছে অধিবাস কর! বাসার ব্ৰাহ্মসমাজ বাসার ত্রাক্ষমন্দির বিদার করিয়া দেও। যদি গৃছ সম্পূর্ণ না হয়, অন্ততঃ গৃহ নির্মাণ আরম্ভ হউক। ভাতৃগণ বন্ধ-গণ পুনরার বলি অন্থায়ী বাসাব জীবন পরিভ্যাগ করিয়া যাহাতে স্থারী হইতে পার এমন গছ নির্মাণ কর, যে গছে ইছকালে সুধ পরকালে সুধ সম্ভোগ করিতে পারিবে।

> আচার্য্যের উপদেশ। ১ আশ্বিন রবিবার, ১৭৯৯ শক। বন্ধনই মুক্তি।

প্রসিদ্ধ কথা আছে মনের সঙ্গে লাগোনা।
"সর্কাং পারবাদ ছুঃখং সর্কামাত্মবাদ সুখং" পারবাদ ছুঃখের
কারণ আত্মবাদ সুখের কারণ। এটা পারীক্ষিত হইরাছে,
মন আর ইহাতে সায় দিতে পারে না। কথাটী জ্ঞানগর্ভ,
ইহাতে অমূলা সত্য আছে মানিলাম, কিন্তু আমরা ইহাকে
যে ভাবে দেখিতেছি, তাহাতে ইহা সত্য নহে। পারবাদ
ছুঃখের কারণ আত্মবাদ সুখের কারণ এমত এইণ করিতে

इन्ट्रेंग व्यत्नकटक खमकूर्भ পড़िएड इत्र। क्रीन्ट्रेन एमिएड পাওয়া যায়, यमिও এ কথার মুলে সভ্য আছে, ফলে ইছা অসভা হইরা পড়ে। পরীকার সময় এমন অবস্থা আদিরা উপস্থিত হয় যে পরবল সুখের কারণ আস্বল দুঃখের कारण इत्र । श्रीकात मगरत माभरनत मगरत मर्द्य कारण कि? व्यानमा मुक्तिट जाममा वस्ती मुधीना न्यामीन न्यूबी ? अभारत वस्तवाक्तित्रहे ज्यांनम, वस्तवाक्तिहे न्त्री। এখানে কারাগারই স্থের ছান, 'প্রশন্ত মাঠ स्रूर्धत क्रांन नरक। राधारम कार्ड मृध्यत शीर्त मृध्यत (मरे भाषि नित्कडन। (यथात्न यात्रा केन्द्रा जाताके कदिएड পারি, কেবলি স্বেচ্ছাচার, সেই কি শান্তিনিকেতন ? देशहे कि बक्तमस्मित ? अभीमजा इश्रांचत कातन देशहे कि ठिक क्षा १ धर्महक माक्की कविशा कि विलट्ड शांत, वश्रव याधीन उभन ऋषी यथन भवाशीन उपम इ:थी। यथन यत्थळ ব্যবহার করিতে পার, যালা ইচ্ছা ভাছাই করিতে পার কোন वाधा नाहे, (कान প্রতিশন্ধক নাই, যথেষ্ট ক্ষয়া আছে, ৰল আছে, বুদ্ধি আছে, উপায়েৰ কোন অভাব নাই, তখনই কি সুখী ? ভাবিতে পার রাজার নাায় যথেচ্ছ ব্যবহার यर्भक्र कर्य कदिए भादित स्थी इत्रायात। स्थ्रहा-চারের অভিধানে ইছাই অধীনতা বলিয়া আখ্যাত। ফলতঃ ইছা সুখের কারণ নয়। মুক্তি শব্দটী ভাল, কিন্তু ইছা যেরপে গৃহীত হয় তাহা মন। মুক্তির অর্থ সমুদায় বন্ধন हुर्ग कतिता (इनन कतिता (कना। ममूमात वन्नन मुक्तिके विम মুক্তি ছয়, ভক্তেরা ইছার প্রতিবাদ করেন। স্বর্গে তাঁছারং ৰলিবেন আমরা মুক্তির প্রার্থী নই। এরূপ মুক্তির ভাঁছারা শক্ত ও বিরোধী, ভাঁদারা ইহার বিপরীত ভাব অভিলাষ कर्द्रन । उँ। हाद्रा विमार्तन आयत्रा विद्रान हाई मूक्ति हाई ना ; व्यागदा दक्ष्मादा मृत् वक्ष इन्ट्रें ठाने।

সকল প্রকারের শাসন মুক্ত মুক্ত নয়। ভক্ত ভক্তি চান, দাসামুক্তি চান। দাস আবার মুক্ত কিরপে ? দংসে মুক্ত ভাব কখন কি সম্ভব? দাস আর বন্ধ একি। দাসত্ব স্বীকার মুক্তি এ কিপ্রারের কপা ? ভক্ত একগা শুনেন না। তিনি ভক্ত হইর। অবশেষে ক্রীত দাস হন। তিনি ধর্মের माम, मर्डात माम, त्थरमत माम, क्यरतत माम इन्टि অভিলাষ করেন। স্থতরাং তিনি মুক্তি চান না বন্ধন চান। তিনি দাসত্ত্রে কঠি দাসত্ত্রে কলছ দেখিয়া ভর পান না। তিনি চান তাঁহাকে চিরকিকর চিরক্রীত দাস করিয়া রাখা ছর। তিনি শত রক্ত্তে ঈশরের চরণে বদ্ধ হটতে অভি-লাবা। শত রজ্ম সহত্র লৌর শৃঞ্জ হর, এই ভাঁছার আকাজ্জা। তিনি দাস্য চান মুক্তি চান না, তাঁছার নিকট বন্ধনই মুক্তি। বাংকোর জীবনে কি কোন শাসন চাই না ? যদি চাই তবে সহজ্ঞ রক্ষুতে বন্ধন কি মুক্তি নছে ? ব্রাহ্মধন্ম কি বলির। দেন? যে যত শাসিত সেই শুদ্ধ, যে যত বন্ধন-মুক্ত দেই তুত পাপে জড়িত। বেচ্ছাচারী ছংবী এ পাপী কিন্তু শত সহজ্ৰ বজুতে যে বন্ধ সে পৰিত্ৰ ধাৰ্মিক এবং ऋथी। এই वाक्तिरे मेथेत अवर शतकातमत स्नवा खीउ, मर्समा নির্মল থাকিবার জনা যত্নণীল। আমরা কি ঈশ্বরের নিকটে এই বলিয়া প্রার্থনা করিব, "ছে ঈশ্বর! বন্ধুনে বড় কফট, বন্ধন খুলিয়া দাও," না এই বলিব "ছে ঈশার! এক গুণ বন্ধুন শত গুণ করিয়া দাও। "চারিদিকে রজ্জুদারা वक रुवेतन, आत राज भा नाज़ियात छेभात्र ना शाकितन, ভবে জানিলাম মুক্ত। নিশ্চর জানিও শাসমে শুদ্ধি শাসনে সুধ। সোমবার ছইতে শনিবার পর্যান্ত প্রতিদিন निशमिक ১० है। व समग्र कार्यालग्न याहे (उ ह्या अक्टनरे ভाবে देदात (५८११ आत कार्कात निवस नाहे। अक्टलरे **এজন। आभागारक अञ्चली मान करता। किन्ह जाविहा मिथ** সোমবার ছইতে শনিবার পথান্ত যত অপুখ, রবিবারে তদ-পেকা অধিক অসুধ। বে দিনে নিয়ম নাই, স্বাধীন স্বেচ্ছা-চরে, সেই দিন কফের দিন। যত রোগ ব্যাধি সেই দিনই হইরা পাকে। যহো ইচ্ছা তাছা করিলাম, নিয়ম লঞ্জানে কিছু সঙ্গোচ হইল না, স্বেচ্ছাচারে অসুধ ব্যাধি উপস্থিত ছইল, পরিশেষে তাছা ছইতে অধর্ম স্থায় ছইল। প্রকৃতি শরীরকে কভকণ্ডলি রজ্ম দিয়া বান্ধিয়া রাখিয়া**ছে।। যে** বা**জি** শরীর সম্বন্ধে নিয়ম প্রতিপালন করে, শারীরিক নিবমের বশবর্তী হয় তাহার শরীর স্বস্থ হয় পুণোর আধার হয়। যত আমরা নিয়মের বশবতী আমরা তত সংখী। শরীর मस्द्रम् देश (यमन, जाञ्चा मस्द्रम् ७ (उमनि।

যুখন আমরা ত্রাক্ষ হুই, প্রতিদিন অভদুঃ একবার পুজা করিতে হইবে এই নিয়মে বন্ধ হই। সেই এক কঠোর নিয়মের লোহশৃষ্টলে বন্ধ ছিলাম বলিয়া আজ আমরা উপাসনা করিয়া ত্রহ্মপুক্তা করিয়া কুতার্থ চইতেছি। আজ সহস্র মুখে এই নিয়মের প্রশংসা করিতেছি। যদি আমরা আমাদের কচির উপরে উপাসনা পূজা রাখিয়া দিভাম আজ ব্ৰেল নিমগ্ল ছইতে পাৱিভাম না; যোগ ধ্যানের মধুরতা অসুভব করিতে পারিতাম না। এখন যে উপাসনায় সুখী ছইতেছি, কোণা চইতে १ এই নিয়ম ছইতে। প্রেমের সুধ নিয়মের বশবর্তী হওয়াতে। যাছার যেমন केच्छा यपि সে তেমনি করিল, কোন নিয়মের অধীন ছইল না, পরের ভাব ইচ্ছা ফচি গ্রহণ করিল না, সকল সময়ে সকল বিষয়ে নিজের টক্ষা প্রবল রাখিল, তবে আর পর-न्भारतत माधा विशुक्त धानस करेट भारत मा। भारीरतत नितम প্রতিপালন করিলে শরীর সুখী, স্বাত্মার নিয়ম প্রতিপালন क्तिति आञ्चा सूरी इंटेरिं। धेरै सूर्यंत छेपात्वे मिक हित्त নির্ভর করে। যোগ ধান প্রেম সকলেতেই নিয়ম অনুসবণ করিব। যত নিয়ম মানিব, তত সুখী ছইব। যে ব্যক্তি সর্বাদা * **इंग्रेन, (काम निशम मात्न मा, (कान नद्गन खोकांत करत मा,** (यथम देक्ट्रा (उपनि कर्त, किছू कदिएउरे उन्न दस ना, यादा করিতে ইচ্ছা করে ভাছাই অমুষ্ঠান করে, সেই স্বাধীন সেই

পুখী, যে এ কথা বলিল ভাষার ভিতরের জীবন কি প্রকার बुका (शन। य नाकि (खळ्डाहात्रो, श्रद्धांखत्र अधीन स्म य भाभ कतिर्व केंद्रा निकार निकार निकार । एवं निराय योदन ना दम অধার্থিক। সহস্র রজ্জুতে বন্ধ না হইলে কেছ ভাল ছইতে भारत ना, (कड जूनी इन्ट्र भारत ना। जिन्देत यथन याजा मिट्रम उथन जाका थाका करित्र, यथन (यक्त्राण कालाहेत्नम (महेत्रात्भ हिन्दिन, क्रेश्वत वभन (मथ) मित्रन उर्थन (मथितिन. यथन अन्य कहा हेट्नन उथन अन्य कहिट्न, मकल निम्द्र वक्र, गकल निषदा मेचादात रेण्डाव अधीन, मेचादात रेण्डा छाछा ইচ্ছা নাট সামৰ্থী নাই বল নাট, সৈ ব্যক্তি কখন শেক্ষাচারী ভইতে পারে না। যথনি কাছাকেও দেবিব শৃত্বলে বন্ধ, তৎক্ষণাৎ বলিব তাহার ভিতরে আম্ম ভিত্রে অর্গ। যে যত অধীন দাস, তাছার মনে তত বিষল আনন্দ। যে সকলের মন্তকের উপরে বসিতে যার ভাষার মস্ত্রক পাপেতে লজ্জাতে অবনত হয়। যাহার ব্যবহার প্রা-ধীন সেই সুখী। যে সেবক ছটল দাস ছটল আপনার স্বাধীনতা বিজ্ঞাকরিল, এ পৃথিবীতেও পর্লোকে সেই স্থ ছারে। অভএব বলিতেছি সকলে নিংমের বশীভত ছও। নিয়মের বলীভূত ছইলে আর উহা নিয়ম বলিয়া বোধ পাকিবে না। ভাতুত্ব শরীরে সুস্কৃত। রক্ষার জন্য নিয়ম পালন করিতে করিতে যেমন উছা সহজ হয়, বিক্লুত আত্মার সুস্থতার জন্য নিয়ম পালন করিতে করিতে উহাও তেমনি সভজ হয় ৷ যে রসনা কলক্ষিত ছইয়াভিল অপবিত ছইয়া-ছিল, যে মন যে জ্বদয় কলুষিত ছইয়াছিল, নিয়ম পালন করিতে করিতে সমুদার দোষ চলিয়া যায়, সমুদায় অপ-বিত্রতা বিনষ্ট হয়। এ অবস্থায় নিয়ম পাদন স্বাভাবিক ছইবে, শাসন সহজ হট্যা পড়িবে। যিনি আমাদিগকৈ নিয়মে বন্ধ করেন শাসন করেন তিনি সুধদাত মুক্তি দাত।। বিনি বান্ধেন ভিনিই মুক্তি দেন। যদি মুক্ত হইতে চাও वस्त्रत्त ज्ञानिकान कत्र, मृश्ता वक्त ४७। ३४१८७ निएअह পরিবারের দেশের এবং সমুদায় পৃথিবীর মঞ্জল কইবে, অন্যথা সকলকেই ম্রিটে হইবে। যতই যেক্ছাচার তত্ত ছুর্গতি ভত্তই পাপ এবং অন্ধকার।

কামনা ও ক্রিয়া। অনুবাদ।

সকল ক্রিয়ার প্রাণ কামনা। কামনার উপরই দও পুরক্ষারের আদেশ। ঈর্থর ক্রিয়ার মধ্যে কামনাকেই দেখেন, এ জন্য মহাত্রা মহত্মদ বলিয়াছেন যে ঈর্থর ভোষার কার্যা সকলের প্রতি দৃটি করেন না, তিনি তে:মার হুদর ও প্রকৃতি নিরীক্ষা করেন; হুদর কামনার ভূমি এ জনা তাহার প্রতি দৃটি করেম। মহত্মদ আরও বলিয়াছেন যে ক্রিয়া, কামনার অমুগ্রমন করে ও প্রভাক ব্যক্তি কামনামুরণ ক্রিয়ার ফল

লাভ করে। মহবাদ বলিয়াছেন মনুষা চত্রিগ। এক সম্প্রদার অর্থনালী ও অর্থের সহার ক্রেন, দ্বিতীর সম্প্রদার বলেন যে যদি আমারও ধন পাকিছু আমিও এইরূপ নায় করিতাম। এই দ্বিধি সম্প্রদারের পুরস্কার লাভ তুলা। তৃতীর मर्थामात्र भर्तेत व्यथनात कर्त्त, ठाउूर्य मर्थामात्र वर्रल (य. यमि আমার ধন থাকিত আমিও এই রূপ বায় করিত:ম। এই पुरेरे जाराता जुना। व्यर्थार कामनायुक कार्या यसारा. কাৰ্যভীন শুদ্ধ কামনা ভদ্ৰাপ বটে। একদা ছব্ভিক উপস্থিত হয়, **৬খন এখারেল বংশী**য় এক বাক্তিমনে মনে বলিয়া-ভিলেন যে, যদি আমার ভাদৃণ শদ্য থাকিত ভাষা হইলে সমুদার আমি দরিজ্ঞদিগকে বিভরণ করিভাম। সেই সহরে যিনি প্রেরিড পুরুষ ছিলেন তাঁছার প্রতি এই প্রভাগ্যেশ হয় যে, অমুককে বলিয়া দেও ঈশ্ব ভাঁচার দান আছে করিকেন। সে শসা স্বত্বে যে দান করিত ও ভাছাতে যে र्थूना इनेज अने कामनाएउने जाना इनेल। कक्रवे मन्त्रीक বলিয়াছেন যে যাহার অনুবাগ ও কামনার বিষয় সংসার তাছার নয়নের সন্মুশে সর্বাদা অভাব ও দৈনা পরিভ্রমণ করে, সে সংসার মে:ছেবদ্ধ থাকিয়া প্রস্থান করিবে। কিন্তু যাছার অনুরাগ ও কামনার বিষয় পর্লোক, ঈশ্বর उँ। शत कामग्रतक धननाम कदिर्वन, (म रेवदाशी बहेशा हेब्रुलाक ছইতে চলিয়া ঘাইবে। জ্ঞানী লোকেরা বলিরাছেন যে প্রথমতঃ কার্যোর কামনা শিক্ষা করে, পরে কার্যা করিও ৷

যে পর্যান্ত তিনটী প্রয়োজনীয় বিষয়ের সজ্যটন না হয় সে পর্যান্ত মনুষা ভারা কোন ক্রিয়ার অনুষ্ঠ'ন হয় না। সেই তিনটী বিষয় জনে, ইচ্ছা, শক্তি। যখন মনুষ্য বাদা বস্তু দেখিতে না পায় খায় না, দেখিলে ও ভ ছার ইচ্ছা না ভইলে খাইৰে না, ইচ্ছা ছইলেও যদি হস্ত এরেণ অৰশ হয় যে তাহা ব্যবহার করিতে পারে না তাহা ছইলেও তাহার খাওয়া হইবে না। যেহেতু তাহার শক্তি নাই, অভএব এই তিন্টী শিষয় প্রতোক ক্রিয়ার অত্যে অত্যে সমন করে। কিন্তু ক্রিয়া শক্তির অধীন, শক্তি ইচ্ছার অধীন, যেছেতু ইচ্ছা দ্বারা শক্তি ব্যবহাত হয়, কিন্তু ইচ্ছ। জ্ঞানের অধীন নছে, যেছেতু লোকে আনেক বৈষয় জানে, ফিল্ড ভদ্বির ইচ্ছা অভিলাষ করে না। কিন্তু জ্ঞান বাতীত ইচ্ছা হওয়াও তুরাহ বলপার। যে:হতু মতুষা যাহা ভানে না. তংপ্রতি ইচ্ছা আকিঞ্চন কেমন করিয়া ছইতে পারে ? এই তিনটী বিষয়ের মধ্যে এই ইস্ছার নামই কামনা। কামনা বলিতে জ্ঞান শক্তি বুঝার না। ইচ্ছা ভাছাকে বলে যাছা মনুষ কে কোন কার্যোতে নিয়ক্ত করে ও ভাষাতে দিপ্ত রাখে। অবস্থাতেদে ইছাকে প্রয়োজন উদ্যোগ ক্মনা এই তিন বলা ঘাইতে পারে। এই তিনের মর্ম এক। যাতা মনুষাকে কাঠা প্রবর্ত্তিত ও সংশিশু করে ডঃছাকে প্রয়োজন বলে। সেই প্রয়োজন কখন এক ছর কখন একবিধ বিষয়েই চুইটী প্রান্তনের যোগ হয়। যদি এক প্রব্যেওন হয় তাছা ছইলে ভাছাকে শুদ্ধ প্রব্যেক্তন ধলা যায় । যথা কোন ৰাক্তি ৰসিয়া আছে, বাাত্ত ভাছাকে আক্রমণ করিতে উদাও ছবল, তাহা দেখিয়া সে দেড়িয়া পলায়ন কৰিল। এ বিৰয়ে সে ব্যক্তির একুই প্রয়েজন, একই উদ্যাগ। এরপ যে জনকোন সমানিত বাজির আগামনে গালোপান করে সন্মাননা ও অভার্থনঃ ব্যতীত ইহাতে ভাষার অন্য প্রয়োজন নাই। ইছাও শুদ্ধ প্রেয়েজন। পরস্তু এক কার্যো হুই প্রবেজন ত্রিবিধভাবে ছইরা থাকে। এক এই যে প্রভোক প্রব্যেক্তন এরপ হর যে তাহার শুদ্ধ একটা প্রব্যেক্তনই লোককে সেই কার্ছে। নিযুক্ত রাখে। যথ। কোন দৈন্য দশাপর আন্ত্রীর বাব্তি কাছার নিকটে একটা মুক্তা চাছিল, সেও তাছাকে আত্মীর ওদরিক্ত জানিরা মুক্ত: দিল, দাতা ষ্ত্ৰে মনে ভাবিল, যদি সে ভিক্ষাৰ্থী নাছইত, তথাপি আন্ত্রীর বলিরা তাছাকে মুক্রা প্রদান করিতাম। যদি ভিক্ষাৰ্থী হইত অন্ত্ৰীয় না হইত তথাপি দিতাম, অভএব ইছাতে এক বিবরে ছুইটা প্রয়োজন, ইছাকে মিশ্র কামনা বলে। দ্বিভার প্রকার এই যে দাতা মনে মনে জ্ঞানেন প্রার্থী যদি আন্মন হইত ভিক্ষুক না হটুত মধৰা ভিক্ষুক হটত আত্মীয় নাছইত তাহা ছইলে আমি মুজা দিতঃম না। যখন এইটী কারণ সমবেত ছবরতে তখন আমাকে দান করিতে বাধ্য इहेट्ड इहेल। প্রথম প্রকারের मृक्धे:ख ছুলে এই বলা ষাইতে পারে যে হুই জনে মিলিরা কোন প্রস্তুর উত্তেলেন করে আবার প্রত্যেকে একাকী সেট পাথর উঠাইতে সক্ষম। দ্বিভার প্রকারের দৃষ্টান্তস্থলে ইছ। বলা যাইতে পারে যে ছুই জন ছুর্মাল লোক এক পাথর তে:লে, কিন্তু প্রভোকে একাকী ভাষা ভূদিতে অকম। তৃতীয় প্রকার এই যে हुर अरहाइत्म अर्था अक्षी अरहाइम इर्वन, अकाकी সেই প্ররোজন মনুষাকে কার্যো নিযুক্ত বরে না, দ্বিতীয় প্রয়েক্তন প্রবল ভাষা একাকীই কার্যো প্রবর্তিত করে। কিন্তু পুর্বোক্ত প্রাক্তনের যোগে ক্রিয়া অনেক সহজ চইরা যার। বেমন কেছ একাকী উপাসনা করে। কিন্তু যখন উপাদক্ষণ্ডনী সম্বেড হয় তখন তাহার প্রতি উপাসনা অনেক সহজ হইরা যার এবং অত্যন্ত আনন্দ সহকারে সে উপংসনা করে। এ বিষয়ে আরে একটী দৃষ্টান্ত এই, যে বেষন কোন বলবান্ মহ্যা একটা প্রস্তর তুলিতে পারে তদ্বিষ্ঠে যদি কোন ভূকলৈ লোক আসিরা আবার ভাষাকৈ माहाया कत्त्र, उन्हाट अदि वलवान् मश्रुक्त (महे शायत ভোস। অনেক সহজ হইয়। যায়।

হস্তরত মহমদ বলিরাছেন যে বিশ্বাসীর কামন। কার্য্য অপেক্ষা শ্রেষ্ঠ। তাঁহার একথার উদ্দেশ্য এই যে, ক্রিয়াহীন কামনা কামনাশূন্য ক্রিয়া অপেক্ষা শ্রেষ্ঠ। কেন না ইছা সুম্পান্ত যে কামনাশূন্য ক্রিয়া সাধনা নহে, এবং ক্রিয়াবিহীন কামনা সাধনা। ক্রিয়া শরীর্যোগে হয়, কামনা অন্তরেতে। এ ত্রের মধ্যে মনের সঙ্গে যাহার সম্বন্ধ তাহাই শ্রেষ্ঠ। অনেক শারীরিক ক্রিরার উদ্দেশ্য আস্তরিক ভাবের পরি-বর্ত্ত্বস্থাপন, কিন্তু ম্লিসিক কামনার উদ্দেশ্য শারীরিক অব-

স্থার পরিবর্ত্তন সাধন জনা নছে। নকলে জানেন যে ক্রিয়ার জন্য কামন। চাই এবং প্রক্রত পক্ষে কামনার নিমি-ত্ত এতিক য়া চাই। কেন না কার্য্য যোগে মনের ভাবান্তর ছওয়া আবেশ্যক। প্রলোকেই মন বিচরণ করিবে, ভাষার জন।ই সোভাগ্য হুর্ভাগা। মধ্যে যদিচ শরীর বিদামান, কিন্তু উছা মনের অধীন। যেনন উট্র বাতিরেকে মকায় যাওরা যার না, কিন্তু উই হাজী হর না। মনের পরি-বর্ত্তনের অর্থ এই যে সংসংরের প্রতি বিমুপ ছইয়া পরলোকের দিকে উন্মুণ ছওয়া এবং ইছ পরলে:কের আইভি বিশ্ব হইরা ঈশ্বরের এএতি উশ্বুধ ছওয়া। মনের ইসছাও আংকিঞানই তাছার মুধ। যথন সংসারাভিলাধ মনুষ্টের মনে প্রবল ছয় তথন মনের মুখ সংসারের দিকে। সংসারের সঙ্গে যোগ রাধিতেই অভাৰতঃ মনের ইচ্ছা। স্ঠি অবধি মনের এই व्यवद्या। यथन क्रेचंद्र अभारत्माक मच्द्रक्ष देशका ध्यवन इसं তথন মনের ভাবান্তর ছইয়া যায়, অন্যদিকে ভাছার গভি ছয়। ছদয়ের ভাবান্তর সাধন সকল ক্রিয়ার উদ্দেশ্য। প্রণত ছওয়ার উদ্দেশ্য ইছা নছে যে মন্তকের ভাবান্তর হল বরং হৃদয়ের ভাবান্তর ২৩য়াই ভাষার উদ্দেশ্য, ভাষাতে মন অংকার পরিভাগে করিয়। বিনয়ে উপনীত হয়। আলা व्याकवत (क्रेश्वत महान्) এ३ वठन । উচ্চाরণের এই উদ্দেশ্য নতে যে জিহব। বিঘূৰ্ণিত ও সঞ্চালিত হয় বরং ঈশারের মহান্ভাব হৃদ্যে সক্ষোচিত হয় ইংগই উদ্দেশ্য। পর্ত ঈর্বর এক্সপ প্রকৃতিতে মনের গঠন করিয়াছেন যে যখন কোন হস্ছা ও আকিখন ডাছাতে উৎপন্ন হয় এবং শরীর ভদযুরূপ স্পান্দন করিতে থাকে তথন সেই ভাবে মনে সুদত রূপে সম্বন্ধ হয়। যথা যথন কোন নিলাশ্ররের প্রতি দয়। হয় তথন যদি ভাষার মন্ত্রকে হস্ত। মর্শণ করা যায় ভবে সেই দয়া স্কৃত্ ও সবল হংয়া থাকে ও মনে তাহা অভান্ত সংক্রামিত হয়। যখন অন্তরে বিনয়ের উদয় হয় তখন যদি মনুষা ভূমিতে স্বীয় মন্তক অবনত করে ভাহা ছইলে সেই বিনয় গভার হয়। কদ্যাণাবেষণ অর্থাৎ সংসারের প্রতি অমনোযোগী হইয়া পরলোকের প্রতি মনোযোগী ছওয়া সকল সাধনার কামনা। সেই কামনানুসারী কার্যা সেই **ইচ্ছাকে স্থায়ী ও দৃঢ় করিয়া দেয়। অতএব ইচ্ছা ও কাম-**নার দৃঢ়ভার নিমিত্ত ক্রিরা। যথন এই রূপ অবস্থা তথন ক্রিয়া অপেকা যে কামনা শ্রেষ্ঠ তাহা ফুম্পস্ট। কারণ এই কামনার ভূমি ছদয়, কিন্তু ক্রিয়া অন জ উদিত ছইয়া क्तरत मध्कामि इत ।

উক্ত হইরাছে যে হাদরই মূল পদ।র্থ শরীর , ভাহার অধীন। ঈগর বলিরাছেন যাহা ভোমার অন্তরে ভাহা প্রকাশ কর বা গুপ্ত রাখ ঈশর ভোমা হই ে ভাহার হিসাব লইবেন। মিখ্যা শপথের জন্য জিহ্বা অপরাধী হইবে না, ভংপ্রাথ্তনার নিমিত্ত হাদর বন্ধী হইবে। অভিমান অহঙ্কার ঈর্মা কপটভার জন্য মনুষ্য বন্দী হইবে এ বিষ্য়ে সকলের এক মত। এ সমুদার মনের কার্যা। নিজের প্রতি ও সংসাবের প্রতি বিমুখ হইরা ঈশরের অভিমুখীন হওরাতেই মনুবোর সোভাগা। যিনি সংসারের সঙ্গে যোগ রাখিতে ইচ্ছা ও যত্ন করেন, সংসারের সঙ্গে ভাছার যোগ স্পৃত্ন হইরা উঠে। যাহা ভাছার লভনীয় ভাছা হইতে সে দূরে পড়ে। মনুবা স্থার্ছ ও বন্ধী হইবার অর্থ সংসারে অভিশয় আবন্ধ হওরা ও ঈশ্বর হুইতে দূরে চলিরা যাওরা।

क्रमनः।

২০ সেপ্টেম্বর । ৮ই আবিন রণিবার । অদা বেলা ৩টার সময় ব্রাক্ষপ্রতিনিধি সভার প্রথম সাধারণ অধিবেশন হয়। সভাতে নিম্ন লিখিত ব্যক্তিগণ উপস্থিত ছিলেন। ব্রুক্ত বাবু কাস্তিচন্দ্র মিত্র—(ডেরাডুন, লক্ষ্ণে), শিলং,

(ভক্তপুর)

- », » দীননাৰ মজ্মদার (মুরসিদাবাদ, ভাগলপুর,
 জামালপুর)
- ,, , অছোরনাথ গুপ্ত (নগাঁও, ছাজারিবাম)
- ু. ., তৈলোকানাথ সংস্থাল—(রাউলপিণ্ডা, মডিছারী রাচি)
- ,, ,, গৌরগোবিন্দ রায় (কুমিলা, ময়মনসিংছ, শিরাজগঞ্জ)
- ,, ,, অনুভলাল বসু (গ্রা)
- ্য , জানন্দ্ৰোছন বস্থ (কুমিনা, ভবানীপুর উপাসনা সম্ভা)
- ,, ,, শিবচন্ত দেব—(কে:মগর)
- .. भागिशम वत्न्माशाधातः—(वताह्मशत् मिन्र)
- », ভবেশচন্দ্র দত্ত (হরিনাভি)
- », », হরনাথ ভট্টাচাব্য—(উৎকল ব্রাক্ষসমাক্ষ)
- », » শরচন্দ্র দত্ত—(ব্রা**ম**ণ বাড়িয়া)
- ,, ,, अक्टत्र । महनानिविम-(मूक्तीशक, वश्रुषा)
- ,, জীনাথ দত—(জীহটু)
- , , , (গ্রিশচন্দ্র সেন--(ময়মনসিংহ, ঢাকা, তেজপুর)
- ,, ,, শিবনাথ ভট্টাচার্যা—(আগরা, হরিনাভি)
- .. . কেশবচন্দ্র সেন-সভাপতি

এতান্তর সভাস্থলে আরও কয়েক জন দর্শক উপস্থিত ছিলেন। সভাপতি মহাশর প্রথমে আসন পরিপ্রেই করিয়া সম্পাদককে গাড ডিম মাসের কাহ্য বিবরণ পাঠ করিতে বলিলেন। কাহ্যবিবরণ পঠিত হইলে নিম্ন লিখিত প্রস্তাব গুলি একে একে ধাহ্য হইল।

প্রথম প্রস্তাব ---- প্রস্তাবক শ্রীশিব:স্তা দেব I

পোষক এশশিপদ ক্ল্যোপাধ্যায়।

৭ই জ্যোষ্ঠের সভাতে নির্দ্ধারিত নিরমাবলীর এর নিরমের পরিবর্ত্তে নিম্নদিধিত নিরমটা অবলখিত হউক। প্রতিনিধি নিয়োগ সহজ্বে নিয়ম এট, ভারতংবীর ব্রহ্ম
মন্দির ৫ জন, পূর্বে বাজালা বাজসমাজ ২ চুই জন, লংহোর
বাজসমাজ চুই জন, অপরাপর সমাজ এক এক জন করিয়া
প্রতিনিধি নিযুক্ত করিবেন। সভ্যাদিশগর অধিকংখলোর মতে
প্রতিনিধি নিযুক্ত হইবে।

দি তীর প্রস্তাব ----- প্রস্তাবক **উ**ত্তিমশচন্দ্র দত্ত। পোষক **উ**শিবচন্দ্র দেব।

এই সভার জনা অর্থাযুক্লা নিভাস্ত প্ররোজন, অভএব নিম্ন লিখিত ব্যক্তিদিণোর প্রতি মর্থ সংগ্রাহের ভার দেওরা হয় এবং, ইহারা আবশাক বোধে আপনাদের সংখ্যা বর্ষিত করিতে পারিবেন।

बैयुक्त বাবু হুর্গামোচন দাস।

- ,, ,, গুক্চরণ মছলানবিশ।
- ,, ,, অমৃতলাল বসু!
- ,, ,, मनिभम बत्काभाशात्र।

তৃতীর প্রস্তাব --- প্রস্তাবক শীব্রেলোকানাথ সার্যাল।
পোষক জীবরনাথ ভট্টাচার্যা।

সভার কার্যা সকল বিভাগে করিয়া নিমু লিখিও ব্যক্তি-দিগের প্রতি এক এক বিভাগের ভার দেওয়া ছয়। সভা-পতি প্রভৃতি কর্মচারিয়ণ প্রত্যেক কমিটার সহিভ্কার্যা করিবেন।

(ক) বাদ্দসমাজের সভ্য সংখ্যা, ইতিরন্ত, কার্যাপ্রণালী প্রভৃতির বিবরণ সংগ্রহ বিভাগ।

ই প্রভাপচন্দ্র মজুমদার।

किर्दिलाकामार मानाल।

बिष्ट्रमान्तम मख।

(খ) ব্রাক্ষ ব্য প্রতিপাদক পুস্তকাদি প্রচার বিভাগ।

🏏 🗟 গিরিশ5ন্ত সেন।

कि देवानाय श्रुष्ठ ।

बि(गोद्रा:विक दात्र।

🗃 গ্রেরনাথ গুপ্ত।

(খ) অনুষ্ঠানপদ্ধতি স্থিরীকরণ বিভাগ।

बिवार इनाथ छै।

बितारिमाविक दात्र।

क्रीनिवहत्त्र (मर ।

(৮) অনাধ রাজ ও রাজপরিবারদিগের রক্ষা ও প্রতিপালন বিভাগ।

अञ्चित्रर्गाटमाहर माम।

श्रीमाणियम बत्यागायात्र।

🗬ক: ন্তিচন্দ্র মিত্র।

@ গুরুচরণ মহলানবিশ।

শেষে সভাপতি মহাশার উপস্থিত সভাদিশের অবগাতির জন্য তাঁছার একটা অভিপ্রার জ্ঞাপন করিলেন ৷ সে অভি-প্রায়টা এই, তাঁছার মতে অনেক ত্রাক্ষ এখন যেরপ গৃছবিহীন ও মন্তক রাখিবার স্থান বিহীন হংয়া ভাসিয়া েড় ইতেছেন, ভাগা অভন্ত লোচনীর, যাছাতে অন্ততঃ
একটু ছান দেখিরা এইরপ ব্রাক্ষদিগের মধ্যে ই ছাদিগের
গৃহনির্দাণের ক্ষমতা আছে ভাইারা প্রস্পরের নিকটে এক
একটী হাসগৃহ নির্দাণ করিতে পারেন সে বিষয়ে চেটা করা
উচিত। তিনি কোন প্রস্তাবের আকাবে এ কথা বলিলেন
না কিন্তু উপস্থিত ব্রাক্ষগণকে এ বিষয়ে বিশেব্রূপে চিন্তা
কবিবার গুনা এবং মফলনের ব্রাক্ষদিগের এ বিষয়ে চিন্তা
কবিবার গুনা অনুরোধ করিলেন।

অংশেবে সভাপতিকে ধনাবাদ প্রদান করিয়া বেলা অনুষান ৫টার মুম্ম সভাতেত হয় !

(भाजी)

महकाही मन्नामक

व्यार्थना ।

হে সভা ঈশর ! ভূমি এই বংসর এই জনা ধানে বৃদ্ধি করিয়া দিলে, যে তোমার সন্তানেরা ভূমি যে পরম সভা ভোমাকে দৃঢ়রপে ধারণ করিছে পারিবে। ভূমি ভির আব সকলই মিথাা, মৃত্র পর ভোমার সন্তানেরা ভোমাকে ভির আব কাহাকেও পাইবে না, এবং পরজালে কিরপে বাস করিতে হটবে ইহা শিকা দিবার জন্য ভূমি আমাদিগকে তোমার ধানে করিতে আদেশ করিয়াছে। স্পৃষ্টি ভোমার সন্তানদিগকে প্রবঞ্চনা করিতেছে, ইহা দেবিয়া ভূমি সেই দিক্টা ব্রাইয়া দিয়া ভোমার ধানে করিতে আধেশক্ষিকে কর বিব ভাষার ধানে করিতে

হে ককণানিজু ঈশব। আমাদিগকৈ অপী কৰিবাৰ জনা তুনি কত আ্যোজন কৰিয়াছ। জন্মতংপীকে চিবতংপী হইতে দিলে না। বগন আমাৰা জংগেৰ পত্ৰে বিবেৰ পত্ৰে পান কৰিতে যাই তুনি তাহা কাড়িয়া লইয়া বল, " সন্ধান, স্বুণী ছও, অগী হও,।" তোমাৰ ইচ্ছা বে ভূমি আমাদিগকৈ সম্পূণ ৰূপে অপী কৰ। তোমাৰ ইচ্ছা বে আমান অপী হই। যথন ভোমাৰ এই ইচ্ছা, তখন নিশ্চয়ই আমাদেৰ ভাল হইবে, নিশ্চয় আমাৰ। স্থী হইব, কেন না তোমাৰ ইচ্ছা আমাদেৰ সকল পাপ গুংখ দূব কৰিয়া হয় লাভ কৰিবে।

হে প্রেন্মর ঈর্বা! একবাৰ তুমি আমাদিগকে সেই মাতান, বুনো জঙ্গুলে প্রেম দিয়াছিলে বাহাতে অনেক বংসবেৰ পাপ, জড়তা এবং শিথিবতা দূর হইয়াছিল; কিন্তু আমাদের অপরাধে তাহা হারাইয়াছি। এখন আর তোমাকে এবং তোমার সন্তান্ধিগকে সেইরূপ ভাল বাসিতে পারি না। অত্থৰ প্রার্থনা করি হে প্রেমদাতা ঈর্বর! আবার তুমি আমানিগকে সেই প্রক্রা ভক্তি দাও।

मःवाम।

জীবৃক্ষ বাবু প্রভাপচন্দ্র মন্ত্র্মদার মহাশার হণরজাবাদে সমাদরের সহিত গৃহীত হুইরাছেন। ডিমি ১০ই সেপ্টেম্বর করাচিতে এক বজ্তা করিরাছেন। ডাহাতে স্কু সংখ্যক দেশীর এইবোরোপীর সংস্কুান্ত লোক উপদ্বিত্ত চিলেন। ১৬ই হারজাবাদে সিদ্ধ আক্ষনমাজের সাম্ব-সরিক উৎসবের কার্বা নির্বাচ করেন, সে দিন প্রবাহে ও কুরুরারাছে ছিল্পি ওইবিজিডেউপাসমাদি হুইরাছিল। ১৯শে ইংরেজিডে বজ্তা করেন। উছিল আগামনে উক্ত প্রদেশের ভিন্দু ও খ্রীফান সম্প্রদারের মধ্যে ভাল্পার্ম বিবরে খেল আন্দোসন উপ্রিত্ত হুইলাছে। ডিনি সত্তেই বল্পে অগ্যান্নর ইচ্ছা রাথেন। ডখার কিয়ন্দিন অবস্থান করিয়া লাভোরে মাইতে পারেন।

মণ্ডাপ্তস্থ একটা স্থানিলা তথাকার প্রাক্ষমণাড় গৃহ মির্মাণের সমুদার ক্ষিণান করিলাছেন। প্রাক্ষমণাজে স্থানোক্ষিণোর এরপ বদানাভার দৃষ্টান্ত তুর্গভ।

আমরা স্থানান্তরে ব্রংলপ্রতিনিদিন্দির সভার, গাত সাধারণ অধিবেশনের কংবংবিবরণ প্রকাশ করিলাম। উলোগকর্জাগণ বাস্তবিক কার্য্যে কিছু করিবার জনা ইচ্ছুক হবিয়াছেন দেশির। আমরা বিশেষ প্রীত চইলাম। মফফলম্ ভাষ্মগণ এই সভার প্রথম অধিবেশনের দিনের গোলেগ্রাগ দেশিরা যে কিছু আশ্বা করিরাছিলেন ভাষা দূর করিকে। প্রাক্ষাধন ক্রমের প্রক্রিক্যাহের মৃত্তি কার্যক্রিলে প্রতম্মণার ব্রংল্যমান্তের মহৎ ইটা লাভ হবিবে আমানের এরূপ বিলক্ষণ প্রভীতি চইতেচে। আমরা মফফলন্ত সমুদর ব্রংল্যেক প্রবিষয় যোগ দিবার জন্য অনুব্রোধ করি।

উর্কু বক্ত গণ্যভাগরে হক্ক। নিশ্চাকা ব্রাক্ষণ করে করে লাহোরে মুদ্রিত হইয়া পশ্চিমঞ্চলের ব্রাক্ষণমাজ ও আনা কোন কোন বাজ্যমাতে করে করে কথা করিয়া বিন্দুল্য দেওর। গাইতেতে, ভরদা করি উক্ত ব্রাক্ষণমাজের সম্পাদকগণ মাগ্র উপায়ক পারে প্রদান করিবেন। যাইরো ভাগা অনিক পাইতে ইচ্চা করেন, গাহোর ব্রাক্ষণমাড়ের সম্পাদকের নিকটে মূলা ও ডাক্যান্ত্র পাঠাইলেই পাইতে পারিবেন। মূল্য /০ আনা মাত্র।

র্জনান্তিরের দর্শক্রনিগের দারার অনেক সময়ে উপাদক-দিগের উপাসনায় নানাপ্রকার ব্যাঘাত ছব্মিষা পাকে, তাহা নিবারণের জন্য নিয়মিত উপাসক্ষিগকেনির্ফিট আস-নের উকিট কেওয়া ঘাইরে। উপাসনার্গীগণ ওনই কলেজ স্বোয়ার প্রচার কার্যালয়ে আসিলে বা প্রস্থারা অভিপ্রায় প্রকাশ করিলে টিকিট পাইতে পারিবেন।

পূর্ম হইতে বাঁহাদের আসন নির্দিষ্ট আছে তাঁহাদিগকে• সভর উকিট নইতে হইবে না।

अर्द भारतार भावका करिना श • नर कटन क क्षावात रुखितान भितात बटब कार्ड आर्डन आगानदमाहन तक्षिक खाता भूमिक इहन र

ধশতত্ত্ব

প্রবিশালমিদং বিশ্বং পরিত্রং ব্রহ্মমন্দিরং।
চেতঃ স্থনির্মালস্তীর্থ সন্তাং শাস্ত্রমনশ্বরং॥
বিশ্বাসোধম্মনং ভি প্রীতিঃ প্রমসাধনং
স্থার্থনাশস্ক্র বৈরাগাং ব্রাক্ষিরেবং প্রকীর্ত্তাতে॥

১১ ভাগ। ১৯ সংখ্যা।

>লা কার্ত্তিক মঙ্গলবার, ১৭৯৯ শক।

বাৰ্ষিক স্বগ্ৰিম মূল্য ২**॥**০ মফ**ঃ**সলে 💩 ৩.০

প্রার্থনা

হে ঈশর! হে বিরহাকুল কাতরজনের প্রাণবল্লভ! আমি সাধন বলে তোমার নিকট-বতী হইব সে আশানাই। কেন নাতেমন ব্যাকুলতার সাধন আমার কোথা ? যদি অস্থির ছইয়া উন্মাদের ন্যায় উন্মুক্ত হৃদয়ে সজন নিৰ্জ্জনে যথা তথা তোমার জন্য কাঁদিতে পারি-তাম, তবে আশা থাকিত যে তোমার ন্যায় কোমল হৃদয় অনন্ত প্রেম্পাগর দ্যালু দেবতার নিকট তাহা কখন ব্যর্থ হইবে না, কিন্তু তাহা रगथारन नाहे, रमथारन जामि এই निरवनन করি, যে আমিও অগ্রসর হই এবং ভূমিও ক্রমে অতাসর হইয়া আমাকে আকর্ষণ কর। তোমার আকর্ষণে আকৃষ্ট হইয়াছে তাহার দাধন ফুল মুখাগ্রত ফলের ন্যায়। তুমি নিজেই তাহাকে সাধন করাও আবার আপনিই डाशारक कुल मान कत। आमि कूर्वल माधक, স্বর্গে এবং সংসারে আমার অনুরাগ বিভক্ত। এই জন্য বলি হে ভূর্বলের বল, অগতির গতি, তুমি তোমার অনুপম সোলাধ্য প্রদর্শন করিয়া খামাকে নিকটে টানিয়া লও। তোমার দিকে থাহার টান ধরিয়াছে তাহার সংসার বন্ধন भंदेख जाभनाभिनि हिन्न रहेशा यास । প্ৰা শীর ঘুণায়মান আবর্ত সীমার মধ্যে পতিত

নোকা যেমন সহজে গভার জলমধ্যে নিমগু হয়, তেমনি হে দ্য়ানিধি গুণদাগর ঈশর! আমার জীবনকে তোমার অতলম্পর্শ গভীর সহার মধ্যে স্বেগে আকর্ষণ করিয়া লইয়া যাও। আমি কথন উৎসাহ ব্যাকুলতার সহিত তোমার জন্য সাধন করি, আবার কথন তুর্বলতা বশতঃ অবসন্ন হই, সংসারের প্রতিকৃল প্রবাহে পড়িয়া পশ্চাতের দিকে ভাসিয়া যাই। যেখানে প্রতি-কুল প্রবাহ অনুকুলতায় পরিণত হইয়া বিপ-রীত দিকে ধাবিত হইতেছে, সেই সন্ধিন্থলে আমাকে বলপুৰ্বক টানিয়া লইয়া চল, আমি স্রোতে অঙ্গ ভাসাইয়। দিয়া তোমার নাম গান করিতে করিতে অনন্ত প্রেমসিম্বর অভিমুখে চলিয়া যাই। দয়াময়, সে স্থতের দিন আমার কবে হবে, যে দিনে আমি অগ্রগামী যাত্রীদলের দঙ্গে মিলিয়। তাঁহাদের দঙ্গে একত্রে তোমার স্থরসাল দয়াময় নাম কীর্ত্তন করিব। কুপা কর হে কুপাদিন্ধো! আরও কিছু দূর আমার দিকে অগ্রদর হইয়া তোমার প্রেমবাহু প্রদারিত করিয়া দাও, তাহা অবলম্বন করিয়া আমি স্বর্গ-ধামের দিকে অগ্রসর হই।

যোগ এবং দেবা।

ব্ৰহ্মধ্যানে যথন সাধক নিযুক্ত হ**ই**বেন তথন তাঁহাকে অবাতকম্পিত ছির হুদের ন্যায়

স্থির গম্ভীর ভাব অবলম্বনপূর্ব্বক স্বীয় ইন্টদেব-ভার সভার মধ্যে একবারে ডুবিয়া যাইতে হইবে, আুবার যথন তিনি ত্রহ্মপদ সেবায় চিত্ত অভিনিবেশ করিবেন তথন তিনি জ্লাত অগ্নি ক্ষ্রলিঙ্গের ন্যায় কাথ্যক্ষেত্রে বিচরণ করিতে থাকিবেন, এই চুই বিপরীত ভাবের সাম্য ক্ত-কার্য্য হওয়া ভ্রাহ্মধন্মের উচ্চতর লক্ষ্য। পৃথিবীর ইতিহাদে ইহার দুটান্ত নিতান্ত বিরল। এক দিকে হিন্দু যোগীর৷ জনসমাজ পরিত্যাগপ্রক নিজ্জন গিরিকন্দরে ব্যিয়া গভীর ধ্যান ধ্রেণ্য সমস্ত জীবন অর্পণ করিয়াছেন, মানবীয় সভাবের অপর দিক ভাঁছাদের নিক্ট এককালে প্রজন্ম निक्ति स जिल विलाल है इस, (कह काशास्त्र) मध्य আলাপ করিতেন না, অন্য দিকে মন নিবেশ করিলে ছৈত ভাবের আবিভাব হইয়। ধ্যানভ্য করিবে এই তাঁহাদের আশক্ষা। হিন্দুশাস্ত্রে এবিষয়ে ভূরি ভূরি দৃষ্টান্ত অবসাম করিতেছে। অপর দিকে ধঠীয়ান ইয়েরোপে কার্মের ব্যস্ততা অবলোকন কর, যেন যুদ্ধের নগ্য প্রভূত বেগে লোক সকল দিন রাত্রি ভ্রমণ করি তেছে, ধ্যান যোগ এসকলকে তাঁহার। সময় নট वर्तान । ভজনালয়ের আচার্যা যদি ছই চারি পল অধিক সময় উপাসনার জন্য গ্রহণ করেন, শ্রোত্বর্গ অমনি তাঁহার নামে অভিযোগ আনয়ন করিবে। ইহারা যেন কার্যোর অবতার। আপ নার এবং পরের জন্য ইহারা সমস্ত দিন পরিপ্রাম করে। দেহ বৃদ্ধি মন পরিচালন। বিষয়ে ইহা-দের যেমন ভাটল অধ্যবসায় এমন আর দেখা যায় না। কিন্তু ধ্যান আর সেবা পূর্ণমাত্রায় একাধারে কোথাও প্রায় নয়ন গেচের হয় না। ব্রাক্ষাধর্ম বলেন, যথন উপাদনা করিবে তথন আরু আরু সমস্ত বিষয় বিশ্বত হইয়। কেবল घन िमानम ज्ञुल मागुरत निम्म रहेश। थाकिरव, হৃদয় মনের বহিছবর একবারে এমন করিয়। বদ্ধ করিতে হইবে যে তাহাতে বিন্দু মাত্র ছিদ্ যেন না থাকে। পৃথিবীর সঙ্গে কোন রূপ যোগ (म मगग्न थाकिरव ना। आवात छेलामनारख

কার্যালয়ে গিয়া এমনি কার্য্য করিবে ষে তাহার মধ্যে আর অন্য ভাব প্রবেশ করিবে না। কেবল প্রভু মন্তকোপরি বিবাজ করিতেছেন, আমি ক্রীতদাস চিরভূত্য তাঁহার আজ্ঞাধীন হইয়া **সেব। করিতেছি, ভয় ও ভক্তির সহিত এই** ভাবটী হৃদয়ে গ্রথিত করিয়া রাখিতে হইবে। এখনি প্রবল বেগে কার্যাস্রোতঃ বহিয়া গেল তৎক্ষণাৎ আবার স্থির হইয়া ত্রন্ধোতে চিত্ত সমাধান করিতে হইবে। যাই ব্রহ্মধ্যানের গভীর সমুদ্র হইতে গাত্রোত্থান্ করিলে অমনি नीरतत नाग्न প्रजूत कार्या श्रव इरेल। ইহা একথানি স্থন্দর ছবি, অনেক শিক্ষা, কঠোর ন্তুদীর্ঘ সাধন, প্রবল ভ্রহ্মানুরাগ ব্যতীত এই চুই বিপরীত ভাবকে পরপোরের প্রেমে বদ্ধ করা যায় না। উপাদনার সময় কার্য্যের স্লোতঃ রুদ্ধ করা, বিষয়টিভার বেগ ফিরাইয়া ধর্মের দিকে আনা এবং নিদ্রা আলস্য পরিহারপ্রবিক জাঞ্জ জীবন্ত উৎসাহের সহিত অদৃশ্য ভেলার(ভে<u>য়</u> প্ৰবিষ্ট হওয়া এ সকল অতিশয় কঠিন কাৰ্যা. বহু সাধন সাপ্ৰেক্ষ তাহাতে সন্দেহ নাই। কাৰ্য্য কর। মনুয়ার প্রকৃতি সিদ্ধ গুণ, সহজেই সে কার্য্যদাগরে ভূবিতে পারে, কিন্তু এ বিষয়ের কলনা, চিন্তা, ভাবনা, উপাসনার সময় উপস্থিত হইয়: ভিতকে বি<mark>ক্ষিপ্ত করিবেই করিবে। ভির</mark> ভাবে চফু নিমালিত করিলে হয় নিদ্রা না হয় কাৰ্য্য বিষয়ক চিন্তা অনেক ব্ৰাহ্মকেই আক্ৰমণ করে, মধ্যে মধ্যে একটু সময় মন ত্রন্ধের দিকে ধাবিত হয়, কিন্তু পুনরায় ফিরিয়া আদে। এমন অভ্যাদ করিতে হইবে, যে যাই কার্য্য ছাড়িয়া উপাসনায় বদিব অমনি ঠিক যেন আর একটা স্বতন্ত্র রাজ্যে প্রবেশ করিলাম যাহার সঙ্গে এ পৃথিবীর আর কোন প্রকার সম্বন্ধ নাই। হৃদয়ের কবাট বন্ধ করিয়া সে সময় কেবল অন্তর রাজ্যে বিচরণ করিতে হইবে। কিন্তু নিগুণ ত্রক্ষের অনন্ত নিরাকার মূর্ত্তির পূজাতে কেই মুন স্থির ক্রিতে পারিবেন না। তাঁহার নিও্ণ সত্তার জীবন্ত আবির্ভাবে, যথা " তুমি আছ "

বিশ্বাস করিয়। তাঁহার মনোহর লাল। সকল যাহা বহিজ্ঞগতে, মানবদমাজে এবং নিজ নিজ জীবনে বিবিধ প্রকারে প্রকটিত হইয়াছে ভাহা দর্শন করিতে হইবে। মন যদি সে রাজ্যে নানা-বিধ চিন্তার বিষয় পায় এবং দেখানকার ঘটনা দকল প্রত্যক্ষ বলিয়া হৃদয়প্রম করিতে পারে, অনন্ত অনাদি ব্রহ্মকে পর্ম স্তব্দর পুরুষ জানিয়। তাহার মানবায় ব্যবহারের মধুর ভাব গমস্ত আস্বাদন করিতে সমর্থ হয় তবে আর যোগের ব্যাঘাত হইবেনা। কার্য্যের সময় যেমন গৃথি-বার নানাবিধ চিন্তা মনকে অধিকার করে, উপাসনা কালে ব্রহ্মরাছের আধ্যাত্মিক শোভা সৌন্দর্য্যে যদি তেমনি ভাবে চিত্তকে বিদ্ধা করে. তবে নির্বিন্নে উভয় দিকের যোগ সাধন কর: যাইতে পারে। ফলতঃ যাহার হৃদ্যে যোগের গাঢতা থাকে তাহার সমস্ত জাবন উৎসাহ্ময় হয়, ব্রনতেজঃ তাহার আয়ার সমুদায় অঞ্চকে তেজস্বানু করে। কার্য্যে উৎসাহী হওয়। কঠিন নহে, যোগের গাঢ়তা সম্পাদন করাই বিশেষ যত্রসাধ্য। কিন্তু কার্য্যেতে যোগের ভাব যদি থাকে তবে উভয়ই উভয়কে পরিপোষণ করিবে সন্দেহ নাই। অতএব যাঁহার ধানে তাঁহারই দেব। এইটা মনে রাখিয়া উপাসনা ও প্রিয়কায়্য একথানি সামগ্রী বুঝিতে হইবে।

বৈদিক সময়ের অন্তে ফি ক্রিয়া।

মনুষ্যের মৃত্যুর পর যে ক্রিয়া অনুষ্ঠিত হয়,
তাহা দকল দেশেই অত্যন্ত গান্তীয়ের সহিত
নির্বাহিত হইয়া থাকে। প্রাচীন কালে এই
ক্রিয়া নির্বাহের প্রণালী ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন
ভিন্ন প্রকার ছিল; আজও কিছু না কিছু প্রভেদ
আছে। আমাদিগের পূর্ব্বপুরুষগণ অতি পূর্বে
কি প্রণালীতে অন্ত্যেষ্টিক্রিয়া নির্বাহ করিতেন,
তাহা জানিবার জন্য অনেকে উৎস্ক হইতে
পারেন। এজন্য আমরা আম্বলায়নীয় গৃহ্য দূত্র
হইতে অন্ত্যেষ্টিক্রিয়ার প্রণালী উদ্ধৃত করিলাম।
সাগ্রিক ব্রাহ্মণ পীড়িত হইলে অগ্রি সহকারে

আম হইতে বাহির হইয়া পূর্বন, উত্তর, অথবা পূর্কোত্তর দিকে গিয়া বাদ করিবে। এরূপ করিবার কারণ এই যে, অনি আতুর ব্যক্তিকে নাঁরেগে করিয়া গৃহে প্রত্যাপ্রমন করিবার অভি-লাম নরেন। অরোগ হইলে সেই আতুর ব্যক্তি मिल्लांचे बाता गळ कतिया वा ना कतिया शृदश् প্রবেশ করিবে। যদি মৃত্যু হয় তবে বন্ধুগণ অনি কোণ বা নৈখত কোণে দক্ষিণ, দক্ষিণ পূর্বি, অথবা দক্ষিণ পশ্চিমে ডানু করিয়া, একজন উর্ন্ধবাহু হইলে যে পরিমাণ হয় সেই পরিমাণ দীর্ঘ ; ছুই বাহু প্রদারিত করিলে যে পরিমাণ হয় দেই পরিমাণ বিস্তৃত, এবং দাদশাঙ্গুলি পরিমাণ নিল্ল একটাখাত খনন করিবে। যে স্থলে শ্ব দাহ হয় এবং যেখানে অস্থি সংগ্ৰহ করিয়। সমাধি দেওয়া হয় তাহাকে শ্মশান বলে। এ ছুই শ্রশানই চারি দিকে অনাজ্যাদিত, বহুল ওববিযুক্ত এবং কউক দুক্ষাদি শুনা হওয়। প্রভাজন। যে হ'নে নানা দিক<mark>্ হইতে জল</mark> প্রবাহিত হইয়। আনিয়া একত্রিত হয় সেই স্থানে শবদাহ জন্য শ্রাশান নিলিও হইবে। শবের কেশ শাঞ লোম নগ কর্ত্তন করিবে, তীর্থ জলে স্নান করাইবে, এবং উশীরান্তুলেপন করিয়া। দিবে। একথানি অভিহন্ন বাস্ত্রের মূল দেশের পাদ মাত্র ছেদন করিয়া তত্বারা আচ্ছাদন করিবে। বস্ত্র ছেলন মূতের পুত্র ব। বান্ধব করিবে। দাহ-সলে বহুল পরিমাণে কুশ এবং মতের আয়ো-জন প্রয়োজন। কেহ কেহ শবকে নিপ্রুরীষ করিয়। দ্ধিসিক্ত স্থত দ্বারা পূর্ণ করিয়া থাকেন। ফলতঃ প্রেতকার্য্যে দ্বিসিক্ত মতের আয়োজন অত্যাবশ্যক।

যে স্থানে খাতখনন হইয়াছে দেই স্থানে অত্যে অগ্নিও যজ্ঞপাত্র সকল এবং তৎপশ্চাৎ শব লইয়া যাইতে দ্রী পুরুষ সকলে মিশ্রভাবে গমন করিবে না, সকলে প্রবাণ বয়স এবং বিষমসংখ্যক হইবে। কেছ কেছ গোবাহি শকটাদি ছারা শব শাশানম্ভ করিয়া থাকেন।

"পীচনকেন গোষ্কেনেভাকে। ৪। ২। ৩। শাবের পশ্চাতে পশ্চাতে একটা গো অথবা একটা একবর্ণা বা কৃষ্ণবর্ণা ছালী রঙ্জুবন্ধ করিয়া বন্ধুগণ লইয়া যাইবেন। এটি অনুস্তরণী 🚁।

" অনুস্তরণীম্। ৪। ২। ৪। " " গাম্। ৫।" " অক্সাং বৈকবর্ণাম্। ৬।" " রক্ষামেকে। ৭।" সব্যে বাছে । বন্ধু নু-সঙ্কালয়স্তি। ৮।"

বান্ধবগণ উপবীত নামাইয়া বিমুক্তকেশ হইয়। শবের পশ্চাৎ পশ্চাৎ গমন করিবে। উহাদিগের মধ্যে যাঁহারা জ্যেষ্ঠ তাঁহার। অগ্র-পামী এবং ফাঁহারা কনিষ্ঠ তাঁহারা পশ্চালামী ছইবেন। যেখানে শব দাহ হইবে সেধানে গিয়া দাহকর্ত্তা জলও শমী শাখা লইয়া সেই খাতটা তিনবার প্রদক্ষিণ করত "অপেতবীত বিচ-দর্পতাত (রে পিশাচণণ! দূর হ এথান হইতে দ্র হ) এই মন্ত্র উচ্চারণ পুর্বেক প্রকা-লন করিবেন 🕆। খাতের এক দেশে দক্ষিণপূর্ব্ব দিকে আহবনীয়, উত্তরপশ্চিমে গার্হপত্য, দক্ষিণ পশ্চিমে দক্ষিণাগ্রি স্থাপন করিবে। অনন্তর পূর্ণ চমদ মন্ত্রপৃত করিয়া খ্যাতমধ্যে স্বর্ণগণ্ড এবং তিল ছড়াইয়া যে ব্যক্তি নিপুণ সেই কাষ্ঠ দারা চিতা সাজাইবে। সেই চিতার উপরে কুশ এবং কুফাজীন এবং কর্ত্তিত লোম বিছাইয়। গার্হপত্যাগ্রির দিকে পদ এবং আহবনীয় অগ্রির অভিযুথে মন্তক করিয়া ততুপরি শবকে শয়ন 'উভরতঃ পত্নীম্' শবের উভর দিকে পত্নীকে শয়ন করাইবে। ক্ষত্রিয় হইলে শবের উত্তর দিকে ধনু রাখিবে। তৎপরে পতি-

* দাহান্তে অন্তি সঞ্চর করিতে গিরা কোন গুলি যজ-মণনের অন্তি কোন গুলি অনুস্তরণীর অন্তি এ বিবরে স্থানি উপস্থিত হয়। এ জনা কাজারন অনুস্তরণী অনিতা নির্ক্তিশ করিবাছেন। "ন ব্যক্তিসন্দেহাং।" " অনুস্তরণী কুছা চোদ্ধিসঞ্চরনকালে কানি যজমানসান্থানী কানি বা অনুস্তরণা ইতিসন্দেহঃসাংহ তথার ভবতীতার্থঃ।" রভিঃ।

া কেছ কেছ এই স্থান গতেঁদক দারা প্রকালন পাঠ করিয়া গাকেন। বাভগননকালে একটী জাক্মাত্র গত পনন করিয়া ভাষাতে জল নিষেক করা হয়। সেই জল দারা প্রকালন এ স্থানে বুবিতে ২ইবে।

স্থানীয় দেবর, শিষ্য অথবা বৃদ্ধ দাদ "উদীর্ষ নার্য্যভিজীবলোকম্" (নারি! উত্থিত হও জীব-লোকে প্রবেশ কর) এই মন্ত্রপাঠ করিয়া পত্নীকে উঠাইবে।

" তামুখাপ্যেদ্ধেরঃ পতিস্থানীরোস্থোসী জরদ্বাসা-বোদীস্নাভিজীবলোক মিতি। ৪।২।১৮।"

ক্ষত্রিয় হইলে পূর্ব্বোক্ত ধরু "ধর্ম হস্তাদাদদানো মৃত্যা" মৃতের হস্ত হইতে এই ধরু গ্রহণ
করিতেছি, এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক উত্তোলন
করিবে এবং ধরুকেজ্যা আরোপ করিয়া ভাঙ্গিয়া
প্রক্ষেপ করিবে। এই ছুই কার্য্য দাস দ্বারা
সাধিত হইলে কর্তা মন্ত্র পাঠ করিবেন।

স্থবর্গথণ্ড দ্বারা শবের মুখাদি সপ্তছিদ্র আরুত করত রূত কিম্বা তিল ছড়াইয়া পূর্বের যে সকল যজ্ঞপাত্র আনীত হইয়াছিল সেই সকল এইরূপে স্নিবেশ করিবে। দ্ধিণহস্তে জুত্, বামে উপভূত, দক্ষিণ পার্ষে ক্ষ্য (শলাকাকার যজ্ঞপাত্র বিশেষ ?) বাম পার্ষে অগ্নিহোত্রহরণী, বক্ষে ধুরা, মন্তকে কপাল, দত্তে গ্রাবু, নাদিকাতে শ্রুবন্ধয়, যদি শ্রুব একথানি হয় ছেদন করিয়। দিবে, কর্ণদয়ে প্রাশিত্রহরণ, একখানি হইলে ছেদন করিয়। দিবে, উদরে পাত্রী, এবং সব-वंडशांन हमम, উপজে भमा, উक्रवर्श कत्नी, **डेल्थल এवः गूमल छ**डाएठ, পाम्बर्य मुर्প, এक थानि इहेरल (इन्न कतिया निर्व। (य দকল পাত্র শূন্যগর্ভ তাহাতে দ্ধিসিক্ত সূত্ পূর্ণ করিয়া দিবে। যে প্রস্তরদয়ে ভক্ষ্য বস্তু পেষণ করা হয় তাহা এবং লৌহময় কৌলাল (কড়া ?) পুত্র গ্রহণ করিবে। অবংশধ সমূদায় যজ্ঞান্ত্র শবে যোজনা করিবে। যে অনুস্ত-রণীদঙ্গে আনীত হইয়াছিল তাহার মেদ্বারা শবের মুখ ও মন্তক 'অগ্নের্ন্বর্ণ্ম পরিপ্রোভির্ন্বযন্ত্র' এই মন্ত্র উচ্চারণ পূর্বক আড্মাদন করিয়া দিবে। '' অতিদ্রবসারমেয়ো শ্বানো " এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক অনুস্তরণীর বক্ষের দক্ষিণ াগ শবের দক্ষিণ হতে, বামভাগ বামহত্তে এবং সদয়ে গ্ৰদয় স্থাপন করিবে। কেহ কেহ বক্ষের গ্রুই সাগ্র সহকারে ছুইটা অন্ন বা সক্তু পিণ্ডা, কেছ বা কেবল পিণ্ডা দিয়া থাকেন। অনুস্তরীর যে যে অঙ্গ শবের সেই সেই অঙ্গে স্থাপন করিয়া চর্মাধারা আচ্ছাদন পূর্বক "ইমমগ্রে চমসং মা বিজিহবর" এই মন্ত্রে পূর্ণচমস মন্ত্রপৃত করিবে।

"অনুন্তরণা বপামুংখিদ্য শিরোমুখং প্রচ্ছ:দয়েদয়ে কর্ম পরিগোভির্বান্থতি। ৪।০।১৯। ব্রকা উদ্ব্যু পাণোরাদধাদভিদ্রবসারদেরে খানাবিভি দক্ষিণে দক্ষিণং সবা স্বাম্।২০। ছণরে ছদরম্।২১। পিণ্ডে চিকে ।২২। ব্রকাপচার ইভোকে। ২০। সর্কাং যথাকং বিনিক্ষিণা চর্মণা প্রচ্ছাদে,মময়ে চমসং মাধিজিহ্বর ইভি প্রণীভা প্রবর্মস্থমস্ত্রাতে। ২৪।"

অনন্তর বামজামু পাতিয়া "অগ্নেয় সাহা, সোমায় স্বাহা, অনুমতয়ে স্বাহা" এই মস্ত্রে দক্ষিণাগ্নিতে নুতাহুতি এবং ''অস্থাছৈ সমজায়থা অযম্বদধিজায়তা মদৌ স্বৰ্গায় লোকায় স্বাহা" এই মন্ত্র উচ্চারণ করিয়া শবের হৃদয়ে পঞ্মী আত্তি প্রদান করিবেন। কর্ত্তা শবদাহকারিগণকে যুগপং অগ্নি প্রজ্বলিত করিতে বলিবেন। আহবনীয় অগ্নি প্রথম শবের শরীর স্পর্শ করে, তবে উহা প্রেডকে স্বর্গলোকে লইয়া যায়। মৃত ব্যক্তি স্বর্গে এবং মৃতের পুক্র ইহলোকে নিতাক্ত সমৃদ্ধিমান্ হয়! যদি গাইপত্য অমি প্রথমে শরীর স্পর্শ করে, তবে উহা অন্তরিক লোকে মৃতকে লইয়া যায়। মৃত ব্যক্তি পর-লোকে এবং মৃতের পুত্র ইহলোকে সম্পন্ন হয়। যদি দক্ষিণামি প্রথমতঃ শরীর স্পর্শ করে, তবে छेहा यू उ वाक्तिक समूपारलाक लहेया यात्र। মৃতব্যক্তি মনুষ্যলোকে এবং মৃতের পুত্র ইহ-লোকে বহু অন্ন সম্পন্ন হয়। যদি সকল অগ্রি একেবারে শরীর স্পর্শ করে তবে মৃত ব্যক্তি বিশিষ্ট স্থানে অত্যুৎকৃষ্ট সমৃদ্ধি লাভ করে, তাহার পুত্রগণ ইহলোকে অতি সমৃদ্ধিমান্ হয়। যখন শব দগ্ধ হইতে থাকে তথন " প্ৰেহি প্ৰেহি পথিভিঃ পূর্বেভিঃ " ইত্যাদি চত্তবিংশতি ঋক্ উচ্চারণ করিবে। এইরূপে যে ব্যক্তি দগ্ধ হয় সে **मध्य रहे** एक रहे एक भूग महकारत वर्गत्लारक गमन করে। আহবনীয় অগ্নির উত্তর দিকের সম্মুখে বাসুমাত্র যে গর্ত খনন করা ছিল তাছাতে মৃতের

অতিবাহিক শরীর সংস্কারের প্রতীক্ষায় অবস্থিত ছিল। একণ সেই গর্ভ ইইতে নিজান্ত হইয়া अर्गलाक गमन करत। कर्ना " हैरम ज़ौरा वि মতেরাবর্ত্রন্" এই মন্ত্রউচ্চারণ পূর্বক বাম-দিকে আরত হইয়া পৃষ্ঠের দিকে না দেখিয়া গমন করিবেন। যেখানে বহুমান জল স্থির ভাবে অবস্থান করে, সেই স্থানে গিয়া একবার জলে নিমগু হইয়া স্ত্রী পুরুষ সকলে মতের গোত্র ও নাম উচ্চারণ পূর্বক অঞ্জলি দিবে। **जन हरेए** উত्তीर्न हरेग़ा বস্ত্র পরিধান করিবে, আর্দ্রবস্ত্র এক বার মাত্র জলমুক্ত করিয়া উত্তর দিক হইতে বস্ত্র শুকাইতে দিবে এবং সেই-খানেই নক্ষত্ৰ দৰ্শন বা আদিত্য অদৰ্শন পৰ্য্যন্ত অবস্থান করিবে। গৃহে প্রবেশ করিবার সময় কনিষ্ঠগণ অগ্রগামী জ্যেষ্ঠগণ পশ্চাদ্গামী হইবে। গৃহে গিয়া প্রস্তর, অগ্নি, গোমর, তিল বা আড-পতপুল, তৈল ও জল স্পর্শ করিবে। এ রাত্রে অম পাক করিবে না, ক্রীত বা উৎপন্ন অমে আহার নির্বাহ করিবে। তিন রাত্রি কার লবণ শূন্য আহার্য্য ভোজন করিবে।

উপাসনাবিহীন ব্ৰাক্ষজীবন।

এই উপধর্ম প্রধান হিন্দুসমাজে অবিশাস
যথেচ্ছাচারাদি নানা প্রতিকূল অবস্থার মধ্যে বাস
করিয়া যে ত্রাহ্ম ত্রেক্সাপাসনার পবিত্র রসে
বঞ্চিত ভাহার তুল্য ছঃখী রুপাপাত্র জীব আর
দিতীয় নাই। ত্রাহ্ম নাম গ্রহণ করিয়া যিনি
ত্রন্মের সঙ্গে কোন রূপ যোগ রক্ষা করেন না,
সপরিবারে সংসারের বিলাস ভোগে, সামাজিক
আমোদ আহলাদে প্রমন্ত থাকেন, দিনান্তে ছুই
মিনিটের জন্যও পরিবার মধ্যে ত্রহ্ম নাম উচ্চারিত হইতে দেন না, মূল মতে বিশ্বাস করিতেও
কুঠিত হন তাঁহার অবস্থা আরও শোচনীয়।
উপাসনা ভিন্ন ত্রাক্ষের আর কি আছে ? ধর্ম
কর্মের মধ্যে এক মাত্র উপাসনা, তাহাও যদি না
থাকে তবে ত্রাহ্ম কি বলিয়া আপনার পরিচয়

দিৰেন ? এখনকার কালে ছিন্দু এপ্রীয়ান মুসল-মান সম্প্রদায়ের শিক্ষিত সভ্য মহোদয়েরা কোন প্রকার উপাসনা পদ্ধতির অনুসরণ করেন না, উপাদনাহীন ত্রাহ্মগণও কি দেই দৃষ্টান্ত দেখিয়। চলিবেন ? তাহা যদি হয় তবে আর ব্রাহ্ম নাম লইয়া সাধারণের বিরাগভাজন হইবার কিছুই প্রয়োজন দেখা যায় না। উপাসনাবিহীন হইয়া, পরিবার হইতে ঈশ্বরকে বিদায় করিয়া দিয়াও ব্রাহ্ম নাম ধারণ করিব এরূপ যদি কেহ বলেন তবে আর কোন কথা নাই, কিন্তু সেরূপ বলিতে বোধ হয় কেহ সাহসী হইবেন না। তাহ। যদি না হন, তবে উপাসনা না করিবার কারণ কি? মাৰ্জ্জিত বুন্ধি বিচারশক্তি কি ইহাতে সায় দেয় না? চক্ষু মুদ্রিত করিয়। ক্ষণকাল স্থিরভাবে বসিয়া নিরাকার দেবতার পূজা করিতে কি ভাল লাগে না ? সংসারের কাজ কর্মের ব্যস্ততায় সমস্ত সময় কি অতিবাহিত হইয়া যায় ? আলস্য **४ हे** इस होते विश्वास्त्र के प्रतिकार के কি ইহার কারণ ? কি জন্য উপাসনায় চিত্ত অমুরাগী হয় না ? যাঁহারা মনে করেন কখন কথন তাঁহাকে স্বরণ করিলেই উপাদনা হুইল, কিন্তা প্রকৃতির শোভা দেখিয়া "তাহা। তথ্ট শরের কি শিল্প নৈপুণ্য" এই কথা উচ্চারণ করাই ঈশরের পূজা, তাঁহাদের নিতাত এম। ইহাতে সময়ও ব্যয় হয় না, মনস্থির করিবারও প্রয়োজন নাই, অথচ উপাদনা হইয়া গেল, এরূপ বিবেচনা করা কেবল আয়বি চূসনা মাত্র। প্রথমে যথন দকলে ত্রাহ্ম হইয়াছিলেন তথন যেরূপ অনুরাগের সহিত নিত্য উপাসনা করি-তেন, চির্দিন সেই ভাবের উন্নতি দাধন করিয়। পরিবার মধ্যে পরত্রন্ধের পবিত্র সিংহাসন কেন প্রতিষ্ঠিত করিবেন না ? বয়োরন্ধি সহকারে কি এই দিকাত স্থির হইল যে শেবাবস্থায় কেবল স্ত্রী পুত্র বিষয় বিভবের মুখ দর্শন করিয়া জীবন পাত কবিব ? অনেকের মধ্যে ধর্ম ভাবের হাস, छेशामना विषया छेनामीनः, शांतिवातिक धर्म সাধনে বীতরাগ দেথিয়া অতিশয় ছঃথের সহিত

অদ্য আমরা এই বিষয়ের অবতারণা করিলাম। প্রথম বয়দের নবাসুরাগ বর্তমান অবস্থার শিথিল শীতল ভাবের সঙ্গে তুলনা করিয়া দেখিলেই ইহা সকলে বুঝিতে পারিবেন। উপাসনাত্যাগী ব্রাহ্ম কি স্থুখী? বিলাসপরায়ণ বিষয়লোলুপ আমোদপ্রিয় ব্রাহ্ম কি নির্মাল বিবেকামুমোদিত পবিত্র আত্মপ্রসাদ সস্ভোগ করিয়া থাকেন? ভাহার দিন রাত্রি কিরূপে গত হয় আমরা বুঝিতে পারি না। এ বিষয়ে শীত্র ভাহাদের শুভবুদ্ধি হউক এই আমাদের আন্তরিক প্রার্থনা। যে বিষয়ত্যগ স্থুলালসা, আত্মীয় পুত্র পরিবার প্রাণের ঈশ্বরের সঙ্গে বিচ্ছেদ সংঘটিত করিল ভাহারা কয় দিনের জন্য একবার নির্জ্জনে গন্থীর ভাবে চিন্তা করিয়া দেখা উচিত।

কামনা ও ক্রিয়া।

মহাতা মহত্মদ বলিরাছেন, যদি তুইজন পরস্পারকে বধ করিবার জন্য করবাল গ্রারণ করে ও তল্পখ্যে একজন নিহত হয় তবে হতা ও হত উভয়ই নরকগামী হটবে। ধর্ম বন্ধুগণ জিল্লাসা করিলেন আর্যা। ২ত যাজি কেন নরকগামী হট্রেণ্ ত্রিন বলিলেন দে অপরকে হত্যা করিতে ইচ্ছুক ছিল, সক্ষম হইলে হত্যা করিও, এইজন্য। এসমুদয়ই মান্সিক অবস্থা। কিও যদি ক্রপাপার্ভানের চেষ্টা করে, পরে ঈশবভরে ভাত ধ্রুয়া ভারা ঘট্টে বিবত থাকে, হবে ভাষার নামে পুণ্ লিখা হইবে। শাংকে উজ হইরাছে যে ভভাবের অনুসারে दलादकत ८५%। ६४, ७७ ८४८ दिख्रदक्ष कान शाशकांश १०८७ িবুত হওয়াই সংগ্রাম, সেই পাপটে ফী অন্তরকৈ মালন করিছে যত সক্ষা, এট বংএ:মুহনকৈ নিশ্বল করিতে তাহা অপেশ। अभिकब्द मगर्थ। अ दियदत्र धूना लियात देशहे काद्रन दहते। যদি কেহ পাপ েষ্টা কৰিয়া অধ্যমতা প্ৰযুক্ত তাহা হটতে বিরত থাকে, তবে ভাগায় এটা বিরত সেই চেষ্টার প্রায় नि50 वर्ष कार्य इटेटव • 11 चक्क ना तम खेळ निक्क विकास नाप्त वन्ता इट्टेंब ।

কর্ম তিবিং — সাধন কর্ম, কর্ত্ব্যকর্ম, পাপ কর্ম। হয়ছো লোকে মনে করে যে সাধুকামনায় পাপ কর্ম করিলে ভাগ ধর্ম কর্মের ভোগী ভূক হয়। এপ্রকার বোধ হওয়া অন্যায়। সাধুকামনা পাপকার্য্যে প্রভাব বিকার করেনা। আবার দৃষ্ট কামনায় পাপ খনতর হয়। ধেমন কেহ কাহার চিত, বঞ্জব ভন্য পরনিন্দা করে অথবা অন্যারোপার্জ্জিত অর্থ দারা
সভিদ পোল ও মাদ্রানা নির্মাণ করে, সাধুকামানর জনা
ভাহার সেই পরনিন্দা ও অর্থাপহরণ দংকার্যো পরিণত হইতে
পারে না। যদি বল লাস্তি ও অজ্ঞানতা বলতঃ সে এরপ
করিয়া থাকে অত্তর্র ভাহা দ্যা হইতে পারেনা। আমি
বলি তথাপি দ্যণীয়, যেহেতু জ্ঞানাহেষণ করা বিধি, মুর্থতাও
ক পাপ। বহু লোক দর্থহা প্রযুক্ত উৎসন্ন হইরাছে। যদি
কেহ দক্ষাকে করবাল দান করে, ও যে জন করা
ভাক্তেক করিবে ভাহাকে জাক্ষা দান করে এবং বলে
যে দান করা ভাষার উদদ্দা, কেননা ঈর্পর স্ক্রাপেক্ষা
দাতার প্রতি অধিক প্রসন্ন ইহা ভাহার মুর্থহা। অত্তর
উত্তম ক্রনায় পাপ কথন পুণা হয় না।

হিড়ীয় প্রকার জিয়া, সাধন জিয়া। তত্তো ছুই প্রণা-শীতে কামনা প্রভাব বিস্তার করে। এক এই সে মূল ক্রিয়া 😎এ কাম্ব। যোগে বিভজা থাকে, দ্বিনীয়কঃ কংম্ন: যত অধিক হয় ভত্ত পুণ্য এবং যে বাজি কামনা শাস অধ্য-র্ন ক্রিরাছে সে এক সাধ্নাতেই দশ প্রকার সংকামনা করিতে পারে, যাহাতে এক সাধনা দশ সাধনার তুলা হয়। বেমন কেহ মস্জিদে এংকাফ (রচেশপ্রেশন করিছেছে, সে এই এক কামনা কবিল যে মদ্ভিদ দুর্বভার 🖟 **মন্দির, যে জন মস্জিদে যায় সে ঈশ্ব দশ**িন যায়, মন্দির ভামীৰ সম্বনা করাকর্ত্রা। দ্বিনীয়তঃ হিণীয় উপাস্নার প্রতীক্ষাকরা লাবের উল্লিখিত আছে মিনি উপাসনার প্রতীক্ষা করেন তিনি যেন উপাসনা করেন। তৃতীয়তঃ এই এতো-প্ৰেশনের জনা চকু কর্ণ জিহবা হস্ত পদকে অনীয়াচরণ হটতে নিবৃত্ত করা। ইহা এক প্রকার রোজা পালন। চতুর্থ কামনা এট সে, সংসার প্রবৃত্তি দৃধ করা, আপ্নাকে मम्पूर्वतर्भ प्रेष्ट्रत उरमर्भ कता, उपारमा ७ श्राष्ट्रवात সচিতভার রত থাকা। প্রথম কামনা কুসংস্থতি ক্ধং-সূর্ব জনিত মূল ফল হইতে রক্ষাপাওয়া। ষ্ঠ ক মন্ মৃদ্ ভিমে কোন অনায়ে আচার দেখিলে নিবৃত্ত কথা চম কামনা কোন ধার্ম্মিক লোক আগমন করিলে তাঁহার সংস্থেরবিদ্ধা সূত্রে বন্ধা হওৱা, যে হেতু মদজিদ ধর্মাজা লিবের শান্তির জ্বান। ১ম স্বর্গবের মন্দির বলির। পাপাচার ও পাপ িন্তঃ হইতে সঙ্কুচিত হওয়া। এই প্রকার চিত্তা করিয়া প্রত্যেক সাধনাতে বহু কামনা করা সায়, ষাহাতে বহু পুনোর ভাগী ২ওয়া ঘাইতে পারে। তৃতীয় প্রকার কর্ম-কেহ ঘেন পশুর ন্যায় কর্ত্তব্য কর্মেও সাধু কামনায় অবহেলা নাকরেন, ইঘাতে অতাত ক্ষতি। কেননা সকল কার্যা ও আচরণের বিষয়ে এশ্ব হইবে, দকল কর্ত্তব্য কর্ম্মের হিদাব লওয়া ঘাটবে, কুকামনা হইলে হজ্জনা দও হইবে म् का बना ६ हेर न भू बसाब अम् छ एटेरव । कान कामना ना ब किरन जारहा। लाख काकि, दूथा कार्र्श समय नष्टे कदा

মাত্র। তুমি কামনাবিংীন সংকর্ম করিয়ে, সমূর ক্ষয় করিলে कान डेलकात लाहेरर ना। हरू इक मध्यम विल्यास्त्रन, সংসারে মহুষ্য যে সকল কার্য্য করে তাগার প্রফ্যেক কার্য্যের জন্য তাহার প্রতি প্রশ্ন হট্বে। এমন কি চ্কুকে অঞ্জন রঞ্জিত করা, হল্তে মৃত্তিকা মঠন কর্মু কোন বন্ধুর বঙ্গে হস্ত সংলগ্ধ করা এ সমুদায়ের জন;ও ও শ্ল হটবে। কর্ত্তবা কর্ম বিষয়িণী কামানার শাস্ত্র বহু বিস্তার। তাহাও অধ্যঃন কর। কর্তব্য। যেমন স্থান্ধি দ্রব্য ব্যবহার করা কর্ত্ব্য। मछव्छ: कांन वाकि शक्त प्वा वावदात करत, कि इ केन्द्र প্রদর্শন করিয়া গর্কা প্রকঃশ, কিয়া লোকদিগকে আপনার পারিপাট্য প্রদর্শন করা অথবা কুভাবে পর নারীকে মনে স্থান দেওয়া ভাহার উদ্দেশ্য হইছে পাবে। গন্ধভ্রা বাবহারে সাধু কামনা এই যে, ধর্মান্দরের সম্মাননা ও অভার্থনার ভাব অক্তরে জাগরক রাখা এবং এই ইচ্ছা করা যে আমার নিকটে যাঁহাবা বসিবেন আমার সোঁৱভে যেন ভাঁহাদিলের আলেম অনেলত তৃত্তি হয় এবং ডিস্তা করা যে আমি সুগদ্ধি দ্রুবা ব্যবহার করিয়া শ্রীরের চুর্গন্ধ দূব করি,ভড়ি, লোকের ক্লেশ ও বিরক্তি যথেতে না হয় ভাহ। করিছেছি, তার এই কামন। ক্যাবে সীয় মতিককে সভেজ করিছেছিয়ে তাহানিশ্ল १६ेश म(फ ७) ७ अगाचुदारम अभिकल्त रक्षम दश्।

मन्न इन्त्र भनुषा प्रथम ख्रीनात (४ প্রচেট্র কর্ত্তরা কর্মে ক মনা সম্ভবনীর, তথন হয় গো সে মুখে বা হতুরে ধলিবে ্য আনি ঈখব উল্লেখ্যে বিধাস করিছেছি, ঈশ্বর উল্লেখ্য ভোজন করিছেছি, ঈশ্বর উদ্দেশ্যে হতা করিছেছি এবং ভাবিবে যে বাক্যের হস্তরে বলাই কম্মা। কিছু প্রক্র পক্ষে কামনা এক ভাভেদিক প্রাচাহ ও ব্যক্তারা মহো মতু-ষাকে কাটো প্রবার্তিত করে। এবধিধ না হইলে দজ্রপ মান্দিক ও বাচনিক উজি মেন প্রােদর ব্যক্তির কামনা আমি অলাহার করিব না। খিনি তাতুগভোর লোভে আরুপ্ত ইইয়া ঈশ্বরোপাদনায় বছ থাবেন, ইশ্বরাদেশ পালন করাই ভাঁহার মথার্থ কামনা। আমি কংমনা করিয়াচি এ প্রকার বলা না বলা নমান । ভূধার্ণ বাজি আমি ফুধার অনুরোধে আহার করিতে প্রত্তৈছি বলা যদ্র ইহাও ভদ্রপ। জুবাত্তের জুবার তথ্যবাবে সভাব**ং: ভোচন** করিতে হয়। পরন্ধ যে স্থাল শাণীরিল সুখের বিষয়, সেখানে পারলৌকিক কমেনা অসহব। দে ১০%। তোমার জানা কর্ত্তব্য যে কামনা ভোমার আল্যান্ড নহে, কেননা কামনা সেই প্রবৃত্তিকে বুরুন্তর সংগ্রাকেন্ম মন কার্মো প্রব-ব্রিত কবে। কাহা তোমার কর্ত্বার্নীন ভূমি লাও করিছে। পার নাও করিতে পার। ফিন্তু জোনার ভালনা ভোমরা কর্ত্ত তাবীন নধে যে তুমি মনে করিনে ই ক'মনা করিবে বা না করিতে, বরং কামনা কখন হয় কখন নাও । সহ। কামনা জ্মিবার হেতু এই বটে, প্রথমতঃ তেংম ' এ ধরে নিশিচ্ছ

ভানা আবশাল যে **টহ লোকে বা পরলোকে কোন্ বি**ফরের লকে ভোমার প্ররোজনের সম্বন্ধ আছে। ভূমি ভাহার প্রতি इंडि রाখিবে। य कृत हेशांत्र मर्च क्यांति छाशंदक खटनक প্রকার ধর্ম সাধনার কামনার অভাবে মিরুত্ত থাকিত হর। এব্ন দোরিন হজনত হোদেন বঁদোরীর অভ্যেষ্ট ক্রিয়ার উপাসনা করেন নাই। বলিয়াছিলেন যে কামনা বোধ হর নাই। হত্তরত স্থফিরান স্থবিকে লোক সকল জিজ্ঞাসা করিরাছিল যে আপনি অবাদ এব্ন দোলিমানের অভেটি ক্ৰিরার নৰাক পড়িলেন না কেন ? ডিমি বলিলেন কামনা হউলে নমাজ পড়িচাম। হতরত তাউসকে প্রার্থনা করিতে অভুবোধ করিরাছিল, তিনি বলিরাছিলেন বে পর্যান্ত কামনা হর না প্রজীকা কর। লোকে হধন ভাঁহার बिकटें भारत्रव वार्षा छनित्व ठाविल, जिनि वरावा कवि-**एकन ना कथन कथन चल: श्रेहरू इटेबा वा:था** कब्रिटकन এবং বলিতেন সে আমি কামনার প্রতীক্ষার ছিলাম। বস্তুক: নে পর্যান্ত সংসারাসক্তি প্রবল থাকে সে পর্যান্ত লোকের नर्च विषात कांमना ठिक इत ना। वतर कर्खवा कर्चा अस्ति। সম্পাদিত হয় ৷ এবং কখন এরপ হর যে লোকে নরকারির ভরে ভীত না হইলে কামনা ঠিক হর না।

বজো! তোমার প্রতীতি ইছল বে কারণে কার্যা হর ভাষাকে কামনা বলা যায়। এইকাণ ইহা জানিও, যে কেহ কেহ নবক ভবে ধর্ম দাধন করে, কেহ কেহ বা স্থায়ি সম্পদ্ ভোগের লালসার। সে জন স্বর্গ সূবের লোভে ধর্ম সাধৰা করে সে ভোগপ্রির, ভাচার ইচ্ছা দে সে এমত স্থানে উপনীত হয় দেখানে বিবিধ স্থ ভোগ হটতে পারে। चात्र तम नतरकत रूटम सर्च माधना कटत तम छुष्ठे पारमन नगात, সে লাঠি ও ধমকের ভরে কাজ করে। এই চুইরেরই ঈশবে কোন প্রহোক্তন নাই। তিনিই প্রকৃত দাস যিনি যাহা কিছ করেন ঈর্বরের জনা করেন, স্বর্গসমনের জনাও সাধনা করেন না, নরক হইতে রক্ষা পাইবার জনাও নহে। প্রকৃত পক্ষে প্রেমাস্পদের প্রতি সাহার আকর্ষণ, ভঙ্ক প্রেমাস্পদের 😻ন্য তাহার সেট আকর্ষণ। প্রেমাম্পদ ধন রছদিবেন বলিরা নয়। ভেজন ধন সোতেও কাহাকে প্রেম করে ধন সংবার েপ্রমাস্পদ, ব্যক্তিনহে। অত্তব ঈশ্বরের মহর ও ৌক্রেয় ষাহাব অমুঝার ভাহার তদ্ধপ কামনা কামনা হটবে।

ভারতবর্ষার ব্রহ্ম মন্দির।

আচার্য্যের উপদেশ।
৮ আর্থিন রবিধার ১৯৯৯।
নৃত্য উচিত কি না: ?

গাহা হউতে ঈশার ভক্তকে বাঁচান আবার তাহাতেই ভাষাকে কেলেন। ভক্ত যদি এ কমা বলেন ভাষার অর্থ,

বিঃ ওক্তকে: ঈশার বে বিপাক হইতে রক্ষা করিলেন আবার সেই বিপাকে ফেলিলেন; এরপ কোন্ বিষয়ে হইয়া থাকে। नेचरत्त्रः नारम्य भरशा धक्षी नाम लच्छाणियात् । राष्ट्र नकण कार्याः इटेट्ड लक्का रह, अधित छाराह मानकश्वरक म्ह नकन ব্যাপার হইছে রক্ষা করেন। জনসমাজে দে সকল কার্যা সক্ষাক্ষর, ঈশ্লর সাধককে সর্বাদা তাহা হইতে দূরে রাধেন। भीठ जनः लाक पा कार्याः नक्का भारतः, काँचा वहेटक काँचाटक এক মত্ত্বের সহিত রক্ষা করেন যে তাঁহার একটা বিশেষ নাম হইরাছে: যদি তাঁহার লজা নিবারণ করা একটা বিশেষ ওপ मा थाकि छ छद्य छोशात माक्कानियात्र नाम कथनहे रहेड ना। **ই**ভিহাস পাঠ করিলে কি দেখিতে পাওরা যার না, তিনি ঠাহার ভক্তগণকে কেমন লজা হটতে সর্বাদা রক্ষা করিয়া-एक १ ७ कथा है वा किन विन एर हैराइ ज़्ति ज़्ति था। আছে ? खामामिरावर कीवत्न हेश वात वात चित्राह्म। একবার নর চুইবার নর কডবার আমরা লক্ষা হউতে রক্ষা পাইরাছি। সাধক এমন অবস্থার পড়িলেন যে জাঁহাকে ভজ্জন্য চিরদিন দশ জনের নিকট লজ্জিত পাকিতে হটত। সেই সমরে এমনি ব্যাপার এমনি ঘটনা ঘটন যে জিনি সেই লক্ষা হটতে উদ্ধার পাটলেন। কে এই রূপ ব্যাপার श्वाता माधकटक वाँहाइटलन १ ८मटे लक्कानियांत्र स्वेता किनि अत्र अवसीर्व इंदेश गृषि मानकटक दक्का ना कविट्डन; ভবে আর তাঁহাকে কে রক্ষা করিতে পারিভ ় নাধক এমন লজ্জাকর কার্যো পড়িয়াছিলেন যে আর ভিনি लाटक इ निकर मुद एए बार्टेट शाहित्वन ना। क्व नमस्त কত পাপ কত সমাক্রবিক্লব্ধ কার্য্য জনারাদে বটিভে পারে খাহাতে সমাজের নিকট অপমানিত নিশিত এবং ছণিত হটকে হয়, পাঁচজনে অভন্ত বলে, কাহার নিকট আর যাইবার সাহস থাকে না। কত সময়ে সংগারের রীতি নীতি হইতে शम अनन रह, जाशम स्टेटिक रह, जीवरन अमन शाल पटि ষে লোকালয়ে মূখ দেখাইতে পালা যাব না, অজলে চলিয়া ষাইতে ইচ্ছা হয়। কভ লোক অঙ্গুলি নির্দেশ করিয়া দেখার দেখ ঐ সেই ব্যক্তি যে এরূপ ঘূৰিত: কার্য্য করিয়াছে। এরপ লব্জার ব্যাপারে কত ভত্তলোক সন্নাদী হইরা অরণ্যে চলিয়া ধিয়াছে। আবার জিজ্ঞানা করি এরপ বিপাক হ'ইতে কে রক্ষা করেন**ং ক্রিছছ।** ভিন্নি কভাষ**ছে** কত প্রকারে সাধককে পাপ: হটতে লক্ষা হইতে অপদয়তা হউতে রক্ষা করিলেল। সাধক কৃষ্ণ দৃষ্টিতে আমায়ালে বুরিতে পারেন এরপ ঘটনা ছিনিই সকটেড করিলেন ! যদি ঐপর-সাধককে রক্ষা না করিছেন সাধকের জনর ভাষিরা शहेज, भार खत्नद मिक्ले पूर्य प्रयाहित्क भावित्कत ना ধর্মের কার্যা শেষ হটয়া ষাইতে, উৎসাক চির্লিয়েনর ক্রনা নির্মাণ হইত । লক্ষ্য অভি.ভরানক:! ইবাতে প্রাণ ভাষিরা যার, উৎসাহ প্রদীপ নির্বাণ হয় আর ভাব হইবার ইছা

পাকে না। ধন মান সন্তম গৃহ অট্টালিকা এক লজ্জায় মাকুষ দক্ষি ভাজিয়া চলিয়া যায়। ইহাতে মাকুষের ধর্ম বিলোপ করে, এমন কি ইগারট জ্বন্য মন্ত্র্য আত্মহত্যা পর্য্যস্ত करत । जेन्द्र এटे जना मान्यत्कत लब्छा बादन कदिया लब्छा নিবারণ নাম ধারণ করিলেন, এত দিন সকল প্রকারের লজ্জা হুইতে রক্ষা করিলেন। কিন্তু যাহা হুইতে ভিনি হাহাকে রক্ষা করিলেন, আধার দিনিই তাহাকে তাঁহাতে ফেলি-লেব। তিনিট তাঁহাকে নির্লজ্ঞ কবিলেন। পৃথিবীর গত প্রকার লজ্জার ব্যাপার আছে, ঈর্বর সাধককে অতি মত্ত্বে তাহা হইতে व्रका कविद्यान, किन्दु भर्य भागतन श्री बुख कविद्या त्लाहकत নিকট তাঁগাকে নির্লক্ষ করিয়া তুলিলেন। সাধক খোল ৰাজাইয়া ঈশ্বরের খণ কীর্ত্তন করিতে লাগিলেন, দীর্ঘকাল ধাানে প্রবৃত্ত হইলেন, পথের মধ্যে পাঁচ খত লোক সেধানে ঈশ্ববের নাম শাবণ করাইতে লাগিলেন, পৃথিবীর লোক শারককে পাগল ও নির্লজ্জ বলিতে লাগিল। যিনি সহস্র লজ্জা হটতে রক্ষা করিলেন, তিনিই লজ্জা বিনাশ করিলেন, ধর্মপারনে নির্লক্ত করিলেন। লক্তা অধর্ম করিছে কি ধর্ম করিতে 🕈 অবর্থ ছাড়িতে হইবে। যদি অবর্থ ছাড়িতে গিয়া নির্লক্তি হইতে হয় ক্ষতি নাই ভিক্রিবাজেনর গভীর অবহা নির্লজ্ঞের অবস্থা। ভক্ত হইলে ধার্মিক হইলে অনুবাগী **ছটলে লোকে নির্লভ্জ হয়, সম্বায় ভয় চলিয়া ঘ'র, আশ্চর্য্য** প্রেম প্রফ্টিত হয়। ভজের চকে জল পড়িতেছে, তিনি কধন হাসিতেতেন, কধন ঈশ্বরের নাম লইরা চীংকার করি-তেছেন। পাঁচ চন র্লেবে এ বাকি উন্ত হইয়াছে, এ ব্যক্তি। অসভ্য। প্রেম সম্বরণ করিতে পারে না কেন 📍

ভক্তির সমাপ্রি কোথায় ? নুতা ভক্তির পরিসমাপ্তি। विनि कथन शांभरग्रहान कथन कान्मिर्छ्यहन, कथन धान করিতেচেন তথন প্রেম্মদিরা পানে উন্মত হইয়া নির্ল্জ্ঞা-ভাবে গান কৰিতেছেন, নৃত্য কৰিতেছেন। এখন জিল্লাসা, এই, স্তা সম্বত কি অসম্বত? স্তা কুম্ভি জনা কি ঈশ্বরের खिक कना ? मुदा रानभभादक दक्का कदा छिक्ति कि छेशास ভাড়ান উচিত ? যদি ঈখরকে ভক্তি করা কর্ত্তব্য হয়, তবে নুত্যের জন্ত আবশ্বে। স্ব্যুনা করিলে ভক্তি হয় না। অন্তরে প্রেম থাকিলে উহা মূত্যে প্রকাশ হইরা পড়িবে, ষনি স্ত্য শাহর, অন্তরে প্রেম নাই। নৃত্য সম্বরণ করিতে হইবে এমত কি প্রকারণ নূত্য যে স্থাভাবিক। বালক আহলাদে স্তা করিয়া পাকে, বৃদ্ধ কথন স্তাকরে না। রভ্রম্বর্কনা সঙ্গুচিত, তাহার চক্ষুদশ জনের উপরে পড়ে। যাহার চক্ষু দশ জনের উপর পড়িল দে কখন নাচিতে পারে না। স্বত্যসম্বরণ করি কেন ? লোক ভরে। শিশুর লোক ভয় নাই, সে অভাবের অমুরোধে নৃত্য করিতে র্ণীকে, তাহাকে নৃত্য করিতে না দিলেই সে অসুখী। ভব্তিতে অশ্রপাত হইবে বিহ্নল করিবে, এবং পরিশেবে নুত্য

আদিবে, ইহাতে আর সম্পেহ নাই। তবে ক্রিক্সাদা হইতে পারে তাহ্মধর্ম মতে যথার্থ নৃত্য কি ? ক্লাহ্মধর্মেও নৃত্যু আছে, কিন্তু দে নৃষ্য বাহিরে নর অন্তরে। কোন কালে প্রেম কি যে জানে না, সে হৃত্য বুরিতে পীরে না। সে নৃত্য বাহািক নর আত্মার নৃত্য। মনোহর সুক্রর প্রমেশবকে দেবিরা জনর নাচিল, ভক্তিতে বিহ্বল হইরা উদ্মন্ত হইরা প্রাণের ভিত্তরে তাঁহাকে ধারণ করিল, বহিরের একটা লোকেও তাহার সংবাদ পাইল না, কিন্তু ভক্ত জ্বর মধ্যে স্বর্গের সুধ সভ্যোগ করিছে লাগিল। যথন বড় আমোদ হর আহলাদ হয় ছেলেরা নাচিকে থাকে। একটী ক্রীড়ার দামগ্রী পাইলে শিশুর আর নৃষ্য থামে না। আনক ক্রি প্রকুর্ণ তাহার পরীরকে বশীভূত করিয়া ফেলে আরে আপনার উপর কর্তৃত্ব থাকে না। ভাই প্রফুল্লিত শিশুর শরীর নাচিল । প্রফুল্লভার শেষ হইল, স্থেরও শেষ হইল। পর্ম পিড়া ভক্ত মন্তানকে স্থেরি পুতুল দেখাইলেন, মে পুতুল কি চমং-কার মনোহর ৷ ভক্ত দেখিয়া প্রফ্রিত হইল, আহলান সাগরে ডুবিল। তথন সে নাচিল, বাহিরে নর কিন্তু স্বর্গের খরে ক্রমায়েরে নাচিতে লাগিল। ভোমার প্রেম হইরাছে কিলা নুতা তাহার সাফী। জনের মনোহর মূর্ত্তি প্রকাশিত হইরা ভক্তের আত্মা নাচিল, এটা স্বর্চের দৃশা। স্থানর যদি পাঁচ মিনিটও নাচে তবুও ধন্য। ভক্ত চ্রি করিয়া হুদরমধ্যে নুহা করিতেছেন। পামাইতে পাবিতেছেন না একি সামান্য ন্যাপার! বাহিরের নৃষ্ঠ উপানের কিন্তু আত্মার মধ্যে নৃষ্ঠ স্ক্রেচর এবং মনোহর। বাহিনে নুচ্য করিলে ভক্তি তত সংসিদ্ধ হয় না যত অন্তরে অতরে নৃত্য করিলে। জিজাদা করি করজন নান্ধ একপ নৃত্য করিতে শিথিয়াছেন 📍 আমরা সভাতার অন্তোগে কি নৃতাকে বিদার করিয়া দিব 📍 এ বিবয়ে কখন মত দিতে পারি না। আহ্লাদ আমোদ কেন ছাড়িব ? ब्रायत मधी रहेशा कृत्य नािर्दा, मानद्र चित्र চাঞ্চল্য উপস্থিত হইবে, মন অন্থির হইয়া পাড়িবে, তার সঙ্গে সলে প্রাণযোগে গেগৌ হইব, যোগান**ন্দে হ**ড্য করিব। এ আমোদ কথনই ছাড়িতে পারিনা। সকল সভাতা দ্ব করিয়া দিয়া পাঁ। মিনিট নর পাঁচ ছাটা, পাঁচণ্টো নয় পাঁচ দিন, পাঁচ দিন নঃ অনন্ত কাল নৃত্য করিতে থাকিব। পরীর ित्रक्रिटम्ब मधी नत्र। **चटर्ग**ालल एव नृष्ण कतिएक शांता যায় না সে নৃত্য কিছুনয়। যথার্থ ভক্ত অক্তরে নৃত্য করেন, এমন ভাবে নৃত্য করেন যে দে নৃত্য আর অনস্তকাল পামে না। হে আহ্বা তোমার প্রাণ নৃত্য করুক। চল সকলে মিলিয়া হাত ধরা ধরি করিয়া নুত্য করি। কেন সকলে म्रान रहेश आह १ किन इःथी रहेश आह १ मनक नाठा e স্থী হইবে। শিশুকে নাচিতে না দিলে সে ষেমন বিষ হয় তেমনি মনকে নাচিতে না দিলে মন মান হয়। স্বর্গে পরম পিভা ডাকিলেন, তথাপি নাচিলে না, পরে কান্দিতে

হইবে ! একবার নৃত্য কর সকল বিষাদ চলিরা ঘাইবে । এক-বার প্রেম উদ্যানে গিরা বস, দেখিবে মন পাখী নাণিবে।
চির দিন স্তা করিতে থাক কভার্থ হইবে। ঈশ্বর আশীর্মাদ করুন যেন আমর। আগ্রার আধ্যান্ত্রিক নৃত্য চির্দিন সভ্গোক

আচার্য্যের উপদেশ। ১৫ই আধিন ববিবার, ১৭৯৯ শক। বৈদিক ও পৌরাণিক অদৈতবাদ।

(बाराफ्ट आदिक वाम जाएक, शृंगारवास आदिक वाम जाएक: এই অধৈত্বাদের গৃঢ় মর্ঘ্য ব্ঝিলে মন উত্তেজিত হয়, ঈশ্বরের দরা ও *প্রে*মের গৃঢ়ভার বুঝিকে পালাযায়। অনন যাহা বলিতেছি, ইহা কঠোৰ কথা নহে, বলিবাৰ উপযুক্ত, শুনি-ৰার উপযুক্ত। ইহার গৃড়মর্ম সকলে মন নিয়া শুন। এই ম'ত ভনিলে বেদেও অদৈদ্বাদ আছে, প্ৰাণেও অদৈছবাদ আছে। মনুষা যধন আদি শালের মতে চলে, তথন আয়ার আকাশে উড়িতে থাকে। আয়াব সন্ম জান অবলম্বন কবিয়া চিদাকাশে ভ্রমণ কবে। এইরূপে ভ্রমণ করিষা কি হইল ? দাধক এক্সে বিলীন হইলেন। চারিদিকে ব্ৰহ্ম আমি ভ্ৰমধ্যে ব্যিলাম, আমি ব্ৰহ্মস্ম হইসং গেলাম, ক্রমে একেবারে ত্রন্মে বিলীন হইলাম। এক বিশু জল मिन्नुर्क दिलीन इटेबा शिल। कीर उद्य लब शाहेल, धकडी মাত্র পদার্থ রহিল, এই পদার্থ ত্রত্ম। এই পুরাক্তন অট্রেদ্বাদ छाटन अदेवरवार भारत अदेवर्याम। ভावित्य ভावित्य মতুষা গভীর ধ্যানে নিম্ম হইল, ডামি কে:গায়ে ডা.ভি আর ভাবনা থাকিল না, এক সর্ফার্যাপী ক্ষে ফক ব প্রাস कविद्यान, जिमाकारम क्यूप सन विज्ञाध श्रष्टेश राजा। मनि दुकि खंडे, मन विक्राच द्य, मन आपनादक आपनि हादहि 🖂 क्टिल, मारक खानख्डीतक चात्र नामगाहेटछ शास्त्र ना, তখন ব্ৰহ্মোপাসনায় সকলি বিলোপ হই॥ সাধ।

যথন বেদ ছাড়িয়া প্রাণে আযিলে পুরাণ ঈশ্বনেক দরার অবভার করিল। মন্ত্রোর ছংখ পাপ কুদং হার বিমেন্ত চনের জন্য ঈশ্বর অবভীর্থ হউলেন এই প্রাণ্ডের কথা। এখানে প্রথমতঃ অইছভবাদ নাই, কিন্তু দেখ মন ক্রেমে কোথার বিয়া উপস্থিত হয়। প্রাণ্ডেরভাবে আরত্ত। পৌরানিকার অবভীনিঈশ্বকে প্রাণকরিতে লাগিলা, মালাং ভাঁলার কল দর্শনিকাণিতে লাগিল। প্রাণে ক্রেমে উপাননাক্রে প্রেম্বা ক্রিমে করে কর্মা করিছে দেখ ক্রমে ক্রেমে এই এক অবভার ক্রেমার বিয়া শেষ হইল। প্রথমতঃ এক ব্যক্তির মধ্যে ঈশ্বরে অবভারবদ্ধ ছিল, দেই ব্যক্তির কার্যা ঈশ্বরে কার্যা বলিলা গৃহীত হইল। শেষে আনার্তির সম্যে রুতি হইল, লোকে বলিলা দেখ ঈশ্বর রুতী হইরা অবভীনি ইইলেন। সুটিতে প্রামের হিত

হইল, বৃষ্টিতে সকলে একোর লীলা দেখিল। আজ প্রাতঃকালে মধলবারে বৃষ্টি হইল কেন ? পোরানিক ভক্ত বলিল
এ আমাদিনের ঈশবরের লীলা। দেও বৃষ্টির প্রকোক বিন্দৃতে
ঈশব নৃত্য করিতেছেন। বৃষ্টি পৃথিবীকে পালন করিল,
ফুতরাং বৃষ্টিকে ঈশবর বলিল। জল এক্ষ, জল হারা উরপ্তা পৃথিবীর লান্তি হর। লান্তি বারি অভিষিক্ত হইরা পৃথিবীর দগ্ধ ক্লেম লীতল হয়, এ জল সামান্য জল নয়। ইহা সাক্ষাং অফল। গদা জল ইহার নিকটে অপবিত্য। আজ দে বৃষ্টি হইল, ইহা আবে কিছু নতে। শর্ম হইকে করণা বারি বর্ষিক হইল। এ বর্ষণ সাক্ষাং ঈশবর্ষণ। ইহা বৃষ্টি নিয় ভগবান্ বৃষ্টির আকার ধারণ করিয়া পৃথিবীকে ক্লার্থ করিলেন।

কুষার সময়ে ভক্ত আহারের সামগ্রী পাইলেন। এই আহারের বস্তা কোধা হটতে আদিল 📍 ক্সংস্কার, কৃষ্ঠিক, কুৰিজ্ঞান বলিল, কোত্ৰে ধান জন্মিল, চাদা দেই ধান বিজয কবিল। সেই ধান হইকে দাল কাহিব কবিষা মুমুষা ভাগনি बन्नान कविन, बन्नान कविहा देश। आशादबर देशगुक्क कविन। ভ্রানক শক্তে 'নি'' বলিয়া ভানে ইচাব প্রক্রিবাদ কবিলেন। তিনি বলিলেন সুধ্র আপনি শুদা হইলেন, আপনি রন্ধন শালায গিয়া রন্ধন কবিলেন। ভগৎ উ'হাকে পাগল বলিল। ভক্ত (म कथा क्षित्सन ना किनि विलियन विभाग मकदम मुर्थ. <u> লোম গা অন্ধ হটয়া এরপ বলিতে ছ । আমি সচকো দেখিল'ম,</u> স্পৃত্রি দেখিলাম ইহার স্থুবত্ গ্রামাণ আছে, ভূমি যাহাকে পাচক বলিকেছ ভিনি পাণক নখেন। কেখের ইনাকে মান্তব বলিছেছ, আমার পক্ষে ইনি ঈখ্য। লেখবা বলিদেছ এ সকল আগারীয় সামটো সামান্য গৃণিবার বল্প, আমি বলিটেছি এ সকল যন্ত দেই রক্ষা। পৌরাণিক ভক্ত অকু-কোভারে বলেন ঐশ্বর গৃথিবীতে ভারণী হিইসা জামার স্কুলা নিবাবণ কবেন, জিনিই ভার আহিবা উপতিত করেন। নিনিট অলমাতা নিমিট অব। এট বস্তা ঘালাতে জীবিত র্ডিয়েছি ইলা এক পুটি এক পুটির ফেব্রু এলা। পৌরাণিক ভবকুৰ নিকট বিটা অন্ন দেন মন্ন পরিবেশন ভবেন, ডিনি ত্রদা যে অনে শমীব পুঠ হয় উহা ত্রহা। এই পুষ্টি এবং পোষৰ সকলি এজ।

ভক্ত উদ্যানে বিয়া একটা ক্ল দেখিয়া হাসিলেন,
পুল্পত ভাহাকে দেখিয়া হাসিল। দিনি খবে আদিয়া বলিলেন ছাত এক কুলের আকার ধাবণ করিও আমার চিত্ত
হল করিলেন। তিনি সে হৈছবাদে প্রম জীবন আরম্ভ
করিলেন হাহা দলিয়া সেল, সমুদার মহন্তনাবে ব্যাপ্ত হইল।
এখন ভাহার নিকটে অয় জল বায় পূল্প মক বি একা হইল।
ভক্ত পেম নরনে দেখিলেন ইপারই বন্ধ ইপাইই মির। তিনিই
রক্ষন ক্রিয়াছেন, তিনিই বস্তু দিতেছেন ভিনিই টাকা আনিতেছেন, তিনিই ভাহার জন্য কাথ্য করিত্তছেন। ভক্ত

চারিদিকে তাকাইলেন তিনি এক ভিন্ন আর কিছু দেখিতে পাইলেন না। অগ্নি জল আকাশ চন্দ্র স্থাবক্ষু স্কান সাধু ভক্তমণ্ডলী সকলই তাঁহার নিকটে এক হইল। স্থতরাং তিনি বলিলেন সকলই এক এক এক এক এক। প্রেমশাস্ত্র অহৈ হর না। বৈদিক অহৈতবাদ ঈশ্বরকে চিৎ এবং সকলই চিৎ বলিল পৌরাণিক ভক্ত বলিলেন আমি ক্লগতন্ত দেখিনা, চিৎও দেখিনা, আমি দেখি কেবল আমার প্রাণের ঈশ্বর। আমি ফুল দেখিনা কেবল এক। আমার নিকটে এক এবং পদ্ম নহে, একই পদ্ম পদ্মই এক। চন্দ্র স্থাবি পুল্প গাহাদে পান এই প্রিবীকেই স্থাবিলেন। ঈশ্বর এক। কিন্তি প্রিবিশিকই স্থাবিলেন। ঈশ্বর তাল নিকটি প্রেমে অবংশী হইলেন সকলই প্রেম্মর হই। এবং ভিনি স্কাত পেই প্রেম্মরের লীলা দেখিকে লাংলেন।

রাক্ষপেম এই চুই অহৈছবাদ সল^{। কি ব}লেন গ বিনি বলেন এ ভুষেব মধ্যে সভা আৰ্থ ইহাতে দেখিবাৰ এবং সভোগ কবিবার বিধন আছে ^{, এপ্র}মে মত হট্যা এমনি ভাবে চাবিশ্বিকে তাকাইতে হ'ব যে ভক্ত সর্বতে ঈংৱের হস্ত দেখিতে প্টেবেন। এনি গ্ৰন্ন কিছু একটী কথা শিখিতে হটতে চকু অপ্রি-শা দেখিতেনা। চকুতে প্রেমে অনুবঞ্জিত কবিবেপ, এক জন ভান ভান বেমনায় কর দ্রামর জর দ্রাম্য বলি-দেৱেন সদৰেও অধ্যকে দেখিকে পাওৱা যায়, ভাঁহাৰ মুখে এক ক্ৰীড়া ক্ৰিডেছেন স্পষ্ট প্ৰভ:ক্ষ হয়। বন্ধুগণ ঈশ্বৱেব গুণ কীৰ্স্তন করিচেত্তন, শাখ্রী শব্দেষ ব্যাধ্যা করিতে ছন তানিয়া গা দিগ্রিরা উঠিল। ভক্ত বলিলেন কে আমার এই হুমিষ্ট সঞ্জীত শুনাইণ 📍 কে আমার এই সকল জ্ঞানের কথা বলিল গুজমনি ভজের কর্নেএই গছীর শব্দ প্রবেশ কবিল, ''আং'ম দোমার ঈশ্বর।" আনমি এই গভীর কথাকে অস্থাকার করিতে পাবি না; কিন্তু আমার চক্ষু বিবাদী হটল। দে বিগিল কৈ এই ছো বন্ধুগণকে এই হো শাস্ত্রি-দিগকে দেখিতেটি। এধানে দেবতা নাই। কর্ণবিলিতেচে আমি প্রমাণ গিতেছি ঈশ্বর সঙ্গীত শুনাইলেন, শাস্ত্রের ব্যাখ্যা করিলেন, তিনি ইহা আপনি বলিতেছেন। চক্ষু কর্ণের বিধার উপস্থিত হটল, ভক্তি আসিয়া মীমাংসা করিলেন। যাহা কিছু সভ্য ভাহা ঈর্বর। বন্ধু বান্ধব আমার মাত্র। যে স্মিষ্ট কথা শুনিলে, অমৃত্যের প্রণালী দিয়া ঈর্থর কথা কহি-লেন। হে ! শাসী বুৰিলাম তুমি ঝোশা। তোমার ভিডৱে থাকিয়া ঈশ্বর অনুত ব্যুণ করেন। আমি ভোমার হাড়িয়া ছোমার ভিতর হইতে যে সত্য আইনে তাহাই গ্রহণ করিব।

প্রস্ত রৌডে উত্তর হটরা রক্ষের ছারার বাসরা সংশীতল হটলাম। জিতামা করিলাম কে আমার আশ্রম দিয়া শীতল করিল ? হে রক্ষ! তুমিই কি আমার সংশীতল করিলে ? অমনি দৈববানী হইল "আমি তোমাব ঈর্গুর" হাম!

अश्वत द्योटस्व किंहा व व्हेट स्कः किंद्रवात्र कता श्रीमत्था जियेत वर्षेत्रका चित्रत विभावा छ अवदाव আমার সমূর ∱ত্তি দিলে[;] শাস্ত্রীর মধ্য দির৷ শাস্ত ভনাইলেন, বজুরু মধ্য দি পুমিষ্ট সঙ্গীত শুনাইলেন। তেরুক ! জুমি অধার পাউপকার করিলে। আমি ছোমার ভিতর দিয়া পুষার । বের সংবরকে দেখিলাম। আমি লোমানের কাহা-কুল্লাকরিব না পিতা ম'লা ভাই বঙ্গুদাস দাসী কে ্**লই আমার হি**ত সাধন করিতেছেন, প্রম উপ্কার রিতেছেন। সকলকেই জিজাসা করি সোমরা কে ? ভাট ভগীর হাত ধরিহা জিজাদা কবিলাম বল হোমরা কে 📍 মনুষ্য শরীর ধারণ করিছা লীলা করিতেছ ভোমরা সামানা নও। সেধানে হটদেও এট গছীর হ্বনি আফিল " আমি কোমার ঈইর।" গেখানে যাই দেশি সকল কায তিনিই করেন। বন্ধু বান্ধৰ পিতাম'তা দাস দাসী সকৰেই মিধন, সতা কেৰল ঈহর। কে আমার বন্ধু বালব পিতা মাতা দাস দাসী গাহারা কার্যা সাধ্ন করিছা আমাৰ উপকাৰ কৰিয়া থাকে ় স্থন ভিজাসা কৰিলাম ভোমরা কে 📍 তোমবাকে আমণর উপ্সার করিলে 🎙 উত্তর আসিল 'আমি লোমার ঈর্বর' আহা কি সুমধুর কথা ! ঈর্বর মাপনি অংমার জন্য দাশত স্বীকার করিলেন। প্রেমের মত্তা আৰু অধিক দূর গাইতে পারে কি না সন্দেহ। ওক্তি অট্রেডবাদের পথ বন্ধ কঙ্গিল। সকল বস্তু সকল ঘটনার মধ্যে ঈর্বর প্রকাশ পাইলেন। কি খণ্টের কি পরিব আরে তাহার তনা ভাবিও না। ধন উপাৰ্জ্ঞন জনা সংস্কী বিষ্ঠীর ন্যান্ত্ৰ চিন্তিত হউও না । ঐশ্বৰ কোমাৰ ছইয়া পরিশ্রম কৰি-বেন সকল ভাৰ উ।হারহতে ছাড়িখ ছাও । তিনি বুঁঁগলেন আমি দোর সকল ভার লইয়া কোকে সুখী করিব! বাস্ত-বিক সুখীক বেন কে গ ঈশ্বর। সূথীকরিবার ভার তোমার জ্যোর হারে নাই। হিনিই নান্ত্রেপ হারং করিয়া ঐহিক পারত্তিক জীবনের কল্যান সাধন করিছা থাকেন। ঈর্থরের विविध कीला खुबन कद जानत्म नुगक्तिद्व ।

मःदोन।

তীয়ক প্রকাপচন্দ্র মজুমদার মহাশব বোদ্ধাই নগরে আরও কিছু দিন অবস্থিতি করিবেন। তিনি সম্পতি কথা-কার প্রার্থনা মন্দিরে বহু জন সমকে, 'হিন্দু গর্মে গ্রহণ লাগা 'বিষয়ে এক বক্তৃতা করিয়াছেন।

প্রীযুক্ত অবোধনাথ গুপ্ত মহাশর লাহহার রাজ্যসমাজের নাদ্বংসরিক উপলক্ষে পাঞ্জাব অঞ্চলে গমন পরিয়াছেন। এবং প্রীযুক্ত দীননাথ মজুমদার মহাশর ভূমণরখালী গমন করিয়াছেন।

পভিত মে ক্ষ্লারের প্রতি অল্লফোর্ড বিধ্যালর হটতে পৃথিবীর সমুদার ধর্ম ইংরাজিতে অনুধান করিবার ভার वरेताह । जिनि क्षेत्रांन नेशाके वरेता चात प्रक समय नावारत वरे दृष्ट कार्या नन्मच क्रिकेस ।

শ্ৰীমৃক অমৃতলাল বসু মহনীয় ব বনগর করেণালার লাখংগরিক উৎপা সম্পন্ন করিলা চুঁচ্ছ বং বিবণীতে নাম সংকীর্ত্তন সহ বক্তৃতালি ক্ষানাছেন। পতি উলুক্ত্রোর দিকে গিরা ছিলো।

শ্ৰীযুক্ত গিরিশচন্ত্র সেন মহাশর ঢাকা নগরে ক সিন অবস্থিতির পর বরিশাল নওরাধালী, চট্টগ্রাম অঞ্চলী বার মানস রাখেন।

প্রেরিত।

প্রকাশন শ্রীমৃক্ত ধর্মতার সম্পাদক মহানর প্রকাশেকের।

বির বহালর! বিগত ১৬ আদিন তারিধের ধর্মতন্ত্রে
" অন্যের উপাসনার যোগ দান " বিষয়ে বে সকল উপদেশ
৬ উপার বলিরা দিয়াছেন তাছা পাঠ করিরা বড়ট আনক্বিত হবলাম। বড় বড় নগরের ব্রাহ্মসমাক্ষে ভক্তিভাক্ষন
উপার্ক্ত আচার্য্য এবং উপাচার্য্য আছেন তাহাতে তথাকার
ব্রাহ্মনের সামাজিক উপসনার বোগ দান পক্ষে তত কঠিন
হয় না; কিন্তু মকসলে এ বিষয়ে বড় গুগতি। এক এক
ভানে এই গুগতি নিবন্ধন সমাক্ষ অধিক দিন সামী হয় না।
এখন এ বিষয়ে বত আলোচনা হয় ডতই ভাল। ভর্ষা
করি আপনি তাহাতে কান্ত থাকিবেন না।

শচৰাচর অনেক মফরল ব্রাক্ষসমাজে উপযুক্ত আচার্যা বা উপাচার্যোর অভাব হয়, তাহাতে উপাসকমগুলীর মধা হইতে কেহু না কেহু কার্য্য নির্ব্বাহ করেন। অনেক গুলে এমন ঘটে বে লে ব্যক্তি সে কার্য্যের অনুপ্রযুক্ত না হয় তাঁহার উপর সাংগরনের প্রস্থা নাই। এ স্লব্ধাহ টুয়ার্ক্র শকপণের অফ্রিধা ও চঞ্চল হা ঘটে স্তা, কিন্তু তাঁহাদেব উপাস্য দেবতার প্রতি ভক্তি প্রবল্গ থাকিলে সেরুপ না ঘটিতে পারে। ভক্তি প্রকিক্ল অবস্তার মধ্যেও অনুকৃত ঘটনা আনরন করে, তথন বিষও অনুত হয়। তৎকালে হলগ্রের ভিত্রর হইতে এইরূপ শুনা যায়।

>। 'পৰিজ ত্ৰহ্ম নাম যার মুখে শুনিবে সুধা ৰলিয়া ভাষা গ্ৰহণ করিও, মনে তর্ক বিতর্ক আনিও না।'

২। "ঐ নাম কীর্ত্তনকারীর প্রতি বিক্লম ভাব ও মিল-নতা বাহা কিছু জ্বের থাকে দ্ব কর। দ্ব করিতে না পার পবিত্র উপাসনার সমর উহা নাড়া চাড়া করিয়া উহার দুর্গজে মৃত্যুকে আনর্মন করিও না"।

৩। "উপাসনা আর্থনার পবিত্র বাণী সকল কর্ণে এবেশ করিতে দাও, ও হৃদরে ধারণ কর, অন্য চিন্তার প্রযোজন নাই।"

বজ্জতঃ বে কেছ উপাসনা প্রার্থনা নাম উচ্চারণ করেন দিয়াল প্রভুর নাম লইমাই ভাহা কবেন, তবে কেন আমবা নিজের কুটিল বৃদ্ধির অমুসরণ কবিয়া ঐ পরিব হুঃখী চুর্বল উপাসক অর্থাং উপাচার্যার কার্যনির্কাহক ভাইটার প্রতি লক্ষ্য রাখিয়া দরলে নামের মধুরভা হারাই ? আর একটা কথা জিজ্ঞাসা করি, এক এক সমর মহাপাপীর মুখে কি হরি-নাম মধুমর লাগে না ? ভাহা শুনিয়া আনক্ষাঞ্চ পভিত্ত হয় না ? বদি হয় ভবে উপাসক্ষণ্ডণীর কোন হুঃখী হর্মেল ব্রাক্ষ ভাতা উপাসনা প্রার্থনা করিলে ভাহা কত অধিক মধুর কবিয়া উপভোগ করা উচিত।

পকাৰতে যিনি উপাচার্য্যের আসন গ্রহণ করেন
তাঁহার কর্ত্তবা আরও ওক্ততর। তিনি ঈর্বরের সন্মুধে
আপনার কার্যের ক্ষনা বিশেষ দারী। তাঁহার আন্তরিক সরলতা ও ব্যাক্লতা দাই। আপনাকে আপনি
ভূলিরা পিরা ব্রহ্মণত প্রাণে উপাসনা করা চাই। প্রস্তেত্ত
না হইরা কেছ বেন এ প্রক্ষতর কার্যে হস্ত ক্ষেপ না করেন।
বিনি উপাচার্য্য হইতে ইচ্ছা করিবেন অথবা উপাসক্ষতনীর
দারা মনোনীক হইরা আসন গ্রহণ করিবেন, তিনি সেন
লোকামুরার অপেকা ঈর্বরামুরারের প্রতি সর্বাদা অধিকলৃতি
ক্রেনে, এবং সরল সহত লোক হইতে চেটা করেন।
রিল ক্রিলি তা পকল ব্রাহ্মেরই কর্ত্তবা। বভাহালের। প্র
অাদার্শ ক্রেপ উচ্চ ও উদার, তাহাতে ব্রাহ্মেরা প্র
অাদার্য চলিলে প্রক্রোকেই তো যথার্থ উপাসক ও
উপাচা ববং প্রচারক হইতে পারেন। হার! এমন নিন
কি হবে।

क देनक मण्यन ए जाना।

ভারতবর্ষীয় ত্রান্দ্রমাজের প্রচারের সাহা-য্যার্থ দান প্রপ্তে স্বীকার।

भाश (मर्ल्फेक्टर मामिक पन मश्बाह ।

B	गुक	बाबू (गाणीइक (मन,	मग्रमन _{ल? ह}	•••	૭્
"	6 1	রাজনোহন বস্থ	•••	•••	١,
"	"	মধূস্দন সেন	•••	•••	١,
44	"	इउकानी माग	•••	•••	No
"	46	বৈকুণ্ঠনাৰ দেন	•••	٠	٥,
36	"	মছেল/মাপ নন্ন	•••	***	110
46	"	नेश्रेत्रध्य मञ	•••	•••	٥,
"	"	রজনীকান্ত নিরোগী	•••	•••	10
"	"	যতুনাথ রায়, রামপুর	হাট	•••	>• .
"	16	ভারকনাথ দত্ত	•••		10
"	"	জঃগোপাল দেন	•••		α,
•	"	নৰীনচন্দ্ৰ যোষ, জলগ	া ইগুড়ী		٥٠.
"	"	ক্লফদরাল রায়	•••		ર્
16	"	वीषजीयर्ग প্রভাবন্ম		•••	ર
		একটা বন্ধু	• • •		>11 •
		কেলগর ব্রাক্ষসমাক্ত	•••	• • •	8
	,	তেজপুর ব্রাশ্বসমাজ	•••	•••	ર્

81110

আণ্ঠানিক দান।

শ্রীযুক্ত বাবু কালীকুমার চটোপাধ্যার, ক্লাছড় ... ৫
শুভ কর্ম্মে দান।

এবুক বাবু কুঞ্গবিহারী দেব · · · ... ১্

পাথেয়।

জীযুক্ত ৰাতু মণিলাল করাল ... ১

এই পাক্ষিক পত্রিকা কলিকাতা ৬ নং কলেজ জোরার ইণ্ডিয়ান নিরার বজে ১ঠা কার্ত্তিক জীননিলোহন রক্ষিত ছারা মুক্তিত।

बना ब्रम्थम् आर्गा एमन, ! ट्यामात्र एमहे खित
गान পৰিত্ৰ ছবি থানি ভাবিতে ভাবিতে জনেক

থীকের অনুসরণ ক্রমে এক্ষণে ইতালিতে উপনীত হইয়াছি। আমাদের সম্মুখেই একটী মহা
বিদ্যালয় রহিয়াছে। ইহাএকটী সোপান বিশেষ।
ইহার নাম ইতালিক সমাজ। এই স্থানে যে
সকল শিষ্য ধর্ম্ম জ্ঞান অর্জ্জন করে, তাহারা ছই
দলে বিভক্ত। প্রথম দলের শিষ্যেরা নবীন বৃক্ষ

স্বরূপ। ইহাদিগের হৃদয়ে অল্লে অল্লে ধর্মের নবীন
বীজ অন্ধ্রিত হইতেছে। এই নবাক্ষ্রিত শিষ্যমণ্ডলীযে যে কর্তব্যে বদ্ধ হইয়াছে, সেই সমস্তই
বৌদ্ধ সঙ্গদিগের হীন্যানাবলম্বী শিষ্যেতে পরিদুশ্যমান।

